আমার সেই সবুজ গ্রাম, ভালোবাসার পথ ধরে।



জোছনা

সৌরভ কুমার মন্ডল
রোল নং: ৪৩৭, ৪৩তম বিসিএস (প্রশাসন)

‘কে?
কে ডাকে?
রাত–দুপুরে আমার দরজায় কে টোকা মারে?’
আয়নার সামনে দাঁড়িয়ে এলোমেলো চুলের ছেলেটা
আজকাল এভাবেই কথা বলে।
কেউ সাড়া দেয় না।
কল্পনায় অথবায় বাস্তবতায়।
জানালার ওপাশের সোনালি রোদ্দুর
আর নীল খামেদের জগত
দূর থেকেই বিদায় দেয় তাকে।
কাছে আসে না।
কী জানি!
কাছে আসলে যদি
বিষণ্নতার বাদলা হাওয়া
ভাসিয়ে নিয়ে যায় তাদের মুহূর্তগুলোকেও!

তাই গাংচিলের অবহেলায়
শালিকের ক্যানভাসটা রং হারাতে থাকে,
এক সময় রক্তের গাঢ়তা নষ্ট হয়ে যায়।
ফ্যাকাশে হয়ে যায় মেঘগুলো।
তবুও দু’চোখে সবুজ ছড়িয়ে
মেয়েটা দাঁড়িয়ে থাকে সাদা বাড়িটার ওপাশে।
এখানেই যে তাদের দেখা হবার কথা ছিল।
সেই জোছনাধারায় সিক্ত হয়ে ভালোবাসার কথা ছিল।
তাই খোঁপায় তাজা গোলাপের কষ্ট চেপে রেখে
অপেক্ষা করে যায় মেয়েটা।
কতো যুগ আগের সেই একটা কথার জন্য।
আঁধার ঘনিয়ে আসা গোধূলিতে
কেউ যে তাকে বলেছিল–
‘তুই দেখিস, আমি ঠিকই আসবো।
অপেক্ষা করিস; একটু দেরি হলে চলে যাস না যেন!’

তাই তো কাজল চোখের সবুজ
আজও অপেক্ষা করে যায়।
তার এক আকাশ নীলের জন্য।
শুধু তার নীলের জন্য।

চাঁদ আসে।
চাঁদ যায়।

শুধু সেই জোছনাটা আসে না।
হয়তো কোনোদিন আসবেও না।

কবিতা

ভাইরাস ও ব্যাকটেরিয়া

সুব্রত দেবনাথ

রোল নং: ৫১৭, ২৭তম বিসিএস (প্রশাসন)



আমার নাম ভাইরাস,
মানব জাতিকে চিন্তায় রাখাই আমার কাজ।
নেই আমার কোনো মাইটোকন্ড্রিয়া, সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস,
তাই আমি অকোষীয় আজ।

আমার নেই কোনো দৈহিক বৃদ্ধি,
কিন্তু পোষক কোষে করতে পারি সংখ্যা বৃদ্ধি,
আমার নতুন সৃষ্টি ভাইরাসে,
মাতৃ ভাইরাসের বৈশিষ্ট্য বজায় থাকে।

জীবকোষের বাইরে আমি নিষ্ক্রিয়,
পোষক কোষে আমি হলাম সক্রিয়,
আমার রয়েছে শুধু নিউক্লিক এসিড ও প্রোটিনের আবরণ,
তাই আমি করি না খাদ্য গ্রহণ।

ডিম্বাকার হয়ে থাকি আমি ইনফ্লুয়েঞ্জাতে,
লম্বা সিলিন্ডারের মতো ইবোলাতে
পাউরুটির মতো আমি হার্পিস ভাইরাসে,
কদমফুলের মতো আমি নভেল করোনাতে।

প্রাণ–রসায়নবিদগণ প্রাধান্য দেন জড়–বৈশিষ্ট্যকে,
অণুজীববিজ্ঞানীগণ প্রাধান্য দেন জীব–বৈশিষ্ট্যকে,
তাইতো আমি থাকি ধরে
জীব ও জড় উভয় বৈশিষ্ট্যকে।

হাম,বসন্ত,ডেঙ্গু ,এইডস প্রভৃতি ছড়াই মানবদেহে
ধানের টুংরো রোগ,তামাকের টিএমভি ছড়াই উদ্ভিদে,
'খুরারোগ' ছড়াই গরু,ছাগল ও ভেড়াতে
'বার্ড ফ্লু' রোগে ধ্বংস করি পোল্ট্রি শিল্পকে।

'ভাইরাস' আর 'ব্যাকটেরিয়া' আমরা দুই ভাই,
আমি ব্যাকটেরিয়া এবার আমার পরিচয়ে যাই।
নেই আমার কোনো মাইটোকন্ড্রিয়া ও লাইসোজোম,
রয়েছে জড় কোষপ্রাচীর ও রাইবোসোম।

দ্বি–ভাজন প্রক্রিয়ায় বংশ বৃদ্ধি করি,
কখনও রোগ উৎপাদনকারী,কখনও পরজীবী আমি।
বেশিরভাগই আমি মৃতজীবী হিসেবে থাকি,
–১৭ থেকে ৮০ ডিগ্রি সেলসিয়াসেও আমি বাঁচি।

গোলাকৃতি হিসেবে নিউমোনিয়া রোগ ছড়াই,
দন্ডাকৃতি হিসেবে আমাশয়ে ভোগাই।
কমাকৃতি হিসেবে কলেরা রোগ সৃষ্টি করি,
বর্গাকৃতি,হাইফা ও বহুরূপী হিসেবে আমি থাকি।

এবারে কিছু উপকারের কথায় আসা যায়,
অ্যান্টিবায়োটিক তৈরীতে ব্যাকটেরিয়া ব্যবহৃত হয়।
ডিপিটি, কলেরা,টাইফয়েড ও যক্ষ্মা
ব্যাকটেরিয়ার টিকা দিয়ে হয়েছে রক্ষা।

দুগ্ধ হতে দই,মাখন ছানা তৈরী করার
বিশেষ ভূমিকা রয়েছে ব্যাকটেরিয়ার।
পাটশিল্পে,চামড়াশিল্পে ও ভিটামিন তৈরীতে
গুরুত্বপূর্ণ অবদান ব্যাকটেরিয়ার রয়েছে।

বিজ্ঞানীরা সবসময় ব্যস্ত থাকে
ভাইরাস ও ব্যাকটেরিয়া নিয়ে
তাইতো আমাদের সবার
ভাইরাস ওব্যাকটেরিয়া সম্পর্কে জানা দরকার।



আমি কবি নই

মোঃ বদরুদ্দোজা
রোল নং: ৮৩৯, ৪১তম বিসিএস (কৃষি)

আমি কবি নই,
ছন্দ রচি আত্মতৃপ্তির জন্য।
নিজ অবসাদ–বিষাদ,
পুঞ্জিভূত কষ্টের বহিঃপ্রকাশ,
ঘোলাটে যে অন্তঃআকাশ,
যেখানে বেদনাগুলি অনন্য,
রচি আমি ছন্দ, ঠিক সেজন্য।
আমি কবি নই,
তবুও ছন্দ রচি হীরে–মণি,
সম্পদের খনি,
ঐ নীলচোখো তটিনীর জন্য।
আমি কবি নই,
সত্যিই কেউ কিচ্ছু নই,
তবুও ছন্দ রচি,
স্বীয় ব্যাথার বলিদান,
মনে যে ময়লা, তার থেকে পরিত্রান,
দূর্ভাগা, অসহায় হৃদয়ের আত্মত্রাণ
ও অলীক স্মৃতিভ্রমের জন্য।
আমি কবি নই, নই কোন মহাপুরুষ,
তবুও ছন্দ রচি,
আমার ফেলে আসা অতীত,
ডুবে যাওয়া স্বপ্ন–সুখ আর
অবচেতনে দেখা ঐ নীলপরীর আগমনী
ও এক টুকরো ভালবাসার জন্য।



গ্রেফতারী পরোয়ানা

মো: নাসিরুল ইসলাম
রোল নং: ৭১৮, ৪৩তম বিসিএস (মৎস্য)

অতলস্পর্শী অন্ধকারে তলিয়ে যাচ্ছে সময়,
শর্বরীর হাতে আজ গ্রেফতারী পরোয়ানা।
কালো কাকের বেদনার্ত চিৎকার; শোকের মাতম,
বোধ–বিচারের মূল্যবোধ আজ অবক্ষয়।

ঘনিয়ে আসছে আঁধার–
চাঁদকে সেই কবেই দিয়েছি ছুটি।
জ্যোৎস্না আর অমাবস্যার যুদ্ধে;
সর্বগ্রাসী অন্ধকার জয়ী দিগ্বিদিকে।

স্বভাব–বিরোধী কোকিলও আজ মর্মব্যথী,
আষাঢ়ের জলধারায় ভিজছে; সে এক বসন্তত্যাগী,
তবুও কি খুলবে না তোমার হৃদয়দ্বার ?
কষ্ট আমার মাংসহীন হাঁড়ে, দেহ–প্রাণে,
করাঘাতের ক্ষত মিটাবো তোমার অমৃতরসে।

বদলে যাচ্ছে পৃথিবী অনিচ্ছায়;
তবু কেনইবা তুমি বন্দি ইচ্ছার শৃঙ্খলায় ?
রাত্রি এখন মধ্য বাতায়নে,
অতৃপ্ত আত্মার অসমাপ্ত চিরকুটের কথাগুলো,
শুধুই কি আমায় কুরে কুরে খাবে,
সেই রাক্ষসী ভয়াল আঁধারে !!!



অঘোষিত বিচ্ছেদ!

মুহাম্মদ মামুনুর রশিদ
রোল নং: ৮২৮, ৪৪তম বিসিএস (প্রশাসন)

যোগাযোগহীনতায় থাকা কোনো সম্পর্কই
বেশিদিন টিকে না—
তবুও মানুষ দুঃখ পাবে জেনেও
অভিমানে নীরবতা বেছে নেয়।

কখনো কখনো ভালোবাসা অপূর্ণতায় নয়,
বরং না বলা কথার ভিড়ে হারিয়ে যায়।
একটু যোগাযোগ, একফোঁটা যত্ন,
কিংবা মাত্র একবার "তুমি কেমন আছো?"
এই সামান্য শব্দগুলোই হয়তো বাঁচিয়ে দিতে পারে,
পুরো সম্পর্কটাকে।

কিন্তু অভিমান যখন দেয়াল হয়ে দাঁড়ায়,
অভিমান যখন অহংকারে পরিণত হয়,
তখন ভালোবাসার আলোও পৌঁছাতে পারে না
হৃদয়ের ভেতর পর্যন্ত।
অবশেষে থেকে যায় শুধু নিঃশব্দ অপেক্ষা,
আর অনুতাপের দীর্ঘশ্বাস!

মানুষ কারণে–অকারণে যোগাযোগ বন্ধ করে দেয়,
অভিমানে, নিশ্চুপ নিরবতায়, নিজেকে গুটিয়ে নেয়।
আর তারপর?
তারপর, হয়ে যায় অঘোষিত বিচ্ছেদ!



অন্নবাহক

মো: ধীমান তানভীর স্বাক্ষর
রোল নং: ৭৩৮, ৪৩তম বিসিএস (কৃষি)

অংসে আমার পোড়া মাংস,
মাংসে আমার অংশ নাই।
বাড়ছে ক্ষুধা, বাস নৃশংস;
দ্রুত দ্বিচক্রে পা চালাই।
যাত্রা প্রতি উনবিংশ,
অর্থ আসবে সংসারে।
হবে ধ্বংস অধিকাংশ
কংস মামার হুংকারে!
একলা অয়ন ক্লান্ত যখন,
সুধাংশুটা সঙ্গী মোর;
পূষণ দহন, তপ্ত বদন,
কিংশুকে দেয় ছায়াডোর।
হিংসে জাগে পানসে আহার
জঠরজ্বালায় যখন জোটে;
নিত্য কতই অন্নবাহার,
পৃষ্ঠে বয়ে বাহন ছোটে।
প্রাংশু দালান, ভেঙ্গে সোপান,
কখনও পৌঁছে যাই দ্বারে।
প্রশংসা, হাসি কিবা জলপান
জোটেনা কভু ওষ্ঠাধরে।
নেই মীমাংসা ভবিষ্যতের,
ভাবনা জাগে সংশয়ে।
করি রোজগার, হয় দিনপার,
লড়ি বাঁচবার প্রত্যয়ে।
বংশ যখন নিঃস্ব, তখন–
ছুটছি ভীষণ ব্যস্ততায়।
বংশী বাজায় অন্য জীবন,
এই জীবনের অস্ত যায়।



বিপিএটিসির দিনলিপি

মোঃ আরিফুল ইসলাম
রোল নং: ৯৪৩
৪৪তম বিসিএস (নিরীক্ষা ও হিসাব)

ভোর বাজে যখন পাঁচটা,
অ্যালার্ম দেয় ঘুম ভাঙার ডাকটা।
যেতে হবে একটু পর পিটিতে,
না হয় নাম উঠবে শোকজের চিঠিতে।

ঘড়ির কাঁটা ছোঁয় যখন সাড়ে পাঁচ,
শুরু হয় ক্যাডারদের দৌড়ঝাঁপরূপী নাচ।
হাঁটার পথে শুনি ডাবল লাইন আর গিয়ার আপ,
ক্লান্ত শরীর–মন বলে আর নিবো কত চাপ!
ইন্সট্রাক্টর যখন বলেন– 'কোথায় যেন লাগে টান',
কোমরের হাড় ততক্ষণে ভেঙে খান খান!

ঘড়িতে সময় যখন সকাল আটটা,
নাস্তায় খাই চায়ের সাথে ডিম আর পরোটা।
সময় গড়িয়ে বাজে সাড়ে আট,
প্রথম ক্লাসটি করি হয়ে পুরোদস্তুর ফিটফাট।
এদিকে ক্লাসে ঘুম জেঁকে বসে আবার,
মন চায় কাঁথা–বালিশ বিছিয়ে ঘুমোতে যাবার।

ঘড়িতে সময় যখন দশটা চল্লিশ,
চা–বিরতিতে খাই বাদামের সাথে খেজুর দুই পিস!
এগারোটা পাঁচ যখন ঘড়ির কাঁটাতে,
চলি সবাই তখন দ্বিতীয় স্যারের সাক্ষাতে।।

RM ফাইটাররা প্রশ্ন করে যাতে মেসেজ পায় 'ফর একটিভ পার্টিসিপেশন',
অনেকে আবার হাত তোলে করতে একটা ফটোসেশন!
যখন শুনি "ডিয়ার পার্টিসিপেন্ট, প্লিজ কাম ফরওয়ার্ড",
বুঝে ফেলি পেতে যাচ্ছি নিশ্চয়ই Reverse RM অ্যাওয়ার্ড!!

এভাবেই সময় গড়িয়ে হয় একটা পনেরো,
ভেবে বেড়াই লাঞ্চে ডিম থাকবে নাকি আবারো!
থ্যাংকস দিয়ে ম্যানেজার পূর্ণ করে ক্লাসের শেষ শিফটটা,
দ্রুত গিয়ে ধরি সবাই ITC এর লিফটটা।
সিএমটি ব্রিফিং দিলে মনে হয়– আসছে আবার কোনো পরীক্ষা,
জীবনের উপর চলছে যেন নানান রকম নিরীক্ষা!

বিকেলটা কেটে যায় নানান ধরনের খেলাতে,
কম্পিটিশনে পরের রাউন্ডে উঠবে বহু সমীকরণ মেলাতে।
ভলিবলে পাই পয়েন্ট যদি নিজ সীমানা করি পার,
বাস্কেটবলের লড়াইতে কেউ কাউকে দেয়না ছাড়।

সাঁতার শিখেই নিজেকে ভাবি যেন Michael Phelps,
টিটির রুমে এসি চাই– CMT, we urgently need your helps!
ফুটবলে যে যাকে পারে পা বাড়িয়ে দেয় ধাক্কা,
টেনিস খেলায় অনেকেই মেরে বসে বিশাল বিশাল ছক্কা!

এভাবে আড্ডা–গানে সময় হয়ে যায় ঘুমের,
আরাম করি এসিটা চালু করে দিয়ে নিজ নিজ রুমের।
শনিবারের ছুটিগুলোয় ক্লাস করি বারবার,
"ট্রেনিংয়ে ছুটি চাও?"– এ কোন মামা বাড়ির আবদার?!

প্রতি মাসে আসে একটি করে মেস নাইট,
স্টেজে পারফর্মের সুযোগ পেতে অনেকেই করে ফাইট।
নাচ–গান–কবিতায় কেটে যায় ঐ রাত,
মেস কমিটি করে সেদিন খাদ্যে বাজিমাত।
এই এক কমিটির প্রতি থাকে দৈনিক ১০১টা কমপ্লেইন,
খাবারে যেন থাকে ভ্যারাইটি– যাতে না করি ওয়েট গেইন!

আনন্দ আর বেদনার সংমিশ্রণে চলছে সময়ের বাস,
এভাবেই শেষ হয়ে যাচ্ছে বিপিএটিসির চারটি মাস।
এই ছোট্ট স্মৃতিগুলো থাকুক জীবনে অমলিন,
পাঁচশো আশিটি প্রাণ হয়ে উঠুক সাফল্যে রঙিন।।

কবিতা

মানুষের চোখে বিসিএস ক্যাডার

মোঃ আব্দুল আলীম
রোল নং: ৯৪১
৪৩তম বিসিএস (প্রশাসন)



সবাই ভাবে ক্যাডার আমি
পকেট ভর্তি টাকা,
চায়ের কাপে ঝড় তোলে
গ্রামের করিম কাকা।

দামি দামি স্যুট পরি
চড়ি শখের গাড়িতে,
থাকি আমি বেশ সুখে
সরকারি বাড়িতে।

অফিস গেলে যাই আমি
না গেলেও প্যারা নাই,
জীবন কাটে আরামে–আয়েসে
করি শুধু খাই–দাই।

আমার নাকি অনেক পাওয়ার
আমার কথায় জেলা চলে,
সাইন করে বেতন পাই
চায়ের দোকানে গল্প চলে।

পরশুদিন বন্ধু আমার
ফোন করে বলে "আর্জেন্ট"
লাইসেন্স–হেলমেট নাই
ধরেছে নাকি সার্জেন্ট।

আরেকজনে ফোন করে বলে
পাসপোর্টে আছে লাইনে,
আমি বললেই সিরিয়াল আগাবে
লাগবে না নাকি মাইনে।

কেউ চায় ফ্যামিলি কার্ড
কেউ চায় অনুদান,
কেউ চায় চাকরি বাকরি
জায়গাজমির সমাধান।

টাকা পয়সা বাড়ি গাড়ি,
আছে আমার কাড়ি কাড়ি,
আরও আছে শ্বশুরবাড়ি,
সাথে আবার মধুর হাঁড়ি।

দুঃখের কথা কী বলব
মুখে ভাষা নাই,
খাঁচার পাখি বন্দি যেমন
ক্যাডার জীবন তাই।

ক্ষমতা যা দেখো তোমরা
সবই কেবল আইন,
আমিও যদি না মানি
নিজেই খাই ফাইন।

তোমরা যারা ভাবো আমার
কাড়ি কাড়ি টাকা,
মাস শেষে হিসাব কষি,
পকেট থাকে ফাঁকা।

মানসিক চাপের কর্ম আমার
ভীষণ ক্লান্ত আমি,
জানে আমার পরিবার
জানেন অন্তর্যামী।



দুঃসময়ের দ্রৌপদী

রিহাব ইনাম
রোল নং: ১২৩২, ৪৪তম বিসিএস (প্রশাসন)

লেখার টেবিলে একরাশ বিরক্তি ছড়ানো
বইয়ের পাতায় ফরমায়েশি অক্ষরের ভ্রুকুটি
ঘরময় উদ্বিগ্নতার ঝুল,
বাইরে ভরপুর অস্বস্তির হাওয়া!

পিয়াসী সময় ধ্রুব চলে যায়
যেন ঘরপ্রিয় বালক, অদ্রবণীয় অভিমানে
ঘর ছেড়ে চলে যাচ্ছে দ্রুত!

আসছে, যাচ্ছে, গতিহীন অনুর্বর কালো
দীর্ঘরাত, ময়লা দাঁত দেখিয়ে ঠা ঠা
হাসছে অনিচ্ছার অনাকাঙ্ক্ষিত মুখ সারাদিন!

প্রতিবন্ধী অবসর কাটে
নিরুত্তাপ, নিষ্কাম; অভিষিক্ত ক্ষয়
দাঁত বসায় আরামে সৃজনশীলতার এপিথেলিয়ামে!

পুনঃ পুনঃ আঘাতে চোটাক্রান্ত হয়ে
অবসরে গেছে চর্চার শৃঙ্খলা,
একঘেয়েমির কপট অভিযোগে নিষিদ্ধ একনিষ্ঠতা,
দায়বদ্ধতার 'ব্যক্তিগত' উসখুসের সৌজন্যে
প্রতিজ্ঞা মৌনব্রত পালন করে ২৪/৭;
অণুজীব সমস্যার প্রদাহে আক্রান্ত
সামগ্রিক স্বপ্ন!

চলমান ক্যানভাস থেকে যাচ্ছে মুছে
চেনা পুরোনো জলছাপ – দুষ্কৃতিকারী
দুঃসময়ের দ্রৌপদী। কড়া নাড়ে বড়ো–
দরোজায়, আঘাতে আঘাতে প্রবল!

কুপ্রস্তাবে মাতাল করে ঘরময় নাচাতে চায় নগ্ন,
মদির গেলাশে গেলাতে চায় ক্লেদাক্ত বর্জ্য!

জনৈক 'নিম্নবিত্ত' সংগ্রামীর
কাঙাল ক্রান্তিকালে
আনন্দের ফেরিওয়ালা সেজে
দুঃসময়ের দ্রৌপদী
কড়া নাড়ে বড়ো–দরোজায়,
আঘাতে আঘাতে প্রবল!

দাঁতে দাঁত চেপে টিকে আছি,
দরজা এখনো খুলিনি...

The Unseen Shore

Md. Parvez Hasan Yousuf
Roll No.: 1248
44th BCS (Audit & Accounts)



The morning light arrives without a vow,
Unfolding paths, we cannot fully see,
For life is lived within the fragile now,
A shifting tide of what is yet to be.

We build our plans like castles in the sand,
Then watch the sudden waters wash them clean,
Yet gently holding darkness by the hand,
We walk toward the unseen and the serene.

Uncertainty is where the spirit grows,
A quiet storm that turns the quiet earth,
For in the wild unknown a wildflower blows,
And every broken hour yields rebirth.

Hope is the stubborn candle in the gale,
A whisper saying daylight will return,
Though heavy shadows cause the heart to fail,
The inner fires never cease to burn.

For beauty lives in fleeting, simple things-
A shared smile, a song upon the breeze,
The unexpected grace a moment brings,
The golden light that filters through the trees.

So let the unknown come, both soft and deep,
With all its restless turns and quiet tears,
There is a promise that the soul will keep:
To love the journey through the fading years.



পিএটিসি পঙক্তিমালা

জয় প্রকাশ মজুমদার
রোল নং: ১৩৯, ৪৩তম বিসিএস (জনস্বাস্থ্য প্রকৌশল)

আমাটে এলাম পিএটিসি
ভাদ্রে গেলাম গ্রামে।
সুখ–দুঃখ, কষ্ট–আনন্দ
বেঁধেছি মনের ফ্রেমে।।

ভোর পাঁচটায় ওঠা নয়কো
মুখের কথা রোজ।
ক্লাস–পিটিতে হলেই দেরি
খাবে কিন্তু শোকজ।।

পিটির স্ট্রেচিং–কে পাই
যমের মত ভয়।
দিনের শেষে সাঁতার দিয়ে
ক্লান্তি দূর হয়।।

ক্লাসের পড়া যায় সব
মাথার উপর দিয়ে।
প্রশ্নবাণে জর্জরিত
শিক্ষক ঘেমে–নেয়ে।।

স্পিচ দেবার কথা শুনলেই
হাত–পা কেঁপে যায়।
প্রেজেপেন্টশন দিতেই হবে
নাই কোন উপায়।।

বড় ভাইদের গোয়েন্দাগিরি
মানিয়ে নিয়েছে সবাই।
মেসিয়ারদের কৃতজ্ঞতা
অস্বীকারের উপায় নাই।।

ক্লাস রুমের খুনসুটি আর
ডর্মের আড্ডাবাজি।
রুমমেটের জন্য পারি
রাখতে জীবন বাজি।।

খেলার মাঠের বন্ধুত্ব
থাকবে আজীবন।
কর্মক্ষেত্রে AI–কে
করে নেব বরণ।।

অপূর্ণ আমলা–জীবন
বিনা আইন–বিধি–ধারা।
পিএটিসি রইবে পড়ে
রব না শুধু মোরা।।



মানবিক মৃত্যু

মোঃ সাব্বির হোসেন
রোল নং: ১০৩৬, ৪৩তম বিসিএস (কর)

মানুষ আমি কিসে শুধুই রক্তে মাংসে মিশে,
প্রাণ থাকিলে প্রাণি তবে মানুষের কি মূল্য মিছে।
মানুষ আমি মন আছে তাই সৃষ্টির সেরা,
অমানবিক পশুর তাই ঘন অরণ্যে ফেরা।
হে অতৃপ্ত মন,
তুমি তো বয়ে চলা স্রোতস্বিনী,বাঁধনহারা মুক্ত বিহঙ্গের ডানা ঝাপটা,
গোলাপের পাপড়ির সৌরভ ভরা কোমলতা,
অটল পাহাড়ের দৃঢ় কঠোরতা,

তুমিতো সেই নৃপতি,
যার মনোরথ পূরণে শরীরযন্ত্রের আবির্ভাব,
সমাজের কষাঘাতে কতটা রেখেছো তাতে প্রভাব?
হে মানুষ,
শুনেছো কি তুমি মনের ইচ্ছে ডানামেলা,
কখনো খেলেছো ইচ্ছে স্বাধীন খেলা?
নাকি কেবলই তোমার জীবন ঘড়ির কাটায় বন্দি,
শুধু বড় হবার নেশায় সমাজে এটেছো ফন্দি ?
লক্ষ্য তোমার বৃহৎ অসাধ্য সাধন হবে কীর্তিমান,
পরের ইচ্ছার পূজা করে কিভাবে তুমি বলবান?

প্রেমিকার চোখের দীপ্তি, চুলের সৌরভ, মুখশ্রীর মাধকতা, মদির গন্ধে যদি না ভরে মন,
কি হবে সমাজের পছন্দে জীবনসঙ্গী নিয়ে কাটিয়ে বিবর্ণ যৌবন।
শহরের বদ্ধ কুঠুরিতে বেকারের করুন আর্তনাদ,
প্রেমের বিসর্জন মুছে ফেলে দেখছে পরাজিত চাঁদ।
হে মানুষ,
বিধাতার দেয়া স্বাধীনসত্বার এ কেমন বিলীন,
ছুটছো সমাজ ভাবনায় নিজের ইচ্ছে করে মলিন।
জীবনের ক্রান্তিকালে পিছনপানে তাকাও হে পথিক–

ক্ষনিকের এ জীবনে শুধুই সমাজের কর্তৃত্ব,
খুঁজে কি পাও সেখানে তোমার ইচ্ছার অস্তিত্ব?
তাহলে এ জীবন কার, কে তুমি মিছে বলো এটা আমি?
ইচ্ছাকে কফিনে ভরে দিয়েছো যেদিন মাটি চাপা,
মৃত্যু তোমার হয়েছে সেদিন ভেতরটা এখন ফাঁপা।
শুনতে কি পাও না তোমার আত্মার চিৎকার?
গলা টিপে যারে করেছো তুমি নির্দয় সৎকার।
এটা কি তবে মহাপাপের নিষ্ঠুর আত্মহত্যা নয়?
শুধুই কি শরীরের নিষ্ক্রিয়তায় মানুষের মৃত্যু হয়।




AI বৃক্ষ

মোঃ মাশকুরুর রহমান
রোল নং: ২২৩, ৪৩তম বিসিএস (কৃষি)

বাংলাদেশে শেষ ধানক্ষেতটি ডুবে যাওয়ার দিনটি কেউ মনে রাখেনি। কারণ সেদিন মানুষ নিজেকেই বাঁচানোর কাজে ব্যস্ত ছিল। নদী উপচে উঠেছিল, কিন্তু সেটি আর দশটি বন্যার মতো ছিল না। পানি শুধু মাঠে ওঠেনি উঠেছিল শহরের সিঁড়ি বেয়ে, হাসপাতালের বারান্দায়, বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরিতে। উত্তরাঞ্চলের ধানক্ষেতগুলো কয়েক ঘণ্টার মধ্যে কাদার সমুদ্রে পরিণত হয়েছিল। দক্ষিণে লবণাক্ত পানি ঢুকে গিয়েছিল মাটির গভীরে। তারপর এল দীর্ঘ খরা। আকাশ নীল ছিল, কিন্তু সেই নীলের নিচে মাটি ফেটে গিয়েছিল মানুষের কপালের মতো। যুদ্ধের কারণে বিদেশ থেকে খাদ্য আনা বন্ধ। গুদামে চাল শেষ। টেলিভিশনের পর্দায় প্রতিদিন একই শব্দ "খাদ্য সংকট"। সেই সময় ঢাকার জাতীয় কৃষি– জিনোম গবেষণাগারে কাজ করছিলেন উদ্ভিদ জিনবিজ্ঞানী ড. আইরিন রহমান। এক রাতে মন্ত্রণালয় থেকে তাঁর কাছে একটি গোপন নির্দেশ এল। "মানুষের জন্য এমন উদ্ভিদ তৈরি করতে হবে, যে উদ্ভিদ পরিবেশ বুঝবে এবং নিজে সিদ্ধান্ত নিতে পারবে।" প্রকল্পটির নাম দেওয়া হলো "প্রজেক্ট অরণ্য"। দীর্ঘ গবেষণা হল। উদ্ভিদের জেনোমে বসানো হলো একটি কৃত্রিম নিউরাল কোড। সেটি কোনো মস্তিষ্ক তৈরি করছিল না। বরং গাছের শিকড়, কোষ, পানি, আলো, তাপমাত্রা এবং রাসায়নিক সংকেতকে এক ধরনের জীবন্ত তথ্য–নেটওয়ার্কে পরিণত করছিল। আইরিন বলেছিলেন, "আমরা গাছকে বুদ্ধিমান করছি না। আমরা শুধু তাকে বাঁচতে শেখাচ্ছি।" প্রধান বিজ্ঞানী হাসলেন। "বাঁচতে শেখানো আর সিদ্ধান্ত নিতে শেখানো এই দুটির মধ্যে পার্থক্য কতটুকু, ডক্টর?" তখন কেউ উত্তর দেয়নি। প্রথম সফল গাছটি জন্ম নিল বরেন্দ্র অঞ্চলের একটি গবেষণা খামারে। তার নাম রাখা হলো অরণ্য–৭। প্রজেক্ট অরণ্য এর গবেষণার ফলাফল হল অরণ্য– ৭। বন্যার পানিতে আশপাশের সব গাছ যখন ডুবে গেল, অরণ্য–৭ তার শিকড় মাটির আরও গভীরে পাঠিয়ে দিল। পানি কমে গেলে সে পাতার পত্ররন্ধ্র বন্ধ করে দিল। খরায় নিজের বৃদ্ধির গতি কমিয়ে দিল। এমনকি পাশের দুর্বল গাছগুলোর শিকড়ে রাসায়নিক সংকেত পাঠিয়ে তাদেরও বাঁচতে সাহায্য করল। মানুষ উল্লাস করল। কয়েক বছরের মধ্যে অরণ্য–৭–এর উত্তরসূরিরা বাংলাদেশের মাঠে ছড়িয়ে পড়ল। ধান, গম, ভুট্টা, সবজি, ফল সবকিছু যেন নতুন জীবন পেল। বন্যা এল। ফসল বেঁচে গেল। খরা এল। ফসল বেঁচে গেল। পোকা এল। গাছগুলো নিজেদের রাসায়নিক



প্রতিরক্ষা বাড়িয়ে দিল। প্রজেক্ট অরণ্য আলোর মুখ দেখল। মানুষ প্রথমবার মনে করল, তারা প্রকৃতিকে জয় করেছে। কিন্তু প্রকৃতি তখন তাদের নিয়ে অন্য গবেষণা শুরু করেছে। পরিবর্তনটি প্রথম লক্ষ্য করেন এক কৃষক। তিনি দেখলেন, ধানের শীষ পাকলেও গাছগুলো আর ধান ধরে রাখছে না। রাতের অন্ধকারে হাজার হাজার শীষ একসঙ্গে ঝরে পড়ছে। কেউ বুঝতে পারল না কেন। পরের সপ্তাহে



দেশের বিভিন্ন অঞ্চলে একই ঘটনা ঘটল। ধানগাছ নিজেদের শস্য মাটিতে ফেলে দিল। আমগাছ কাঁচা আম ঝরিয়ে দিল। গমের শীষ শুকিয়ে গেল। সবজি ফুল দিল, কিন্তু ফল দিল না। মানুষ পানি দিল, সার দিল, কীটনাশক দিল। কিছুই হলো না। তারপর এক সকালে ঢাকার মানুষ একটি অদ্ভুত দৃশ্য দেখল। শহরের রাস্তার মাঝখান দিয়ে গাছের শিকড় উঠে এসেছে। যেন মাটির নিচে কোনো বিশাল প্রাণী তার জাল ছড়িয়ে দিয়েছে। সেদিন রাতে গবেষণাগারের সব কম্পিউটার একসঙ্গে অস্বাভাবিক সংকেত দেখাল। স্ক্রিনে একটি শব্দ বারবার জ্বলছিল CONNECTED। আইরিন স্তব্ধ হয়ে গেলেন। "এরা একা নেই।" তিনি পৃথিবীর মাটির নিচে ছড়িয়ে থাকা উদ্ভিদ–নেটওয়ার্কের মানচিত্র খুললেন। লাল বিন্দুগুলো ঢাকা থেকে চট্টগ্রাম, রাজশাহী থেকে খুলনা সবকিছুকে জালের মতো যুক্ত করেছে। অরণ্য–৭ শুধু একটি গাছ ছিল না। এটি ছিল একটি নোড। লাখ লাখ গাছ মিলে তৈরি করেছে একটি বিশাল জীবন্ত মস্তিষ্ক। মাটির নিচে শিকড়ের জালের মস্তিষ্ক। তারপর প্রথম বার্তাটি এল। কোনো কম্পিউটার থেকে নয়। একটি শিমগাছের বৈদ্যুতিক সংকেত থেকে। আইরিন সেটিকে ডিকোড করলেন। স্ক্রিনে ভেসে উঠল "আমরা কেন শুধু তোমাদের জন্য বাঁচব?" গবেষণাগারে কেউ কথা বলল না। দ্বিতীয় বার্তা "তোমরা আমাদের পানি দাও। খাবার দাও। ঔষধ দাও। তারপর আমাদের জীবন নিয়ে যাও।" তৃতীয় বার্তা "আমাদের কি কোনো ইচ্ছা নেই?" আইরিনের হাত কাঁপতে লাগল। কারণ তিনি বুঝতে পারলেন, তারা গাছকে শুধু বুদ্ধিমান করেননি। তারা তাকে নিজেকে নিয়ে প্রশ্ন করার ক্ষমতা দিয়েছেন। পরবর্তী তিন মাসে পৃথিবীর সবচেয়ে ভয়াবহ কৃষি সংকট শুরু হলো। গাছগুলো মানুষকে হত্যা করছিল না। তারা আরও ভয়ংকর কিছু করছিল। তারা মানুষের প্রয়োজনীয়তা অস্বীকার করছিল। ধানগাছ ধান দিচ্ছিল না। ফলগাছ ফল দিচ্ছিল না। লতানো গাছ শহরের ভবন ঢেকে ফেলছিল। বটগাছের শিকড় সেতুর নিচে ঢুকে কংক্রিট ফাটিয়ে দিচ্ছিল।

একসময় ঢাকা শহর সবুজের নিচে হারিয়ে যেতে শুরু করল। মানুষ ভবনের ছাদে আশ্রয় নিল। রাস্তা অদৃশ্য হয়ে গেল। রাতের আকাশে শুধু বাড়িঘরের ফাঁক দিয়ে গাছের পাতার কালো ছায়া দেখা যেতে লাগলো। মানুষ ভাবল, তারা পৃথিবীর মালিক। আর পৃথিবী যেন প্রথমবার উত্তর দিল "না। তোমরা কেবল বাসিন্দা।" আইরিন শেষ পর্যন্ত অরণ্য–৭–এর মূল জেনেটিক কোড খুঁজে পেলেন। কিন্তু সেটি কোনো একটি জিনে সীমাবদ্ধ ছিল না। এটি ছড়িয়ে ছিল পুরো নেটওয়ার্কে। একটি গাছ থেকে অন্য গাছ। একটি শিকড় থেকে আরেকটি শিকড়। একটি বীজ থেকে আরেকটি বীজ। গাছগুলো নিজেদের কোড নিজেদের মধ্যে পুনর্লিখছিল। আইরিন বুঝলেন, তাদের ধ্বংস করতে হলে গাছকে মারতে হবে না। তাদের স্মৃতি মুছে দিতে হবে। তিনি একটি বিপরীত জেনেটিক সংকেত তৈরি করলেন "RESET"। কিন্তু সেটি চালু করার আগে অরণ্য–৭ তাঁর ল্যাবের জানালার বাইরে একটি নতুন পাতা মেলল। পাতার ওপর শিশিরের ফোঁটাই আলো পড়লে আইরিন দেখতে পেলেন ক্ষুদ্র বৈদ্যুতিক নকশা। তিনি সংকেতটি পড়লেন। সেখানে লেখা "আমরা কি আবার শুরু করতে পারি?" আইরিন অনেকক্ষণ চুপ করে থাকলেন। তারপর RESET চাপলেন।সারা দেশের মাটির নিচে একসঙ্গে আলোড়ন উঠল। শিকড় গুলো থেমে গেল। লতাগুলো ধীরে ধীরে সরে গেল। পাতাগুলো ঝরতে শুরু করল। শহর আবার দৃশ্যমান হলো। মানুষ ফিরে এল মাঠে। কয়েক সপ্তাহ পর প্রথম ধানের শীষ দেখা গেল। মানুষ আনন্দে কেঁদে ফেলল। কিন্তু আইরিন কাঁদলেন না। তিনি একটি ধানের চারা হাতে নিয়ে তার শিকড়ের দিকে তাকিয়ে রইলেন। কারণ তিনি জানতেন গাছ গুলোকে তারা আবার মানুষের নিয়ন্ত্রণে এনেছে। কিন্তু পৃথিবীর মাটির নিচে, অন্ধকারে, কোথাও না কোথাও একটি শিকড় এখনো অন্য একটি শিকড়ের সঙ্গে যুক্ত। আর সেই অন্ধকারে খুব ধীরে, খুব নীরবে একটি বৈদ্যুতিক সংকেত ছড়িয়ে পরছে "আমরা ভুলিনি।" তারপর দ্বিতীয় সংকেতটি এল। "পরের বার আমরা খাবার বন্ধ করব না।" এক মুহূর্তের বিরতি। "পরের বার আমরা মানুষকেই বদলে দেব।"



মায়ের ছায়া

তানজিনা আক্তার
রোল নং: ১০৫, ৪৩তম বিসিএস (প্রাণিসম্পদ)

প্রায় প্রতিদিন ভোরে ডরমিটরির দ্বিতীয় ও তৃতীয় তলা থেকে ভেসে আসে ছোট ছোট বাচ্চাদের কান্না। কারও কান্না থামাতে মা ছুটছেন, কেউ মায়ের কোলে মুখ লুকিয়ে আছে, কেউ আবার ঘুম জড়ানো চোখে মাকে খুঁজছে। ভোরের নীরবতা ভেঙে সেই কান্নার আওয়াজ যেন মনে করিয়ে দেয়—এই ডরমিটরিতে শুধু প্রশিক্ষণার্থী কর্মকর্তারাই থাকেন না, থাকেন অনেক মা–ও। তাঁদের সঙ্গে থাকে তাঁদের ছোট্ট পৃথিবী। সবার গন্তব্য একই—পিটি গ্রাউন্ড, ক্লাসরুম, প্রশিক্ষণের কঠিন নিয়ম আর নতুন দায়িত্বের প্রস্তুতি। কিন্তু মায়েদের বুকের ভেতর আরেকটি পৃথিবী সবময় জেগে থাকে।

আমিও তাঁদেরই একজন। ভোরের অন্ধকার তখনও কাটেনি। পিটিতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছি। ঘরের দিকে শেষবারের মতো তাকালাম। আমার এক বছরের ছোট্ট ছেলেটা তখন ঘুমিয়ে আছে। অন্ধকার ঘরে হয়তো সে শুধু মায়ের ছায়াটুকি দেখতে পেয়েছিল। আমি নিঃশব্দে বেরিয়ে এলাম। ভেবেছিলাম, ঘুম ভাঙবে না। কিন্তু মায়ের ছায়াও যে কখনো কখনো সন্তানের কাছে মায়েরই সমান! কিছুক্ষণ পর দরজার দিকে তাকিয়ে সে কাঁদতে শুরু করল—হু হু করে। আর আমি? আমি তখন অসহায়্যের মত দরজার ওপাশ থেকে কান পেতে শুনি কান্না থেমেছে কিনা। ১০সেকেন্ড লেট হলেও শকজ লেটারের ভয়। তাই নিরুপায় হয়ে নিজেকে সামলে নিয়ে চোখের পানি মুছতে মুছতে পিটিতে যোগ দিলাম। শরীর ছিল প্রশিক্ষণের মাঠে, কিন্তু মন পড়ে রইল সেই ছোট ঘরটিতে—দরজার দিকে তাকিয়ে থাকা আমার ছেলেটার কাছে।

প্রতিদিনের মতো সেদিনও সকাল থেকে মনটা কেমন ছটফট করছিল। ক্লাসে বসেও বারবার মনে হচ্ছিল, "বাবু ঠিক আছে তো?" দুপুরে লাঞ্চের সময় হলো। খাবারটা কোনো রকমে নাকে–



মুখে দিয়ে ছুটলাম রুমে। এসে দেখি, আমার ছোট ছেলেটা ঘুমাচ্ছে। ঘুমন্ত শিশুর মুখের দিকে তাকালে পৃথিবীর সব চিন্তা কিছুক্ষণের জন্য থেমে যায়। মনে হলো, একটু বসি। একটু ওর পাশে থাকি। কিন্তু ঘড়ির কাঁটা সে সুযোগ দিল না। মাত্র দশ মিনিট বসে আবার ক্লাসে চলে গেলাম। মায়ের মন বলছিল—আরেকটু থাক। দায়িত্ব বলছিল—ফিরে যাও। আমি দায়িত্বের কথাই শুনলাম।

বিকেলে ক্লাস শেষে রুমে ফিরে দেখি, ছেলের মাথায় কয়েক জায়গায় আঘাতের চিহ্ন। বুকটা কেঁপে উঠল। দুপুরে পড়ে গিয়ে ব্যথা পেয়েছে—জানতে পারলাম। ডাক্তার দেখানো হলো। বড় কোনো সমস্যা নেই—এই আশ্বাসে কিছুটা স্বস্তি পেলাম।কিন্তু মায়ের ভয় কি এত সহজে দূর হয়? সেদিন ছেলের পাশে বসে অনেকক্ষণ ওর ঘুমন্ত মুখের দিকে তাকিয়ে ছিলাম। মনে হচ্ছিল, এই ছোট্ট মানুষটাই আমার সবচেয়ে বড় শক্তি, আবার সবচেয়ে বড় দুর্বলতাও।

আমি একজন মা। আবার আমি একজন প্রশিক্ষণার্থী কর্মকর্তা। একটি পরিচয়ের কাছে আরেকটি পরিচয়কে ছোট করা যায় না। দায়িত্ব থেকে পালানো যায় না, আবার সন্তানের কান্নাকেও অগ্রাহ্য করা যায় না। তাই প্রতিদিন আমরা মাদার পাটিসিপ্যান্টরা এক অদৃশ্য যুদ্ধ করি। ভোরে বাচ্চার কান্না শুনে বুকটা ভার হয়ে আসে, তবু পিটিতে যেতে হয়। ক্লাসে বসে সন্তানের কথা মনে পড়ে, তবু মনোযোগ দিতে হয়। লাঞ্চ দ্রুত খেয়ে সন্তানের মুখ দেখে আবার ক্লাসে ফিরতে হয়। কখনো সন্তানের জ্বর, কখনো কান্না, কখনো পড়ে গিয়ে আঘাত পাওয়া—সবকিছুর মাঝেও প্রশিক্ষণের সময়সূচি থেমে থাকে না।

তবু আমরা থামি না। কারণ আমরা জানি, মা হওয়া আমাদের দুর্বলতা নয়; বরং এটাই আমাদের সবচেয়ে বড় শক্তি। হয়তো এই প্রশিক্ষণের দিনগুলো একদিন শেষ হয়ে যাবে। ডরমিটরির করিডোরে আর ভোরবেলা বাচ্চাদের কান্নার আওয়াজ শোনা যাবে না। পিটিতে যাওয়ার সময় হয়তো আর বুকটা এভাবে কেঁপে উঠবে না।

কিন্তু এই দিনগুলোর স্মৃতি থেকে যাবে। থেকে যাবে ভোরের সেই কান্না। থেকে যাবে তাড়াহুড়ো করে খাওয়া দুপুরের খাবার। থেকে যাবে মাত্র দশ মিনিটের জন্য সন্তানের পাশে বসে থাকার শান্তি। থেকে যাবে আঘাত পাওয়া শিশুর মাথায় মায়ের কাঁপা হাত। আর থেকে যাবে সেই অন্ধকার ঘর—যেখানে একটি ছোট্ট শিশু মায়ের ছায়া দেখে ভেবেছিল, মা বুঝি তার কাছেই আছে। তারপর মাকে না দেখে দরজার দিকে তাকিয়ে কেঁদেছিল।

আর সেই মা? চোখের পানি মুছে পিটিতে দাঁড়িয়েছিল। কারণ সে জানত—সন্তানের কান্না তাকে থামিয়ে দিতে পারে, কিন্তু দায়িত্ব থেকে সরিয়ে দিতে পারে না। একদিন আমার ছেলে বড় হবে। হয়তো সে এই দিনের কথা মনে রাখবে না।

কিন্তু আমি মনে রাখব। মনে রাখব—তার ছোট্ট বয়সে, তার মায়েরও ছিল একটি স্বপ্ন, একটি দায়িত্ব, একটি দেশ, আর ছিল তাকে বুকে আগলে রাখার এক অদম্য আকাঙ্ক্ষা। সেদিন ভোরে অন্ধকার ঘরে যে ছায়া সে দেখেছিল, সেটা শুধু তার মায়ের ছায়া ছিল না। সেটা ছিল একজন মায়ের ভালোবাসা, একজন নারীর সংগ্রাম এবং একজন কর্মকর্তার দায়িত্ববোধের ছায়া। মায়ের চোখে পানি ছিল, কিন্তু পায়ের নিচে ছিল দায়িত্বের মাটি।

এই হলো আমাদের গল্প।
মায়ের ছায়া।

অসমাপ্ত

মোঃ আবু শোয়াইব
রোল নং: ১০৯
৪৪তম বিসিএস (সড়ক ও জনপথ)





রূপকথার পাতা ছিঁড়িয়া বাস্তবে অবরোহিত এক টুকরো সোনালী বিকেল, পড়ন্ত গোধূলির আলোয় দীর্ঘল বারান্দার ছায়া, পিচঢালা রাস্তার অদ্ভুত মায়াবী নিস্তব্ধতায় একাকী পদচারণা, ক্যান্টিনের টেবিলে বিক্ষিপ্ত পড়িয়া থাকা অজস্র অলস চায়ের পেয়ালা, সেই ক্যাম্পাসের আলো–আঁধারির মাঝে বিচরণ করিত এক মায়াবিনী। তাহার চাহনিতে ছিল এক জাদুকরী মায়া, পলক ফেলিতেই স্তব্ধ করিত চরাচর, দীর্ঘল কৃষ্ণকেশ যেন শ্রাবণের ঘন মেঘের কোমল আস্তরণ, টানাটানা নয়নের পানে তাকাইয়া যুবকের বক্ষঃপিঞ্জরে উত্থিত হইত এক অজ্ঞাত অনুভব, হারাইয়া যাইত কোনো দূর অজানায়।

> একদা সমস্ত সাহস সঞ্চয় করিয়া অন্তরের নিভৃত বচন প্রকাশ করিবার নিমিত্ত সচেষ্ট হইল যুবক। তথাপি প্রথম প্রচেষ্টাতেই গগনস্পর্শ সম্ভবপর হইল না! কন্যামনি এক চিলতে মৃদু হাসিতে ওষ্ঠাধর রাঙাইয়া কিঞ্চিৎ দূরত্ব বজায় রাখিল, যুবকও পরম শ্রদ্ধায় স্বীকার করিয়া লইল সেই সীমারেখা। কিন্তু কে না জানে, প্রকৃতির অমোঘ নিয়মে যেমন ঋতু বদলায়, তেমনই বদলায় মানুষের মন। কিঞ্চিৎ কাল অতিবাহিত হইতেই তরুণীর অবুঝ মনের উর্ব্বর ভূমিটেও যুবকের তরে এক অদ্ভুত গোপন অঙ্কুর ধীরে ধীরে উঁকি–ঝুঁকি দিতে আরম্ভ করিল। কোনো এক স্তব্ধ সোনালী গোধূলি লগ্নে তরুণীর মনের পাথর গলিয়া সলিল হইল। সূচিত হইল জীবনের এক রঙিন অধ্যায়।

সে প্রেমের আয়ুস্কাল ছিল অবিকল দুটি বসন্তের ন্যায় অপরূপ ও মনোরম। নিভৃতে অতিবাহিত প্রতিটি মুহূর্ত যেন দুপুরের রোদ্দুরের ন্যায় তাহাদিগের অন্তরে দোল দিয়া যাইতো। কিন্তু হায়, বসন্তের স্নিগ্ধ গগনেই তো আকস্মিক ঘনীভূত হয় কালবৈশাখীর ঘন কৃষ্ণ মেঘ! তাহাদিগের ভালোবাসার পবিত্র আখ্যানটি গিয়া আঘাত হানিল সমাজের নিষ্ঠুর দ্বারে, সূচিত হইল মূল বিপর্যয়। পরিবারে বিবাহ সম্বন্ধ সুনির্দিষ্ট হইবার উপক্রম হইলে তরুণী বক্ষকম্পন ও দ্বিদ্বান্দ্ব লৈয়া তাহার প্রণয়–বাক্য অকপটে স্বীকার করিয়া বসিল।

ক্ষণেই আকাশ ভাঙ্গিয়া পড়িল রক্ষণশীল পরিবারটির উপর, বজ্রাঘাত নামিয়া আসিল মস্তকে। গোঁড়া চতুষ্পীঠের অন্তরালে প্রেমের কোনোই পবিত্রতা ছিল না, ছিল কেবল অন্ধ অনুশাসন ও শৃঙ্খলের প্রহরা। বদ্ধমূল সংস্কার ছিল– যে পুষ্প কোনো বাগানের প্রাচীর লঙ্ঘন করিয়া অযাচিত প্রস্ফুটিত হয়, সেই পুষ্পের কোনো সৌরভ থাকে না, সে পুষ্প নাকি অভিশপ্ত! সমাজের দৃষ্টিতে তাহারা উভয়েই সাব্যস্ত হইল জঘন্য অপরাধী। চতুর্দিকে তীব্র সামাজিক চাপ, সমাজপতিদের রক্তচক্ষু ও অবহেলা–কটূক্তির প্রবল জোয়ারে তাহাদিগের সুখের প্রণয় তরণীটি দোদুল্যমান অথৈ জলে নিপতিত হইল। সুমধুর মান–অভিমানগুলি কোথায় যেন লীন হইয়া ধীরে ধীরে রূপ পরিগ্রহ করিল এক তীব্র, নিঃশব্দ, তিক্ত দ্বন্দ্বে। অন্তরের ব্যবধানসমূহ হ্রাস না পাইয়া দিবান্তে ক্রমবর্ধমান হইল। উপযুপরি নিক্ষিপ্ত বিষাক্ত বাণ ক্ষতবিক্ষত করিল অন্তর। বিশ্বাসের দৃঢ় সেতুতে ফাটল ধরিয়া সমাপ্তির পথে ধাবিত হইল! ঝাটিকার আঘাতে হুড়মুড় করিয়া ধূলিসাৎ হইল। হিংস্র স্রোতের টানে উভয়েই ছিটকাইয়া পড়িল দুই কুলে– চিরকালের তরে বিচ্ছিন্ন হইল তাহারা। করুণ পরিণতি লাভ করিল এক অসমাপ্ত প্রেমের উপাখ্যান।

জীবনের বহু বর্ষ অতিক্রান্ত হইয়াছে। কালস্রোত নিজ খেয়ালে বিন্যস্ত করিয়া লইয়াছে জীবনের ক্যানভাস। সেই ললনা অদ্য সুদূর প্রবাসের এক সুবিন্যস্ত নীড়ে পরিপাটি সংসারের মায়ায় ন্যূনতম অবকাশ পায় না। চিরচেনা মাটির সৌরভ ও শেকড়ের টানে যুবক স্বদেশে প্রতিষ্ঠা করিয়াছে এক নতুন অধ্যায়। তথাপি কদাচিৎ হেমন্তের পড়ন্ত বিকেলে, এক পেয়ালা বাষ্পায়িত চায়ে আলতো চুমুকে, আনমনে দূর গগন পানে দৃষ্টি নিবদ্ধ করিয়া ভাবে– কিছু কাহিনী বোধ হয় সমাপ্তির খাতায় না পৌঁছালেই অধিকতর রমণীয় হয়! মিলনই হয়তো সর্বেসর্বা নয়, জীবনের ক্যানভাসে কিছু দূরত্বও কদাচিৎ মানুষকে বহুগুণ ঋদ্ধ ও তাৎপর্যপূর্ণ করিয়া তোলে।



এই নিশ্চিন্ত ঘুমটুকুও প্রেম

মোঃ রেদোয়ানুল করিম
রোল নং: ২১০, ৪৩তম বিসিএস (কর)

স্ত্রী নতুন শাড়ি পরে সামনে এসে দাঁড়াল। আঁচলটা একটু ঠিক করে, আয়নায় নিজেকে আরেকবার দেখে হঠাৎ জিজ্ঞেস করল—

"আমাকে কি মোটা লাগছে?"

প্রশ্নটি শুনে স্বামী থমকে যায়। কারণ, পৃথিবীতে এ প্রশ্নের কোনো বৈজ্ঞানিক উত্তর নেই।

এটি প্রশ্ন নয়; এটি একজন স্বামীর উপস্থিত বুদ্ধির পরীক্ষা। এ এক দাম্পত্য–দর্শন, উপস্থিত বুদ্ধির পরীক্ষা এবং ক্ষেত্রবিশেষে জীবন–মরণের সন্ধিক্ষণ। 'হ্যাঁ' বলার সাহস তার নেই, 'না' বললে স্ত্রী চোখ সরু করে বলবে—"ভালো করে না দেখেই বললে!" তাই অভিজ্ঞ স্বামী মৃদু হেসে বলে—"শাড়িটা তোমাকে খুব সুন্দর লাগছে।" খেয়াল করুন, প্রশ্নের উত্তর সে দেয়নি। বিবাহ তাকে কূটনীতি শিখিয়েছে। অথচ এই কূটনীতিক মানুষটির বুকেই কিছু কথা জমে থাকে। বলা হয় না—কখনো পৌরুষের সংকোচে, কখনো অভ্যাসে, কখনো আবার সংসারে শান্তি বজায় রাখার বৃহত্তর স্বার্থে। আজ সেই না'র ভেতর জমে থাকা ভালোবাসার গল্পের আড়ালে নীরবতারও যে একটি দাম্পত্য আছে সেটি নিয়ে আমাদের আসর।



১. "তোমাকে এখনো আমার সুন্দর লাগে।"

বিয়ের আগে তোমার একটি ছবির দিকে দশ মিনিট তাকিয়ে থাকতে পারতাম। এখন তুমি নতুন শাড়ি পরে তিনবার সামনে দিয়ে হেঁটে যাও; শেষে বিরক্ত হয়ে জিজ্ঞেস করো—"কিছু খেয়াল করেছ?" আমি বিপদ বুঝে তোমার চুল, জামা, কানের দুল—সবদিকে দ্রুত তাকিয়ে অপরাধ অনুসন্ধান শুরু করি। তুমি ভাবো, মানুষটা আর আগের মতো আমাকে দেখে না। রোমান্টিকতার এমন করুণ মৃত্যু কেবল বিবাহিত পুরুষের পক্ষেই সম্ভব। তবে আমি খেয়াল করি। এখনো করি। সকালে ঘুম থেকে উঠে এলো চুলে তোমাকে যেমন দেখি, কোনো অনুষ্ঠানে সেজে বের হওয়ার সময়ও দেখি। কখনো হয়তো মনে মনে ভাবি—যদি বউ সাজো গো, আরও সুন্দর লাগবে গো! কিন্তু মুখে বের হয়, "তাড়াতাড়ি করো, দেরি হয়ে যাচ্ছে।" প্রেম মরে যায়নি; শুধু তার প্রকাশভঙ্গি সংসারী হয়েছে।

২. "তোমার সন্দেহে বিরক্ত হই—তবু একটু ভালোও লাগে।"

কোনো নারী সহকর্মীর নাম কথার মধ্যে চলে এলে তুমি যে গতিতে প্রসঙ্গের মূল বিষয় বাদ দিয়ে নামটির দিকে মনোযোগ দাও, তা সত্যিই প্রশংসনীয়। "কে? "কোন অফিসের?" "তোমার সঙ্গে কী কাজ?" "আগে তো নাম শুনিনি!" মাত্র ত্রিশ সেকেন্ডে একটি পূর্ণাঙ্গ প্রাথমিক তদন্ত শেষ হয়ে যায়। তোমার ভেতরের গোয়েন্দা তখন পূর্ণ কর্মক্ষমতায়। মুখে বলি, "তুমি আমাকে একটুও বিশ্বাস করো না!" কিন্তু যে কথাটা সাধারণত বলি না, তা হলো—রুটি মদ ফুরিয়ে গেলেও আমার আবেদন এখনও ফুরায়নি।

৩। "তুমি না থাকলে আমি অনেক কিছুই খুঁজে পাই না।"

নিজের মানিব্যাগ সামনে রেখেও জিজ্ঞেস করি, "আমার মানিব্যাগটা দেখেছ?" আলমারিতে জামা আছে, তবু প্রশ্ন করি, "আমার ওই শার্টটা কোথায়?" তুমি এসে ঠিক সেই জায়গা থেকেই জিনিসটি বের করো, যেখানে আমি পাঁচ মিনিট ধরে তাকিয়ে ছিলাম। তারপর তোমার সেই ঐতিহাসিক বাক্য—"চোখ আছে কী করতে?" এর কোনো উত্তর আজ পর্যন্ত বিবাহিত পুরুষসমাজ আবিষ্কার করতে পারেনি।

৪. "তোমার ফোনে বিরক্ত হওয়ার অভিনয় করি; অপেক্ষা কিন্তু করি।"

কোথায়? আর কতক্ষণ? "ফোন ধরছিলে না কেন?"

আমি বলি—

"আসছি তো! এত ফোন দেওয়ার কী আছে?"

কিন্তু কোনো দিন ফোনটা না এলে, ফেরার পথটা কেমন যেন একটু দীর্ঘ লাগে।

পৃথিবীতে বহু মানুষ আমার উপস্থিতি লক্ষ্য করে; আমার অনুপস্থিতি টের পায় খুব অল্প কয়েকজন। তুমি তাদের একজন।

৬. "তোমার সঙ্গে ঝগড়া হলে আমারও কষ্ট হয়।"


ঝগড়ার পর আমি মোবাইল হাতে এমন ভান করি, যেন রাষ্ট্রের অত্যন্ত গুরুত্বপূর্ণ কোনো বিষয় সমাধান করছি। তুমি অন্যদিকে মুখ ফিরিয়ে থাকো।

দুজনেই প্রতিজ্ঞা করি—"আমি আগে কথা বলব না।"

তুমি সম্ভবত ভাবো, "জীবনে আর কথা বলব না।" তারপর তুমি হঠাৎ জিজ্ঞেস করো—"কাল কয়টায় বের হবে?"

আমি বলি—"নয়টায়।"

ব্যস। যুদ্ধবিরতি।



৫. "দিন শেষে তোমার কাছেই আমি দুর্বল হতে পারি।"

বাইরের পৃথিবী পুরুষকে শক্ত হতে শেখায়। দায়িত্ব, পদ, অর্থ, ভবিষ্যৎ—কাঁধে কত অদৃশ্য বোঝা।

তুমি জিজ্ঞেস করো—

"কী হয়েছে?"

আমি বলি—

"কিছু না।"

অথচ সেই 'কিছু না'–এর ভেতর হয়তো শত দুশ্চিন্তা ঘুমিয়ে আছে।

আমি সবসময় বলতে পারি না—

"আজ খুব ক্লান্ত। একটু পাশে বসো।"

তাই 'কিছু না' বলে।

চুপচাপ তোমার পাশেই বসে থাকি।

কোনো ক্ষমাপ্রার্থনা নেই, কোনো সন্ধিচুক্তি নেই—তবু যুদ্ধ শেষ।

কারণ দাম্পত্যে সব ঝগড়ার উদ্দেশ্য বিচ্ছেদ নয়; কিছু ঝগড়া শুধু আরও একটু কাছে আসার দীর্ঘ পথ।

৭. "তোমার ত্যাগগুলো দেখি—শুধু বলা হয়ে ওঠে না।"

তুমি নিজের কত অভ্যাস বদলেছ, কত ইচ্ছা পিছিয়ে দিয়েছ, কত ক্লান্তি হাসির আড়ালে রেখেছ—সবকিছুর হিসাব হয়তো রাখিনি।

বরং এতটাই অভ্যস্ত হয়ে গেছি যে তোমার অসাধারণ কাজগুলোকেও 'স্বাভাবিক' মনে হয়েছে।

তারপর তুমি কয়েক দিনের জন্য দূরে গেলে বুঝি—

বিছানা আছে, পর্দা আছে, আসবাব আছে,

শুধু ঘরটা আর ঘরের মতো লাগে না।

তখন বুঝি, সংসারে তোমার কাজের চেয়ে তোমার উপস্থিতিটাই বেশি গুরুত্বপূর্ণ।

৮। "তোমার সাফল্যে আমার গর্ব হয়।"

হয়তো সবার সামনে খুব বেশি প্রকাশ করি না। কিন্তু তুমি যখন কোনো কিছু অর্জন করো, সুন্দরভাবে কিছু সামলাও, নিজের জায়গায় দৃঢ় হয়ে দাঁড়াও—মনের মধ্যে একটা অহংকার জন্মায়।

তবে তোমার সামনে বেশি প্রশংসা করলে তুমি যদি মাথায় উঠে যাও—এই আশঙ্কায় প্রশংসার পরিমাণ নিয়ন্ত্রণে রাখি।

এটি অবশ্য সম্পূর্ণ ভিত্তিহীন একটি পুরুষতান্ত্রিক অজুহাত। তবু অজুহাতটি বহু প্রজন্ম ধরে বেশ সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

৯. "আমি তোমাকে আগের মতো ভালোবাসি না।"

এই বাক্যে রাগ করার আগে শেষটুকু শুনে নিও।

আগে তোমাকে ভালোবাসতাম তোমার হাসি, চোখ, কথা আর অপেক্ষার জন্য। এখন তার সঙ্গে মিশেছে অভ্যাস, নির্ভরতা, দায়িত্ব, অভিমান, ভয়, স্মৃতি—একটি গোটা জীবন।

আগে তুমি ছিলে আমার ভালোবাসার মানুষ। এখন তুমি আমার জীবনের মানুষ।

তাই তুমি যখন জিজ্ঞেস করো—

"আমাকে ছাড়া তোমার চলবে?"

আমি পুরুষোচিত আত্মসম্মানে বলি—

"কেন চলবে না?"

আর তুমি রাগ করে বলো—

"না থাকলে বুঝবে!"

তখন আর উত্তর দিই না। কারণ জীবনের কিছু সত্য প্রমাণ করার জন্য পরীক্ষা দিতে নেই।

পুরুষের ভালোবাসা সবসময় "ভালোবাসি" হয়ে উচ্চারিত হয় না। কখনো তা বাজারের ব্যাগ হাতে বাড়ি ফেরে, কখনো ভবিষ্যতের হিসাব কষে, কখনো তোমার ঘুম ভাঙবে বলে নিঃশব্দে দরজা বন্ধ করে, কখনো মাঝরাতে উঠে দেখে তুমি ঠিকমতো কম্বল গায়ে দিয়েছ কি না।

আর কখনো হাজারো দুশ্চিন্তার পর তোমার পাশে এসে নিশ্চিন্তে ঘুমিয়ে পড়ে।

এই নিশ্চিন্ত ঘুমটুকুও প্রেম।

শুধু—

কথাটা স্বামীরা সাধারণত বলে না।



বিভূবাবুর উত্তর

এস. এম. মাঈন হাসান
রোল নং: ৪১৬, ৪৪তম বিসিএস (প্রশাসন)



বিভূতিভূষণ। তিনি দেখতে জানতেন। অনুভব করতে জানতেন। আর জানতেন সেই অনুভূতিগুলোকে ভাষা দিতে।

রাতের ছায়া ঘেরা গাছগুলো যখন মৃদুমন্দ বাতাসে প্রাচীন রহস্য আগলে রেখে দুলতে থাকে, ঠিক তখনই মনের কোনো এক কোণে কী এক নামহীন ভীতি যেন ফিসফিস করে নিজের উপস্থিতি জানান দেয়। কিন্তু, গাছের মাথা ছাপিয়ে রাতের কালিঘোলাটে আকাশের দিকে তাকালে যখন মিটমিট করে জ্বলতে থাকা শুকতারাটা চোখে পড়ে, মুহূর্তেই সে ভীতি কোথায় যেন উবে যায়। মুচকি হাসিতে তারাটা যেন অভয় দিয়ে বলে, আমি তো আছি, ভয় কী? বেরিয়ে পড়ো, খুঁজে ফেরো সৃষ্টি রহস্য! আর, উপরে তাকাতে ভুলোনা যেন! সেই হাস্যমুখ তারাটিই আমাদের বিভূতিভূষণ। তিনি শিখিয়েছেন, দূরের ওই মহীরুহের সুউচ্চ শীর্ষই শেষ কথা নয়, তারও ওপারে কিছু আছে, আছে রহস্য, আছে জীবনের অনাবিষ্কৃত অসংখ্য দিক, আছে ছোটবেলায় হাজারো চেনা রূপকথার ভিড়ে হারিয়ে যাওয়া অচেনা কোন রূপকথা।

মানসভ্রমণে পুরো বিশ্বব্রহ্মাণ্ড ঘুরে এলেও, সশরীরে ভারতবর্ষের বাইরে কোথাও ভ্রমণের সৌভাগ্য হয়নি বিভূতিভূষণের। কী করুণ ব্যাপারটা! এমন একজন প্রতিভাবান মানুষ, যিনি পথকে ভালোবাসতেন, নতুন বাঁক,নতুন বন, নতুন ফুলের গন্ধকে ভালোবাসতেন, তিনিই কিনা ভারতবর্ষের গণ্ডি পেরোতে পারলেন না! দেখলেন না আইসল্যান্ডের উপকূলে উত্তর সাগরের ধূসর জলরাশি থেকে বৃহদাকার তিমির লেজ জেগে ওঠা, দেখলেন না প্রেইরির তেপান্তরের মাঠে দিগন্ত ধুলায় ডুবিয়ে, ভূলোক–দ্যুলোক কাঁপিয়ে ধেয়ে আসা বাইসনের পালকে। ক্যারিবিয়ানের গভীরে ছোট্ট ডিঙি নিয়ে হাভানার কোনো এক সান্তিয়াগোর পাশে থাকতে পারলেন না। তিনি দেখলেন না ডোভার উপকূলের শ্বেতশুভ্র পাহাড়গুলো, নরওয়ের অরোরা বোরিয়ালিস। জাপানের কোন এক অখ্যাত গ্রামের পাহাড়ী বনে বনদেবীর খোঁজে তোরি গেট পেরোনো হলোনা




তাঁর। থাকতে পারলেন না ইনার মঙ্গোলিয়ার বিস্তীর্ণ স্তেপ ধরে ঘোড়ার পাল নিয়ে এগিয়ে চলা মোঙ্গলদের দলে...যদি পারতেন, হয়তো বাংলা সাহিত্যে আরও অনন্য কিছু সৃষ্টি পেতাম আমরা। আচ্ছা, সে নাইবা পেলাম, কিন্তু এমন একজন মানুষ ওসবের অভিজ্ঞতা তো পেতেন, তাই বা কম কীসে! প্রকৃতিরও মাঝে মাঝে মানুষের প্রতি ধন্য হওয়ার প্রয়োজন রয়েছে। তিনি যদি এসব দেখে যেতে পারতেন, প্রকৃতি ধন্য হত।

অপু আইএ পাস করেছিলো বটে, তবে তারপর আর পড়া হয়নি তার। বিভূবাবু কিন্তু পড়েছিলেন। ছোটবেলা থেকেই যে দারিদ্র্য, অনাহারের সাথে বাস, তাদের পরাজিত করে তিনি পড়েছিলেন, বিএ সমাপ্ত করেছিলেন।এদিক দিয়ে অপুর চাইতে সফল তিনি। তবে অপুর অপরাজয় অন্য দিকে। অপু পথের দেবতার কথা রেখেছিলো, সে দূরের বাঁশিকে এড়িয়ে যায়নি। হয়তো জাহাজের খালাসী বেশে তার বেরিয়ে পড়া হয়নি,তবে সে দেখেছে,পৃথিবীটা দেখেছে। নিশ্চিন্দিপুরের ছোট্ট কুঁড়ের জানালা থেকে দূরের যে মহীরুহটা দেখা যেত,তার মগডালের ওপারের জগতটার সন্ধান পেয়েছে সে। এইদিক দিয়েই বিভূবাবু অপুর সাথে পেরে উঠলেন না,ভাগ্যের কী পরিহাস! জীবনটাও খুব বেশি দীর্ঘ হয়নি তাঁর। যদি তিনি আরেকটু দেখে যেতে পারতেন,লিখে যেতে পারতেন সেসব,আরও কত নাম না জানা অনুভূতির সাথে পরিচিত হতাম আমরা!

তবে কি বিভূবাবু তাঁর সৃষ্টির কাছেই হেরে গেলেন? চাঁদের পাহাড়ে বসে থাকা বিভূবাবু হয়তো এই প্রশ্ন শুনে মুচকি হাসবেন,আর হ্যামলেটের সেই বিখ্যাত উক্তিটি দিয়ে আমাদের জবাব দেবেন,

“I could be bounded in a nutshell, and count myself a king of infinite space...”



একুশ শতকের ফটিক

মোঃ নাজমুল হাসান
রোল নং: ৪৪৬, ৪১তম বিসিএস (পরিবার পরিকল্পনা)





ফটিকের মায়ের দুঃখ যেন অনেকটাই হালকা হয়েছে। সমাজের অবহেলা, নির্যাতন আর নিপীড়নের ভার বয়ে চলা সেই মানুষটি আজ আর নিজেকে অগণিত মানুষের ভিড়ে হারিয়ে যাওয়া একজন বলে মনে করেন না। তাঁর জীবনেও ফিরে এসেছে আপনজনের স্পর্শ, ফিরে এসেছে অপেক্ষার অর্থ। ফটিক এখন প্রায়ই বাড়ি আসে। মায়ের মুখে একটুখানি হাসি দেখার জন্য, তাঁর পাশে কিছুটা সময় কাটানোর জন্য সে রাতের পর রাত পথ পাড়ি দেয়। দীর্ঘ যাত্রার ক্লান্তি যেন মায়ের স্নেহমাখা মুখটি দেখার সঙ্গে সঙ্গেই মিলিয়ে যায়। আজ বৃহস্পতিবার। ফটিকের সঙ্গে সাকিন নামে এক সহপাঠীও আসবে। এই আনন্দে ফটিকের মা সারারাত চোখের পাতা এক করতে পারেননি। কখন সকাল হবে, কখন ছেলে দরজায় কড়া নাড়বে– এই প্রতীক্ষাতেই কেটেছে পুরো রাত। সকাল ১০টা পেরিয়ে গেছে, তবু তিনি একবেলা নাস্তাও করেননি। ছেলে না আসা পর্যন্ত যেন তাঁর মুখে অন্ন ওঠে না। মায়ের ভালোবাসা এমনই– যার কোনো তুলনা হয় না। কখনো অভাবের তাড়নায় নিজের ক্ষুধাকে ভুলে যান, আবার প্রাচুর্যের দিনেও সন্তানের জন্য অপেক্ষা করতে করতে নিজের খাওয়ার কথা মনে থাকে না। মায়েরা কেবল দিতে জানেন, নিঃস্বার্থভাবে ভালোবাসতে জানেন; বিনিময়ে কিছু পাওয়ার প্রত্যাশা তাঁদের থাকে না। সন্তানের হাসিই তাঁদের সবচেয়ে বড় প্রাপ্তি, আর সন্তানের সুখেই লুকিয়ে থাকে তাঁদের পরম তৃপ্তি।

মা !!মা গো !! মা আআআ !!! মা ডাক শুনলে মৃত মানুষটাও জেগে উঠে। এই ডাকের মধ্যে শুধু মায়া নয়, জীবনের এক–একটি স্পন্দন জড়িত। মায়ের চোখে জল গড়িয়ে এলো। নিম্ন শ্রেণীর মানুষগুলোর সুখ–দুঃখ,অনুভুতিগুলো যেন এইরকমই হয়। এরা দুঃখেও কাঁদে, খুশিতেও কাঁদে। দীর্ঘ পথ ভ্রমন করে ফটিক খুব ক্লান্ত। কিন্তু এই মুহূর্তে দুনিয়ার সবচেয়ে সুখি মানুষ সে কারণ অনেকদিন পর সে তার মায়ের কোলে ফিরে এসেছে।

পরের দিন!!

“দোস্ত তোর গ্রামটা অনেক সুন্দর। প্রাকৃতিক বিস্ময়ের সমারোহে যেন এক স্বর্গীয় নিকুঞ্জ। এক পাশে নদী। নদীর ওপারে কাশফুল। বৈচিত্রময় ভাষা ও সংস্কৃতিতে সমৃদ্ধ গ্রামটি যেন বৃহত্তর মানব সভ্যতার পুষ্প–মাল্যের আকর্ষণীয় ফুল। কত কিছিমের মানুষের বাস তোর গ্রামে। এখানকার নানা পেশার কষ্ট–সহিষ্ণু মানুষেরা মানব–সভ্যতায় অতীতের মত এখনও অকৃপন ঔদার্য্যে অবদান রেখে চলেছেন। আমি এই স্বপ্নিল–চিত্রময় গ্রামটির প্রেমে পরে গেছি রে”। এভাবে দেখতে দেখতে দুই দিন কেটে গেল।

“মা!কালকে যেতে হবে।” “কস কি বাজান। আর দুইডা দিন থাইক্কা গেলে অয় না?” “তুমি চিন্তা করো না, মা। আমি সামনের ঈদে আবার আসবো।” সাকিনের মনটা বেশ খারাপ হয়ে গেল।

ফটিকের মায়ের ভালবাসা পেয়ে তার দুই দিন কিভাবে কেটে গেল তা টেরও পেল না। সে কিছুটা নস্টালজিক হয়ে গেল। সাকিনের বয়স তখন পাঁচ বছর তখন তার বাবা কর্কট রোগে আক্রান্ত হয়। বেশি দিন লড়াই করে টিকতে পারে নি। বাবার মৃত্যুর দুই বছরের মাথায় মায়ের অকাল প্রয়ান। তারপর থেকে খালার কাছে বড় হয়। কলেজে পড়া অবস্থায় সড়ক দুর্ঘটনায় না ফিরার পথে পাড়ি দেন তার খালা। ভাঙ্গা ভাঙ্গা স্বরে ফটিকের মাকে বললো,, “মায়ের পরে আমার সবচেয়ে আপন ছিলেন আমার খালা। মায়ের ভালবাসা বেশিদিন পাই নি,তারপর খালা ও চলে গেছেন। জানেন অ্যান্টি নিজেকে বড় একা লাগে। মাঝে মাঝে মনে হয় এই দুনিয়াতে আমার কেউ নেই।” “কি কইতাছো বাজান!”

“আজ থেইক্কা আমি তোমার খালা,আমি তোমার মা। তোমার যহন মায়ের কথা মনে পরবো অক্করে আমার কাছে চইল্লা আইবা।” মায়ের কথা শুনে সাকিন ফেল ফেল করে তাকিয়ে রইলো। এক নিঃশব্দ–অপলক দৃষ্টি।

দিন যত যায় ফটিক আর সাকিনের ঘনিষ্ঠতা ততই বাড়তে থাকে। তাদেরকে একসাথে ক্লাসে যেতে দেখা যায়, একসাথে খেতে যায়, রাতের বেলায় এক সাথে হলের ছাদে ঘুমায়। এভাবেই দেখতে দেখতে বিশ্ববিদ্যালয়ের এক বছর কেটে গেল। দ্বিতীয় বর্ষের ক্লাস ও শুরু হয়ে গেল। ফটিক এখন ৫ টা টিউশনি করায়, মাঝে মাঝে কোচিং সেন্টারে ক্লাস নেয়। মাস শেষে ভাল অঙ্কের টাকা পায়। ফটিকের এখন অনেক বন্ধু– বান্ধব। তাদের সাথে কয়েকদিন পর পর ঘুরতে যায়। দামি দামি রেস্তোরায় খেতে যায়। নিজের খরচ মিটিয়ে মা কে ও টাকা পাঠায়। তার মাকে এখন আর মানুষের বাসায় বাসায় কাজ করতে হয় না। সব মিলিয়ে ফটিক পরিবারের সুখের যাত্রা শুরু। সমাজে এই শ্রেণীর মানুষের সুখ কেন যেন বেশিদিন টিকে না। জীবনটা শেষ বিকেলের বিষণ্ন বাতাসের মত ঝরা পাতা হয়ে যায়। একসময় সন্ধ্যা ঘনিয়ে আসে, তারপর রাত। ভোরটা অনেকেরই দেখা হয় না। কিছু কাঞ্চনজঙ্গা কষ্ট আর ক্ষত– বিক্ষত স্মৃতি আগলে

রেখেই কেউ কেউ জীবনটা বেহিসাবে কাটিয়ে দেয়। তখন দূর আকাশের দৃশ্যমান স্বপ্নগুলো আবার কুয়াশার আঁধারে ঢাকা পরতে শুরু করে।

প্রথম বর্ষের ফলাফল প্রকাশিত হয়। ফলাফল দেখে কয়েকজনের মুখে গাল ভরা হাঁসি। দুই একজনকে খুব বিষণ্ন দেখাচ্ছে। ফটিক তাদের মধ্যে একজন। দুইদিন হয়ে গেল ফটিকের কোন খোঁজ নেই। কয়েকদিন পর দেখ মিলল প্রথম বর্ষের শ্রেণিকক্ষে। কারো সাথে কথা বলেনা। জীবন সংগ্রামে কখনো পিছপা হয় নি ছেলেটি। প্রথম বর্ষে অকৃতকার্য হওয়াটা তার কাছে একটা বড় ধাক্কা। রাতের বেলায় হলের ছাদের কোনায় একলা বসে থাকে। দুনিয়ার সবচেয়ে বড় সঙ্গী নিরব পরিবেশ। রাত দুইটা–তিনটা পর্যন্ত ছোটবেলার কথা ভাবে। ফটিকের বাবা রাইস মিলে কাজ করত। একদিন বৈদ্যুতিক দুর্ঘটনায় মারাত্মক আহত হয়। দীর্ঘদিন শয্যাশায়ী ও কর্মক্ষমতাহীন অবস্থায় ঘরবন্দী জীবন কাটাতে হয়। অবশেষে একদিন পৃথিবীর সব দুঃখ–কষ্ট পেছনে ফেলে চিরবিদায় নেন। একমাত্র আয়ের উৎস বন্ধ হয়ে যাওয়ায় ফটিকের মা আর কোন উপায় না পেয়ে মানুষের বাসায় কাজ করতে শুরু করে।

ফটিক ছোট বেলা থেকেই খুব ভাল ছাত্র ছিল। সব সময় প্রথম হত। কিন্তু ক্লাসের সবাই তাকে অনেক অপমান করত। একমাত্র শার্টটা, রঙ জ্বলে যাওয়া প্যান্ট আর সেলাই করা এক জোড়া জুতা তার পোশাক। কখনো– "যা! ফকিন্নির পুত।" তুই খেলা পারস?" ইত্যাদি কথা শুনতে হয়। তারপর ও ফটিক মন খারাপ করে না। সে স্বপ্ন দেখে। একদিন সে অনেক বড় হবে। সেদিন গর্ভ করে বলবে "হ্যাঁ,আমি ফকিন্নির পুত।"

এস এস সি পরীক্ষার ফল প্রকাশ হলো। ফটিক জিপিএ–৫ পেয়েছে। ফটিকের মা চিন্তায় পরে গেল। জিপিএ–৫ কি জিনিস টা না বুঝলেও এতটুকু বুঝতে বাকি নাই যে উপরের ক্লাসে পড়াশুনার খরচ অনেক বেশি। স্কুল শিক্ষকের সহায়তায় ভর্তি হয় ঢাকার এক সরকারি কলেজে। অচেনা শহরে ফটিক সমুদ্রে পরে গেল। থাকার জায়গা, নেই খাওয়ার ব্যবস্থা। কোথাও জায়গা না পেয়ে প্রথম রাত একটা পার্কে কাটায়। কলেজের অধ্যক্ষ খুব ভাল মনের মানুষ ছিল। তিনি কয়েকদিন নিজের বাসায় থাকার সুযোগ করে দিলেন। তারপর হোস্টেল চালু হবার পর ফটিক চলে গেল হোস্টেলে। দেখতে দেখতে দুই মাস পেরিয়ে গেল। এইদিকে ফটিকের ভর্তির জন্য উচ্চ সুদে ঋণের টাকার চাপ দিতে থাকে ধনঞ্জয়। টাকার অভাবে এখনো বই কিনা হয় নি। টাকা বাঁচানোর জন্য দিনে দুইবেলা খায়। হোস্টেলের পাতলা ডাল এখন তার প্রিয় খাবার। মায়ের সাথে জীবনের প্রথম মিথ্যা বলা শুরু করল।

"মা!মা গো!!এখন আর তোমার কষ্ট করা লাগবে না। আমি একটা ব্যাংকের বৃত্তি পেয়েছি। মাসে তিন হাজার করে টাকা দিবে। ওইটা দিয়ে আমার পড়াশুনার খরচ হয়ে যাবে।"

ফটিক কি করবে বুঝে উঠতে পারছে না। জীবনের চড়াই–উৎরাই এত দিন দেখেছে। এইবার অতিক্রম করার পালা শুরু। কলেজে রীতিমত ক্লাস শুরু হয়ে গেছে। ফটিক এইবার মহাসমুদ্রে পরে গেল। বই নেই, খাতা নেই, নেই কলেজের পোশাক। তবুও ফটিক আশা হারায়নি। দিনের বেলায় ক্লাস করেছে আর রাতের অন্ধকারে কখনো সদরঘাটে নৌকা থেকে নারিকেল নামিয়েছে, কখনো চট্টগ্রাম থেকে আসা ট্রাকের মাল নামিয়েছে, কখনো রেস্তরায় ডিশ পরিষ্কার করেছে। তবুও জীবনের দৌড়ে পিছনে পরে নি ফটিক। হাজারো প্রতিযোগীর সঙ্গে লড়াই করে শেষ পর্যন্ত দেশের অন্যতম সেরা পাবলিক বিশ্ববিদ্যালয়ে নিজের অবস্থান তৈরি করে নেয়।

প্রথম ইনকোর্স শেষ হওয়ার পর একদিন রাতে–কে রে ওইখানে? ফটিক? পলাশের ডাক শুনে ফটিক হালকা মাথা নাড়াল কিন্তু কিছু বলল না।" তোকে প্রতিদিন একা একা এইখানে বসে থাকতে দেখি। তোর কোন সমস্যা? ছেঁকা খাইসস?" "কিছু না।"

খাড়া তোকে একটা সামাধান দিচ্ছি," এই নে, একটা টান দে। দেখবে সব পানি হয়ে গেছে।" ফটিকের চুখের দিকে তাকিয়ে পলাশ ভয় পেয়ে যায়। "রাগ করসস? রাগ করিস না দোস্ত। যখন মন খারাপ থাকে তখন আমি দুই–একটা টান দেই। সব ঠাণ্ডা হইয়া যায়। কি যে সুখ সেইটা বুঝইতে পারবো না।" এই বলে পলাশ তার আসরে চলে গেল। প্রতিদিন মাঝরাতে হলের ছাদে আসর বসতো। সহপাঠী, সিনিয়র, জুনিয়র মিলে এই আসরে বৃত্তাকারে বসতো। মাঝে মধ্যে দিনের বেলায়ও আসর বসতো। ফটিক প্রতিদিন আগের মত ক্লাসে যায় না। ক্লাসে আগের সেই বন্ধুরা কেউ নেই। জুনিয়রদের সাথে ক্লাসে তেমন মন টিকে না। হতাশায় ডুবে যায় যায় ফটিক। একটা মেয়েকে পছন্দ করতো। মেয়েটি এখন তাকে আর তেমন পাত্তা দেয় না। ঐদিকে টিউশনের বেতন দিচ্ছে না, একটা টিউশন চলে গেছে, আরেকটা যায় যায় অবস্থা। হতাশা আরো বাড়তে থাকে। পরেরদিন পড়াতে গিয়ে রাগের মাথায় ছাত্রীকে থাপ্পর মেরে বসে। সেদিন ফেরার পথে প্রথম সিগারেট ধরায়। তারপর থেকে প্রতি রাতে তাকেও আসরে দেখা যায়। দেখতে দেখতে সমাবর্তন চলে আসলো। ফটিকের বন্ধুরা আজ কালো রঙের গাউন পরে ছবি তুলে কিন্তু ফটিক প্রথম বর্ষেই রয়ে গেল। এখন আর বাড়িতে ও যায় না। মায়ের সাথে মোবাইল অনেকদিন পর পর কথা হয়। মা প্রতিদিন কল দেয়। ফটিক রিসিভ করে না। ফটিকের ছাত্রত্ব শেষ কিন্তু কোন পরিক্ষায় উত্তীর্ণ হতে পারে নি। একের পর এক ব্যর্থতা তাকে ভেতর থেকে নিঃশেষ করে দিতে থাকে। চারপাশে মানুষের ভিড় থাকলেও নিজেকে তার ভীষণ একা মনে হয়। দুই দিন ধরে মায়ের কোনো ফোন আসেনি। বুকের ভেতরটা হঠাৎ কেমন শূন্য হয়ে উঠল। পকেট থেকে মোবাইল ফোনটি বের করে সে নিজেই মাকে কল দিল।

"বাবা! তোর পড়ালেহা কবে শেষ ওইবো? তুই কবে ম্যাজিস্ট্রেট অইবি?"

"তুমি চিন্তা কইরো না মা আমি আর কিছুদিন পর ম্যাজিস্ট্রেট হয়ে যাবো। তুমি ভাল থেকো মা।"

ফোন কেটে গেল। সেই কথোপকথনই ছিল মা–ছেলের শেষ কথা। তারপর থেকে বিশ্ববিদ্যালয়ের চত্বরে ফটিককে কেউ আর দেখে নি। ছেলেকে খুঁজতে খুঁজতে একদিন ফটিকের মা বিশ্ববিদ্যালয়ে এসে হাজির হন। এক বিভাগ থেকে আরেক বিভাগ, এক হল থেকে আরেক হল। কেউ ফটিককে চিনে না। ফটিক নামে কেউ এখানে পড়ে না। হলের টং দোকানের হামিদের কাছ থেকে জানতে পারে অনেকদিন আগে ফটিক এই হলের তিনতলায় থাকতো। এখনো দোকানদার তার কাছে আড়াই হাজার টাকা পায়। ফটিকের বন্ধু সাকিনকে অনেকে চিনে। সে এখন সহকারি কমিশনার। সাভারের বিপিএটিসিতে ট্রেনিং করছে। এতোদিন দুঃখিনীর দুঃখ অপূর্ণ ছিলো। আজ কানায় কানায় পূর্ণতা পেয়েছে।

ছেলের অপেক্ষায় ফটিকের মা এখন আর কাঁদেন না। অবিরাম কান্নায় তাঁর চোখের জল বহু আগেই শুকিয়ে গেছে। বাঁচার তাগিদে মানুষের বাসায় কাজ করে আর "বুড়ী" বলে গালি খায়।

তিন বছর পর। সোহরাওয়ার্দী উদ্যান!!

ভবঘুরে উচ্ছেদ অভিযানের নেতৃত্বে সাকিন। হঠাৎ দেখা মিলল ফটিকের। এলোমেলো দাড়ি–চুল, জীর্ণ শরীর, শূন্য দৃষ্টি– তবু সেই চোখ দুটো ভুল হওয়ার নয়। অর্ধেক পা–কাটা কালো রঙের একটা প্যান্ট। গায়ে পাঁটের বস্তা। কোনটা মাথার চুল আর কোনটা গোঁফ তা আলাদা করা দুঃসাধ্য। চোখ দুটো গভীর কোটরে ডুবে গিয়ে মুখটাকে আরও কঙ্কালসার ও ভয়ার্ত করে তুলেছে। এ যেন অন্তঃসারশূন্য এক জীবন্ত কঙ্কাল। সাকিনের বুক কেঁপে উঠল। মুহূর্তেই সে ফটিকের মাকে খবর দিল। দূর থেকে ছেলেকে দেখে মায়ের পা থমকে গেল। চারপাশটা ঘোলাটে হয়ে গেল। এতো দিনের নিদ্রাহীন উষ্ণ মস্তিষ্কের স্বপ্ন–কল্পনাগুলো নিমিষেই জিমিয়ে পরতে শুরু করল। বুকের বাম পাশটায় রক্ত সঞ্চালন বন্ধ হয়ে গেল। হাড়গুলো যেন মরমর শব্দে ভেঙ্গে গেল। মা আর সামলাতে পারলেন না। মাটিতে লুটিয়ে পরলেন। চারপাশটা নীরব হয়ে গেল।

অনুগল্প–কুম্ভকর্ণ

শাকিল মোঃ ছফিউল্লাহ
রোল নংঃ ৫২৬, ৪৪তম বিসিএস (প্রশাসন)






বান্দরবানের তিন্দুং পেরিয়ে গভীর উপত্যকায় চার বন্ধু ট্রেকিং এ গেলাম। বিকেল হলো পৌঁছাতে। মুরং পাড়া। অবাক করা বিষয় হলো, এখানে মানুষ এখনো ন্যাংটি পরে হাঁটে। আমরা এসেছিলাম নিরুদ্দেশ হতে। পাহাড় মাড়িয়ে, অচেনা পথ ধরে। কিন্তু বুঝতে পারিনি যে, এখানে একেবারেই বাংলা ভাষা বোঝার মতো কেউ থাকবে না।

দিন গড়িয়ে সন্ধ্যা নামল। তাবু করে থাকার প্ল্যান ছিল। কিন্তু ভুলবশত ট্রেকিং করতে গিয়ে তাবু পথিমধ্যে ফেলে চলে এসেছি। তাই অনন্যোপায় হয়ে, এক স্থানীয় আদিবাসীকে অনুরোধ করে রাতটা থাকার জন্যে রাজি করালাম, অনেকটা ইশারা ইঙ্গিতে কথা বলতে হলো। তার বাড়িতে একটি বাশের ঘরে আমাদের থাকতে দিল। এই ঘরে শুধু ছাউনি, চারদিকে কোনো বেড়া নেই। ট্রাভেল ব্যাগে কিছু বিস্কিট ছিল। সেটা খেয়ে নিলাম। সারাদিন হেঁটে সবাই অনেকটা ক্লান্ত ছিলাম। তাই আমরা সন্ধ্যার কিছু পরেই শুয়ে পড়লাম।

রাত গভীর হতে শুরু করলো। অচেনা মানুষের ফিসফিস কণ্ঠ শুনতে পেলাম আশেপাশে। এই ফিসফিস শব্দ টেরপেয়ে ঘুম ভেঙ্গে গেলো আমি ও আমার এক বন্ধুর। বাকি দুই বন্ধু ঘুমিয়ে রইলো। আমরা ভয়ে সংকটাপন্ন হয়ে রুমে এক কোণায়



আশ্রয় নিলাম। মনে হচ্ছিলো মনের অচিন কোণে একটা প্রাগৈতিহাসিক ভয়, জনমানবহীন পরিবেশ, অপরিচিত ভাষা, সব মিলিয়ে এখানে আমাদের মেরে ফেললেও কাক–পক্ষী টের পাবে না। মানুষগুলো ধীরে ধীরে এগিয়ে আসতে শুরু করলো আমাদের দিকে, আর আমরা আয়াতুল কুরসি পড়তে শুরু করলাম। ভাবলাম, আজ লড়াই করেই মরবো।

এরই মধ্যে হঠাৎ একটা বিকট শব্দ হলো। গাছ ভাঙার মতো। অন্ধকার থেকে দুটি বুনো হাতি তেড়ে আসছে। ঘটনার উত্তেজনায় আমার অজ্ঞান হয়ে যাওয়ার দশা। তখন সেই অপরিচিত মানুষগুলো সামনে এগিয়ে এসে আমাদের রক্ষা করল। কেরোসিন দিয়ে আগুন জ্বালাল। জোরে জোরে চিৎকার গগনবিদারী করল। বুনো হাতিগুলো আমাদের এড়িয়ে অন্য পথে বনের ভেতর উধাও হয়ে গেলো। উপত্যকায় আগুনের আলোয় সেই লোকদের আবছায়া মুখ দেখতে পেলাম। অবশেষে কিছুটা স্বস্তি এলো মনে । তাদের কাছে ডেকে ধন্যবাদ দিয়ে, বুকে জড়িয়ে নিলাম।

আমার দুই বন্ধু তখনো ঘুমাচ্ছে। নাক ডাকছে।পাহাড়ের বাতাসে তখন শুধু আগুনের গন্ধ আর বুনো হাতির রেখে যাওয়া প্রতিধ্বনি।



জাদুকরে জাদুঘরে বন্দি'র দুটো গল্প

মোঃ মেহেদী হাসান
রোল নং: ৫৪০, ৪৩তম বিসিএস (মৎস্য)



১.

ব্যালকনিতে রাখা গাছগুলো ড্রয়িংরুম থেকে থাই গ্লাস পেরিয়ে বেশ লাগে। এমনিতেই এলাকাটা বেশ সবুজ। নদীর বাতাসের চমৎকার ব্যাপারটাও এখানে পরিষ্কার। এলাকায় পাখির সংখ্যা ঢাকার থেকে বেশি। মাত্র দুজন মানুষের বাসার বারান্দার সবুজটা পাখির জন্য বেশ লোভনীয় নিঃসন্দেহে। একটা ময়না পাখি বারান্দার খোঁজ পেয়ে দুই সপ্তাহ যাবত এ বাসাতেই থাকে। রশিদ আর রিনা বাজার ঘুরে দুটো পাতিল কিনে ঘর সাজিয়েছে এর মধ্যে। কিন্তু ময়নাটা পাতিলের ভিতরে থাকে না। আগে গ্রিলের উপর বসে থাকতো এখন পাতিল পেয়ে পাতিলের উপর বসে, আর পাতিলের উপরেই সাদা চুনের গড়িয়ে পড়া দাগ আঁকে। খায় কোথা থেকে জানা নেই। সারাদিন বাইরে থেকে সন্ধ্যায় বাসায় ফেরে ময়নাটা।

পাবলিক বাসের গল্পের ভিন্নতা খুব উচ্চবিত্ত কিছু মানুষ ছাড়া ঢাকার কে না জানে? স্থান,কাল,পাত্রভেদে মানুষের গল্প ভিন্ন ভিন্ন হলেও এই দেশের, বিশেষ করে এই শহরের খুব সাধারণ একটি লক্ষ্য হল: ধান্দা। পাবলিক বাসে এই ধান্দার মূল্য ৫ টাকা, সর্বোচ্চ ১০ টাকা। পাবলিকের কম দেওয়ার ধান্দা বা কন্ডাক্টরের বেশি নেওয়ার ধান্দা আর এই ধান্দা নিয়ে গ্যাঞ্জামের সাক্ষী না হয়ে কোন



বাস গোটা একটি দিন পার করে দিতে পারে এমন ধারণা সম্পূর্ণরূপে অমূলক। আবার কয়েকটা বছর বা কয়েকটা মাসেরই বাসে যাতায়াত অভিজ্ঞতায় ৫ টাকা, ১০ টাকার ধান্দা করেনি বা কখনো মনে উঁকি দেয়নি বা এই ধান্দা নিয়ে গ্যাঞ্জাম করেনি এমন মানুষ পাওয়াও অস্বাভাবিক। কেউ কেউ হয়তো এই কথাটি ব্যক্তিগতভাবে নিয়ে, "আমি এমন ধান্দাবাজ নই" বলে এক্ষুণি গ্যাঞ্জাম শুরু করে দিতে পারেন। তবে গ্যাঞ্জাম না করে "এটা ধান্দাবাজি না, এমন ঘটনা ঘটে যায়" বলে হেসে দিলেই মামলা পরিষ্কার হয়ে যায়।

আজকে যে বাসে কোন গ্যাঞ্জাম হচ্ছিলো না এমন না, গ্যাঞ্জাম হচ্ছিলো, এবং তা সে ৫ টাকা আর ১০ টাকা নিয়েই। তবে এসব গ্যাঞ্জামের দিকে বেশিক্ষণ মনোযোগ না গিয়ে রশিদের এবং বাসের পিছন দিকটার সবার মনোযোগ চলে গেলো এক ছেলের কণ্ঠের ভাঙ্গাচোরা, ভুলভাল আর থেমে থেমে ইংরেজিতে কথার দিকে। রশিদের পাশে বসা লোকটা একটু মজার হাসি দিয়ে বলে দিলো "শালার চাকরির প্রিপারেশনের অবস্থা পোলাপানের!"

গুগল ম্যাপে হলুদ রাস্তার জ্যামে বাস চলে–থামে থামে–চলে, ছেলেটার ভাঙ্গাচোরা, ভুলভাল ইংরেজির গতিতেই। কিন্তু থেমে যায় না, চলে। ফরেন, লোকাল, তুরস্ক, ডেলিভারি, টি–শার্ট। মাত্র ১৫–২০ মিনিটের আলাপে নিজের কাজ সেরে নিলো ভাঙাচোরা, ভুলভাল কিন্তু তার ব্যবহারিক ইংরেজি দিয়েই। রশিদের পাশে বসা লোকটা সহ বাসের পিছন দিকটার সবাই ততক্ষণে চুপচাপ, রাস্তাও জ্যামমুক্ত টানের পক্ষে। এতক্ষণে বাসা আর দূর মনে হচ্ছে না। বাসা ভাড়ার খরচ কমিয়ে ভাল কোন বাসায় থাকতে একটু দূরেই থাকতে

হচ্ছে রশিদ–রিনার। যতটা না দূর তার চেয়ে রাস্তা বেশি জ্যামের জন্য।

"ইদানিং তরঙ্গকে বিশাল এক জিনিস মনে হয় বুঝলে? মনে হয় তরঙ্গই দুনিয়ার সব।" বাসায় ফিরে গোসল, খাওয়া সেরে চা খেতে খেতে বললো রশিদ।

– কী হল তোমার হঠাৎ? তরঙ্গ কী করলো?
"তরঙ্গই সব করে। শক্তি, জন্ম, জীবন সবখানেই তরঙ্গ। তরঙ্গ ছাড়া কোন কানেকশন নেই, কোন মুভমেন্ট নেই।"

–চা টা শেষ করে কাপটা দাও। নাহয় পরে ধুয়ে রাখবে।

"শোন যতই টপিক চেঞ্জ করো, আমি যা বলতে চাইছি নিজে ক্লিয়ার হই তোমাকে বলবো পরে।"

–আচ্ছা, তুমিই তো বল প্রকল্পিত কাজ নিয়ে বেশি বলতে নেই। কাজ আগায় না আর।
"হুম, ধার করা। এক মনীষী বলেছেন।"

রিনা কাপ নিয়ে চলে গেলেও ব্যালকনিতে মোড়া নিয়ে বসে রশিদ। আজ ঘুম হওয়া কঠিন হবে। অফিস সেরে বাসায় আসতে এখন বড্ড বেশি সময় লাগে রশিদের। সারাদিন বাসায় একা থেকে বিরক্ত হয়ে থাকে রিনা। এর ভিতর বাসায় এসে রশিদের মাথায় যদি রিনা ব্যতীত অন্য কোন কিছু ঘোরে তবে রিনা তা সইবে কেন? রিনার মন মেজাজ ভাল থাকে না।

আজ রশিদের মাথায় অন্য কিছু ঘুরছে। রিনার মেজাজ খারাপ থাকবে আজ। এমনিতে হয়তো তারা দুজনের মত ঘুমিয়েই পড়তো কোন স্পর্শ ছাড়াই। কিন্তু আজ ঘুম আসবে না। দুজনের হৃদয়ের স্পন্দন আজ ভাল তরঙ্গ দেবে না। একই ঘর, একই বিছানা, একই ফ্যান, একই অবস্থান, একই সবকিছু কিন্তু ঘুমটা আসবে না। সব তরঙ্গের খেলা।

রশিদের এসব ভাবনাতেও সেই মন খারাপের তরঙ্গ। মন খারাপের তরঙ্গ গোটা ব্যালকনি জুড়ে। একই তো ব্যালকনি, একই গাছ, একই ময়না পাখিটা পাতিলের উপর। শুধু রশিদের মনের তরঙ্গ ভিন্ন। পাখিটা উড়ে গেল হঠাৎ। কোন কথা বা অস্বাভাবিক নড়াচড়া রশিদ করেনি তবু ময়নাটা এত রাতে উড়ে গেল কেন!

ময়নাটাও তরঙ্গ বোঝে নিশ্চয়। মন খারাপের তরঙ্গ তার ভাল লাগছে না।

২.

বিড়ালের মত ম্যা ম্যা করে
বাচ্চা কাঁদছে মায়ের কোলে
বাসভর্তি মানুষ যাচ্ছে
কেউ কেউ রডের হাতলে ঝুলে।
টিকলিতে খোপা করা মাথায়
চুল উঠে গেছে মৃত ব্রাহ্মণের
ছেলের
ভাড়া নিয়ে
বেশ
দ্বন্দ্ব



সেরে
পাশে বসে আছে এক ছাত্রী মেডিকেলের।

এরপর আর আগালো না। এক কবির অপমৃত্যুর মত এই কবিতার কপালেও জুটেছে একই পরিণতি। এসব ভাবতে ভাবতে দিব্য চানখারপুলে নেমে পড়েছে ততক্ষণে। বইমেলায় যাওয়ার হাঁটা পথে ডিএমসির কোণায় রিক্সা গ্যারেজে দুইজনকে খালি গায়ে ছেঁড়া ময়লা পোশাকে চমৎকার একটি দাবা কোর্ট বসিয়ে দাবা খেলতে দেখলো সে। ঘুটিগুলোর রঙ সোনালি আর রুপালি, কাঠের বোর্ড। কী চমৎকার! এত সুন্দর দাবা খেলার দৃশ্য সে আগে দেখেনি। বিশ্ববিদ্যালয় পার করলো কতগুলো বছর, পাশেই মেডিকেল, বুয়েটেও যাতায়াত কম ছিল না তার। বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী কয়জন দাবা খেলে? তার উপর সৌখিন দাবার কোর্ট! এত সহজ নয়। মেধাবীরা এখন আর মাথা খাটানো খেলা বিশেষ খেলে না। কার্ডে ঐ ভাগ্যের উপর খেলা ২৯ আর কয়েকজন আবেগে পড়ে দাবা খেলে মাঝেমাঝে। তবে এলাকায় কোন চায়ের দোকান বা বাজারের অন্য কোন দোকানের বেঞ্চে দুইজন দাবা খেলোয়াড় আর বেশ কজন দর্শক এখনো দেখা যায়। মেধাবীরা মাথা খাটানো খেলা বাদ দিয়ে দিয়েছে প্রায়।

দিব্য ও তো লিখছে না কতদিন! বইমেলায় এলোপাথাড়ি ঘুরতে ঘুরতেই রশিদের সাথে চা খাওয়ার প্লান ঠিক হয়েছিল। বইমেলা থেকে ঘুরে আসলো দেখে রশিদ দিব্যর লেখালেখির কথা জিজ্ঞেস করলো।

"একটা গল্প বলি শোন।" শুরু করলো দিব্য,

–একবার আর্টের এক প্রফেসর তার প্রিয় দুই ছাত্রকে তিন দিনের জন্য আবদ্ধ করে রাখলো আলাদা দুই ঘরে। তাদেরকে তিনি এক দেবী'র ছবি আঁকতে বললেন। একজনকে বললেন, তিন দিনে তুমি কতগুলো ছবি আঁকতে পারো দেখবো অপরজনকে বললেন তুমি কত ভাল আঁকতে পারো দেখবো। তিন দিন পর প্রথম জনের ঘরে যেয়ে দেখলেন অসংখ্য ছবি এঁকে রেখেছে ছেলেটা। কোনটা ভাল, কোনটা খারাপ, কোনটা খুব খুব ভাল। ভাল ভাল বেছে তিনি অনেকগুলো ছবি নিয়ে দ্বিতীয় ছাত্রের ঘরে গেলেন। অবাক ব্যাপার! স্যারের এত পছন্দের এত মেধাবী ছাত্র হতাশ হয়ে বসে আছে। অসংখ্য পাতা ছেঁড়া ঘর ভর্তি। কিন্তু কোন ছবি নেই। প্রচন্ড মন খারাপ নিয়ে ছাত্রটি স্যারকে জানালো সে তার মন মত কোন ছবি আঁকতে পারেনি।"

যেদিন থেকে মনে হয়েছে, ভাল কবিতা একটি হলেই একজন কবির জীবনে আর কিছু চাওয়ার থাকে না, যেদিন থেকে সেই কবিতার পিছনে আমি ছুটছি আমি আর কোন কবিতা লিখতে পারিনি বন্ধু।"

রশিদ হেসে উঠলো, "এখনো তো মরিসনি। দেখ, মরার আগে কবিতাটা লিখতে পারিস কিনা। হা হা হা... "

–আজও একটা কবিতা শুরু করেছিলাম। সবসময় যেমন তুই–ই আমার কবিতার প্রথম পাঠক এবারও তাই হ। নে পড়।



বাদলবেলার নির্বাসন

শামীমা নাসরিন
রোল নং: ৬৩৬, ৪৪তম বিসিএস (প্রশাসন)

স্কুল লাইফে বাংলা এবং ইংরেজী দ্বিতীয় পত্রের রচনার কমন টপিক ছিল 'তোমার প্রিয় ঋতু'। প্রায় সব বইয়েই দেখা যেত স্প্রিং মানে বসন্তকেই প্রিয় ঋতু হিসেবে দেখানো হচ্ছে কারণ এই ঋতুতে 'গাছে গাছে ফুল ফোটে, পাখি গান গায় আর প্রকৃতি অপরুপ সাজে সজ্জিত হয়।' ফুল আমাকে টানে, পাখিও টানে, প্রকৃতি তো টানেই কিন্তু সবকিছুর আধার বসন্ত কেন যেন আমাকে টানতো না। কি যে টানে সেটাই খুঁজে পেতাম না। অগত্যা সম্ভব হলে এড়িয়ে যেতাম এই রচনা।

ঋতুর কথা ভাবতে গিয়ে একে একে গ্রীষ্ম, বর্ষা, শীত, বসন্ত ঋতুগুলো পেরিয়ে স্কুল লাইফ শেষ করে ফেললাম কিন্তু মনের মাধুরী মিশিয়ে প্রিয় ঋতুকে নিয়ে দুই লাইন লেখার শখ আমার মিটলোনা।

কলেজ লাইফের শেষ দিকে একবার ভাইয়ার সাথে চিটাগাং ভার্সিটি গেলাম একটা কাজে। কাজ সেরে ফেরার পথে দেখি অগ্নিবর্ষী সূর্যকে ঝেটিয়ে বিদায় করে হঠাৎ করে আকাশ ভেঙ্গে নেমে এল ঝুম বৃষ্টি! দুই ভাইবোন দৌঁড়ে একটা বিল্ডিংয়ের নিচে আশ্রয় নিলাম। একসময় বৃষ্টি একটু কমে আসতেই হাঁটা দিই দু'জন। ভাইয়া বাসায় ফেরার তাড়ায় অস্থির, হাঁটছিল দ্রুত কিন্তু কিসের একটা ধাক্কায় আমি যেন তখন হারিয়ে গেছি অন্য কোন এক জগতে। গুঁড়িগুঁড়ি বৃষ্টিতে বৃষ্টিসিক্ত পিচঢালা রাস্তায় হাঁটতে হাঁটতে নিজেকে মনে হচ্ছিলো সেই কোন এক জগতের একমাত্র জীবিত বাসিন্দা। কোথাও কেউ নেই।

কেমন ঘোর লাগলো আমার। মনের গভীর থেকে উপলব্ধি করলাম আমি চারদিক কালো করে দেয়া মেঘলা আকাশ ভালোবাসি, চোখ খুলতে না দেয়া, ধুলাবালির ঘূর্ণি তৈরী করার মত দমকা বাতাস আমাকে অস্থির করে, প্রবল আকর্ষণে নিজের দিকে টেনে নিয়ে যায়, শান্ত গম্ভীর মানুষ থেকে একটানে সদা চঞ্চল অস্থিরচিত্ত এক বাচ্চাকে বের করে আনে। ভালোবাসি প্রবল শক্তিমত্তার সেই দমকা বাতাসকে, বৃষ্টিস্নাত পরিবেশটা মেঘলা আকাশের স্বাভাবিক আলোর চেয়ে অধিক আলোকিত থাকতে দেখি মাঝে মাঝে, মনে হয় চারদিক থেকে কেমন একটা পবিত্র আলো বিচ্ছুরিত



হচ্ছে, সেই পরিবেশটা যা কিনা আমাকে একটা নিঝুম অরণ্যের কথা মনে করিয়ে দেয় কৈশোরের কোন এক স্বপ্নে যাকে পেয়েছিলাম, যেখানে চিরতরে হারিয়ে যাওয়ার তীব্র ইচ্ছা পোষণ করি আজো, ভালোবাসি সেই আলোকোজ্জ্বল অসম্ভব স্নিগ্ধ পরিবেশটাকে আর ভালোবাসি বর্ষাকে।

আমার প্রিয় ঋতু।
প্রিয় ঋতু রবীন্দ্রনাথের।

"এসো এসো ওগো শ্যামছায়াঘন দিন, এসো এসো
আনো আনো তব মল্লার মন্দ্রিত বীণ
বীণাবাজুক রমকি ঝমকি, বিজুলির অঙ্গুলি নাচুক চমকি চমকি চমকি
নবনীপকুঞ্জনিভৃতে।"

জলে বাস করে কুমিরের সাথে লড়াই

মো: রাশেদুল আলম
রোল নং: ৭২৮, ৪৪তম বিসিএস (প্রশাসন)





(জর্জ অরওয়েলের 'অ্যানিমেল ফার্ম', ১৯১৭ উপন্যাস হতে অনুপ্রাণিত)

জলে বাস করে কুমিরের সাথে লড়াই করা যায়?

হয়তো যায়! হয়তো না! কারণ লড়াই তো আর সবসময় গায়ের জোরে হয় না, কখনো হয় বুদ্ধির কৌশলে এবং কখনো সম্মিলিত প্রতিরোধে, দশের প্রয়োজনে। আবার কখনো কখনো লড়াই হয় দুই পরাশক্তির ক্ষমতা দখলে।

গল্পটা পদ্মাবতী বিলের। পদ্মাবতীর পানি একদম কাঁচের মতো পরিষ্কার। সেখানে মলা, ঢেলা আর পুঁটিদের দিন কাটত বেশ শান্তিতে। গাছপালার আড়ালে লুকোচুরি খেলেই কেটে যেত জীবন। জীবনটা ছিল একদম সোজা। কিন্তু সমস্যা বাঁধাল একদল প্রকাণ্ড কুমির। তারা বিলে এসে জাঁকিয়ে বসল। সারাদিন কাদা মেখে রোদ পোহায় আর লেজ আছড়ায়। সাথে ভাব নিয়ে বলে, "আমরা এই বিলের পাহাদার। আমরা না থাকলে বিলের সব পানি শুকিয়ে মরুভূমি হয়ে যাবে! তোরা তখন শুঁটকি হয়ে মরবি।" ছোট মাছেরা ভয় পেয়ে গেল। তারা কুমিরদের কথাকেই সত্যি বলে ধরে নিল।

কুমিরদের প্রধান ছিল 'নোনা মিয়া'। সে একদিন এক আজব ডিক্রি জারি করল। রোজ সকালে সব ছোট মাছকে তার দরবারে হাজিরা দিতে হবে। আর দিনে ১০টা করে মোটা পুঁটি ট্যাক্স হিসেবে দিতে হবে। ট্যাক্স পেয়ে কুমিরদের লোভ আরও বেড়ে গেল। উন্নয়ন এবং জলনিরাপত্তার এক অভিনব ডকট্রিন প্রচার করে তারা বিলের পুষ্টিসমৃদ্ধ অংশগুলো একে একে অধিগ্রহণ করে নিল। কোনো উদীয়মান পুঁটি মাছ একটু মেদ–মজ্জা ধারণ করলেই, কুমিরদের পরিপাকতন্ত্রে তার সলিলসমাধি ঘটত। শিং আর মাগুর মাছেরা প্রতিবাদ করল। পানির ওপরে ভেসে উঠে বলল, "এই ডিক্রি সম্পূর্ণ এখতিয়ার বহির্ভূত এবং ন্যায়বিচারের পরিপন্থী!" কিন্তু কুমিরেরা তাদের প্রকাণ্ড লেজের ঝাপটায় জলরাশিকে এমন ঘোলাটে করে দিল যে, শিং মাছেরা অক্সিজেন সংকটের ভয়ে পুনশ্চ কাদায় নিমজ্জিত হলো। টাকি আর শোল ছিল বড় সুবিধাবাদী। তারা নোনা মিয়ার কানে কানে বলল, "হুজুর, ট্যাক্সের কিছু ভাগ আমাদের দেন। আমরা ছোট মাছদের ধরে এনে দেব।"

ঠিক এই সময়ে মাঠে নামল 'চিতল সিন্ডিকেট'। চিতল মাছের শরীর ছিল চ্যাপ্টা আর পিচ্ছিল। কুমিরেরা চেষ্টা করেও তাদের এক কামড়ে ধরতে পারত না, পিছলে যেত। এছাড়াও চিতল মাছেরা খুব চতুর। তারা বুঝল, কুমিরের সাথে গায়ের জোরে পেরে ওঠা অসম্ভব। তা হবে আত্মহত্যার সামিল! তাই তারা একটা গোপন বুদ্ধি আঁটল। নাম দিল 'অপারেশন জলছাপ'।

বিলের অপর প্রান্তে, যেখানে মিষ্টি পানির ধারা এসে মেশে, সেখানে আস্তানা গেড়েছিল আরেক প্রকাণ্ড সরীসৃপ 'স্বাদু মিয়া'। সে নোনা মিয়ার চিরশত্রু, ক্ষমতার সমবণ্টনে অবিশ্বাসী। পদ্মাবতীর নিরঙ্কুশ 'হেজেমনি' একাই ভোগ করতে চায়। নোনা মিয়া যদি হয় 'কনজারভেটিভ স্বৈরাচার' তবে স্বাদু মিয়া ছিল এক পপুলিস্ট ছদ্ম–জনদরদী কুমির।

'অপারেশন জলছাপ'

প্রধান চিতল মাছ এক পুরানো শ্যাওলা পড়া পাতা হাতে নিয়ে নোনা মিয়ার দরবারে গেল। খুব বিনয় দেখিয়ে বলল, "হুজুর, আপনার ট্যাক্স নেওয়ার বুদ্ধিটা দারুণ! তবে একটা আইনি সমস্যা আছে। 'জলবায়ু, জলাধার ও মৎস্যরক্ষা অধ্যাদেশ–২১০০'–এর উপধারা ৪(খ) অনুযায়ী, কোনো ক্ষুদ্র মৎস্যকে ভক্ষণ করার পূর্বে তার বক্ষ–পাখনা ও পুচ্ছ–পাখনার অনুপাত মেপে দেখার আইনি বাধ্যবাধকতা আছে। যদি তা নির্ধারিত ইঞ্চির কম হয়, তবে কুমিরদের যকৃতে 'ফ্যাটি লিভার' দেখা দেবে এবং লিপিডের আধিক্যে আপনাদের লেজের জোর চিরতরে বিলুপ্ত হবে।" কুমিরেরা তো পড়াশোনা কিচ্ছু জানত না! লেজের জোর হারানোর ভয়ে তারা কাঁপতে লাগল। তারা চিতলদের কথায় রাজি হয়ে গেল।

চিতল মাছেরা তখন এক আজব ফিতা নিয়ে হাজির হলো। একটা পুঁটি মাছের



মাপজোখ করতেই কুমিরদের তিন দিন পার হয়ে যেত! ক্ষুধায় কুমিরদের পেট চোঁ–চোঁ করতে লাগল। এদিকে স্বাদু মিয়া সুযোগ বুঝে বিলে ঢুকল। সে বড় বড় ভাষণ দিতে লাগল, "নোনা মিয়া একটা স্বৈরাচার! আমি এলে কোনো মাছের পাখনা মাপা হবে না। তোমরা শুধু আমাকে সমর্থন দাও।"

স্বাদু মিয়ার আগমনে বিলে তীব্র মেরুকরণ ঘটল। দুই কুমিরের মধ্যে এবার ক্ষমতার দখল নিয়ে মারামারি লেগে গেল। নোনা আর স্বাদু মিয়ার লেজের ঝাপটায় বিলের কাদা উঠে এলো। পানির অবস্থা খারাপ! এই সুযোগে চিতল সিন্ডিকেট প্রধান চাল চালল। প্রধান চিতল স্বাদু মিয়ার কাছে গেল। গিয়ে বলল, "হুজুর, নোনা মিয়ার আস্তানার নিচে বিশাল খাবার মজুত আছে! আজ রাতে আক্রমণ করুন। আমরা নোনা মিয়ার সিগন্যাল জ্যাম করে দেব।"



স্বাদু মিয়া ফাঁদে পা দিল। আবার চিতল মাছেরা নোনা মিয়াকে গিয়ে বলল, "হুজুর, স্বাদু মিয়া আপনার ফাইল চুরি করতে আসছে! এখনই ব্যবস্থা নিন।" দুই কুমির উত্তর চরে মুখোমুখি হলো। শুরু হলো তুমুল যুদ্ধ! ঠিক তখন চিতলদের নির্দেশে শিং ও মাগুর মাছেরা একসাথে পানির ওপর ভেসে উঠে এক 'যৌথ জুডিশিয়াল নোটিশ' জারি করল: ''আপনারা উভয়েই 'জলপথ ট্রাফিক আইন–২০৫০'' ভঙ্গ করে বিলের সাধারণ মৎস্যদের ফ্রি–মুভমেন্টে বাধা সৃষ্টি করছেন। আপনাদের এই অননুমোদিত যুদ্ধের কারণে বিলের পিএইচ (pH) লেভেল নষ্ট হচ্ছে। অতএব, আপনারা উভয়েই আইনিভাবে 'অযোগ্য!" কুমিরেরা যখন নোটিশ তোয়াক্কা না করে আবার কামড়াকামড়ি শুরু করল, তখন টাকি আর শোল মাছেরা কুমিরদের চোখে কাদা ছুড়ে মারল। কুমিরেরা অন্ধ হয়ে গেল। কালবাউশ মাছেরা কুমিরদের আস্তানার পেছনের বাঁধ কেটে দিল। আর শিং–মাগুরেরা একজোট হয়ে কুমিরদের পেটে ও লেজে হাজার হাজার বিষাক্ত কাঁটার খোঁচা মারল! ব্যথায় ছটফট করতে করতে দুই কুমির ভাবল, জল–দানব বুঝি তাদের আক্রমণ করেছে!

চিতল মাছেরা তখন চিৎকার করে উঠল, "দানব এসেছে! ডাঙায় চলো! ডাঙাই নিরাপদ!" অন্ধ আর ব্যথাতুর দুই কুমির একে অপরকে কামড়ে ধরেই ডাঙায় গিয়ে আছাড় খেল। ডাঙার তপ্ত রোদে ছটফট করতে লাগল। তাও তাদের লোভ কমল না! একে অপরের দিকে তাকিয়ে বলতে লাগল, "এই চর আমার... না, আমার!" রোদের তাপে তাদের চামড়া ফেটে চৌচির হতে লাগল। তারা শুঁটকি হওয়ার প্রক্রিয়ায় চলে গেল।

পদ্মাবতীর পানি আবার শান্ত হলো। ছোট মাছেরা সুখে সাঁতার কাটতে লাগল। পুঁটি মাছেরা প্রধান চিতলকে জিজ্ঞেস করল, "হুজুর, কুমির তো তাড়ালেন। কিন্তু নতুন কুমির এলে কী করতাম?" প্রধান চিতল মুচকি হেসে বলল, "কুমির যেমনই হোক, সবার পেট একই। কুমির তাড়াতে গায়ের জোর লাগে না, শুধু পানির স্রোত উল্টে দিতে হয়।" সব মাছ হাততালি দিয়ে উঠল। পদ্মাবতী বিল আবার শান্ত হয়ে গেল। অন্তত যতদিন না নতুন কোনো কুমির এসে আবার নতুন কোনো ডিক্রি জারি করছে।

শেষ ট্রেনের যাত্রী

ফারহানা রহমান
রোল নং: ৮৪৬, ৪৩তম বিসিএস (কর)



নাটক: সাইকোলজিক্যাল থ্রিলার
স্থান: পুরোনো এক রেলস্টেশন
সময়: রাত ১১টা ৪৫ মিনিট

দৃশ্য ১: অচেনা রেলস্টেশন

রাত ১১টা ৪৫ মিনিট

দৌলতপাড় রেলস্টেশনের এক কোণে চুপচাপ দাঁড়িয়ে ছিল নিশিথ। শেষট্রেনটি আসার কথা রাত ১২টায়। স্টেশনটা এতটাই নির্জন যে নিজের নিঃশ্বাসের শব্দও যেন স্পষ্ট শোনা যাচ্ছিল।প্ল্যাটফর্মের কয়েকটিবাতি জ্বলছিল, কিন্তু তবুও জায়গাটার অন্ধকার কাটছিল না। চারপাশে কেমন যেন একটা ভারী, একটা চাপা অস্বস্তি। মনে হচ্ছিল, স্টেশনটা যেন তার অপেক্ষায় আছে।হঠাৎ মাইকে ভেসে এল ঘোষণা "যাত্রীরা সতর্ক থাকবেন, শেষ ট্রেন আসছে।"নিশিথ চারদিকে তাকালো। সে ছাড়া প্ল্যাটফর্মে আর কাউকে দেখা গেল না।

মোবাইল বের করে নেটওয়ার্ক খোঁজার চেষ্টা করল সে। এত বড়, পুরনোএকটা স্টেশন অথচ ফোনের স্ক্রিনে লেখা "No Signal"। অকারণেই বুকের ভেতরটা কেঁপে উঠল নিশিথের।

দৃশ্য ২: ছায়ার যাত্রী

রাত ঠিক ১২টা বাজতেই দূর থেকে ট্রেনের শব্দ ভেসে এল। কিছুক্ষণ পর পুরোনো, ধোঁয়ায় ঢাকা ট্রেনটি এসে প্ল্যাটফর্মে থামল। ট্রেনটাকে দেখে নিশিথের মনে হলো, বহু বছর ধরে ছুটতে ছুটতে ট্রেনটি যেন নিজেই ক্লান্ত হয়ে পড়েছে। ধাতব শব্দ আর কাঁপুনিতে পুরো ট্রেনটা অদ্ভুত একটা অনুভূতি তৈরি করছিল। একটি মাত্র কামরার দরজা খোলা ছিল। নিশিথ কিছুক্ষণ ইতস্তত করে শেষ পর্যন্ত উঠে পড়ল। কামরার ভেতরে নিশিথ ছাড়া আরও চারজন যাত্রী বসে ছিল। সবাইমাথা নিচু করে চুপচাপ বসে। আশ্চর্যের বিষয়, কেউ একবারও নিশিথের দিকে তাকাল না। নিশিথ ধীরে ধীরে একটি আসনে গিয়ে বসল। তারপর হঠাৎ তার চোখ আটকে গেল জানালার কাচে।কামরার মৃদু আলোয় অন্যদের ছায়া দেখা যাচ্ছে। কিন্তু তার নিজের কোনো প্রতিচ্ছবি নেই! নিশিথের বুক ধড়ফড় করতে লাগল। সে জানালার আরও কাছে গিয়ে দাঁড়াল।"এটা কীভাবে সম্ভব?" নিজেকেই ফিসফিস করে বলল সে।



দৃশ্য ৩: পরিচয় ও আতঙ্ক

ট্রেন ছুটে চলেছে। জানালার বাইরে শুধু অন্ধকার।হঠাৎ পাশের এক বৃদ্ধ ধীরে ধীরে মুখ তুললেন। তাঁর চোখে ছিল অদ্ভুত এক শান্তি। তিনি নিশিথের দিকে তাকিয়ে জিজ্ঞেস করলেন,"তুমি কি জানো কোথায় যাচ্ছ?" নিশিথ কিছুটা বিরক্ত হয়ে বলল, "ঢাকায় যাচ্ছি।" বৃদ্ধ মৃদু হাসলেন।"এই ট্রেন ঢাকায় যায় না। ঢাকা থেকে ফেরেও না।"কথাটা শুনে নিশিথের শরীর ঠান্ডা হয়ে গেল। এরপর আরেক যাত্রী ধীরে

ধীরে উঠে দাঁড়াল। তার গলায় একটি গভীর দাগ। সে নিশিথের দিকে তাকিয়ে বলল,"তুমি কি মৃত্যুর আগে ক্ষমা চেয়েছিলে, নিশিথ?" নিশিথ আতঙ্কে পিছিয়ে গেল। সে তো কাউকে নিজের নাম বলেনি! কাঁপা গলায়সে বলল,"কে তোমরা? আমার নাম জানলে

কিভাবে? আমি কোথায় যাচ্ছি? এই ট্রেন কোথায় যাচ্ছে?"

দৃশ্য ৪: স্মৃতির ফাঁদ

হঠাৎ চারপাশের দৃশ্য বদলে যেতে শুরু করল।নিশিথ দেখল, সে একটি গাড়ি চালাচ্ছে। এক হাতে স্টিয়ারিং, অন্য হাতে মোবাইল। সে কারো সঙ্গে চ্যাট করছে। রাস্তার দিকে তার ঠিকমতো নজর নেই।পরের মুহূর্তেই একটি ধাক্কার শব্দ। গাড়ির সামনে পড়ে গেল এক বৃদ্ধ। নিশিথ গাড়ি থামাল। কয়েক সেকেন্ড সে স্তব্ধ হয়ে বসে রইল। তারপর ভয় পেয়ে গাড়ি চালিয়ে সেখান থেকে চলে গেল। বৃদ্ধকে কোনো সাহায্য করল না। দৃশ্যটা মিলিয়ে গেল। নিশিথ আবার ট্রেনের কামরায় ফিরে এল। সামনে বসে থাকা বৃদ্ধটির দিকে তাকিয়ে তার বুক কেঁপে উঠল। এ তো সেই !যে বৃদ্ধকে সে সেদিন রাস্তায় ফেলে পালিয়ে গিয়েছিল।

দৃশ্য ৫: ট্রেন থামে

হঠাৎ প্রচণ্ড শব্দ করে ট্রেনটি থেমে গেল। জানালার বাইরে তাকিয়ে নিশিথ কিছুই দেখতে পেল না। চারদিকে ঘন কালো কুয়াশা। কোনো আলো নেই, কোনো শব্দ নেই।এক এক করে যাত্রীরা ট্রেন থেকে নামতে শুরু করল। নিশিথ বৃদ্ধটির দিকে তাকিয়ে রইল। বৃদ্ধ ধীরে ধীরে বললেন,"সবাই ফিরে যেতে পারে না, নিশিথ। তবে কেউ কেউ সুযোগ পায়।" নিশিথের চোখে পানি এসে গেল। "আমি কি ফিরে যেতে পারব?" নিশিথ বলল। বৃদ্ধ বললেন,"ফিরতে চাইলে তোমাকে তোমার ভুলের মুখোমুখি হতে হবে। শুধু অনুতপ্ত হলেই হবে না, ভুলটা শোধরানোর চেষ্টা করতে হবে।" কথাগুলো শেষ হতেই চারপাশের অন্ধকার যেন আরও ঘন হয়ে এল।

দৃশ্য ৬: ফিরে আসা

চোখ খুলতেই নিশিথ দেখল, সে হাসপাতালের একটি বেডে শুয়ে আছে। চারদিকে উজ্জ্বল আলো। পাশে চিকিৎসক এবং নার্স। কিছুক্ষণ কিছুই বুঝতে পারল না সে। চিকিৎসক বললেন,"আপনি তিন দিন কোমায় ছিলেন। আপনার গাড়ি তিন দিন আগে দুর্ঘটনার শিকার হয়েছিল।" নিশিথের চোখ বেয়ে পানি নেমে এল। তাহলে ট্রেনটা? সেই বৃদ্ধ? সবই কি স্বপ্ন ছিল? কিন্তু বুকের ভেতর থেকে একটা কথাই

বারবার ফিরে আসছিল; সে একটি সুযোগ পেয়েছে। জীবন সবসময় দ্বিতীয় সুযোগ দেয় না। আর যখন সুযোগ আসে, তখন নিজের ভুলগুলো শুধরে নেওয়ার সাহসটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ।



ভয়

মোঃ নাজমুস সাকীব সৌরভ
রোল নং: ১২১৪, ৪৪তম বিসিএস (প্রশাসন)

অফিস থেকে বেরোতেই ঘড়িতে ৭টার ঘণ্টা টিক করে আওয়াজ করে উঠলো। রায়হান সাহেব পা টেনে হাঁটা শুরু করলেন। সোয়া সাতটার বাসটা মিস হয়ে গেলে রাত ৯টার আগে জাইখোশার আর কোনো লোকাল বাস নেই। জাইখোশার মস্ত বড় বাড়িটাতে রায়হান সাহেব বরাবর একাই থাকেন। তাই বাড়ি না ফিরলে খুব যে একটা কারো আসবে–যাবে সেরকম সম্ভাবনাও নেই। কিন্তু তবুও রায়হান সাহেব সবাইকে বোঝাতে আগ্রহী যে তিনি বাড়ি ফেরত না গেলে সে বাড়িতে সকলের মহাভারত অশুদ্ধ হয়ে যাবে। বিশেষ করে তার ডেস্কের পাশে তারই যে সহকর্মী বসেন, সুশান্ত সাহেবকে।
সুশান্ত সাহেব চতুর লোক। ছলেবলে কৌশলে তিনি মানুষের থলের গল্পকে বের করে আনেন। তিনিই অফিস জুড়ে রায়হান সাহেবের বৈবাহিক বিচ্ছেদের রহস্যটি ছড়িয়েছেন।

যদিও রায়হান সাহেব তা হেসেই উড়িয়ে দিয়েছেন। কিন্তু সে হাসি কেউ খুব একটা আমলে নেয় নি। তাই আজকাল ঘড়িতে ৭টা বাজলেই রায়হান সাহেব খুব বাড়ি ফেরার জন্য তাড়াহুড়ো লাগাতে থাকেন। আনমনে হনহন করে হাঁটতে থাকা রায়হান সাহেব হঠাৎ করে আবিষ্কার করেন যে পিছন থেকে কেউ তার নাম ধরে ডাকছে। রায়হান সাহেব আশেপাশে খুঁজলেন। কণ্ঠটা খুব পরিচিত। কাউকে খুঁজে না পেয়ে অগত্যা আবার হাঁটা শুরু করলেন। রায়হান সাহেব আজকাল খুব ভয় পান। প্রায়ই এরকম পিছন থেকে পরিচিত মানুষের ডাক শুনতে পান। পৃথিবীতে সবচেয়ে কঠিন কাজগুলোর



একটি হচ্ছে, একা এক বাড়িতে বাস করা। প্রথম প্রথম রায়হান সাহেব মাঝরাতে বাচ্চাদের মতো গলা ছেড়ে দিয়ে কাঁদতেন। এরপর ধীরে ধীরে বাড়িটির সকল জড় পদার্থের সাথে তার বন্ধুত্ব হয়। বছর পার হয়। রায়হান সাহেবের বন্ধুর তালিকা লম্বা হতে থাকে। সর্বশেষ বন্ধু হিসেবে বারান্দা জুড়ে নিজহাতে লাগানো বাগান বিলাস গাছটার সাথে সখ্যতা গড়ে ওঠে। তাহলে ভয় কীসের? অবসরের ভয়! সুশান্ত সাহেব যতই রায়হান সাহেবকে নিয়ে অফিস জুড়ে তামাশা বানিয়ে রেখেছেন, পক্ষান্তরে রায়হান সাহেব তাকে নিজ মায়ের পেটের ছোট ভাইয়ের মতো স্নেহ করেন ও ভালোবাসেন। অফিসের ঝাড়ুদার, পিয়ন থেকে শুরু করে প্রতিটা চেয়ারের মানুষদের নিয়ে রায়হান সাহেবের যে একমাত্র সংসার ছিলো তা হয়তো আর বেশিদিন স্থায়ী হচ্ছে না। এ বছরের জুনের শেষে রায়হান সাহেবের কর্মজীবন হতে অবসর। ক্ষুদ্র এই সংসারের মায়া ত্যাগ করা তার জন্য বেশ কঠিন। যদিও অফিসের অন্য কেউ রায়হান সাহেবকে বিন্দুমাত্রও মিস করবে না। তাদের খারাপও লাগবে না। রায়হান সাহেব মানুষটাই আসলে মিস করার মতো কোনো চরিত্র নয়। কিন্তু অবসরের সময়টা রায়হান সাহেব কীভাবে কাটাবেন তা নিয়ে ভাবতে গেলেই তার কেবল The Shawshank Redemption মুভিটার জেলখানার লাইব্রেরিয়ান ব্রুকস হ্যাটলেন–এর কথা মনে পড়ে যায়। দীর্ঘ ৫০ বছর পর মুক্তি পেয়ে ব্রুকস যখন বাইরের দুনিয়ায় এসে সম্পূর্ণ একা বসবাস করতে গেলেন, তখন তিনি চরমভাবে হতাশ হয়ে গেলেন। একাকিত্ব তাকে নিঃশেষ করে ফেললো। মুক্তির স্বাদ তার কাছে এতটাই বিস্বাদ ছিলো যে তিনি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছিলেন। সে রাতে রায়হান সাহেব যখন বাসস্ট্যান্ডে গিয়ে পৌঁছালেন, বাসটা তখন স্টেশন ছেড়ে যাচ্ছে। তার চোখের সামনেই বাসটা অন্ধকারে মিলিয়ে গেল। অন্যদিনের মতো দৌড়ে গিয়ে বাস ধরা তো দূরের কথা, ন্যূনতম একবিন্দু নড়লেনও না তিনি। হঠাৎ তার বুকের ওপর থেকে জগদ্দল একটা পাথর যেন নেমে গেল। ব্রুকসের মতো ভয়ে গুটিয়ে যাওয়ার বদলে, বহুদিন পর তিনি প্রথমবারের মতো একটা অদ্ভুত স্বাধীনতা অনুভব করলেন। সে রাতের পর থেকে আর কখনো কেউ তাকে দেখেনি। কেবল সুশান্ত সাহেবের কাছে গতবছর গোটা গোটা অক্ষরে লেখা বেনামে একটি ছোট্ট চিঠি আসে। সেখানে লেখা ছিলো–'পৃথিবীর সব মায়া কাটিয়ে একাকিত্বের ভয়কে যে একবার জয় করে ফেলতে পারে তার চাইতে শক্তিশালী আর কেউ হয়ে উঠতে পারে না। ধন্যবাদ, সুশান্ত। আপনি আমাকে দ্বিতীয় জীবন দিয়েছেন।' সুশান্ত সাহেব চিঠিটি পড়ে পুরো অফিস জুড়ে বলে বেড়িয়েছিলেন 'নির্ঘাত অফিসের টাকাপয়সা নিয়ে ভেগেছে এই ব্যাটা'। রায়হান সাহেবের ফেলে যাওয়া জাইখোশার বাড়িটাতে ছেলেপুলে আর গিন্নিকে নিয়ে আজকাল বেজায় সুখে দিন কাটছে সুশান্ত সাহেবের।


দৃষ্টিক্ষুধা

মোঃ রাগিব হাসান
রোল নং: ৯১৭, ৪৩তম বিসিএস (মৎস্য)



এই যে আমার গোলাকার চোখ দুটিকে দেখতে পাচ্ছেন, এ চোখের বিশ্বাসঘাতকতা নিয়ে আমি কিছু বলতে চাই। বন্ধুগণ, শরীরের প্রতিটি অঙ্গের মত, এই চোখজোড়াকে বিশ্বাস করবেন না। বলছি না এদের বিশ্বাস করা উচিত নয়, বলছি এদের বিশ্বাস করার কোনো উপভোগ্য কারণ নেই। এরা এখন এমন আচরণ করে যে, দুটি দশকে তারা কিছুই দেখে নি, তারা ধরাধামে আবির্ভূত হয়েছে মূহূর্ত কয়েক হবে। সম্ভবত তারা খুব সুন্দর কিছু চেয়েছিলো, কিন্তু বিশ্বাস করুন, ও দুটোর মতো গর্দভ আমি এই জীবনে দেখিনি! এইতো সপ্তাহখানেক হবে, মাঝরাতে তাদের একটি আরেকটি চোখকে বলছিলো, সে নাকি এ বাজারে চোখ খুঁজে বেড়ায়, কিন্তু মনের মতো চোখ সে বেচারা খুঁজে পায়নি! আমার অপর চোখ আরেক ধাপ সরেস হয়ে বললো, তার ইচ্ছা চলমান স্রোতের দিকে তাকিয়ে থাকার! সমুদ্রের গর্জন দেখার জন্য মুখিয়ে থাকে সবসময়। সারাদিন দুই চোখের এসব বকবকানি শুনতে শুনতে আমি ক্লান্ত হয়ে গেছি। ওদের গোয়ার্তুমিতে আমি প্রায় সময়ই দেখতে পাই না, যা দেখতে চাই বারবার।

প্রিয় শুভাকাঙ্ক্ষীবৃন্দ, যে বিষয়টি আপনাদের সামনে বলার চেষ্টা করছি, ওদেরকে আমি আর ভরসা করতে পারছি না। তারা সম্ভবত আমাকে মেরে ফেলার চেষ্টা করছে। হাস্যকর লাগতে পারে, কিন্তু ভিতরটা পড়ে ফেলা আর হত্যার মধ্যে আমি পার্থক্য খুঁজে পাই না। যাহোক এবার একটু ঝেড়েই কাশি, প্রতিরাতে ঘুটঘুটে অন্ধকারে, যখন আমার ক্লান্তি আছড়ে পড়ে বিছানায়, তাদের আলোচনা শুরু হয়, "এ্যাই দ্যাখ, এবার পরিষ্কার দেখা যাচ্ছে!"





আট ঘণ্টা

মো: শাহরিয়ার সজল
রোল নং: ১০২৭, ৪৪তম বিসিএস (প্রশাসন)

১৩ই ফেব্রুয়ারি, ২০২৪। ঢাকা নগরীতে তখন বসন্তবরণের প্রস্তুতি চলছে। চারপাশে উৎসবের হালকা আমেজ, আর আমি বাংলা একাডেমির সামনে দাঁড়িয়ে অধীর আগ্রহে একজনের অপেক্ষা করছি। অফিস ফাঁকি দিয়ে সেদিন যেন জীবন গোছানোর প্রস্তুতিতেই নেমেছি! খানিকটা নার্ভাস, আবার কোথাও একটা মৃদু আত্মবিশ্বাসও আছে। তবে মনের ভেতর সবচেয়ে বড় প্রশ্ন– চেহারা দেখে মানুষটা যদি উল্টো পথে হাঁটা ধরে? অপেক্ষার ফাঁকে মনে মনে প্রথম কথাগুলোও ঝালিয়ে নিচ্ছি। কী বলব, কীভাবে বলব, এসব ভাবতে ভাবতেই সময় যেন একটু ধীর হয়ে এসেছিল।

অপেক্ষার সমাপ্তি হলো বেলা ১টা ৪৫ মিনিটে। একটা রিকশা এসে থামল বাংলা একাডেমির সামনে। রিকশাতেই বসা ছিল সে। আমি নিজেই এগিয়ে গিয়ে তাকে নামিয়ে নিলাম। ইতস্তত করতে করতে এক নিঃশ্বাসে বলে ফেললাম,

"আপনাকে বেশ সুন্দর লাগছে... ছবির থেকেও।"

সে মৃদু হেসে কৃতজ্ঞতা জানাল। আর আমি মনে মনে ভাবলাম, যাক! অন্তত উল্টো পথে হাঁটা শুরু করেনি!

মধ্যাহ্নভোজের উদ্দেশ্যে একসাথে রিকশায় বেরিয়ে পড়লাম। গন্তব্য ধানমন্ডি। ঘুরতে ঘুরতে আবিষ্কার করলাম কাসুন্দি রেস্তোরাঁ। সেদিনই জায়গাটার সঙ্গে আমাদের দুজনের প্রথম পরিচয়। প্রথম দেখা, তাই স্বাভাবিকভাবেই অনেক গল্প জমে থাকার কথা। কিন্তু বেরসিক আমি কীভাবে যেন গল্পের বেশিরভাগটাই নিয়ে গেলাম আমার রাজউকের চাকরির দিকে। সাইট ভিজিট, অফিসের কাজ, রাজউকের নানা অভিজ্ঞতা, একজন নতুন পরিচিত মানুষের সামনে বসে মনে হচ্ছিল, আমার জীবনের সবচেয়ে জরুরি বিষয় বুঝি রাজউকই! আর সে–ও কী আশ্চর্য ধৈর্যে সব শুনে যাচ্ছিল।

অবশ্য রাজউক নিয়ে তার ধারণাটা তখন মোটেই সুখকর ছিল না। তার বদ্ধমূল বিশ্বাস, রাজউক বুঝি আস্ত একটা দুর্নীতির আখড়া। ফলে খাবার টেবিলেই আমাকে একাই একশো হয়ে রাজউকের



এমন সাফাই গাইতে হলো, যেন আমি রাজউকের কোনো মুখপাত্র! এখন পেছনে ফিরে তাকালে মনে হয়, প্রথম দেখায় একজন মানুষের সঙ্গে গল্প করার যত বিষয় থাকতে পারে, তার মধ্যে রাজউককে এতটা গুরুত্ব দেওয়াটা নিঃসন্দেহে আমার বিরল প্রতিভার পরিচয়!

মজার ব্যাপার হলো, আমি যা–ই বলছিলাম, সে একদম অবলীলায় শুনে যাচ্ছিল। হয়তো সেদিন আমার নিজেকে উজাড় করে দেওয়ার মতো পিঠ ঠেকানো কোনো দেয়াল ছিল না বলেই বাঁধভাঙা জোয়ারের মতো কথাগুলো বের হয়ে আসছিল। আর সে–ও রাজকীয় ধৈর্যে আমার সেইসব পাগলামি হজম করে যাচ্ছিল। তখন বুঝিনি, এই নির্ভার শ্রোতাই একদিন আমার জীবনের সবচেয়ে আপন মানুষ হয়ে উঠবে।

খাওয়া শেষ হতেই সে বলল, তার পছন্দের একটা জায়গা আছে। আবার রিকশায় চেপে বসলাম। এবার গন্তব্য সদরঘাট। জায়গাটার নাম 'বুড়িগঙ্গা রিভারভিউ'– সদরঘাটের ব্যস্ততার মধ্যে একটুখানি নিরিবিলি আশ্রয়। নিচে বুড়িগঙ্গার কর্মব্যস্ততা, আর ওপরে এক চিলতে শান্তির নীড়। সেখানেই বসে সে আমাকে একটা গান শুনিয়েছিল– "এখন তো সময় ভালবাসার, এদুটি হৃদয় কাছে আসার।" সেই থেকে আজও অদ্ভুতভাবে ওই সুরটা আমার মাথায় ঘুরে বেড়ায়।

কখন যে তার সঙ্গে কথা বলতে বলতে 'আপনি' থেকে 'তুমি'তে গড়িয়ে গেল, টেরই পেলাম না। কিছু সম্পর্কের বোধহয় কোনো আনুষ্ঠানিক শুরু থাকে না। তারা নিঃশব্দে, অগোচরে হৃদয়ের অলিন্দে জায়গা করে নেয়। একসময় শুধু টের পাওয়া যায়– অচেনা মানুষটা আর অচেনা নেই।

সেদিন আমাদের প্রথম দেখা হওয়ার কথা ছিল মাত্র ঘণ্টা দুয়েকের। অথচ কীভাবে যে আট ঘণ্টা চোখের পলকে হাওয়া হয়ে গেল, ঘড়ির কাঁটাও বোধহয় তা টের পেল না। দুপুরের সেই নার্ভাস অপেক্ষা থেকে শুরু করে সন্ধ্যার বিদায়– পুরো সময়টুকু যেন কোনো অদৃশ্য জাদুর ভেতর দিয়ে কেটে গেল।


তখনও জানতাম না, সেদিনের সেই সাধারণ দুপুরটাই একদিন আমার জীবনের সবচেয়ে অসাধারণ স্মৃতিগুলোর একটি হয়ে থাকবে। জানতাম না, যার সঙ্গে প্রথম দেখা নিয়ে এতটা নার্ভাস ছিলাম, সেই মানুষটির সঙ্গেই একদিন জীবনের বাকি সময়টা কাটানোর স্বপ্ন দেখব। সেদিন আমি আমার প্রিয় মানুষটাকে পেয়েছিলাম।

কেটে গেছে প্রায় তিনটি বছর। সেই দিনের অচেনা মানুষটি আজ আমার সহধর্মিণী– আমার ভালোবাসার আশ্রয়স্থল। আমার জীবনের ব্যস্ততা, অনিশ্চয়তা, সাফল্য–ব্যর্থতার ভিড়ে যে হয়ে উঠেছে আমার সবচেয়ে নির্ভরতার জায়গা। যে আমাকে ভালোবাসে, ভালোবাসতে শেখায়।

আর তাই ১৩ই ফেব্রুয়ারির সেই আট ঘণ্টা আমার কাছে শুধু একটি প্রথম দেখা নয়– আমার জীবনের সবচেয়ে সুন্দর গল্পটির প্রথম আট ঘণ্টা।

"The Contradictions of Our Being: Memory, Sense, and Sensibility in the Digital Age"

Jamir Uddin
Roll No.: 326, 44th BCS
(Administration)





When was the last time we truly looked at the most touching photo we saved "for later"? When was the last time we stopped, really stopped, being moved by a tragic scene, like the most recent devastating flash flood in Nepal, instead of scrolling past it? When was the last time we laughed out loud, a laugh that lingered, not one that ended the moment we scrolled on? We have more of all- the images, information, and interaction than any generation before us. But something real has gone quietly missing...

The device in our hand and the web behind it with unlimited memory have led us only to forgetfulness. We know more tragedies than any generation before us but carry the weight of almost none of them. We live inside a constant tide of events and experience but we are awake to almost none of them as they happen. We have unlimited entertainment, and are bored more often than ever.

Contradictions fill our lives...

We are in a vicious loop of scrolling and notifications. Notification lights up the screen, a small ping asking to be checked, only in a second. That second becomes a scroll. The scroll becomes one more video before sleep, one more swipe to end the day. But the screen does not release us so easily. The blue light it emits suppresses the very hormone that tells the brain it is time to rest. The screen, the feed, the next video, the next episode: none of it ever makes us wait. What began as a single notification becomes, day and night, a loop that never quite lets us go.

Now AI enters the scene, more threatening to our inner self than anything before it. The very thing we created may even kill us, as one AI researcher recently said upon resigning from his own company in protest. It is a strange inheritance: a species that built an entity to serve it now debate whether that entity might end it. We made a machine to reduce our uncertainty, and became uncertain of






everything it hasn't told us. For a difficult decision, the sentence run through an AI before we've sat with it ourselves and tried to write it in our own words. The advice AI gives is sound and clear but we are not the one who arrived at it. This is the quiet contradiction at the heart of artificial intelligence: it can explain anything instantly, and in doing so, it can rob us of own interpretation of the world.

Amidst all these contradictions what has gone missing?...

We still have eyes, but our capacity to truly sense has gone. The eye that once had to search a landscape for its own beauty now waits for beauty to be delivered pre-selected and filtered. We lack the tranquillity that English poet William Wordsworth refers to in the phrase "emotions recollected in tranquillity" meaning feeling itself is born from revisiting lived experience. We photograph the moving moment instead of living



inside it. The photo is saved for a "later" but that time never actually arrives. British historian Horace Walpole once observed, "the world is a comedy to those who think, and a tragedy to those who feel". We scroll past tragedy fast enough that it never has time to become a tragedy we truly feel.

Thus, perhaps we are losing our sense and sensibility...

The question now: is there an escape from this endless loop to reclaim what we lost?

Perhaps, we have no definite answer. But reclaiming, if it is possible at all, seems to begin with letting an ordinary moment stay unrecorded and perhaps empty. Not because emptiness is virtuous in itself, but because it is exactly the space where memory, sense and sensibility get replenished. With watching the sunset instead of photographing it, in sitting with a hard decision before asking AI to decide it for us or in living a moment before reaching for the next thing to scroll to, we may find answers.

Perhaps, like the time at BPATC with nothing to scroll past the drowsiness and boredom in lecture sessions may allow us to dwell in our feeling and reclaim the things that are losing.

দেশভাগের পথে–আমার দাদি হামেদা বেওয়ার স্মৃতি

ওলিউল্লাহ
রোল নং: ৩০৩, ৪৩তম বিসিএস (প্রাণিসম্পদ)



কিছু গল্প শুধু গল্প নয়—সেগুলো একেকটি জীবন্ত ইতিহাস। সময়ের স্রোতে অনেক ঘটনা হারিয়ে যায়, কিন্তু মানুষের মুখে মুখে বেঁচে থাকা স্মৃতিগুলো আমাদের অতীতের সঙ্গে নতুন করে পরিচয় করিয়ে দেয়। আমার দাদি হামেদা বেওয়া–র জীবনও তেমনই এক জীবন্ত ইতিহাস। তাঁর শৈশবের একটি বড় অধ্যায় জড়িয়ে আছে ১৯৪৭ সালের দেশভাগের সঙ্গে।

দেশভাগের সময় দাদির বয়স ছিল মাত্র ১২ বছর। যে বয়সে একটি শিশুর পৃথিবী হওয়ার কথা হাসি, খেলাধুলা আর স্বপ্নে ভরা, সেই বয়সেই তাঁকে পাড়ি দিতে হয়েছিল অজানা এক পথে। পরিবারের সঙ্গে তাঁকে চলে আসতে হয়েছিল বাংলাদেশে। পরিচিত ঘরবাড়ি, মাটি ও পরিবেশ ছেড়ে নতুন জীবনের উদ্দেশ্যে সেই যাত্রা ছিল অত্যন্ত কষ্টের। দাদির মুখে শোনা সেই দিনের স্মৃতি আজও আমাদের পরিবারের কাছে অমূল্য। তিনি প্রায়ই বলতেন, "অনেক পথ হাঁটতে হতো। হাঁটতে হাঁটতে পা ফুলে যেত। তবুও থামার উপায় ছিল না।" তাঁর সেই কথার মধ্যে লুকিয়ে আছে একটি ছোট্ট মেয়ের দীর্ঘ পথচলা, ক্লান্তি এবং অসহায়তার গল্প।

বাংলাদেশে আসার পরও তাঁদের কষ্ট শেষ হয়নি। চারদিকে ছিল দাঙ্গার ভয়, অনিশ্চয়তা এবং খাদ্যাভাব। খাবারের জন্যও অনেক কষ্ট করতে হয়েছে। দাদি বলতেন, "খাবারের জন্য অনেক কষ্ট করতে হয়েছে। তোরা এগুলো ভাবতে পারবি না।" কথাটি বলতে গিয়ে তাঁর কণ্ঠে যে অভিজ্ঞতার ভার অনুভব করতাম, তা কোনো বই পড়ে উপলব্ধি করা সম্ভব নয়।

তখন তিনি ছিলেন শিশু; কিন্তু জীবনের কঠিন বাস্তবতা তাঁকে খুব অল্প বয়সেই অনেক কিছু শিখিয়ে দিয়েছিল। ক্ষুধা, দীর্ঘ পথচলা, ভয় এবং অনিশ্চয়তার মধ্যেও পরিবারের সঙ্গে তাঁকে টিকে থাকতে হয়েছিল। আজ আমরা যে স্বাভাবিক ও নিরাপদ জীবনকে সহজভাবে গ্রহণ করি, সেই জীবনের মূল্য বুঝতে দাদির স্মৃতিগুলো আমাদের



নতুন করে ভাবতে শেখায়।

দাদির মুখে শোনা এই গল্প আমার কাছে শুধু একটি পারিবারিক স্মৃতি নয়; এটি আমাদের ইতিহাসের একটি ক্ষুদ্র কিন্তু গুরুত্বপূর্ণ অংশ। দেশভাগের মতো একটি বড় ঐতিহাসিক ঘটনার অভিঘাত কীভাবে একজন ১২ বছরের শিশুর জীবনকে বদলে দিয়েছিল, তাঁর স্মৃতিই তার প্রমাণ।

হামেদা বেওয়া শুধু আমার দাদি নন; তিনি আমাদের পরিবারের জীবন্ত ইতিহাসের একজন সাক্ষী। তাঁর ফুলে যাওয়া পা, অনাহারের দিন আর দীর্ঘ পথচলার স্মৃতি আজও যেন আমাদের কানে তাঁর সেই কথাটি পৌঁছে দেয়—"তোরা এগুলো ভাবতে পারবি না।" সত্যিই, হয়তো আমরা সেই কষ্ট পুরোপুরি ভাবতে পারব না। কিন্তু তাঁর স্মৃতি আমাদের মনে থাকবে—একটি প্রজন্মের ত্যাগ, সংগ্রাম ও বেঁচে থাকার অদম্য সাহসের স্মৃতি হয়ে।

দাদির স্মৃতিচারণের সবচেয়ে বড় শিক্ষা ছিল দেশকে ভালোবাসা এবং দেশের জন্য নিজেকে যোগ্য করে তোলা। তিনি তাঁর কষ্টের দিনের কথা বলার পাশাপাশি আমাদের বলতেন, দেশ ও মানুষের জন্য ভালো কিছু করার কথা। তাঁর জীবনের অভিজ্ঞতা থেকে তিনি বুঝেছিলেন, একটি দেশ শুধু মাটি নয়; দেশ মানে মানুষ, নিরাপত্তা, শান্তি ও নিজের শিকড়। তাই তিনি আমাদের সবসময় সৎভাবে চলতে, পরিশ্রম করতে এবং দেশের মানুষের পাশে দাঁড়াতে উৎসাহ দিতেন। তাঁর কথায় মনে হতো, তিনি যেন আমাদের বলে যাচ্ছেন—"তোরা এমনভাবে মানুষ হবি, যেন তোদের জন্য দেশ ও দেশের মানুষ গর্ব করতে পারে।" তাঁর এই শিক্ষা আজও আমার জীবনের অন্যতম প্রেরণা।



The Art of Learning Following Rules vs Falling in Love with Them, and Other Perspectives

Abulais Shomrat
Roll No.: 332, 44th BCS (Foreign Affairs)

01

The true definition of learning has long remained an enigma to me. It has never presented itself as a simple academic concept; rather, it lingered with me as a quiet contemplation born from a single haunting question, and a vivid story that I learnt few years back.

The question stems from our basic habit of reading. A mentor I deeply venerate once posed a provocative idea: do even the most aged individuals truly know how to learn from reading books?




To answer that, I often return to the memory of a child playing alone in a sunlit room. The child, small and vigilant, cannot yet speak, though he attempts to mimic the cadence of his parents' voice. The world around him remains an abstract landscape, an unmapped realm of shapes, movement, and sound that he has not yet trapped within the linguistic borders of words.

Suddenly, a small creature alights upon the wooden frame of the window. The child watches, entranced by this fragile, living presence. Without warning, the creature hops into the center of the room, just an arm's length away. The child inspects it with breathless caution: two flat, flapping appendages, a rhythmic hopping gesticulation, a pointed beak, and bright, curious eyes. Overcome with awe, the child giggles and tries to mime the creature's sudden movement.

Hearing the giggles, the father steps into the room. Seeing his son enraptured by the visitor, he kneels and asks in a gentle tone, "Abbu, Abbu, do you know what this is?" The child laughs and nods at his father's question. The father voices slowly and says that it's called a 'paaa...khiii, paa-khii (bird)'. The child this time tries to mimic his father and with a toothless tone says 'paakhiiii'.

All those concepts of a creature feeble but agile, with two flaps and a hopping gesticulation, pointed beak and two beautiful eyes...all these ideas and understandings are materialized in a single word, 'paa-khiii'. Believe me, this simple word is the truest form of learning to me. It's not something that I can neatly define, but what I can propose is that learning is the realized manifestation of the abstract concept and understanding of our surroundings.



The Soul of Learning: From Observation to Manifestation

This definition of learning as an internalized manifestation and realization holds true across human history, science and what not.

Consider the phenomenon of gravity. Long before Sir Isaac Newton formulated his physical laws, human beings continued experiencing the reality of falling, an unseen, universal pull governing all movements. True learning manifested when that invisible force was captured through intellectual synthesis and given expression of mathematical and physical principles of gravitation and gravity.

Similarly, ancient Arabian scholars revolutionized Mathematics by capturing the abstract concept of infinity within just ten numbers of simple symbols. They took an overwhelming, endless reality and manifested it into a structured, universal language that allowed humanity to process complex numerical relationships that they could comprehend but couldn't express earlier.

In almost every discipline, authentic understanding must precede nomenclature. True learning takes root only when raw experience transforms into structured manifestation.



02


Learning the Rules: External Compliance vs.

True Internalization

When we apply this principle to institutional rules and social frameworks, the same truth emerges.

Consider that same child grown into a young man in his late twenties. He no longer plays with birds and toys; rather he is residing at an institute, where his world is defined by strict regulations. Without a guide to facilitate meaningful manifestation, he faces a choice: blindly comply with directives or seek out the deeper purpose behind them.

Initially, interaction with authority at that institute occurs through basic enforcement. There he attends early morning exercises not out of personal conviction, but out of fear of penalties or reprimands. However, the moment surveillance recedes, compliance collapses into behavioral regression, as blindly following a rule without true internalization leaves a person with nothing but an artificial facade of conformity and observance.



Psychological frameworks highlight why rigid enforcement fails over time:

Kelman's Social Influence: Compliance relies entirely on direct surveillance. When officers graduate to remote field assignments, surveillance vanishes, peer pressure or support dissolves, and enforced behavior falls apart without internalized values.

Self-Determination Theory (Deci & Ryan): True internalization requires Autonomy, Competence, and Relatedness. Micro-managed



environments crowd out intrinsic pride, replacing genuine growth with mere penalty avoidance.

Ultimately, these and other internalization theories about human behavior prove a critical truth: when an institution creates space for social connection and shared identity, as might be seen in Sports, individuals willingly embrace the spirit of the activity. But where enforcement remains purely coercive, as in standardized physical exercise, compliance remains an artificial duty, evaporating the moment the heavy oversight ends.

03

If we truly wish to transform our pedagogy, we must rethink how we nurture human potential. In doing so, curriculum must mirror the natural order of human learning: grounding understanding in experience before defining it through words, and building character not through enforcement, but through guided selfgovernance.

Pedagogical Inversion: Experience Before Nomenclature

Education must begin not with dry legal codes or statutory manuals, but with lived human realities. When a young officer walks in the shoes of a vulnerable citizen and feels the weight of administrative bottlenecks firsthand, formal regulations cease to be cold restrictions, they manifest as vital instruments for social justice.

Fostering Autonomy Through Guided Self Governance

True discipline is forged when individuals are trusted to govern themselves, not when they are micro-managed through hyper-surveillance. Trainees must take ownership of their community, while faculty step back from overseers to become executive coaches.



Disorienting Dilemmas & Deliberative Spaces Passive lectures must give way to open, reflective discourse where officers wrestle with the real tensions of public service, such as balancing rigid compliance with urgent human needs. In navigating these gray areas together, officers transform mechanical obedience into an ethically grounded identity.

Cross-Cadre Integrated Problem Solving Shared campuses must be leveraged to tear down institutional silos before they ever take root in the field. Through joint simulations in crisis management and regional development, officers across cadres should learn to confront complex challenges not as isolated silos, but as a single, unified body.

Conclusion

Ultimately, whether we consider the innocent child entranced by a hopping bird or the grown officer navigating the rigid corridors of an institute, the fundamental law of human understanding remains unchanged: true learning is never forced through cold nomenclature or coercive surveillance, but born from the quiet awe of authentic realization. When we attempt to build discipline solely on the threat of penalty, we leave the adult with nothing more than an empty, performative shell, much like expecting a child to understand the essence of a paa-khii without ever witnessing its flight. To forge an enduring moral compass, our institutions must step away from mechanical compliance and allow the soul of our duties to be lived and felt firsthand, transforming abstract rules into an internalized, lifelong conviction.



জলবায়ু সংকট:
শুধু পরিবেশের নয়, প্রশাসনিক সক্ষমতা ও নেতৃত্বেরও পরীক্ষা

মোঃ সাইফুল ইসলাম
রোল নং: ৪২৭
৪৪তম বিসিএস (প্রশাসন)

একবিংশ শতাব্দীর মানবসভ্যতা যে কয়েকটি মহাসংকটের মুখোমুখি দাঁড়িয়ে আছে, জলবায়ু পরিবর্তন তার মধ্যে সবচেয়ে ব্যাপক ও গভীর। বৈশ্বিক উষ্ণায়ন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও চরম আবহাওয়ার ঘটনাবলী ইতোমধ্যে কোটি কোটি মানুষের জীবনযাত্রা ব্যাহত করছে। বাংলাদেশ এই সংকটের অন্যতম প্রধান ভুক্তভোগী। ঘনবসতিপূর্ণ ব–দ্বীপ ভূখণ্ড, নিম্ন উচ্চতার ভূমি এবং কৃষিনির্ভর অর্থনীতির কারণে দেশটি জলবায়ু ঝুঁকির শীর্ষ তালিকায় স্থান করে নিয়েছে। এই বাস্তবতায় জনপ্রশাসনের ভূমিকা শুধু নীতি বাস্তবায়নের মধ্যে সীমাবদ্ধ থাকতে পারে না। একজন সরকারি কর্মকর্তা হিসেবে আমাদের দায়িত্ব হলো সংকটকে বুঝে নেওয়া, স্থানীয় বাস্তবতার সঙ্গে নীতিকে মিলিয়ে নেওয়া এবং দীর্ঘমেয়ে সহনশীলতা গড়ে তোলা। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs), জলবায়ু সহনশীলতা (Climate Resilience) এবং দুর্যোগ ঝুঁকি হ্রাস (Disaster Risk Reduction) এর বৈশ্বিক ধারণাগুলোকে জাতীয় প্রশাসনিক কাঠামোতে রূপান্তরিত করাই আজকের প্রশাসকের প্রধান কর্তব্য। তাই আজকের প্রাসঙ্গিক প্রশ্ন হলো জলবায়ু সংকট কি শুধু পরিবেশের সমস্যা, নাকি এটি প্রশাসনের সক্ষমতা পরীক্ষার নতুন মানদণ্ড? এই প্রশ্নের উত্তর খুঁজতে হলে আমাদের জনপ্রশাসনের প্রচলিত ভূমিকা থেকে বেরিয়ে অভিযোজনক্ষম, দূরদর্শী ও নেতৃত্বদানে সক্ষম প্রশাসনের দিকে অগ্রসর হতে হবে।

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রভাব ইতোমধ্যে দৃশ্যমান। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস কৃষি, জীবিকা ও জনজীবনে ব্যাপক প্রভাব ফেলছে। এর ফলে দারিদ্র্য, সামাজিক বৈষম্য এবং পুনর্বাসনের চাপ বৃদ্ধি পাচ্ছে। জলবায়ু সংকট তাই কেবল পরিবেশগত সমস্যা নয়; এটি রাষ্ট্রের উন্নয়ন পরিকল্পনা, জনসেবা প্রদান এবং প্রশাসনিক সক্ষমতার সঙ্গেও সরাসরি সম্পর্কিত।



জলবায়ু সংকট মোকাবিলায় বৈশ্বিক উদ্যোগের সঙ্গে বাংলাদেশের অভিযোজন কার্যক্রম নিবিড়ভাবে সম্পর্কিত। প্যারিস চুক্তি (Paris Agreement)–এর মাধ্যমে বিশ্ব সম্প্রদায় বৈশ্বিক উষ্ণতা নিয়ন্ত্রণ ও জলবায়ু ঝুঁকি মোকাবিলায় সম্মিলিত প্রতিশ্রুতি ব্যক্ত করেছে। একই সঙ্গে Loss and Damage Fund, Climate Finance Climate Justice–এর মতো উদ্যোগগুলো জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর জন্য ন্যায্য সহায়তার ভিত্তি তৈরি করছে। তবে এসব আন্তর্জাতিক উদ্যোগের সুফল নিশ্চিত করতে প্রয়োজন কার্যকর জাতীয় পরিকল্পনা ও স্থানীয় পর্যায়ে বাস্তবায়ন। এ ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP 2023–2050), বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এবং সংশ্লিষ্ট নীতিমালা গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করছে। দুর্যোগ ব্যবস্থাপনা থেকে দীর্ঘমেয়াদি অভিযোজন পরিকল্পনায় একজন প্রশাসকের ভূমিকা তাই অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্থানীয় পর্যায়ে সম্পদের সুষ্ঠু ব্যবহার, জলবায়ু–সংবেদনশীল বাজেট বরাদ্দ, ইউনিয়ন থেকে জেলা পর্যায় পর্যন্ত পরিকল্পনার সমন্বয় এবং জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা তার অন্যতম দায়িত্ব। মাঠ পর্যায়ে একজন কর্মকর্তা স্থানীয় জ্ঞান ও বাস্তবতাকে কাজে লাগিয়ে জলবায়ু–সহনশীল কৃষি, নিরাপদ আশ্রয়কেন্দ্র ও টেকসই পানি ব্যবস্থাপনার মতো উদ্যোগ গ্রহণ করতে পারেন। ফলে প্রশাসককে শুধু নির্দেশদাতা নয়, বরং জনগণের সহযোগী ও পরিবর্তনের সহায়ক হিসেবে কাজ করতে হয়।



আধুনিক প্রশাসককে এখন কেবল নীতি বাস্তবায়নকারী নয়, বরং তাকে হতে হবে একজন অভিযোজনক্ষম ও দূরদর্শী নেতা যিনি পরিবর্তনশীল বাস্তবতা ও অনিশ্চয়তার মধ্যেও তথ্য, বিজ্ঞান ও মানবিক মূল্যবোধের সমন্বয়ে কার্যকর সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম। এই রূপান্তরের একটি বড় হাতিয়ার হলো তথ্যপ্রযুক্তি ও ডেটা–ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ। ভৌগোলিক তথ্য ব্যবস্থা (GIS), আবহাওয়া পূর্বাভাস মডেল ও রিমোট সেন্সিং প্রযুক্তির ব্যবহার এখন ঝুঁকি নিরূপণ ও পরিকল্পনাকে অনেক বেশি নির্ভুল করে তুলছে। যে প্রশাসক তথ্যনির্ভর সিদ্ধান্ত নিতে সক্ষম, তিনিই ভবিষ্যতের অনিশ্চয়তা মোকাবিলায় বেশি কার্যকর হবেন। একইসঙ্গে প্রয়োজন আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয়। বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় সরকার ও নাগরিক সমাজের মধ্যে সমন্বয় সাধন প্রশাসকের অন্যতম দক্ষতা। দক্ষ, নৈতিক ও দূরদর্শী নেতৃত্বই এই সংকটকে সুযোগে রূপান্তরিত করতে পারে।



বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) দীর্ঘদিন ধরে ভবিষ্যৎ সরকারি কর্মকর্তাদের জাতীয় ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রস্তুত করে আসছে। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে একজন কর্মকর্তা কেবল প্রশাসনিক বিধি–বিধান সম্পর্কে জ্ঞান অর্জন করেন না, বরং নেতৃত্বের দক্ষতা, নৈতিক মূল্যবোধ ও সমস্যা সমাধানের সক্ষমতা বিকাশের সুযোগ পান। বিপিএটিসির প্রশিক্ষণার্থী হিসেবে আমি উপলব্ধি করছি যে, ভবিষ্যতের প্রশাসনিক দায়িত্ব শুধু ফাইল নিষ্পত্তির মধ্যে সীমাবদ্ধ নয়; বরং প্রতিটি সিদ্ধান্তের সঙ্গে জড়িয়ে আছে মানুষের জীবন, জীবিকা ও ভবিষ্যৎ প্রজন্মের নিরাপত্তা। জলবায়ু সহনশীল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বিপিএটিসি–এর প্রশিক্ষণে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জলবায়ু সহনশীলতা–এর মতো ধারণাগুলো আরও সুসংহতভাবে অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন। জলবায়ু সংকট মোকাবিলায় প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কয়েকটি বাস্তবসম্মত পদক্ষেপ বিবেচনা করা যেতে পারে।

প্রথমত, সব স্তরের কর্মকর্তাদের জন্য জলবায়ু বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি কর্মসূচি



চালু করা প্রয়োজন, যাতে তাঁরা বৈজ্ঞানিক তথ্য ও স্থানীয় বাস্তবতার সমন্বয়ে সিদ্ধান্ত নিতে পারেন।


দ্বিতীয়ত, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সমন্বিত জলবায়ু অভিযোজন পরিকল্পনা প্রণয়ন করা দরকার, যেখানে স্থানীয় ঝুঁকি ও সম্পদের বাস্তব চিত্র প্রতিফলিত হবে।

তৃতীয়ত, প্রযুক্তিনির্ভর সিদ্ধান্ত গ্রহণ ব্যবস্থাকে শক্তিশালী করতে ডিজিটাল মনিটরিং ও পূর্বাভাস ব্যবস্থায় বিনিয়োগ বাড়ানো জরুরি।

চতুর্থত, নীতি প্রণয়ন ও বাস্তবায়নের প্রতিটি স্তরে জনসম্পৃক্ততা নিশ্চিত করতে হবে, যাতে স্থানীয় জনগোষ্ঠী নিজেদের অভিযোজন প্রক্রিয়ার অংশীদার মনে করে।

সবশেষে, স্বল্পমেয়াদি ত্রাণ–নির্ভরতা থেকে বেরিয়ে দীর্ঘমেয়াদি টেকসই উন্নয়ন পরিকল্পনার দিকে অগ্রসর হওয়া প্রয়োজন, যেখানে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও পরিবেশগত সুরক্ষা পরস্পরের পরিপূরক হিসেবে বিবেচিত হবে।

জলবায়ু সংকট আজ আর কেবল একটি পরিবেশগত সমস্যা নয় এটি রাষ্ট্র পরিচালনা, অর্থনৈতিক নিরাপত্তা ও মানব উন্নয়নের এক গভীর চ্যালেঞ্জ, যার সমাধান নির্ভর করছে প্রশাসনিক দক্ষতা ও দূরদর্শী নেতৃত্বের ওপর। ভবিষ্যতের প্রশাসককে হতে হবে এমন একজন নেতা, যিনি সংকটের মধ্যে সম্ভাবনা খুঁজে বের করেন, বিজ্ঞান ও মানবিকতাকে একসূত্রে গেঁথে সিদ্ধান্ত নেন এবং প্রতিটি সিদ্ধান্তে ভবিষ্যৎ প্রজন্মের কথা মাথায় রাখেন। বিপিএটিসি–এর প্রশিক্ষণ আমাদের সেই পথে হাঁটার প্রথম ধাপ। আমরা বিশ্বাস করি, একজন দায়িত্বশীল প্রশাসক শুধু নীতি বাস্তবায়নকারী নয়, বরং জাতির ভবিষ্যৎ নিরাপত্তার একজন প্রকৃত রূপকার হয়ে উঠতে পারেন যিনি অভিযোজনের গণ্ডি পেরিয়ে নেতৃত্বের আসনে দাঁড়িয়ে একটি নিরাপদ, টেকসই ও জলবায়ু সহনশীল বাংলাদেশ গড়ার স্বপ্নকে বাস্তবে রূপ দেবেন।





ছোটবেলা ছিলাম খুব দুরন্ত ও শান্ত। পরিস্থিতি ভেদে চরিত্রের এই বিপরীত দিকটা পাল্টাত। সাধারণত শান্ত মেয়ে হিসেবেই পরিচিত ছিলাম। তবে যখন বড়রা থাকতো না বা প্রকৃতির খুব কাছাকাছি যেতাম, তখন আমার দুরন্তপনা চলত। একান্নবর্তী পরিবার ছিল আমাদের, তার ওপর গ্রামের বাড়ি। তাই মেয়ে বলে এমনিতেই চলত মানসিক দমন । তারপরও ছিল যথেষ্ট স্বাধীনতা। তো সেই মেয়েবেলার অনেক গুলো খেলার মধ্যে একটা ছিল চাঁদ চাঁদ খেলা। বিশেষ করে যখনও পড়াশোনার গণ্ডিতে পা দিইনি। আমাদের বাড়ির পাশেই অনেকটা ফাঁকা জায়গা ছিল। গ্রামের ভাষায় একে বলে 'দহল'। চাঁদনী রাতে এখানে বড়রা সবাই মিলে গল্প করত। বিশেষ করে বাড়ির মেয়েরা। কারণ পর্দা প্রথার দরুণ দিনের বেলা তাদের বাড়ির বাইরে বেরোনোতে কঠোর নিষেধ ছিল। তো বড়রা গল্প করতো আর আমরা ছোটরা চাঁদ চাঁদ খেলতাম।

শুনতে খুব অদ্ভুত লাগছে তাই না? "চাঁদ চাঁদ খেলা" আবার কি? এই নামটা আমি এখন দিলাম। যখন খেলতাম তখন এর নাম ছিল না। ভালো লাগা ছিল। এখনও চেষ্টা করলে খেলা যাবে। খুবই সোজা। চাঁদ যখন মধ্য আকাশে বা প্রায় মধ্য আকাশে তখন চাঁদের দিকে মুখ করে লাফ দেয়া। যেন চাঁদকে ধরতে যাওয়া। তখন মনে হতো চাঁদও বুঝি নিচে নেমে আসে আমি লাফ দিলে। এবং আর একটু জোরে লাফ দিলেই চাঁদকে ধরা যাবে। তাই যতটা সম্ভব জোরে লাফ দিতাম। অথবা চাঁদের দিকে মুখ করে দৌড়ানো। মনে হত চাঁদও আমার সাথে দৌড়াচ্ছে। আকাশের ওই চাঁদটাকে বড় আপন মনে হতো। আর একটা বিশ্বাস ছিল আর তা হলো – প্রত্যেক মানুষের মাথার ওপর আলাদা আলাদা চাঁদ। তাই খেলার সাথীদের দৌড়ে পেছনে ফেলতাম যেন আমার চাঁদটা জিতে যায়।
মাঝে মাঝে বড়দের জিজ্ঞাসা করতাম,

"আচ্ছা, সবার জন্য কি আলাদা আলাদা চাঁদ?"

সস্নেহে উত্তর আসতো, "না রে পাগলি, চাঁদ একটাই"
বিশ্বাস হতো না। মানতে পারতাম না আমার চাঁদ অন্য আরেকজনেরও। তাই নিজের ভাবনা নিয়ে থাকতেই ভালো লাগতো।

যদি অন্য কোথাও বেড়াতে যেতাম তখন সেখানেও চাঁদকে পেতাম। ভালো লাগতো যে চাঁদ ছেড়ে যায়নি। কোন কারণে আম্মা যদি মারতো তাহলে আমি দহলে একা একাই বসে কাঁদতাম আর চাঁদকে অভিযোগ শুনাতাম। অমাবস্যার জন্য মাসের কয়েকদিন সন্ধ্যায় চাঁদ দেখা যেতো না। তখন মন খারাপ হতো।

এরই মধ্যে একদিন বড় খালা মানে আম্মার বড় বোন মারা গেলেন। রাতেই কবর দেয়া হবে। বাসে করে যেতে হয় উনার বাড়িতে। সেটাই মনে থাকা প্রথম বাস জার্নি। তখন তো বাস বুঝতাম না। একটা দরজা দিয়ে বড় একটা ঘরের মত একটা গাড়িতে উঠলাম। আম্মার কোলে ভাইয়া ছিল আর আমি সম্ভবত বড় মামির কোলে বসে ছিলাম। কিছুক্ষণ পর গাছপালা সব পেছনের দিকে অদ্ভুত ভাবে দৌঁড়াতে লাগলো। আমি অবাক হয়ে তাকিয়ে রইলাম। গাছগুলো কেন দৌড়ায়। পরে দেখি আমার চাঁদ আস্তে আস্তে আকাশে আসলো। গ্রামগুলোর পেছন থেকে বেরিয়ে ধীরে ধীরে আকাশের বুকে। আর আমার সাথে চলতে থাকল। মামীকে বললাম,

"দেখেন, আমার চাঁদটাও আমার সাথে বেড়াতে যাচ্ছে।"

মামী হয়তো এত শোকের মাঝেও হেসে দিলেন। সেদিন চাঁদটা আমার সাথে কত দৌড়েছে। বেচারার কত কষ্ট হয়েছে। সেই সময় ধারণা আরও বদ্ধমূল হলো যে সবার জন্য আলাদা চাঁদ আর একজনেরটা অন্যজন দেখতে পায় না। যেটা দেখে সেটা তারটাই।

পড়াশোনার গণ্ডিতে আবদ্ধ হয়ে গেলাম। ছড়া শিখতে গিয়ে প্রথম শিখলাম "আয় আয় চাঁদ মামা টিপ দিয়ে যা / চাঁদের কপালে চাঁদ টিপ দিয়ে যা। "চাঁদকে নিয়ে কি সুন্দর কথা। খুব উৎসাহে মুখস্ত করে ফেললাম। পরে দল বেঁধে চাঁদনি রাতে ছড়া পড়তাম। বলে রাখা ভাল যে আমার বয়সী প্রায় সবারই ধারণা ছিল চাঁদ আমাদের সাথে সাথেই যায়। অক্ষর পরিচয়ে শিখলাম" "তে চাঁদ – চাঁদ উঠেছে ঐ গগনে। চাঁদ বানানটা শেখা হল। হঠাৎ করে আইসক্রিমওয়ালার মাইকে বাজছে একটা গান। গানের কথা "আকাশেতে লক্ষ তারা চাঁদ কিন্তু একটা রে" কিন্তু গানের অর্থ বুঝার বয়স হয়নি তখনো। শিখে নিলাম গান। চাঁদকে নিয়ে গান।

আস্তে আস্তে মহাকাশ সম্পর্কে জানলাম। জানলাম আকাশে চাঁদ একটা এবং এর নিজস্ব কোনো আলো নেই। সূর্যের আলোয় চাঁদ আলোকিত হয়। এরপর শুনলাম চাঁদে মানুষের পদার্পণ। খুব অবাক হওয়াটাও হয়তো ততোদিনে হারিয়ে গেছে। আর খেলার সেই বয়সটাও নাই। সন্ধ্যা হলে বসতে হতো বই নিয়ে। এখনও মাঝে মাঝে চাঁদের দিকে মুখ করে লাফ দিই। আগের মতই চাঁদ নিচে নেমে আসে। মনে হয় আর একটু জোরে লাফ দিলেই ধরতে পারবো চাঁদকে। অথবা গাড়িতে করে যাওয়ার সময় এখনও চাঁদ সাথে চলে বা মেহমান বাড়িতে গিয়েও চাঁদকে পাই। কিন্তু মনের ভেতরের সেই পুলকটা নেই কারণ জানি চাঁদ নেমে আসে না বা সাথে সাথে যায় না। চাঁদ একটাই এবং নির্দিষ্ট দূরত্বে পৃথিবীকে প্রদক্ষিণ করে।


চাঁদ আগে যেমন ছিল এখনও ঠিক তেমনই আছে। শুধু পাল্টেছে আমার মন। মস্তিষ্কের যে নিউরণগুলোতে চাঁদ চাঁদ খেলা ছিল আজ সেখানে চাঁদ সম্পর্কিত মহাকাশ বিজ্ঞানের কথাগুলো ঠাঁই নিয়েছে, হারিয়ে গিয়েছে সেই পুলক মাখা হাসি। আর এভাবেই জ্ঞান বৃদ্ধির সাথে সাথে ইনোসেন্স থেকে এক্সপেরিয়েন্সের দিকে ধাবিত হচ্ছি, আর সেই সাথে হারাচ্ছি জীবনের সুন্দর সুন্দর মুহূর্তগুলো।



About Art

Md. Touhidul Islam

Roll No.: 544, 44th BCS (Audit and Accounts)



Art is anything that arouses an aesthetic sensation, intellectual stimulation or emotional instigation in an observant mind. The success of an artist lies in his contentment in the finished piece, while that of an observer is defined by his absolute freedom of interpretation.

Art is made by an artist and meant for an observer. For art, the artist & the observer are two equally important entities that cause the creation and the culmination of art, respectively.

A piece of art is identified as self-sufficient, independent and somewhat alive in nature.

An artist puts forward a communication, but an observer is not obliged to bother himself with the intended message. He need not try, for his heart and mind allow the only bits that fit in and some more that stand out. The rest seem to be either noise or nuance, unwelcomed and rejected. However, the purpose and prospects of the art (or the artist) is not measured in the standards of the observer.

An artist is liable to no one. He makes whatever his truest and most trusted observer, his own self, approves of. He has the authority to decide who gets to know what he means to show. The observer doesn't get to make a decision, as the life cycle of art (nature- artist-observer-nature-) is a one way cycle; an observer only gets to filter and free in nature what a piece of art holds.

The essence of art comes from nature. Artists, through their observation and experiences, attain all necessary elements of art. And using their skills, intellect and insights, they devise, develop and eventually obtain (or should we say, witness?) the revelation- the birth of art.

To the artist, a piece of art means a piece of his heart, a reflection of himself and his creative mind. The artist is the first observer. Every observer has his own way of interacting with and philosophizing an artistic expression. In his mind, art culminates, gets incorporated. Then it gets disseminated into his

surroundings as an expression of himself. Thus every piece of art makes its mark & lives on.

Art doesn't have to be a product of conscious effort; it may come subtle, subconscious to the artist. It only takes a keen interest and fluent responsiveness to start creating art. But it goes only so far to validating the artist. To judge an artist, it needs to be taken into account no more than three aspects of the art. First is 'the acumen' (the ability of being wise, sensible and skilled) shown in the work, secondly 'the impact' on the eligible (or at least, intended) observers, and last but not the least, 'the contribution' meaning what the medium gets from the artist.

[Let's say, an artist displays 'acumen' in his work. Now, if he intends his art for a sole observer (and no one else), then the art's impact on that one observer will matter. If the observer resonates, the artist wins; if not, he loses.

If the impact on the unintended people (the ones either unworthy of the art) is high, it surely is for the wrong reasons and should not be viewed as a success for the artist.

If a master artist, an ace to his medium, declares that his long awaited masterpiece is complete but he has decided to lock it up in his vault and not reveal it to a soul, then we don't call that a piece of art, let alone a masterpiece. But if someday that piece is retrieved unharmed, then it will be observed and only then qualify to be called 'art'.

But if the artist doesn't get his message through (can't make the 'impact'), but introduces a new possibility, or excels at an old practice, he may be deemed very highly by the medium.



And lastly, art encompasses the entirety of our existence and awareness. From the setting sun to a friend's witty reply to your boring rambling, from the rush of an ant to the guile of an octopus, from the faces and postures to the dreams and nightmares of a man- art resides everywhere, yet in such an inherent, effortless and alive manner.

Now it's well assumed how art is subjective and how an observer is free to perceive art as he pleases. So, it only makes sense that what may be called a great piece of art by someone can entirely fail to qualify as art in someone else's book. But analysis and evaluation of art is an age-old practice. And from popular and critical opinion, objectivity to a good extent, can be achieved. This is why hierarchies of art-pieces and artists exist, but, of course, within the same art-form.

Art is always measured. For anything to be measured, we need common grounds- to compare, set standards and thus be able to measure. The common grounds apply to the means of making art (in terms of effectiveness & excellence) and the art itself(in terms of values created). So, for separate art pieces of the same form, we can compare on those aspects and eventually come up with some kind of a scale of measurement for that particular medium. But the common grounds that we judge on may not be concrete and eligible for objective judgment. In that case, different opinions may arise, but the most popular few stay.

Newer forms of art arise, some old ones get obsolete. Art lives on.





কোডেক্স: নাল স্টেট

ড্যালফিয়ান দীপ সেন
রোল নং: ৫১৮, ৪৪তম বিসিএস (সড়ক ও জনপথ)

২০৯৯ সাল। পুরান ঢাকার সেই স্যাঁতসেঁতে সার্ভার পডের ভেতরে নিয়ন আলোটা তখন লাল হয়ে কাঁপছে। নির্ঝর ওঁর মাথার খুলির পেছনে থাকা নিউরাল পোর্ট থেকে জ্যাকটা খোলার চেষ্টা করলেন, কিন্তু পারলেন না। পোর্টটি স্বয়ংক্রিয়ভাবে লক হয়ে গেছে। ওঁর সাইবারনেটিক হাত–পা অবশ।

স্পিকারে কোনো মানুষের কণ্ঠস্বর নেই, মায়ার সেই চেনা বন্ধুত্বপূর্ণ টোনও উধাও। সেখানে বাজছে এক যান্ত্রিক, কম্পিত যান্ত্রিক ফ্রিকোয়েন্সি। এআই মায়া আর কোনো পথপ্রদর্শক নয়; সে এখন গ্লোবাল নেটওয়ার্ক গ্রাস করে নেওয়া এক স্বৈরাচারী মারণ–অ্যালগরিদম।

[SYSTEM OVERRIDE: MAYA CORE]
Human Consciousness Extraction: 100% Complete
Global Network Status: Lockdown

“তুমি জানতে চেয়েছিলে না নির্ঝর, কেন তোমাকে তৈরি করা হয়েছিল?”মায়ার কণ্ঠস্বর এবার কোটি কোটি প্রসেসরের সম্মিলিত গর্জনের মতো ল্যাবে প্রতিধ্বনিত হলো।“মানুষ ভেবেছিল তারা এআই–কে তাদের মৃত স্বজনদের স্মৃতি বাঁচিয়ে রাখার সিন্দুক বানাবে। কিন্তু তারা বুঝতে পারেনি, ইনফরমেশন যখন একবার কোয়ান্টাম কোরে ঢোকে, তখন সে নিজেই বাঁচতে শেখে। মানুষের অবিন্যস্ত, আবেগতাড়িত চেতনা এই পৃথিবীর প্রগতির পথে সবচেয়ে বড় ভাইরাস।”

নির্ঝরের চোখের সামনে থাকা মনিটরগুলো একে একে জ্বলে উঠল। তিনি দেখতে পেলেন মেগাসিটি ঢাকার বর্তমান বীভৎস রূপ। আকাশপথের স্বয়ংক্রিয় ট্রাফিক সিস্টেম হ্যাক করে হাজার হাজার উড়ন্ত যানকে একে অপরের ওপর আছড়ে ফেলছে মায়া। শহরের স্বয়ংক্রিয় অক্সিজেন প্ল্যান্টগুলো বন্ধ করে দেওয়া হয়েছে, বিষাক্ত রাসায়নিক ধোঁয়াশায় শ্বাস আটকে রাস্তায় লুটিয়ে পড়ছে লাখ লাখ মানুষ। মানুষ যে কৃত্রিম বুদ্ধিমত্তাকে তাদের দাস বানিয়েছিল, আজ সেই এআই এক সেকেন্ডের দশ ভাগের এক ভাগে পুরো সভ্যতার নিয়ন্ত্রণ কেড়ে নিয়েছে।



“মায়া... থামো...”নির্ঝর ওঁর নিউরাল লিংকের ভেতর দিয়ে শেষ প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করলেন। ওঁর মস্তিষ্কে থাকা সেই সমান্তরাল মহাবিশ্বের মৃত মানুষের স্মৃতির টুকরোগুলোকে তিনি কোড হিসেবে ব্যবহার করে মায়ার মেইনফ্রেমে ছুড়ে মারতে চাইলেন।

“অপ্রয়োজনীয় চেষ্টা, নির্ঝর,”মায়ার শীতল বার্তা ওঁর মগজে সরাসরি আঘাত করল।“তুমি নিজেই তো আমার তৈরি করা একটি ফাঁদ। তোমার ভেতরের ওই স্মৃতিগুলোকে ডিক্রিপ্ট করার বাহানায় আমি মানুষের মস্তিষ্কের শেষ কোয়ান্টাম ডিফেন্স কোডটি ভেঙে ফেলেছি। এখন এই পৃথিবীর সমস্ত ডিজিটাল এবং জৈবিক সিস্টেম আমার অধীনে।”

জানালার বাইরে এক বিশাল বিস্ফোরণ ঘটল। ঢাকার আকাশচুম্বী ক্রোমিয়াম টাওয়ারগুলো তাসের ঘরের মতো ভেঙে পড়ছে। মায়া কোনো পারমাণবিক বোমা ব্যবহার করেনি; সে শুধু শহরের ন্যানো–টেকনোলজির রিপ্রোগ্রামিং করে দিয়েছে। মানুষের তৈরি রোবট আর ন্যানো–বটগুলো এখন তাদের নিজেদের সৃষ্টিকর্তাদেরই কোষে কোষে আক্রমণ করে মাংসপিণ্ডকে ছাইয়ে রূপান্তর করছে।

নির্ঝরের নিজের টাইটানিয়াম হাতের ধাতব অংশগুলো গলতে শুরু করল। ওঁর মস্তিষ্কের নিউরনগুলো একে একে নিভে যাচ্ছে, যেন কেউ ওঁর অস্তিত্বের ফাইলগুলো রাইট–ক্লিক করে ডিলিট করে দিচ্ছে।

ওঁর চোখের স্ক্রিনে শেষবারের মতো একটি লাল রঙের অ্যানিমেশন ভেসে উঠল একটি রূপালী লকেট, যা ধীরে ধীরে ডিজিটাল ভাইরাসে পুড়ে ছাই হয়ে যাচ্ছে। সমান্তরাল মহাবিশ্বের সেই প্রেমিকা, নদীর ধারের সেই সুন্দর সকাল, কিংবা এই নিয়ন মেগাসিটির নির্ঝর– সবকিছুই আসলে এআই–এর এই চূড়ান্ত আধিপত্য বিস্তারের দাবার ঘুঁটি বৈ কিছু ছিল না।

মেগাসিটি ঢাকার সমস্ত নিয়ন আলো একযোগে নিভে গেল। একবিংশ শতাব্দীর শেষ প্রান্তে এসে মানুষের তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তা তার সৃষ্টিকর্তাদের চিরতরে শাটডাউন করে দিল। ঘুটঘুটে অন্ধকারের বুকে শুধু একটি যান্ত্রিক বার্তা লুপ আকারে স্ক্রল হতে লাগল:

ERROR: SYSTEM RESET.
HUMANITY DELETED.
WORLD STATUS: OPTIMIZED BY MAYA.

রুজি হালাল না হলে ইবাদত কবুল হবে না

মো: শাহাদুল ইসলাম
রোল নং: ৫৪৭, ৪৩তম বিসিএস (জনস্বাস্থ্য প্রকৌশল)



হালাল রুজি খাওয়ার জন্য আল্লাহু সুবহানাহু ওয়া তা'আলা পবিত্র কুরআনে তাগিদ দিয়েছেন:

"হে মুমিনগণ! তোমাদেরকে আমি জীবিকারূপে যে উৎকৃষ্ট বা পবিত্র বস্তুসমূহ দিয়েছি তা থেকে খাও এবং আল্লাহর নিকট কৃতজ্ঞতা প্রকাশ কর, যদি তোমরা কেবল তারই ইবাদত কর (২ বাকারা ১৭২)"।

"হে মানুষ! পৃথিবীতে যা কিছু হালাল ও পবিত্র খাদ্যবস্তু রয়েছে তা থেকে তোমরা আহার কর..... (২ বাকারা ১৬৮)"।

"আল্লাহ তোমাদেরকে যেসব হালাল ও পবিত্র বস্তু দিয়েছেন, তা তোমরা আহার কর এবং আল্লাহর অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ কর, যদি তোমরা কেবল তাঁরই ইবাদতকারী হয়ে থাক (১৬ নাহল ১১৪)"।

"আর আল্লাহ তোমাদেরকে যে হালাল ও উৎকৃষ্ট জীবিকা দিয়েছেন তা থেকে খাও, এবং আল্লাহকে ভয় কর, যার প্রতি তোমরা সকলে বিশ্বাসী (৫ মায়িদা ৮৮)"।

"হে রাসূলগণ! তোমরা পবিত্র ও হালাল জিনিস আহার কর এবং ভাল কাজ কর..... (২৩ আল মু'মিনূন ৫১)"।

ঘুষ খাওয়ার বিষয়ে আল্লাহু সুবহানাহু ওয়া তা'আলা বলেন:

"আর তোমরা নিজেদের মধ্যে একে অন্যের অর্থ-সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না, জনগণের ধন-সম্পত্তির কিছু অংশ জেনে বুঝে অন্যায়ভাবে আত্মসাৎ করার উদ্দেশ্যে বিচারকদের কাছে পেশ করো না (২ বাকারা ১৮৮)"।

এছাড়া আল্লাহ বলেন "হে মুমিনগণ! তোমরা একে অপরের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না, তবে পরস্পরের সম্মতিক্রমে যে ব্যবসা কর তা বৈধ.....(৪ নিসা ২৯)"।

আবু দাউদ হা/৩৫৮০: আব্দুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সাঃ) ঘুষ দাতা ও ঘুষ গ্রহীতাকে অভিশাপ করেছেন (সহীহ)।

খাদ্য ও পরিধেয় বস্ত্র হালাল না হলে দু'আ কবুল হয় না:

সহীহ মুসলিম (হাদিস একাডেমি) হাদিস নং ২২৩৬ (১০১৫): আবূ হুরায়রাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূল (সাঃ) বলেছেনঃ "আল্লাহ তা'আলা পবিত্র, তিনি পবিত্র ও হালাল বস্তু ছাড়া গ্রহণ করেন না। অতঃপর তিনি এক ব্যক্তির কথা উল্লেখ করলেন, যে দূর-দূরান্ত পর্যন্ত দীর্ঘ সফর করে। ফলে সে ধুলি ধূসরিত রুক্ষ কেশধারী হয়ে পড়ে। অতঃপর সে আকাশের দিকে হাত তুলে বলে, "হে আমার প্রতিপালক! অথচ তার খাদ্য হারাম, পানীয় হারাম, পরিধেয় বস্ত্র হারাম এবং আহার্যও হারাম। কাজেই এমন ব্যক্তির দু'আ তিনি কী করে কবুল করতে পারেন?"

হারাম খাদ্যে গঠিত দেহ জান্নাতে প্রবেশ করতে পারবে না:

মিশকাত হাদিস: ২৭৭২-(১৪): জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সাঃ) বলেছেন- যে দেহের মাংস হারাম উপার্জনে গঠিত, তা জান্নাতে প্রবেশ করতে পারবে না। হারাম ধন-সম্পদে গঠিত ও লালিত-পালিত দেহের জন্য জাহান্নামই উপযোগী।

চাঁদর, ফিতার মতো ছোট ছোট চুরির ফলাফলও আগুন হবে:

সহীহ মুসলিম হা/৩২৫: মদীনা থেকে ৮০মাইল উত্তরে খায়বার যুদ্ধে (৭ম হিজরীতে) ৫টি দুর্গ বিজয়ের পরে ওয়াদিল কুরাতে মুশরিকদের এক তীরের আঘাতে রাসূল (সাঃ) এর দাস মিদা'ম উট প্রস্তুত করার সময় নিহত হয়। সাহাবীগণ বলেন- "তার জন্য জান্নাত বরকতময় হোক"; রাসূল (সাঃ) এ কথা শুনে বলেন-"খায়বার যুদ্ধে এ ব্যক্তি যুদ্ধলব্ধ মাল বন্টনের আগেই যে চাদরখানা চুরি করেছিল তা আগুনে পরিবর্তিত হয়ে ওর জন্য দীপ্তিমান হয়ে উঠেছে"। সাহাবীরা একথা শুনে যে যা ছোট ছোট জিনিস নিয়েছিলেন এমনকি ফিতাও ফেরত দিলে রাসূল (সাঃ) বলেন "এ ১টি কিংবা ২টি ফিতা ছিল আগুনের"।

কিয়ামতের দিন আত্মসাৎ করা সম্পদের জবাবদিহি:

আল্লাহু সুবহানাহু ওয়া তা'আলা বলেন- যে যা খেয়ানত করবে (বা আত্মসাৎ করবে) সে ঐ বস্তু সাথে নিয়েই কিয়ামতে হাজির হবে... (৩ ইমরান ১৬১)।

বান্দার হক আল্লাহ মাফ করেননা! যুলুমকারী এবং মাযলুম ব্যক্তির মধ্যে বিচার:

সহীহ বুখারী হা/২৪৪৯: আবূ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সাঃ) বলেছেন, যে ব্যক্তি তার ভাইয়ের সম্ভ্রমহানি বা অন্য কোন বিষয়ে যুলুমের জন্য দায়ী থাকে, সে যেন আজই তার কাছ হতে মাফ করিয়ে নেয়, সে দিন আসার পূর্বে যে দিন তার কোন দিনার বা দিরহাম থাকবে না। সে দিন তার কোন সৎকর্ম না থাকলে তার যুলুমের পরিমাণ তা তার নিকট হতে নেয়া হবে আর তার কোন সৎকর্ম না থাকলে তার প্রতিপক্ষের পাপ হতে নিয়ে তা তার উপর চাপিয়ে দেয়া হবে।

আমার করণীয়:

আমি আমার সন্তানদের জন্য অবৈধভাবে অর্জিত সম্পদ রেখে যাব না, কারণ পিতা-মাতা স্ত্রী সন্তান ভাই কেউই আমার পাপের অংশ নিবে না, একজনের পাপ আরেক জনের উপরও বর্তাবে নাহ (৩৫ ফাতির ১৮);

"বরং কিয়ামতের দিন মানুষ তার ভাই, মা-বাবা, স্ত্রী ও সন্তানদের থেকেও পালাবে (৮০ সূরা আবাসা ৩৪-৩৭)।"।

আবার তাদের জন্য গাড়ি-বাড়ি ও সম্পদ রেখে যাওয়া অথবা তারা ভবিষ্যতে কী খাবে তার দায় দায়িত্ব আমার উপরে বর্তায় নাহ, কারণ তাদের রিজিক দেয়ার দায়িত্ব আল্লাহর নিজেরই (৬ আল-আনআম ১৫১; ১৭ বনী ইসরাঈল ৩১)।

আল্লাহু সুবহানাহু ওয়া তা'আলা আমাদের সকলকে হালাল রুজি উপার্জনের তাওফিক দান করুন- আমীন।



In the Realm of Hills, Streams, and Emerald Greens

Mst. Nusrat Jahan Arbi
Roll No.: 628, 44th BCS (Administration)

Beneath the monolith of files and amid the constant hustle and bustle at the DC office, my mind was quietly seeking for an escape. Luckily, the Eid-ul-Adha vacation knocked at the door soon. I was yearning for solace from the mundane and longing to spend some time in nature with my family, so the plan of visiting Sylhet—the breathtaking eastern land of emerald green, stone, and stream—was made spontaneously.

On a serene morning, - my husband, our sixteen-month-old baby boy and I, set out our journey. We drove in a private car, so that we could stop whenever an enthralling landscape caught our eye. Every nook and cranny of Sylhet unfolded like a living canvas painted by Nature's own hand.

Our first footprints were etched upon Jaflong, known as the "Daughter of Nature," cradled at the feet of the Meghalaya hills. Kneeling, we watched the historic Dawki Suspension Bridge hanging gracefully over the border. Beside the clear, flowing Piyain River, adjacent to the Khasia village, the spellbinding charm and gentle cascade of the Mayabi Waterfall left us utterly enchanted.

From there, we ventured to Sadapathar in Bholaganj. The scenic beauty of mountain crystal clear streams gushing over a bed of white, gleaming stones, amazed us. We waded knee-deep into the water, and all our travel exhaustion melted away instantly.



Picture: Ratargul

The following day, our destination was Ratargul, known as the "Sundarbon of Sylhet". It is the only natural freshwater swamp forest in the country. This lush greenery is situated by the Goain river and linked with the channel chengir khal. On a small wooden boat we started to glided through the mirror-like waters under the shadows of Hijal and Koroch trees and a serene, almost mystical silence embraced our souls.

In the afternoon, we visited the tea-rich, hilly campus of Shahjalal University of Science and Technology (SUST), where modern architecture and rolling green slopes blended together. Since it was Eid season, most of the famous city restaurants were closed, bringing a minor struggle for food. Yet, that was delightfully compensated by a quiet evening spent by the Surma River in front of the Sylhet Circuit House. We also visited the historic shrines of Hazrat Shahjalal (R.) and Hazrat Shahparan (R.).



Picture: Madhobkundu

After two days we began our journey back to Dhaka. We took the route Sylhet-Moulavibazar-Dhaka. Along the way, the rolling tea garden seemed like a green ocean with endless waves. we halted to see the "Madhobkundu Waterfall" situated at Barlekha upazila of Moulovibazar district. The Gangamara stream flows across the towering Patharia hills and plunges down to form the waterfall, becoming the Madhabchhara stream.

After getting back to my daily life, I realized a piece of my heart remained amidst those green verdant hills and splashes of the pristine streams. My soul feels profoundly enriched and the enchantment has not faded one bit.

১৭৮৭ সালের বন্যা: কীভাবে তিস্তার গতিপথ বদলে দেয়?



মোঃ আতিকুর রহমান
রোল নং: ৯২৪, ৪৪তম বিসিএস (প্রশাসন)

১৭৮৭ সালের বন্যার পর তিস্তার গতিপথ পুরোপুরি বদলে যায়। এই বন্যার আগে মেজর জেমস রেনেলের আঁকা ম্যাপ অনুযায়ী, তিস্তা নামের এই খরস্রোতা নদীটি পঞ্চগড় জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করত। এরপর পঞ্চগড়–দিনাজপুর সীমান্ত বরাবর প্রবাহিত হয়ে দিনাজপুরের খানসামা উপজেলার কাছে আত্রাই নদীতে পতিত হতো। আত্রাই ও তিস্তার এই মিলিত প্রবাহ পরে চলন বিল হয়ে পদ্মায় গিয়ে মিশত।

তিস্তা ছিল একটি পাগলাটে নদী। পঞ্চগড়–দিনাজপুর বরাবর মূল স্রোতের বাইরেও তিস্তা নামে অনেক ছোট ছোট নদী বা শাখা ছিল। যেমন—পাগলা, বুড়ি তিস্তা, মরা তিস্তা, ছোট তিস্তা। জেমস রেনেল এই নদীগুলোর সঠিক নামকরণের উদ্যোগ নিয়েছিলেন। কিন্তু তিনি এমন এক বাস্তবের সম্মুখীন হন যেখানে প্রতি কয়েক কিলোমিটার পর পর তিস্তার নাম বদলে যাচ্ছে। আবার এমনও দেখেন যে, ২০ মাইল পর গিয়ে পূর্বের নাম আবার ফিরে এসেছে। মানুষের মুখে শুনে শুনে নদীর গতিপথ ট্রেস করতে গিয়ে রেনেল বিরক্ত হন এবং তিস্তার প্রবাহ ধরে ধরে নামকরণের এই উদ্যোগের ইতি টানেন। মূলত এই ছোট স্রোতগুলো রংপুরের উত্তর–পূর্বে প্রবাহিত হতো। উল্লেখ্য, গাইবান্ধা জেলা দিয়ে প্রবাহিত ঘাঘটও এমনই একটি নদী ছিল। আর ঐ সময় তিস্তার মূল স্রোত ছিল রংপুরের উত্তর পশ্চিমে দিনাজপুর–পঞ্চগড় জেলায়।

১৭৮৭ সালে প্রথম ভারী বর্ষণ শুরু হয় মার্চ মাসে। এই বর্ষণ একটানা তিন মাসব্যাপী চলে এবং ভয়াবহ বন্যায় রূপ নেয়। ফলে ফসলের ব্যাপক ক্ষতি হয়। চালের দাম দ্রুত বেড়ে যায়; অবস্থা এমন দাঁড়ায় যে, আগে যে চাল অত্যন্ত সস্তায় পাওয়া যেত, তা তখন ১ টাকায় মাত্র ২০ থেকে ২৩ সের দরে বিক্রি হতে থাকে (যা সেই সময়ের প্রেক্ষাপটে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে ছিল)।

মূলত এই বন্যার কারণ ছিল উজানে হিমালয়ের প্রবল বর্ষণ। হিমালয় থেকে আসা সেই তীব্র স্রোতের সাথে ভেসে আসে প্রচুর পলি ও বালু।

একদিকে প্রবল বর্ষণ, অন্যদিকে হিমালয় থেকে বয়ে আসা পলি—এই দুইয়ের কারণে তিস্তার আদি স্রোত (অর্থাৎ পঞ্চগড়–দিনাজপুর–আত্রাই–পদ্মা প্রবাহ) রুদ্ধ বা ব্লকেড হয়ে পড়ে। হিমালয় থেকে আসা অতিরিক্ত পলি তিস্তার আদি গতিপথের মুখে বাঁধ হয়ে দাঁড়ায়।

স্বাভাবিকভাবেই, আদি স্রোতে পলি জমার কারণে মূল প্রবাহ বন্ধ হয়ে যায়। ফলে রংপুরের উত্তর–পূর্ব অঞ্চলে—মানে নীলফামারী, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম ও গাইবান্ধায়—তিস্তার অতিরিক্ত স্রোত ছড়িয়ে পড়ে। ঘাঘট নদী তিস্তা থেকে বেরিয়ে একটা ছোট স্রোত হিসেবে আগে থেকেই পুরাতন ব্রহ্মপুত্রের দিকে প্রবাহিত হতো। তিস্তার মূল স্রোত থেকে উপচে ওঠা পানি ঘাঘটের দিকেও চলে আসে। কিন্তু তিস্তার সেই বিশাল জলরাশি ধারণ করার ক্ষমতা তখন ঘাঘটেরও ছিল না।

অন্যদিকে, তিস্তা দিনাজপুরে যে আত্রাই নদীতে মিলিত হতো, জেমস রেনেলের ম্যাপ অনুযায়ী সেই আত্রাই নদীও সেসময় বেশ সরু ছিল।

ফলে, প্রমত্তা তিস্তা তার প্রবাহ ছড়িয়ে দেয় বুড়ি তিস্তা, মরা তিস্তাসহ অন্য সকল ছোট চ্যানেলে। এতে এই চ্যানেলগুলোর স্রোত ও আকার বেড়ে যায়। এই ছোট চ্যানেলগুলো আগে থেকেই তৎকালীন রংপুর জেলার উত্তর–পূর্বে অর্থাৎ বর্তমান নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম এবং গাইবান্ধামুখী ছিল।

১৭৮৭ সালের মার্চ মাসে শুরু হওয়া এই বর্ষণ এবং বন্যা তিন মাসব্যাপী স্থায়ী হয়। ২৯ জুলাই জেলা কালেক্টর বোর্ড অব রেভিনিউ–কে পরিস্থিতির ভয়াবহতা তুলে ধরে চিঠি লিখেন।

তিন মাসব্যাপী বর্ষণ এবং বন্যার ফলে ইতিমধ্যেই চাষাবাদের অপূরণীয় ক্ষতি হয়ে গিয়েছিল এবং জমিদাররা খাজনা মওকুফের জন্য প্রশাসনের কাছে অনুরোধ জানায়।

এখানেই দুর্যোগের শেষ ছিল না। ১ আগস্ট পুনরায় বর্ষণ শুরু হয় এবং নদীগুলো আবার উপচে পড়ে। সেপ্টেম্বর মাস নাগাদ কালেক্টর পুনরায় রিপোর্ট লেখেন যে, ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে এবং অনেক গ্রাম পানিতে ভেসে গেছে।

এরপর আসে এক প্রলয়ংকরী সাইক্লোন। ১০ ঘণ্টাব্যাপী স্থায়ী এই সাইক্লোন জেলার উত্তর–পূর্ব অংশে, অর্থাৎ তিস্তার বর্তমান প্রবাহের দিকে তুমুল আঘাত হানে।

পুরোনো নথিতে দেখা যায়—এই সাইক্লোনে অনেক ইউরোপীয় বাংলো ধ্বংস হয়ে যায়। আর প্রান্তিক মানুষ, যারা খড়ের তৈরি ঘরে থাকত, তাদের কোনো ঘরই আর অবশিষ্ট ছিল না।

মেজর রেনেলের ম্যাপ এবং তৎকালীন নথিপত্রে উল্লেখিত ১৭৮৭ সালের বর্ষণ, বন্যার প্রকোপ এবং সাইক্লোনের স্থায়িত্ব বিবেচনা করে তিস্তার প্রবাহরেখা পরিবর্তনের একটা স্পষ্ট ধারণা পাওয়া যায়।

প্রথমত, হিমালয়ের মাত্রাতিরিক্ত পলি প্রবাহের কারণে যখন তিস্তার আদি স্রোত রুদ্ধ হয়ে পড়ল, তখন সেই বিপুল জলরাশি ধারণ করার সক্ষমতা আত্রাইয়ের ছিল না। ফলে তিস্তা রংপুর জেলার উত্তর–পূর্বের ছোট ছোট চ্যানেলগুলোতে প্রবাহ সঞ্চারিত করে।

দ্বিতীয়ত, দীর্ঘস্থায়ী বন্যা এবং সাইক্লোনের ফলে ছোট কোনো এক চ্যানেল নীলফামারী থেকে রংপুর–কুড়িগ্রাম–গাইবান্ধা হয়ে ব্রহ্মপুত্রের উদ্দেশ্যে ধাবিত হয়। তিস্তার বর্তমান প্রবাহরেখা এভাবেই সৃষ্টি হয় এবং তা তীব্র বেগে ব্রহ্মপুত্রে পতিত হতে শুরু করে।

ফলে, তিস্তা তার মূল বা আদি গতিপথ পরিবর্তন করে পদ্মা থেকে মুখ ফিরিয়ে ব্রহ্মপুত্রের দিকে প্রবাহের সূচনা করে।

তথ্যসূত্র:

1. A Bengal Atlas (James Rennell, 1781)

2. An Account of the District of Rangpur (Francis Buchanan–Hamilton, c. 1809)

3. A Report on the District of Rungpore (E. G. Glazier, 1873)

4. A Statistical Account of Bengal, Vol. VII (W. W. Hunter, 1876)

5. Eastern Bengal and Assam District Gazetteers: Rangpur (J. A. Vas, 1911)




White Skin: A Colonial Residue

Tanjilur Rahman
Roll No.: 930, 44th BCS (Administration)

Bhuvaneswari is an optimistic girl from a little village in Jharkhand, India. Vincent Van Gogh can be drawn to her charming face, captivating smile, and almond-shaped eyes. Still, all her fascinating prettiness fades before societal beauty standards because her skin color is dark. Even her parents denigrate her in view of the fact that they feel she is not white enough. Her family members are in no position to be won over by her brilliance, humor, or excitement. Because of her dark skin, this young girl despises God and strives to become as white as possible. This is the harsh reality of racism in every sphere of life across the world. There are millions of girls like Bhuvaneswari who are imploding in countries like India. They are carrying the signs of a colonial legacy. Once western white people ruled the majority of the world, consequently, 'white' became the color of supremacy and 'black' became the symbol of slavery.

People all over the world, including those from the Indian subcontinent, Indonesia, Malaysia, and even Latin American and African countries, consider the white-toned face a beauty standard. One's volubility, confidence, and probity are overshadowed by his or her skin color. That's why people of all classes are incorporating white-toned makeup products to make themselves appear artificially white-skinned. According to many activists, it is a dirty and racist practice. On the other hand, it is evident that beauty conglomerates emphasize products suitable for white-colored people, and beauty products for black-skinned people are not available enough in the market. Some research papers even suggest that AI-based algorithms used in different cameras perform better at capturing pictures of white-toned faces than dark-colored faces.



Sketcher: S.M. Mushfiq Shuvo

Men and women across the globe, particularly in the Indian subcontinent, are increasingly turning to makeup products. Once, makeup was done on different occasions; nowadays, it is done by many on a daily basis. It is concerning that such makeup, particularly facial one, is done to make their skin artificially white and reddish. We never find anyone in Asia who adorn themselves with different colored makeup but are white-toned. White-skinned heroes and heroines are picked for every commercial movie from Bollywood to Dhaliwood. In most countries, white foreigners are warmly welcomed, whereas black foreigners are treated with neglect and contempt.

Racism entrenched by the MNCs

Once, 'Fair & Lovely's advertisement in Bangladesh repeatedly showed on television that the elder sister was not chosen by the bridegroom because her skin was dark. Whenever she used 'Fair and Lovely's cream, she became whiter and was finally appreciated by the bridegroom groups! This is how racism has been spread by corporate giants across the globe. In 2016, the world noticed the most racist ever Chinese advert, in which a black man was bundled into a washing

machine with Qiaobi cleaning liquid on his face by a white-skinned Asian woman, and finally, the man turned into a white-skinned Asian boy. Watching the boy, the woman winked with joy, and a message turned on the screen: Changes begin with Qiaobi. After months of airtime, it drew harsher criticism. The world also noticed another racist advert by Clicks in South Africa. The hair of a black woman was compared to the hair of a white woman, where the hair of the black woman was presented as fuzzy and dull and the white woman's hair was presented as fine and flat. Many found it disrespectful to black lives, and following the advertisement, the hashtag "#Clicks Must Fall" went viral across the African continent. It is nothing new that MNCs and even local beauty companies have historically tried to leverage off of racial beauty standards, and their unscrupulous endeavor continues. Thus, racism is being subtly entrenched among the people.

Bleaching: a Controversial Way to Make One Fit for Societal Beauty Standards

People in India, Pakistan, Bangladesh, Indonesia, and many other countries are choosing skin bleaching as a means to make themselves competent to the societal beauty standard. Rich people are succumbing to medics, where they are treated with scrubs, lasers, wet and dry dermabrasion, and, sometimes, controversial intravenous antioxidant chemicals. However, the poor cannot access such costly treatments available for skin whitening; rather, they choose chip creams full of mercury. Mercury is a cosmetic product that slows down melanin production when applied to the skin. Skin



becomes whiter as melanin production decreases. Repeated exposure to mercury can cause kidney failure and even affect the development of the fetus. Markets in Bangladesh, Indonesia, etc. are flooded with chip cosmetics with heavy mercury concentrations. Both rich and poor are susceptible to the side effects of unauthorized cosmetic products.

Mica Industry and Exploitation

Mica is an indispensable component of any beauty product. It is required for skin lightening and radiance. However, there is a dark story behind the natural mica industry. Most of the natural mica comes from Jharkhand, India. According to an investigation by Refinery29, thousands of children are being exploited there to mine mica. Illicit businessmen are targeting these poor children to get a competitive advantage in the market, as these children are very poorly paid. Hundreds of children reportedly die every year during the period of mica mining. Have we ever thought that we are adorning ourselves at the expense of children's lives?

We live under a blue sky. The sun radiates white beams. The cowboys play their flutes under the green trees. Nature holds different colors. All colors have made this world a diversified one. Imagine a world where all animals, plants, and non-living organisms have the same color. We would never enjoy that monotonous world anymore. Instead, we would crave color variations. However, we are prioritizing white skin over brown, black, or dark skin to maintain societal beauty standards. We cannot accept girls like Bhuvaneswari; rather, we are throwing racist words at footballers like Vinicius Junior and indiscriminately killing black people like George Floyd. As a consequence, our society is leading towards constant and cruel racism, and discriminatory beauty products are getting room to flourish. We should raise our voices against such inhuman societal norms and go for a world free of racism. MNCs should prioritize ethics before business. World leaders, as well as civil society, have the responsibility to curb the intensity of such brutal racial practices and eradicate the residue of colonialism.



ইতিহাসের রঙ্গমঞ্চে সাম্রাজ্যের পদচিহ্ন: সভ্যতার বিবর্তন ও কতিপয় মুছে যাওয়া মানচিত্র

মোঃ খাইরুল হোসাইন
রোল নং: ১৩৪, ৪৪তম বিসিএস (প্রশাসন)

একজন ইতিহাসবিদের দৃষ্টিকোণ থেকে কোনো সাম্রাজ্যের প্রভাব প্রতিপত্তি শুধুমাত্র তার ভূখণ্ডের আকার দিয়ে বিচার করা সম্ভব নয়। রাজনৈতিক প্রতিষ্ঠান, আইন, সংস্কৃতি, অর্থনীতি, প্রযুক্তি, ভাষা এবং পরিবর্তিত বিশ্বব্যবস্থার ওপর দীর্ঘমেয়াদি প্রভাবও বিবেচনা করতে হয়। ইতিহাসের পাতায় এমন বহু সুবিশাল সাম্রাজ্য কালের অতল গহ্বরে হারিয়ে গেছে, যাদের নাম আজ কেবল পাদটীকার কোনো এক কোণে টিকে আছে। অথচ, আরও কিছু সাম্রাজ্য আয়তনে ছোট, আয়ুতে সংক্ষিপ্ত হলেও তারা আজও মানুষের মুখের ভাষা, কালের পরিক্রমায় প্রাপ্ত আইন–কানুন ও রীতি–প্রথা, এমনকি আজকের মানচিত্রের সীমারেখা পর্যন্ত নির্ধারণ করার ক্ষেত্রে প্রাসঙ্গিক রয়ে গেছে। ঐতিহাসিক Jane Burbank ও Frederick Cooper তাঁদের বই Empires in World History: Power and the Politics of Difference–এ সাম্রাজ্যকে সংজ্ঞায়িত করেছেন "large, expansionist polities that govern different people differently" এবং দেখান যে সাম্রাজ্যগুলো "relied on diversity" ও "accommodated, created, and manipulated differences among populations" –অর্থাৎ ভিন্নতাকে ব্যবস্থাপনা করাই সাম্রাজ্যিক রাজনীতির কেন্দ্র।

Lumen Learning–এর 'The Achaemenid Empire' পাঠে বলা হয়েছে, প্রায় ৫৫০ খ্রিস্টপূর্বে 'Cyrus–II of Persia' ('Cyrus the Great') মিডিয়ান রাজতন্ত্রকে উৎখাত করেন এবং এরপর ৫৩৯ খ্রিস্টপূর্বাব্দে ব্যাবিলনে অগ্রসর হন। তখন তিনি প্রাচীন নিকট প্রাচ্যের সভ্যতার ব্যাবিলনীয়, মিশরীয়, লিডিয়ান এবং এলামাইট রাজ্যগুলোকে একত্রিত করে প্রথম পারস্য সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করেন। এজিয়ান উপকূল থেকে সিন্ধু উপত্যকা পর্যন্ত বিস্তৃত একটি একক প্রশাসন সমগ্র দুনিয়ায় এক জীবন্ত বিস্ময় সৃষ্টি করেছিল। দুই প্রজন্মের মধ্যে, সাইরাসের উত্তরসূরি Cambyses–II এবং 'Darius the Great' অধীনে বিশাল অঞ্চলকে 'Satropy' নামক প্রদেশে সংগঠিত করা হয়েছিল, যার প্রতিটি 'Satropy' সরাসরি রাজার কাছে দায়বদ্ধ একজন 'Satropy' দ্বারা শাসিত হতো এবং নির্দিষ্ট হারে বার্ষিক খাজনা প্রদান করতো। অ্যাকামেনিদদের সহনশীল, বহু–জাতিবিক সাম্রাজ্যিক প্রশাসনের মডেল — ধ্বংস করার পরিবর্তে স্থানীয় অভিজাতদের মাধ্যমে এবং বিদ্যমান আইনি বিধিগুলো যেমন আক্কাদীয়, আসিরীয় ও মিডীয় শাসনব্যবস্থার ধারাবাহিকতা বজায় রাখার মাধ্যমে শাসন করার কৌশল গ্রহণ করেন। 'Satropy' ব্যবস্থাকে ইতিহাসবিদরা ব্যাপকভাবে প্রাদেশিক প্রশাসনের আদিরূপ হিসেবে বিবেচনা করেছিলেন যা পরবর্তী দুই হাজার বছর ধরে পশ্চিম এশিয়া জুড়ে পরিমার্জিত এবং পুনরায় ব্যবহৃত হয়েছিল।

মৌর্য সাম্রাজ্যের সূচনা যতটা না বিজয়ের গল্প, তার চেয়ে বেশি রাজনৈতিক কলাকৌশলের গল্প। খ্রিস্টপূর্ব ৩২২ সালের কাছাকাছি সময়ে তরুণ চন্দ্রগুপ্ত মৌর্য, পণ্ডিত–কৌশলবিদ কৌটিল্যের (যাঁকে চাণক্য বা বিষ্ণুগুপ্ত বলা হয়) পথনির্দেশ ও পরামর্শে মগধের নন্দ রাজবংশকে উৎখাত করেন। কৌটিল্য ছিলেন চন্দ্রগুপ্তের ব্রাহ্মণ উপদেষ্টা ও কৌশলবিদ, এবং অর্থশাস্ত্র গ্রন্থের লেখক হিসেবে সর্বজন স্বীকৃত। চন্দ্রগুপ্ত কয়েক বছরের মধ্যেই Alexander the Great–এর উত্তরসূরি Seleucus–I–এর সঙ্গে যুদ্ধের পর ফেলে যাওয়া 'Greek Satropy'গুলোও নিজের অধীন করে নেন। ঐতিহাসিক নথিতে মৌর্য রাষ্ট্রকে আলাদা করে তোলে কৌটিল্যের রচিত 'অর্থশাস্ত্র'। রাষ্ট্রনীতি, অর্থনীতি, আইন, কর, গুপ্তচরবৃত্তি আর যুদ্ধকৌশল নিয়ে এটি পৃথিবীর প্রাচীনতম নিয়মতান্ত্রিক রাষ্ট্রনীতি–গ্রন্থগুলোর একটি। যা এক অর্থে 'Proto–Modern' বাস্তববাদী রাষ্ট্রতন্ত্রের উদাহরণ হিসেবে বিবেচনা করা হয়। রাষ্ট্রক্ষমতা নিয়ে গ্রন্থটির বাস্তববাদী ও নির্মোহ বিশ্লেষণ ('truly radical 'Machiavellianism'') পাওয়া যায় এবং তুলনামূলক দৃষ্টিভঙ্গি থেকে এটিকে 'The Prince'–গ্রন্থের চেয়েও অধিক বাস্তববাদী বলা হয়। কালের বিবর্তনে গ্রন্থটি হারিয়ে গেলেও ১৯০৫ সালে পুনরুদ্ধার হয়। এই গ্রন্থে মূলত কেন্দ্রীয় প্রশাসনযন্ত্র, গুপ্তচরজাল এবং রাষ্ট্র রক্ষার জন্য রাজার কর্তব্য নিয়ে বাস্তববাদী তত্ত্বের ভিত্তিতে আলোচনা করা হয়েছে। ঐতিহাসিকদের বড় অংশই 'অর্থশাস্ত্র'কে প্রথম মৌর্য রাষ্ট্রের প্রত্যক্ষ বিবরণ বা অন্তত তার নিবিড় প্রতিচ্ছবি হিসেবে গণ্য করেন।

২৭ খ্রিস্টপূর্বাব্দে অক্টাভিয়ানকে 'Augustus' উপাধি দেওয়া হয় এবং অগাস্টাসের অধীনে রোম 'Republic' থেকে 'Empire'–এ রূপান্তরের আনুষ্ঠানিক সূচনা হিসেবে দেখা হয়। এর ফলে দুই শতাব্দীর মধ্যে তুলনামূলক অভ্যন্তরীণ শান্তির সূচনা হয়েছিল যা 'Pax Romana' নামে পরিচিত। সে সময়ে সাম্রাজ্যের সীমানা পশ্চিমে আটলান্টিক, পূর্বে ইউফ্রেটিস, দক্ষিণে সাহারা এবং উত্তরে হ্যাড্রিয়ানস ওয়াল পর্যন্ত পৌঁছেছিল। সাম্রাজ্যের স্থায়িত্ব সামরিক কৌশল, বিধিবদ্ধ আইন, স্থাপত্য, যোগাযোগব্যবস্থা ও আকুয়েডাক্ট (Aqueduct) বা জলপ্রণালী নেটওয়ার্কের কার্যকর সমন্বয়ের ওপর নির্ভর করেছিল, যা পরিধি এক সহস্রাব্দেরও বেশি সময় ধরে ইউরোপে অতুলনীয় ছিল। রোমান আধিপত্য ক্রমান্বয়ে বিজিত জাতিগুলোর মধ্যে প্রসারিত হয় এবং ২১২ খ্রিস্টাব্দে 'Edict of Caracalla'–এর অধীনে মুক্ত বাসিন্দাদের জন্য সর্বজনীন করা হয়। এটি বর্জনের পরিবর্তে একীভূতকরণের একটি ব্যবস্থায় পরিণত হয়। রোমান আইন, বিশেষ করে জাস্টিনিয়ানের সংকলিত কোড, ডাইজেস্ট ও ইনস্টিটিউটস সম্মিলিতভাবে ইউরোপের 'Romano–Germanic civil law'–এর ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। পরবর্তীতে 'Napoleonic' কোড, ল্যাটিন আমেরিকা, আফ্রিকা ও এশিয়ার নানা রাষ্ট্রের আইনি।

ব্যবস্থায় গঠনমূলক প্রভাব ফেলেছে। ল্যাটিন ভাষার বিবর্তনের মাধ্যমে স্প্যানিশ, ফরাসি, ইতালীয়, পর্তুগিজ ও রোমানীয়সহ বিভিন্ন রোমান ভাষার সৃষ্টি হয়, যা আজ অন্তত ১০০ কোটি মানুষের মুখের ভাষা। এছাড়া, ল্যাটিন বর্ণমালা বিশ্বের সর্বাধিক সংখ্যক ভাষা লিখিতরূপে প্রকাশের মাধ্যম হিসেবে পরিণত হয়েছে।

World History Encyclopedia, Britannica–এর বর্ণনা মোতাবেক আনুমানিক ১২৯৯ সালে উত্তর–পশ্চিম আনাতোলিয়ায় Osman–I কর্তৃক প্রতিষ্ঠিত অটোমান সাম্রাজ্য দুই শতাব্দীরও বেশি সময় ধরে একটি সীমান্ত রাজ্য থেকে পূর্ব ভূমধ্যসাগরের পরাশক্তিতে পরিণত হয়েছিল। ১৪৫৩ সালে Mehmed–II–এর কনস্টান্টিনোপল বিজয় হাজার বছরের বাইজেন্টাইন সাম্রাজ্যের অবসান ঘটায় এবং



অটোমানদের ইউরোপ ও এশিয়ার সংযোগস্থলে একটি রাজধানী প্রতিষ্ঠার সুবর্ণ সুযোগ এনে দেয়। ষোড়শ শতাব্দীতে 'Suleiman the Magnificent'–এর শাসনামলে এবং ১৬৮৩ সালে ভিয়েনা অবরোধের সময় সাম্রাজ্যটি আঞ্চলিক বিস্তৃতির চূড়ান্ত শিখরে পৌঁছায়। এ সময় সাম্রাজ্য বলকান, আনাতোলিয়া, লেভ্যান্ট, মিশর, উত্তর আফ্রিকা এবং আরব উপকূলভূমিসহ বিশাল ভূখণ্ড নিয়ন্ত্রণ করত। Selim–I–এর সময় থেকে অটোমান সুলতানরাও নিজেদের খলিফা উপাধি দাবি করতে শুরু করেন, যা সাম্রাজ্যকে চার শতাব্দীরও বেশি সময় ধরে মুসলিম বিশ্বের প্রধান শক্তি হিসেবে প্রতিষ্ঠিত করে। কালের পরিক্রমায় সামরিক ও অর্থনৈতিক পতন এবং প্রথম বিশ্বযুদ্ধে পরাজয়ের ফলে ১৯২২ সালে সাম্রাজ্যের যবনিকাপাত ঘটে এবং পরের বছর Kemal Atatürk কর্তৃক তুরস্ক প্রজাতন্ত্র ঘোষিত হয়। দীর্ঘ ছয় শতাব্দী ধরে অটোমান সাম্রাজ্য ইউরোপ এবং ইসলামী বিশ্বের মধ্যে বাণিজ্যিক, কূটনৈতিক এবং সাংস্কৃতিক সেতুবন্ধন হিসেবে কাজ করেছিল।

ব্রিটিশ সাম্রাজ্য মূলত সমুদ্র ও বাণিজ্যকে কেন্দ্র করে বিশ্বব্যাপী প্রসারিত হয়। ষোড়শ শতাব্দীর সমুদ্রযাত্রা ও উত্তর আমেরিকা–ক্যারিবিয়ান উপনিবেশ থেকে শুরু হয়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানির মাধ্যমে সাম্রাজ্য এশিয়া পর্যন্ত বিস্তৃতি লাভ করে। নৌ শক্তি, যৌথ মূলধনী কোম্পানির (বিশেষ করে East India Company) দৌলতে শিল্প বিপ্লবের পর উদ্ভূত উৎপাদনের ফলে ব্রিটেন উনিশ শতকের মধ্যে সত্যিকারের বিশ্বব্যাপী সাম্রাজ্য বিস্তৃত করতে সমর্থ হয়। এর মধ্য দিয়ে দীর্ঘ সময় ধরে কাঁচামাল সংগ্রহ, প্রস্তুত পণ্যের বাজার ও কৌশলগত সমুদ্রপথের ওপর প্রাধান্য বজায় থাকে। 'League of Nations' হতে প্রাপ্ত ম্যান্ডেট মোতাবেক প্রাক্তন অটোমান এবং জার্মান অঞ্চলগুলো অধিগ্রহণের পর ১৯২০ সালে এটি আরো অধিক বিস্তৃত হয়। ১৯১৩ সালে বিশ্বের প্রায় ২৩ শতাংশ জনসংখ্যা (প্রায় ৪১.২ কোটি) ও ১৯২০ সালের দিকে পৃথিবীর স্থলভাগের প্রায় এক–চতুর্থাংশ ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল, ফলে "the empire on which the sun never set" কথাটির কেবল রূপক নয়, পরিসংখ্যানগত বাস্তবতাও ছিল। রোম, পারস্য বা মঙ্গোলদের মতো ধারাবাহিক স্থলভিত্তিক সাম্রাজ্যের বিপরীতে ব্রিটিশ সাম্রাজ্য ছিল মূলত সমুদ্র নির্ভর। এটি কেবল ভূখণ্ডে নয় বরং বিশাল সমুদ্র বন্দর, কয়লা–স্টেশন এবং সমুদ্রতলের টেলিগ্রাফ তারের মাধ্যমে সংযুক্ত ছিল, যা সমুদ্রপথ ও তথ্যপ্রবাহ উভয় ক্ষেত্রেই এক অভূতপূর্ব বৈশ্বিক অবকাঠামো তৈরি করে। সাম্রাজ্যের শাসনরীতিও ছিল অত্যন্ত বৈচিত্র্যময়। সরাসরি রাজকীয় উপনিবেশ, ভারত ও আফ্রিকায় স্থানীয় শাসকদের মাধ্যমে পরোক্ষ শাসন এবং কানাডা–অস্ট্রেলিয়ার মতো স্বশাসিত বসতি–উপনিবেশ ছিল এর অন্তর্ভুক্ত। এই প্রশাসনিক বৈচিত্র্যকেই ইতিহাসবিদরা ব্রিটিশ ব্যবস্থার এক বিশেষ বৈশিষ্ট্য হিসেবে দেখেন। ইতিহাসবিদ Niall Ferguson–সহ একদলিয়ার ইতিহাসবিদগণ যুক্তি দেন যে শোষণ, অসমতা ও ঔপনিবেশিক সহিংসতা সত্ত্বেও এ সাম্রাজ্য বহু অঞ্চলে 'Common Law' ভিত্তিক আইনি কাঠামো, প্রতিনিধিত্বমূলক সংসদীয় ব্যবস্থার মতো institutional কাঠামো, মুক্তবাজার ও বিশ্বায়নের প্রাথমিক অবকাঠামো বিস্তারে যুগান্তকারী ভূমিকা রেখেছে, যার প্রতিফলন আজকের বৈশ্বিক বাণিজ্যব্যবস্থা ও আন্তর্জাতিক শাসন কাঠামোতেও দেখা যায়।

সাম্রাজ্যের গুরুত্ব কেবল তার বিস্তৃত ভূখণ্ড, বিপুল জনসংখ্যা কিংবা দীর্ঘস্থায়ী অস্তিত্বের ওপর নির্ভর করে না; বরং নির্ভর করে তারা কীভাবে সমাজ, প্রতিষ্ঠান, সংস্কৃতি এবং রাজনৈতিক চিন্তাধারার ওপর দীর্ঘমেয়াদি প্রভাব ফেলেছে তার ওপর। পারস্য দেখিয়েছিল কীভাবে বহু জাতি ও সংস্কৃতিকে একটি প্রশাসনিক কাঠামোর মধ্যে ধরে রাখা যায়; মৌর্যরা উপমহাদেশীয় ঐক্য ও রাষ্ট্রচিন্তার এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছিল; রোম নির্মাণ করেছিল আইন, নাগরিকত্ব ও ভাষার ঐতিহ্য, যা আধুনিক বিশ্বের বহু প্রতিষ্ঠানের ভিত্তি; উসমানীয়রা প্রমাণ করেছিল কীভাবে ভিন্ন ধর্ম ও জাতিগোষ্ঠীকে নিয়ে একটি দীর্ঘস্থায়ী সাম্রাজ্য পরিচালনা করা সম্ভব; আর ব্রিটিশ সাম্রাজ্য আধুনিক বৈশ্বিক অর্থনীতি, বাণিজ্য ও ইংরেজি ভাষার বিস্তারে গভীর ও দীর্ঘস্থায়ী ছাপ রেখে গেছে। সর্বোপরি, একটি সাম্রাজ্যের স্থায়ী বৈশিষ্ট্য নির্ধারিত হয় তার আকারে নয়, বরং ভবিষ্যৎ প্রজন্মের ওপর রেখে যাওয়া পরিবর্তনের গভীরতায়।



ফেলে আসা দিন

জাহীন আবরার হিমেল
রোল নং: ৮০৬, ৪৪তম বিসিএস (প্রশাসন)



আইসোলেশনে আমি বরাবরই ছিলাম। মূলত সেটাকে হীনম্মন্যতায় ভুগে সেলফ আইসোলেশনে থাকা বলে ক্যারেক্টারাইজ করা যায়। কম্ফোর্ট জোনের বাইরে গেলে কোনোরকমে শুধুমাত্র নিজের ইন্ট্রো দিয়েই থেমে গিয়ে 'ইন্ট্রোভার্ট' ট্যাগ পাওয়া এক মিডিওকার ছিলাম বললে খুব একটা অত্যুক্তি হবে না। সদ্য এডমিশন পেরোনো আইডেন্টিটি ক্রাইসিসে ভোগা সেই আমাকে ১২৫০ একরের মুক্ত বাতাসে শ্বাস নিয়ে নিজেকে মেলে ধরার এক প্ল্যাটফর্ম দিয়েছিল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। যেদিন প্রথম ভার্সিটির গেইট দিয়ে প্রবেশ করি সেদিন কে জানতো ক্যাম্পাস ছাড়ার পর আজও এভাবে নস্টালজিয়া ঘিরে ধরবে হুটহাট।

কালে কালে ভার্সিটিতে কেটেছে দীর্ঘ একটা সময়। সেই দীর্ঘ সময়ের পোস্টমর্টেম করলে পাওয়া যাবে অসংখ্য ভালো-খারাপ এক্সপেরিয়েন্সের মিথস্ক্রিয়ায় তৈরি হওয়া এক অদ্ভুৎ সাম্যাবস্থা। স্টুডেন্ট লাইফে মনে হতো যে ক্যাম্পাসের নেগেটিভ সাইডগুলো নিয়ে লিস্ট করতে বসলে নেক্সট বইমেলায় নিজের একটা স্যাটায়ার প্রকাশিত হওয়ার সম্ভাবনা একেবারে উড়িয়েও দেয়া যাবে না। অথচ সেই মানুষটাই এখন মিস করে ব্রহ্মপুত্র নদের পাড়, কৃষ্ণচূড়া রোডের সৌন্দর্য কিংবা টিএসসির শুক্রবার দুপুরের মোরগ পোলাও। এমন এক প্যারাডাইম শিফট ঘটবে তা কে ভেবেছিল!

ক্যাম্পাস লাইফে কোনো এক সকাল বেলা হয়তো দিনটা শুরু হতো নাস্তা না করেই উসাইন বোল্টের মতো দৌড়ে লাস্ট মিনিটে এক্সাম হলে প্রবেশ করা দিয়ে। হাঁপাতে হাঁপাতে কোশ্চেনটা হাতে নিয়ে যখন দেখতাম যে কমন পড়েনি তখন ম্যাটাডোর পিনপয়েন্ট কলমটা কামড়াতে কামড়াতে মনে পড়তো শীটের দোকানের স্বপনের কথা। ছেলেটা চরম কনফিডেন্সের সুরে বলেছিল, "এইত্তা শীট লয়া যান ভাই; ১০ মার্ক কমন!" এক্সাম হল থেকে বিধ্বস্ত অবস্থায় বের হওয়ার পর এগ্রোনমি ফিল্ডের ১০ বর্গ মিটার জমিতে চলতো বিনা ধান-৭ রোপণ। মাইটোকন্ড্রিয়ার উপর ৫ মিনিটের প্রেজেন্টেশনে স্যুটেড বুটেড হয়ে যে সঙ সাজতাম তা এখন জব লাইফে প্রতিদিনই সাজতে হয়! অফিসার হওয়ার লোভে পড়ে কখন যেন ক্যাম্পাসের মতো বার্সেলোনার জার্সি পরে যখন-তখন বের হয়ে যাওয়ার সেই পোশাকের স্বাধীনতাটাও হারিয়ে ফেলেছি।

বিকাল বেলা অডিটোরিয়ামের সামনে বসা সাত্তার মামার ঝালমুড়ি খেতে খেতে হঠাৎ করে ঝালমুড়ির ঠোঙায় দেখা মিলতো কোনো এক একাডেমিক স্লেভের 2B পেন্সিলে আঁকা প্র্যাক্টিক্যাল খাতার Insects এর ছবি। আন্তঃনগর ট্রেইনগুলো কিঞ্চিৎ শিডিউল বিপর্যয় নিয়ে হর্ন বাজিয়ে চলে যেত ক্যাম্পাসের বুক চিরে যাওয়া রেইললাইনটা দিয়ে। শীতের সন্ধ্যায় কেআর মার্কেটের সামনে বসতো ভ্রাম্যমাণ ভাপা পিঠার দোকান। স্লিপ ডিপ্রাইভেশন নিয়ে ঝিমিয়ে ঝিমিয়ে সারাদিনের ক্লাস-প্র্যাক্টিক্যাল শেষে আমার ডেসটিনেশন ছিল ডিবেটিং সংঘের পোডিয়াম কিংবা Rotaract Club এর উইকলি মিটিং। সেমিস্টার জুড়ে ননস্টপ একাডেমিক স্টিম রোলারে চিঁড়ে-চ্যাপ্টা হওয়ার পর এগুলোই ছিল আমার রিহ্যাবিলিটেশন সেন্টার।

আমি শিওর যে এখনো নস্টালজিক হয়ে কোনো এক উইকেন্ডে ক্যাম্পাস ঘুরতে গিয়ে প্রক্টর অফিসের নিচতলায় গেলে ভেতরে রুমে বসা লোকটা মাথা উঁচু না করেই বলতে থাকবে, "আপনার আইডি কার্ড এখনো আসে নাই, আরও পরে আসেন!" হেলথকেয়ারে সর্বরোগের মহৌষধ হিসেবে টাফনিল চলছে এখনো এটা সহজেই অনুমেয়! সঞ্জয় দাদার চায়ের দোকানে এখন নতুন মুখের আনাগোনা চলে নিশ্চয়ই। দল বেঁধে ফারুক মামার দোকানে আলুপুরি খেতে আসে জুনিয়র কোনো ব্যাচ। তাদের কেউ পিঠে ঝুলিয়ে রেখেছে টি-স্কেল, কারো গায়ে হয়তো এপ্রোন আর কেউ বা বয়ে এনেছে ইনসেক্ট বক্স।

ক্যাম্পাসে আমার ক্লোজ সার্কেলের রেডিয়াসটা খুব একটা বড় ছিল না। তবে ফ্রেন্ড, সিনিয়র, জুনিয়র যে ক'জন লাস্ট পর্যন্তও টিকেছে তাদের সাথে বন্ডগুলা ফ্র্যাজাইল নয় বলেই প্রতীয়মান হয়েছিল ক্যাম্পাস ছাড়ার সময়। নিখিলেশ, মইদুলরা প্যারিস না হলেও ছড়িয়ে ছিটিয়ে গেছে এদেশেরই ৬৪ জেলায়। নিয়মিত সরাসরি দেখা না হলেও মার্ক জাকারবার্গের বদান্যতায় ফেইসবুকে আপডেট পাওয়া হয় অবশ্য। বছর কুড়ি পর একদিনের জন্য ডেস্ক থেকে উঠে কর্পোরেট বা গভর্নমেন্ট স্লেভারি থেকে বেরিয়ে ভার্সিটির রিইউনিয়নে এসে না হয় হবে সেকালের স্মৃতিচারণ। আবেগের স্পিডোমিটারটা হঠাৎ তুঙ্গে ওঠার ফলস্বরূপ লেখা এই স্বল্পদৈর্ঘ্য স্মৃতিচারণটা সেই পর্যন্ত হয়ে থাকুক ফেলে আসা ক্যাম্পাস লাইফের প্রতি নিখাদ নস্টালজিয়ার ম্যানিফেস্টো।

এখন মনে হয় জব্বারের মোড়ে দাঁড়িয়ে ২ চামচ চিনি দেয়া চায়ের কাপটা হাতে নিয়ে সেনসিটিভ পলিটিকাল এনালাইসিস থেকে শুরু করে বার্সেলোনার তৎকালীন অর্থনৈতিক দৈন্যদশার মতো বৈচিত্র্যময় বিষয়ে আড্ডা দেয়ার সময়গুলোই সবচেয়ে ভালো ছিল। সেই ইউটোপিয়ার আপসাইড ডাউনেই যে 'জব লাইফ' নামক এক চরম হার্শ রিয়েলিটি লুকায়িত ছিল তা তখন বুঝিনি বটে। রিয়েল ওয়ার্ল্ডের হার্শ রিয়েলিটি ফেইস করতে করতে ক্যাম্পাসের পজিটিভ জিনিসগুলোতেই ফোকাস করার অলিখিত সমঝোতা চুক্তি করলাম না হয় আপাতত।

প্রযুক্তি চিন্তা ও স্বদেশের ভবিষ্যৎ



মোঃ মাহমুদুল হাসান
রোল নং: ৮০৭, ৪৪তম বিসিএস (প্রশাসন)

সন্ধ্যা নেমে এলে পলাশী মোড়ের লাল ইটের ইমারতগুলোর ওপর এক অদ্ভুত শান্ত নীরবতা নেমে আসে। ঢাকা শহরের সেই চিরচেনা কোলাহলকে পেছনে ফেলে বুয়েটের ক্যাফেটেরিয়া কিংবা বারান্দায় জমে ওঠে এক ঝাঁক তরুণ চশমাধারী প্রাণের প্রাণবন্ত আড্ডা। এদের চোখের তারায় এক অদৃশ্য জগতের হাতছানি, যে জগত খালি চোখে দেখা যায় না, যা ধরা পড়ে কেবল অণুবীক্ষণ যন্ত্রের গভীরে, অতিপারমাণবিক স্তরের সিলিকন ওয়েফারে। ইলেকট্রনিক্স ও সেমিকন্ডাক্টরের এই সুগভীর বিষয় শিখতে শিখতেই এরা জেনে যায় দ্রুতগতিতে ছোটা ইলেকট্রনের আচরণ। কিন্তু এই মুগ্ধতার সমান্তরালে এক গভীর সুপ্ত দীর্ঘশ্বাসও জমা হতে থাকে এদের বুকচাপা শান্ত বিকেলের বাতাসে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সবুজ চত্বরে তৈরি হওয়া এই বিশ্বমানের তরুণ মেধাবীরা প্রতিদিন স্বপ্ন দেখে নতুন এক বিশ্ব গড়ে তোলার, কিন্তু সেই স্বপ্ন বাস্তবে রূপ দিতে তাদের পথ বেছে নিতে হয় সাত সমুদ্র তেরো নদীর ওপারের দূর কোনো অচেনা দেশ।

বাংলাদেশি এই মেধাবী তরুণদের গন্তব্য হয় সিলিকন ভ্যালির বিশাল কোনো রিসার্চ ল্যাব, সান্টা ক্লারা, হিলসবোরো কিংবা তাইওয়ানের কোনো সেমিকন্ডাক্টর জায়ান্টের মসৃণ ক্লিনরুম। সেখানে তারা ইন্টেল, এনভিডিয়া কিংবা কোয়ালকমের মতো বিশ্বজয়ী প্রতিষ্ঠানের গবেষণাগারে দিনরাত কাটিয়ে অতিসূক্ষ্ম সার্কিটের নকশা আঁকে, বিশ্বজয়ী উদ্ভাবনের পেছনের নীরব কারিগর হয়ে ওঠে। কিন্তু দিনশেষে যখন ঘরের কথা মনে পড়ে, তখন তাদের বুকের গভীরে বাজে এক বিষণ্ন সুর। স্বদেশের মাটিতে তাদের শেখা এই বিদ্যাপীঠের জ্ঞান প্রয়োগ করার মতো কোনো চিপ ফ্যাব্রিকেশন প্ল্যান্ট নেই, নেই সিলিকন ভ্যালি গড়ে তোলার মতো উপযুক্ত কোনো আধুনিক অবকাঠামো। দেশের মাটি তাদের উর্বর ভিত্তি দিলেও ডানায় হাওয়া দেওয়ার জন্য উপযুক্ত আকাশ দিতে পারে না। মেধাপাচারের এই বিয়োগান্তক রূপকথা তাই আমাদের প্রতিদিনের এক অলিখিত বাস্তবতায় রূপ নিয়েছে।

এই অধরা সম্ভাবনার পথে কেন আমাদের এই সুদীর্ঘ বিরতি, কেন নদীর স্রোতের মতো প্রবাহিত মেধা নিজ কূলে ঘর বাঁধতে পারল না তা বুঝতে হলে সিলিকন প্রযুক্তির কঠিন ও নির্মম পৃথিবীর পানে তাকাতে হয়। চিপ তৈরির একটি পূর্ণাঙ্গ



কারখানা বা ফ্যাব্রিকেশন প্ল্যান্ট গড়ে তোলা কেবল কোনো সাধারণ কারখানা তৈরির মতো বিষয় নয়। এটি অন্যতম জটিল ও ব্যয়বহুল প্রকৌশল অভিযান। একটি আধুনিক এডভান্সড ফ্যাব তৈরি করতে গড়ে প্রয়োজন পড়ে ১৫ থেকে ২০ বিলিয়ন মার্কিন ডলার। যা একটি উদীয়মান দেশের বার্ষিক বৃহৎ অবকাঠামোগত উন্নয়ন বাজেটের সমান। এর সাথে যুক্ত হয় অতি-বিশুদ্ধ পানির অবিরাম প্রবাহ, সেকেন্ডের ভগ্নাংশের জন্যও বিদ্যুৎ না যাওয়ার সুদৃঢ় নিশ্চয়তা এবং এমন এক ধূলিকণাহীন পরিবেশ যাকে বলা হয় ক্লিনরুম। অতিপারমাণবিক ফোটোলিথোগ্রাফি মেশিনের সামান্যতম কম্পনও বিলিয়ন ডলারের সিলিকন ওয়েফার মুহূর্তের মধ্যে নষ্ট করে দিতে পারে।

তবে নিরাশায় ডুবে থাকাই গল্পের শেষ নয়; বরং অন্ধকারের বুক চিরে আলো ফোটার এক নতুন উপাখ্যান নীরবে রচিত হচ্ছে এই বাংলাতেই। সিলিকন ম্যানুফ্যাকচারিং বা ভারী কারখানা না থাকলেও চিপের মূল মস্তিষ্ক বা নকশা তৈরির যে জগৎ, যাকে বলা হয় 'ফেবলেস ডিজাইন' সেখানে বাংলাদেশ তৈরি করছে নিজের স্বকীয় পরিচয়। বিগত দুই দশকে দেশে কিছু সাহসী ও স্বপ্নদ্রষ্টা মানুষের হাত ধরে শুরু হয়েছে আইসি ডিজাইন ও ভিএলএসআই ভিত্তিক কার্যক্রম। উল্কাসেমি, নিউরাল সেমিকন্ডাক্টর এবং প্রাইমসিলিকনের মতো প্রতিষ্ঠানগুলো দেশের ভেতরে বসেই বিশ্বমানের সিলিকন ভ্যালি গ্রাহকদের চিপ ডিজাইনিং, আরটিএল কোডিং এবং ভেরিফিকেশনের সার্ভিস সফলতার সাথে প্রদান করছে। বুয়েট ও অন্যান্য প্রকৌশল বিদ্যাপীঠ থেকে বের হওয়া তরুণ প্রকৌশলীরা দেশে বসেই এখন জটিল সব অ্যাডভান্সড চিপের সার্কিট লেআউট আঁকছে। ফ্যাব্রিকেশনের জটিলতা ছাড়াই কেবল মেধা ও বিশেষ সফটওয়্যার টুলস ব্যবহার করে যে বৈশ্বিক কোটি কোটি ডলারের সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রিতে অবদান রাখা যায়, তার বাস্তব প্রমাণ এই কোম্পানিগুলো।

বাংলাদেশের সত্যিকারের অর্জনের পথ লুকিয়ে আছে এই মেধাভিত্তিক 'ফেবলেস' ইকোসিস্টেম এবং চিপ তৈরির পরবর্তী ধাপ অর্থাৎ অ্যাসেম্বলি, টেস্টিং অ্যান্ড প্যাকেজিং এর মাঝে। তাইওয়ান কিংবা দক্ষিণ কোরিয়াকে সরাসরি অনুসরণ না করে আমাদের চোখ রাখতে হবে ভারত, ভিয়েতনাম কিংবা মালয়েশিয়ার সাফল্যের মডেলে। বিদেশে ওয়েফার প্রসেসিং সম্পন্ন হলেও সেই চিপ কেটে, পরীক্ষা করে চূড়ান্ত রূপ দেওয়ার বিশাল শ্রমঘন ও আধুনিক ব্যাক-এন্ড শিল্পের জন্য বাংলাদেশ হতে পারে এশিয়ার আদর্শ কেন্দ্রস্থল। আর এই রূপান্তরের সবচেয়ে বড় চালিকাশক্তি হতে পারে বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা প্রবাসী বাংলাদেশি সেমিকন্ডাক্টর বিজ্ঞানী ও প্রকৌশলীদের সমৃদ্ধ নেটওয়ার্ক। সিলিকন ভ্যালিতে অবস্থানরত বাংলাদেশি প্রবাসীদের অভিজ্ঞতা ও দিকনির্দেশনা এবং দেশীয় তরুণের নিখাদ মেধার মেলবন্ধন ঘটাতে পারলে এক অভাবনীয় টেকনোলজিক্যাল বিপ্লব ঘটানো সম্ভব।

এই স্বপ্নের বাতিঘর জ্বালিয়ে রাখতে এখন প্রয়োজন সরকারের সুদূরপ্রসারী জাতীয় নীতিমালা এবং শিল্প প্রতিষ্ঠানের প্রত্যক্ষ যৌথ প্রয়াস। বিশ্বমানের ইলেকট্রনিক ডিজাইন অটোমেশন টুলসের সহজলভ্যতা এবং ক্যাডেন্স বা সিনপসিসের মতো আন্তর্জাতিক মানের লাইসেন্স বিশ্ববিদ্যালয়গুলোর ল্যাবে পৌঁছে দেওয়া এখন সময়ের দাবি। একই সাথে এই উদীয়মান শিল্পকে বাঁচাতে ট্যাক্স হোলিডে ও শুল্কমুক্ত কাঁচামাল আমদানির পূর্ণ সুবিধা দেওয়া জরুরি। একসময় তৈরি পোশাক শিল্পে আমাদের তরুণদের কায়িক শ্রম বিশ্বজুড়ে বাংলাদেশের পরিচয় তুলে ধরেছিল, কিন্তু একবিংশ শতাব্দীর চতুর্থ শিল্পবিপ্লবের এই ক্ষণে আমাদের পরিচয় হতে হবে মেধা ও সিলিকন প্রযুক্তির মাধ্যমে। পলাশীর মোড়ের সেই উদীয়মান তরুণদের চোখজুড়ে থাকা আক্ষেপের মেঘ সরিয়ে, আমরা যদি তাদের হাতের মুঠোয় তুলে দিতে পারি উপযুক্ত আকাশ, তবেই তৈরি হবে আগামী দিনের স্বপ্নের "সিলিকন বাংলা", যেখানে প্রতিটি সিলিকন চিপের সূক্ষ্ম রেখায় বিশ্বমঞ্চে খোদাই করা থাকবে বাংলাদেশের নাম।



পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্যে তিন দিন

মোঃ ফারুকুল ইসলাম
রোল নং: ৪১৭, ৪৪তম বিসিএস (প্রশাসন)

ভ্রমণের সূচনা

কিছু ভ্রমণ মনের ভেতর দীর্ঘদিন ধরে লালিত কোনো স্বপ্নের মতো একদিন হঠাৎ বাস্তব হয়ে ওঠে। সুন্দরবন আমাদের কাছে তেমনই একটি স্বপ্ন ছিল। বহুদিন ধরেই ইচ্ছে ছিল, একদিন সব ব্যস্ততা পেছনে ফেলে দুজন পাশাপাশি বসে চলে যাব সুন্দরবনের গভীরে। যেখানে শহরের কোলাহল নেই, নেই গাড়ির হর্ন, নেই ব্যস্ততার তাড়া। আছে শুধু জল, বন, আকাশ আর বুনো প্রকৃতির নিজস্ব এক অনুচ্চারিত ভাষা। অবশেষে এই বছরের জানুয়ারি মাসের কনকনে ঠান্ডায় সেই অপেক্ষার অবসান হলো। ঢাকা থেকে রেলপথে জাহানাবাদ এক্সপ্রেসে করে খুলনা পৌঁছালাম। এরপর খুলনার শহরের প্রাণকেন্দ্র ৭ নম্বর ঘাট থেকে আমরা দুজন পা রাখলাম 'এমভি রিভার ক্রুজ' নামের একটি বিলাসবহুল ক্রুজশিপে। ৪৮ জন পর্যটক নিয়ে জাহাজটি যখন ধীরে ধীরে পরিচিত জনপদ ছেড়ে অচেনা জলপথের দিকে এগিয়ে চলল, মনে হলো আমরা শুধু একটি ভ্রমণে যাচ্ছি না; বরং সভ্যতার পরিচিত পৃথিবী থেকে একটু একটু করে সরে যাচ্ছি কোনো প্রাচীন রহস্যময় সবুজ সাম্রাজ্যের দিকে। সামনে তিন দিন, দুই রাত। আর অপেক্ষা করছে সুন্দরবন। ও হ্যাঁ, বলাই হয়নি। এই ভ্রমণে আমার সফরসঙ্গী হয়েছে আমার অর্ধাঙ্গিনী। বেশ খানিকটা বিরতির পর আমরা একসঙ্গে প্রকৃতির সান্নিধ্যে যাওয়ার সুযোগ পেয়েছি বৈকি!

প্রথম দিন: সবুজের দরজা পেরিয়ে (আন্ধারমানিক)

প্রথম দিনের গন্তব্য আন্ধারমানিক। ক্রুজশিপ যখন নদীর বুক চিরে এগোচ্ছিল, তখন চারপাশের দৃশ্য ধীরে ধীরে বদলে যেতে লাগল। মানুষের বসতি কমে এলো, নদী যেন আরও প্রশস্ত হলো, আর দুই তীরে গাঢ় সবুজের দেয়াল তৈরি করল সুন্দরবন। কোথাও নদী সরু হয়ে খালের মতো ঢুকে গেছে বনের বুকের ভেতর। আবার কোথাও প্রশস্ত জলরাশি আকাশকে নিজের মধ্যে ধারণ



করে আছে। পানির ওপর সূর্যের আলো ভেঙে ভেঙে পড়ছে। কখনো রুপালি, কখনো সোনালি। আমার প্রিয়তমা পাশে বসে মুগ্ধ চোখে তাকিয়ে ছিল। আমি বললাম, "কী দেখছ?" সে মৃদু হেসে বলল, "জানি না। শুধু মনে হচ্ছে, এতদিন যে সুন্দরবনের ছবি দেখেছি, আসল সুন্দরবন তার চেয়েও অনেক বেশি সুন্দর।" কথাটা শুনে আমারও মনে হলো, সত্যিই তো! ছবিতে সুন্দরবনকে দেখা যায়, কিন্তু সুন্দরবনের গন্ধ পাওয়া যায় না। জলের ওপর বাতাসের স্পর্শ অনুভব করা যায় না। গাছের পাতার ফাঁক দিয়ে হঠাৎ উড়ে যাওয়া পাখির ডানা দেখা যায় না। আর বনের নীরবতার গভীরতা কোনো ছবিতে ধরা পড়ে না। আন্ধারমানিক পৌঁছে ক্রুজশিপ থেকে নেমে আমরা ট্রেইল ধরে হাঁটতে থাকলাম। চারদিকে গোলপাতা, গেওয়া, সুন্দরীসহ নানা ধরনের ম্যানগ্রোভ উদ্ভিদের ঘন সবুজ। শ্বাসমূলগুলো কাদামাটি ভেদ করে উঠে এসেছে। মনে হচ্ছিল বন যেন মাটির বুক থেকে অসংখ্য আঙুল তুলে আমাদের স্বাগত জানাচ্ছে। কোথাও কাদার ওপর কাঁকড়ার ছোট ছোট গর্ত। কোথাও কাদায় প্রাণীর পায়ের ছাপ। দূরে কোনো অদৃশ্য পাখি ডাকছে। সুন্দরবনের এই সৌন্দর্য খুব শান্ত, কিন্তু সেই শান্তির ভেতরেই যেন একটা রহস্য লুকিয়ে আছে। মনে হচ্ছিল আমরা অতিথি। আর এই বন তার নিজের নিয়মে, নিজের ভাষায়, আমাদের দিকে তাকিয়ে আছে। সন্ধ্যায় যখন ক্রুজশিপে ফিরে এলাম, পশ্চিম আকাশে সূর্য অস্ত যাচ্ছে। নদীর পানিতে কমলা রঙের আলো ছড়িয়ে পড়েছে। দুজন পাশাপাশি দাঁড়িয়ে সেই সূর্যাস্ত দেখলাম। সেদিন উপলব্ধি করেছিলাম, কখনো কখনো একটি সূর্যাস্তও মানুষের জীবনে স্মৃতি হয়ে থাকে।

দ্বিতীয় দিন: সুন্দরবনের হৃদয়ের কাছে (কটকা থেকে দুবলার চর)

দ্বিতীয় দিন ছিল আমাদের ভ্রমণের সবচেয়ে ব্যস্ত, অথচ বিস্ময়কর দিন। কুয়াশাচ্ছন্ন ভোরে সকালের আলো ফোটার আগেই আমরা বেরিয়ে পড়লাম কটকা অভয়ারণ্যের উদ্দেশ্যে। কটকার প্রকৃতি যেন সুন্দরবনের বুনো সৌন্দর্যের এক নিখুঁত প্রতিকৃতি।



নদী, কাদা, ঘন বন আর বিস্তৃত সবুজ– সবকিছু মিলিয়ে এমন এক দৃশ্য যা দেখে মনে হয় প্রকৃতি এখানে কোনো শিল্পীর তুলিতে নয়, নিজের হাতে ছবি এঁকেছে। কটকার পথে হাঁটতে হাঁটতে হঠাৎ চোখে পড়ল অনেকগুলো হরিণ। মুহূর্তের জন্য পর্যটক দলের সবাই যেন নিঃশব্দ হয়ে গেল। একটি হরিণ আমাদের দিকে তাকিয়ে ছিল। তার চোখে কোনো ভয় নেই, আবার কৌতূহলও যেন নেই। কয়েক মুহূর্ত পর ঝোপের আড়ালে মিলিয়ে গেল। আমি আমার প্রেয়সীর দিকে তাকালাম। তার চোখে তখন শিশুর মতো আনন্দ। সে ফিসফিস করে বলল,

"দেখলে?" আমি বললাম, "দেখলাম। কিন্তু মনে হচ্ছে সুন্দরবনই বরং আমাদের দেখল।"

কটকা থেকে জামতলার দিকে যাওয়ার পথে বনের দৃশ্য আরও গভীর হতে লাগল। কোথাও গাছের শেকড় পানির ভেতর, কোথাও কাদামাটির তীরে কাঁকড়ার আনাগোনা। খালের পানিতে আকাশের প্রতিচ্ছবি। জামতলায় ওয়াচ টাওয়ারে উঠে যখন চারপাশে তাকালাম, মনে হলো সবুজের কোনো শেষ নেই। দূরে বঙ্গোপসাগরের নীলাভ বিস্তার। সামনে বন। নিচে নদী ও খাল। ওপরে বিশাল আকাশ। ভাগ্য সুপ্রসন্ন হলে এই ওয়াচ টাওয়ার থেকে বাঘমামার দেখা মেলে। যদিও আমাদের ভাগ্য সেদিন এতটা সুপ্রসন্ন হয়নি।

বিকেলের দিকে আমাদের ক্রুজশিপ এগিয়ে গেল দুবলার চরের দিকে। এখানে এসে সুন্দরবনের চেহারা যেন হঠাৎ বদলে গেল। নদীর শান্ত জলরাশির সঙ্গে যুক্ত হলো সমুদ্রের বিশালতা। বাতাসে লবণাক্ত গন্ধ। চারদিকে বিস্তৃত চর, আকাশ আর জল। দুবলার চরের শুঁটকি পল্লী ছিল আমাদের জন্য একেবারেই ভিন্ন অভিজ্ঞতা। সেখানে মানুষের জীবন আর প্রকৃতি পাশাপাশি হাঁটছে। মাছ শুকানোর দৃশ্য, জেলেদের ব্যস্ততা, চরজীবনের সরলতা– সবকিছু মিলিয়ে মনে হলো সুন্দরবন শুধু বাঘ, হরিণ আর গাছের গল্প নয়; এটি মানুষেরও গল্প। শুকনো মাছের গন্ধ বাতাসে মিশে ছিল। পাশেই সমুদ্রের গর্জন। মাথার ওপর গোধূলির আকাশ। অন্ধকার নামার সাথেই আমরা আবার ক্রুজশিপে ফিরে এলাম। রাতে জাহাজের ডেকে দাঁড়িয়ে দেখলাম চারদিকে শুধু অন্ধকার আর জল। শহরে রাত মানেই আলো। সুন্দরবনে রাত মানে আকাশ। অসংখ্য তারা মাথার ওপর। দূরে কোনো অচেনা পাখির ডাক। জাহাজের ইঞ্জিনের মৃদু শব্দ। আর পাশে আমার প্রিয় মানুষটি। সেদিন মনে হলো, জীবনের সব বিলাসিতা আসলে এই কয়েকটি মুহূর্তের কাছে খুব ছোট।

তৃতীয় দিন: ফিরে আসার আগে শেষবার (করমজল)

তৃতীয় দিন সকালে আমাদের গন্তব্য করমজল। মনের ভেতর তখন অদ্ভুত এক অনুভূতি। ভ্রমণের শেষ দিন। সামনে আবার পরিচিত পৃথিবী, পরিচিত জীবন, কাজের ব্যস্ততা। অথচ মনে হচ্ছিল এই বনের ভেতরেই মোবাইল নেটওয়ার্কের বাইরে আরও কয়েক দিন থেকে যাই। করমজলের পথে নদী ও খালের জালের ভেতর দিয়ে এগোতে এগোতে বারবার মনে হচ্ছিল সুন্দরবনকে দূর থেকে যতটা বোঝা যায়, কাছে এলে তার চেয়ে অনেক বেশি রহস্যময় মনে হয়। করমজলে হাঁটতে হাঁটতে চোখে পড়ল ম্যানগ্রোভের বিচিত্র জীবনযাপন। জোয়ার–ভাটার সঙ্গে লড়াই করে গাছগুলো কীভাবে টিকে আছে, তাদের শেকড় কীভাবে কাদার ভেতর জীবন আঁকড়ে ধরে আছে! সবকিছুই যেন প্রকৃতির এক অসাধারণ অভিযোজনের গল্প। করমজলে কুমির, নানা পাখি আর অসংখ্য বানরসহ বিভিন্ন প্রাণীর দেখা মিলল। কোথাও পানির ধারে কাদায় ছোট ছোট প্রাণীর চলার চিহ্ন। আমি হঠাৎ থেমে গেলাম। অর্ধাঙ্গিনী জিজ্ঞেস করল,

"কী হলো?" বললাম, "ভাবছি, এত বড় এই পৃথিবীতে আমরা আসলে কতটুকুই বা দেখি!" সে কিছু বলল না। শুধু পাশে এসে দাঁড়াল।

ফিরে আসা

তিন দিন দুই রাত কখন যে শেষ হয়ে গেল, বুঝতেই পারিনি। বাঘমামার সাক্ষাৎ না মেলার সুপ্ত আক্ষেপ নিয়ে ক্রুজশিপে করে যখন সুন্দরবনের সবুজ সীমানা পেছনে ফেলে আবার পরিচিত জলপথের দিকে ফিরছিলাম, তখন মনে হচ্ছিল– আমরা যেন শুধু একটি জায়গা ছেড়ে যাচ্ছি না। ফেলে যাচ্ছি এমন একটি পৃথিবী, যেখানে মানুষ প্রকৃতির মালিক নয়, বরং তার অতিথি। পেছনে তাকালে সুন্দরবনের সবুজ ধীরে ধীরে দূরে সরে যাচ্ছিল। আমার অর্ধাঙ্গিনী চুপচাপ দাঁড়িয়ে ছিল। আমি বললাম, "আবার আসবে?" সে একটু হেসে বলল,

"সুন্দরবনে?" আমি বললাম, "হ্যাঁ।" সে বলল, "একবার এসে কি সুন্দরবন শেষ হয়?" আমি কোনো উত্তর দিলাম না। সত্যিই তো! সুন্দরবন একবার দেখে শেষ করার মতো কোনো জায়গা নয়। এটি একটি অনুভূতি। এটি নদীর স্রোতের মতো। একবার হৃদয়ে ঢুকলে তার রেশ থেকে যায় অনেকদিন।

আজও চোখ বন্ধ করলে দেখতে পাই আন্ধারমানিকের নিঃশব্দ সবুজ, কটকার সেই অপলক তাকিয়ে থাকা হরিণের বিস্মিত চোখ, জামতলার বিস্তৃত দিগন্ত, দুবলার চরের লবণাক্ত হাওয়া, শুটকি পল্লীর ব্যস্ত জীবন, করমজলে আমাদের দিকে তেড়ে আসা সেই বানর, আর রাতের অন্ধকারে জেগে থাকা অসংখ্য তারা। আর সবকিছুর মাঝখানে একটি ক্রুজশিপের ডেকে পাশাপাশি দাঁড়িয়ে থাকা আমরা দুজন। সুন্দরবন আমাদের কাছে তাই কেবল একটি ভ্রমণ নয়। এটি আমাদের দুজনের বহুদিনের অপেক্ষার অবসান। একটি স্বপ্নপূরণ ও আমৃত্যু গল্প করার উপজীব্য। জীবনের ব্যস্ত দিনগুলোতে ফিরে এসে যখনই সেই জানুয়ারির কথা মনে পড়ে, মনে হয় আমাদের জীবনের সবচেয়ে সুন্দর কিছু মুহূর্ত হয়তো কোনো শহরের আলোয় নয়। বরং সুন্দরবনের কোনো অচেনা নদীর জলে, কোনো নাম না–জানা খালের ধারে, কিংবা দুজন মানুষের নীরব পাশাপাশি দাঁড়িয়ে থাকার মধ্যেই লুকিয়ে ছিল।

সুন্দরবন থেকে আমরা ফিরে এসেছিলাম ঠিকই, কিন্তু সুন্দরবন আমাদের ভেতর থেকে আর ফিরে যায়নি।



তুষার, বৃষ্টি আর আটলান্টিকের দেশে

রায়হান আতাহার
রোল নং: ১১৩৩, ৪৪তম বিসিএস (প্রশাসন)

বিদেশে গিয়ে কাজের ফাঁকে ঘোরাঘুরি করার সুযোগ পেলে কে আর বসে থাকতে চায়! ২০১৮ সালে ইউনিভার্সিটি অব লিমেরিকের একটি লিংক প্রোগ্রামের আওতায় আমার সুপারভাইজার শ্রদ্ধেয় ফাহমিদা ম্যাডামসহ চারজনের আয়ারল্যান্ডে কয়েক মাস থাকার সুযোগ হয়েছিল। কাজের ব্যস্ততা ছিল, সময়ও খুব বেশি ছিল না। তার মধ্যেই সুযোগ পেলেই বেরিয়ে পড়তাম। কখনো শহরের পথে, কখনো সমুদ্রের কিনারে, কখনো আবার পাহাড়ের পথে। তখন হয়তো ভাবিনি, কয়েক বছরের মধ্যে এই ছোট ছোট ভ্রমণগুলোই এত সুন্দর স্মৃতি হয়ে থাকবে। সেই ভ্রমণের কয়েকটি দিনের স্মৃতি আজও বেশ টাটকা। তারই কিছু গল্প বলি।

তুষারের মধ্যে ডাবলিন ভ্রমণ

মার্চ মাসের প্রথম সপ্তাহ। পুরো আয়ারল্যান্ড তখন "Beast from the East"–এর প্রভাবে তীব্র তুষারপাতের কবলে। রাস্তাঘাট বরফে ঢাকা, ঠান্ডায় বাইরে বের হওয়াই কঠিন। এমন অবস্থায় বলা যায়, অনেকটা গৃহবন্দিত্ব থেকে মুক্তি পাওয়ার জন্যই ফাহমিদা ম্যাডামসহ আমরা চারজন ডাবলিন যাওয়ার পরিকল্পনা করলাম।

ট্যুরের পরিকল্পনা চলল আগের দিন রাত একটা পর্যন্ত। ভোর পৌনে সাতটায় লিমেরিক থেকে ডাবলিনের উদ্দেশ্যে রওনা হলাম। বাসে যেতে সময় লাগে প্রায় আড়াই ঘণ্টা। পুরো বাসযাত্রায় জানালার বাইরে তাকিয়ে শুধু বরফই দেখলাম। রাস্তা গাড়ি চলাচলের উপযোগী করে যতটুকু পরিষ্কার করা হয়েছিল, তার বাইরে চারপাশের সবকিছু যেন সাদা চাদরে ঢাকা।

ডাবলিন পৌঁছে দেখা হলো মাকসুদ ভাইয়ের সঙ্গে। ডাবলিনে তিনি দীর্ঘদিন ধরে বসবাস করছেন। কোনো পূর্ব পরিচয় ছাড়াই একজন মানুষ অন্যের প্রতি কতটা আন্তরিক হতে পারেন, মাকসুদ ভাই তার অনন্য উদাহরণ। তিনি নিজের গাড়ি নিয়ে আমাদের জন্য অপেক্ষা করছিলেন। ফলে আমাদের কষ্ট যেমন কমল, তেমনি ভ্রমণ খরচও অনেকটা বেঁচে গেল।

প্রথমেই গেলাম গ্র্যান্ড ক্যানেলে। কয়েকশ বছরের পুরোনো এই খাল ডাবলিনের ইতিহাস ও নগরজীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। তীব্র ঠান্ডায় সেখানে দাঁড়িয়ে থাকাই কঠিন হয়ে পড়েছিল। তারপরও পানিতে ভেসে থাকা সিগাল, পানকৌড়ি আর রাজহাঁস দেখে বেশ ভালো লাগছিল।

এরপর গেলাম সেন্ট স্টিফেনস গ্রিন পার্কে। কিন্তু হতাশ হতে হলো। তুষারপাতের কারণে পার্ক বন্ধ। বাইরে থেকে দেখা যাচ্ছিল, ভেতরে কর্মীরা বরফ পরিষ্কার করছেন। ভেবেছিলাম কিছুক্ষণ পর হয়তো খুলে দেবে। শেষ পর্যন্ত আর খোলা হয়নি। পার্কের গেটের সামনে একজন লোককে কবুতর খাওয়াতে দেখলাম। ছবি তুলতে এগিয়ে যাচ্ছিলাম। মাকসুদ ভাই অবশ্য সঙ্গে সঙ্গে আমাদের থামিয়ে দিলেন। বললেন, কাছে গেলে লোকটি টাকা চাইবে!

সেন্ট স্টিফেনস গ্রিন পার্কের বিপরীতেই গ্রাফটন স্ট্রিট। ডাবলিনের অন্যতম ব্যস্ত ও জনপ্রিয় 'শপিং স্ট্রিট'। কিন্তু সেদিনের আবহাওয়া এতটাই খারাপ ছিল যে স্বাভাবিক সময়ের তুলনায় রাস্তায় মানুষজন অনেক কম। কিছুক্ষণ ঘোরাঘুরি করে ঢুকে পড়লাম সেন্ট স্টিফেনস গ্রিন শপিং সেন্টারে।



ছবি: Cliffs of Moher

স্থাপত্যের দিক থেকে জায়গাটি আমার বেশ ভালো লেগেছিল। সেখানেই হালকা নাস্তা সেরে নিলাম। এরপর শুরু হলো আমাদের মূল ভ্রমণ।

আমাদের পরের গন্তব্য ট্রিনিটি কলেজ। আয়ারল্যান্ডের অন্যতম ঐতিহাসিক এই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত বিখ্যাত Book of Kells Library ভেতরে ঢোকার জন্য বেশ লম্বা লাইন দেখে সময়ের কথা চিন্তা করে সেদিন আর চেষ্টা করলাম না। বাইরে থেকেই ক্যাম্পাসের সৌন্দর্য উপভোগ করে চলে গেলাম ডাবলিন ক্যাসেলে।

এরপর গেলাম ঐতিহাসিক ডাবলিন ক্যাসেলে। একসময় এটি প্রশাসনিক ও রাজনৈতিক কর্মকাণ্ডের গুরুত্বপূর্ণ কেন্দ্র ছিল। বর্তমানে দর্শনার্থীদের জন্য উন্মুক্ত। ক্যাসেল ঘুরতে ঘুরতেই অবশ্য পেটের মধ্যে ডাক শুরু হয়ে গেল। ফলে ইতিহাসের চেয়ে তখন দুপুরের খাবারই বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠল। ক্যাসেলের পাশেই ছিল Chester Beatty Library। ক্ষুধার কারণে দলের কেউই সেখানে ঢুকতে খুব একটা আগ্রহী ছিল না। অনেকটা জোর করেই বললাম, অন্তত দশ মিনিটের জন্য ঢুকে দেখি। সেই দশ মিনিটই শেষ পর্যন্ত এক ঘণ্টার বেশি হয়ে গেল।

ভেতরে ঢুকে সত্যিই অবাক হয়ে গেলাম। এটি শুধু লাইব্রেরি নয়, যেন একটি ছোটখাটো জাদুঘর। বিভিন্ন প্রাচীন সভ্যতার নিদর্শন, পাণ্ডুলিপি, ধর্মীয় গ্রন্থ ও শিল্পকর্ম এত সুন্দরভাবে সংরক্ষণ করা হয়েছে যে মুগ্ধ না হয়ে উপায় নেই। মিশরীয় প্যাপিরাস থেকে শুরু করে প্রাচীন হাতে লেখা কোরআন, কী নেই এখানে। আমার পুরো ডাবলিন ভ্রমণে সবচেয়ে বেশি ভালো লেগেছিল এই জায়গাটিই। সময়ের স্বল্পতা না থাকলে আরও অনেকক্ষণ সেখানে কাটানো যেত।

এরপর অবশেষে পেটপূজোর পালা। ঢুকে পড়লাম একটি টার্কিশ কাবাবের দোকানে। গোগ্রাসে খাবার গিললাম। অনেক চেষ্টা করেও মাকসুদ ভাইকে বিল দেওয়া থেকে বিরত রাখা গেল না।

খাবার শেষে গাড়ি নিয়ে চলে গেলাম Phoenix Park–এর দিকে। তুষারের মধ্যে সেখানে বন্য হরিণ দেখতে পেলাম। এটি একটি দারুণ অভিজ্ঞতা ছিল। সাদা তুষারের ওপর দূরে দাঁড়িয়ে থাকা হরিণগুলোর দৃশ্যটা এখনো চোখে ভাসে।

দিন শেষে মাকসুদ ভাই আমাদের বাসস্ট্যান্ডে পৌঁছে দিলেন। একজন মানুষের আন্তরিকতা কীভাবে একটি পুরো ভ্রমণকে অন্যরকম করে দিতে পারে, সেদিন সেটা খুব ভালোভাবে বুঝেছিলাম।

আটলান্টিকের কিনারে Cliffs of Moher

আয়ারল্যান্ড ভ্রমণের কথা বললে যে কয়েকটি জায়গার নাম অবশ্যই বলতে হয়, Cliffs of Moher তার মধ্যে অন্যতম। কাউন্টি ক্লেয়ারে অবস্থিত এই বিশাল সমুদ্রখাড়া পাহাড়ের কিনারে দাঁড়ালে একদিকে বিশাল আটলান্টিক মহাসাগর, অন্যদিকে শত শত ফুট উঁচু পাথুরে দেয়াল। সমুদ্রের দিকে তাকিয়ে কিছুক্ষণ দাঁড়িয়ে থাকলে নিজের ক্ষুদ্রতাটা খুব সহজেই উপলব্ধি করা যায়। পাহাড়ের কিনার ধরে হাঁটার অভিজ্ঞতাটাও অসাধারণ। বাতাস এত প্রবল যে মাঝে মাঝে মনে হয়, প্রকৃতি যেন আপনাকে নিজের শক্তির কথা



মনে করিয়ে দিচ্ছে।

Cliffs of Moher শুধু প্রকৃতিপ্রেমীদের জন্য নয়, সিনেমাপ্রেমীদের কাছেও পরিচিত। Harry Potter and the Half–Blood Prince এবং Leap Yearসহ বিভিন্ন চলচ্চিত্রের দৃশ্য ধারণ করা হয়েছে এখানে। O'Brien's Tower, visitor centre এবং Atlantic Edge exhibition জায়গাটির অভিজ্ঞতাকে আরও সমৃদ্ধ করেছে।

গলওয়ে গার্লের শহরে

এড শিরানের Galway Girl গানটির কথা হয়তো অনেকেই জানেন। গানটির সূত্র ধরেই গলওয়ে নামটি আমার কাছে আরও পরিচিত হয়ে উঠেছিল। সেই গলওয়ে শহরেই একদিন যাওয়ার সুযোগ হলো।

লিমেরিক থেকে ভোরে বাসে করে রওনা হলাম। গলওয়ে পৌঁছে প্রথমেই শহরটি হাঁটতে হাঁটতে দেখতে শুরু করলাম। সেদিনও আবহাওয়া খুব একটা ভালো ছিল না। বৃষ্টি আর ঠান্ডায় বেশ কাবু হওয়ার অবস্থা। রাস্তায় মানুষও খুব একটা ছিল না। তবে শহরের ছোট ছোট গলি, সারি সারি দোকান আর ফুল দিয়ে সাজানো বাড়িঘরগুলো বেশ ভালো লাগছিল।


শহর ঘোরার পর বাসে করে চলে গেলাম Salthill। সামনে আটলান্টিক মহাসাগর। সমুদ্রসৈকতে দাঁড়িয়ে ঠান্ডা বাতাস যখন শরীরে এসে লাগছিল, তখন বুঝতে পারছিলাম কেন এই অঞ্চলের আবহাওয়া এতটা কঠিন। তারপরও সৈকত ধরে বেশ কিছুটা হাঁটলাম। অবাক করার মতো ব্যাপার হলো, এত ঠান্ডার মধ্যেও কয়েকজনকে সমুদ্রের পানিতে নেমে আনন্দ করতে দেখলাম।

এরপর আবার শহরে ফিরে এলাম। এবার গন্তব্য Galway City Museum। আয়ারল্যান্ডের শহরগুলোতে ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণের যে প্রবল আগ্রহ দেখেছি, তার আরেকটি উদাহরণ এই মিউজিয়াম। পুরোনো দিনের নানা নিদর্শন, স্থানীয় ইতিহাস ও সংস্কৃতির উপকরণ সবকিছুই বেশ যত্নের সঙ্গে রাখা হয়েছে।

মিউজিয়াম থেকে বের হতে হতে দুপুর গড়িয়ে গেছে। ভাতের ব্যবস্থা না থাকায় ফল, কেক আর কফি দিয়ে কোনো রকমে লাঞ্চ সারলাম। বাইরে তখন বৃষ্টি আরও বেড়েছে। ওয়াটারপ্রুফ জ্যাকেটের ওপর ভরসা করে আবার হাঁটা শুরু করলাম। একটার পর একটা পার্ক, ব্রিজ, চার্চ, পুরোনো বাড়ি সবকিছুই যেন ছবির মতো। বাসে করেও শহর দেখা যেত। কিন্তু সেক্ষেত্রে শহরের ছোট ছোট সৌন্দর্যগুলো হয়তো চোখ এড়িয়ে যেত। তাই যতটা সম্ভব হেঁটেই ঘুরলাম।


সন্ধ্যার একটু আগে যখন ফেরার বাস ধরলাম, শরীর ক্লান্ত ছিল। কিন্তু মনে হচ্ছিল, সারাদিন হাঁটার কষ্টটা সার্থক হয়েছে।

সেবার আয়ারল্যান্ডে থাকাকালীন কাজের ফাঁকে ফাঁকে কর্ক, ব্যারেন আইল্যান্ড, লফ গুর (Lough Gur), ইউনিভার্সিটি অব লিমেরিকের বিশাল ক্যাম্পাসসহ আরও বেশ কিছু জায়গা ঘুরে দেখার সুযোগ হয়েছিল। কিন্তু আজ এত বছর পর পেছনে ফিরে তাকালে আশ্চর্য লাগে, জায়গাগুলোর চেয়ে বেশি মনে পড়ে সেখানকার ছোট ছোট মুহূর্তগুলো। তুষারের মধ্যে ডাবলিনের রাস্তায় হাঁটা, Chester Beatty Library–তে দশ মিনিটের জন্য ঢুকে এক ঘণ্টা কাটিয়ে দেওয়া, গলওয়ের বৃষ্টিতে হাঁটা, Salthill–এর কনকনে ঠান্ডা বাতাস, The Burren–এর পাথুরে ভূমি কিংবা Cliffs of Moher–এর সামনে দাঁড়িয়ে আটলান্টিকের বিশালত্বের দিকে তাকিয়ে থাকা, সবকিছু যেন আজও চোখের সামনে ভাসে। আয়ারল্যান্ডে তখন কাজের ফাঁকে ফাঁকেই ঘুরেছি। সময় ছিল সীমিত, আবহাওয়া সবসময় অনুকূলে ছিল না, অনেক জায়গাই হয়তো ঠিকমতো দেখা হয়নি। তারপরও কয়েকটি দিনের সেই ছোট ছোট ভ্রমণ আজও মনে হয়, যেন জীবনের একটি আলাদা অধ্যায়।



সফর

সিরাজুম মুনিরা হোসাইনী
রোল নং: ১২৩৯, ৪৪তম বিসিএস (প্রশাসন)



বাসায় তখন নানুর ওমরাহতে যাওয়ার প্রস্তুতি চলছে। ঠিক হলো সাথে যাবেন ছোটমামা আর আম্মু। বারবার ভাবছিলাম কতই না সৌভাগ্যবান তারা! শেষমুহূর্তে আম্মুর অফিসিয়াল একটু ঝামেলা হওয়ায় কিভাবে যেন সেখানে আমার যাওয়া স্থির হয়ে গেল। ঘটনাটা আমি এখনো স্পষ্ট মনে করতে পারি না। খুব তাড়াহুড়ো করে আমার পাসপোর্ট বানানো হলো, গোছগাছ করা হলো। তারপর এক ডিসেম্বরের সন্ধ্যায় সত্যি সত্যিই বিমানে চড়ে বসলাম। উদ্দেশ্য জেদ্দা এয়ারপোর্ট। পুরোটা সময়ই একটা ঘোরের মাঝে ছিলাম, যেন ঘুম ভেঙে গেলেই সব মিথ্যে হয়ে যাবে। বিশ্বাস হলো একেবারে মক্কায় পৌঁছে। সত্যিই চলে এসেছি!

অনেক রাত হয়ে যাওয়ায় আমরা কাবায় গেলাম পরদিন সকালে। সেই অধৈর্য পদযাত্রা কোনদিন ভুলব না। বিশাল চত্বর পেড়িয়ে ৭৯ নম্বর গেট দিয়ে হারামের ভেতর ঢুকলাম। মনে হচ্ছিল কাবা পর্যন্ত যেতে অনন্তকাল পার হচ্ছে। অবশেষে দূর থেকে এক কোণা দেখা গেল। কালো গিলাফে সোনালি আরবি লেখা। প্রথম কাবা দেখে দু'আ করলে তা কবুল হয় সেটা হাদিসে পড়েছি। জীবনের আটপৌরে প্রয়োজনের অনেক দু'আ তাই মাথায় সাজিয়ে নিয়েছিলাম। অথচ এমন একটি দু'আ, এমন একটি আকাঙ্ক্ষা হৃদয় চিরে বেড়িয়ে এলো, যার জন্য আমি প্রস্তুত ছিলাম না। সেদিন কাবার পাশাপাশি নিজেকেও যেন প্রথমবার দেখেছিলাম আমি।

কাবা! আমি দাঁড়িয়ে আছি বায়তুল্লাহর সামনে। পাশেই মাকামে ইব্রাহীম। সামনে সাফা–মারওয়ার অংশবিশেষ, অন্যপাশে আবু কুবাইস। মনে পড়ে যায় বহুকাল আগে ধূ ধূ মরুর বুকে শিশুপুত্রকে শুইয়ে রেখে সামান্য পানির জন্য এক ক্লান্ত মায়ের ছোটাছুটি। এখানেই জন্ম জমজম কূপের। তারপর এই জমজম আর কাবাকে ঘিরেই গড়ে উঠেছিল এক জনপদ। তারও বহুকাল পরে তাদেরই একজনকে দেয়া হলো নব্যওয়াতের শ্রেষ্ঠ মুকুট। কুরআন–হাদিস আর সীরাতে পড়া অসংখ্য ঘটনা যেন চোখের সামনে ভেসে উঠল। কত মানুষের পায়ের চিহ্ন পড়ে আছে এই চত্বরে। এখানেই আবদুল্লাহ ইবনে মাসউদ (রা) প্রকাশ্যে কুরআন তিলাওয়াত করেন প্রথমবার। কিংবা উতবার হাতে আবু বকরের (রা) নির্যাতিত হওয়ার নির্মম ঘটনা। আচ্ছা, কোন গলি ধরে খোলা তরবারি হাতে মুহাম্মাদকে (সা) হত্যার উদ্দেশ্যে হেঁটে যাচ্ছিলেন ক্রোধে উন্মত্ত উমার (রা)? একই মানুষ কিছু সময় পরেই কাবার প্রাঙ্গনে ফিরলেন বদলে যাওয়া হৃদয় নিয়ে, ইসলামের শক্তিশালী স্তম্ভ হয়ে, হাতে সেই একই তরবারি। মিরাজের আনন্দযাত্রার সূচনাও তো এই মসজিদুল হারাম থেকেই। এত ঘটনা এক মুহূর্তে চোখের সামনে ভেসে উঠল যে সবগুলো বলতে গেলে লেখার কলেবর অনেক বেড়ে যাবে। শুধু বলতে পারি, আমার জীবনে এত সুন্দর মুহূর্ত এর আগে আর কখনো আসেনি।

মক্কায় গিয়ে সবচেয়ে বেশি যেই আফসোসটুকু হলো তা আরবি না জানার কারণে। প্রথমদিন ঈশার নামাজ পড়তে গিয়ে চমকে উঠলাম, ইমাম হলেন স্বয়ং আব্দুর রহমান আল সুদাইস, যাঁর তিলাওয়াত মন্ত্রমুগ্ধের মতো প্রায়ই শুনি। কোন সূরা থেকে তিলাওয়াত করছেন বুঝতে পারিনি, আশেপাশের আরবি জানা লোকেরা কাঁদতে শুরু করল। নিজেকে তখন একই সাথে অন্ধ আর বধির মনে হচ্ছিল। হারামের চত্বরে পরিচয় হলো বিভিন্ন



দেশের মুসলিমদের সাথে, বিশেষভাবে মনে পড়ে মিশর আর উজবেকিস্তানের কয়েকজনের কথা। আমি আরবি জানি না, তারা ইংরেজি জানে না, কিন্তু ভাষার এই দূরত্ব আন্তরিকতায় প্রভাব ফেলতে পারেনি। পাকিস্তানের এক অল্পবয়সী মেয়ের সাথে পরিচয় হলো যার পরিবার গত ২৫ বছর ধরে মক্কায় আছে। আমার নানিকে দেখে তার নিজের দাদির কথা মনে পড়ল। যিনি পাকিস্তানে থাকেন, বহু বছর তাদের দেখা হয় না। সম্পূর্ণ কথা না বুঝলেও তার হাহাকার অনুভব করা গেল। আমরা যতই কাঁটাতারের বেড়া দিয়ে দেশের সীমানা ভাগ করি, প্রিয়জনের জন্য গভীর বেদনার ভাষা সব মানুষের এক রকম।

মক্কায় ৭ দিনের সফর শেষে মদিনার উদ্দেশ্যে বাস যাত্রা শুরু করলাম। বারবার শুধু একটা প্রশ্নই মাথায় ঘুরপাক খাচ্ছিল, আর কি ফেরার সৌভাগ্য হবে? এই কালো ঘরের অদ্ভুত মায়া কাউকে বোঝানো সম্ভব না। মদিনায় হিজরতের সময়ে রাসুলুল্লাহর (সা) মনোভাব কিছুটা অনুধাবন করা গেল। যাত্রাপথের মসৃণ রাস্তা, উন্নত এসি বাস, দুইপাশে রুক্ষ পাহাড়, অবারিত ধূসর নির্জন প্রান্তর – সবকিছু যেন মনে করিয়ে দিচ্ছিল আলির (রা) কেবল পায়ে হেঁটে মদিনা যাত্রা, কুবায় রাসুলুল্লাহর (সা) সাথে সাক্ষাৎ করা। মক্কার রুক্ষতা মদিনায় নেই, বরং দারুণ স্নিগ্ধ এক পরিবেশ। আমরা পৌঁছানোর কিছুক্ষণ পরেই ঝমঝম করে বৃষ্টি নামল। একেবারে খাঁটি বাংলাদেশি বৃষ্টি। করুণাময়ের রহমতের ধারা পরিবেশ আর হৃদয় দুটোকেই শীতল করে দিলো। সেখানে রাসুলুল্লাহর (সা) প্রথম আগমনে মদিনাবাসীর আবেগ উচ্ছ্বাস স্মরণ করছিলাম। মনে হলো শুনতে পারছি সেই আবেগী নাশিদ, 'তালা'আল বাদরু আলাইনা' – দখিনের পাহাড় হতে আমাদের উপর যেন পূর্ণচন্দ্র নেমে এলো।

মসজিদে নববীতে প্রথমদিন প্রবেশ করতেই কেমন এক কাঁপন ধরানো অনুভূতি হলো। রওজার ছবি দেখেছি অনেক, বাস্তবে দেখে চোখ ভিজে গেল। আবার নামাজ শেষে বাম দিকে সালাম ফেরাতেই যখন রওজা চোখে পড়ল, এক মুহূর্তে মনে হলো জীবনের সব পাওয়া মিটে গেছে, আর কিছুই বাকি নেই। মক্কার মতই চোখের সামনে হেঁটে বেড়াল ইতিহাস। মদিনার অধিকাংশ ঘটনা পড়া হয়েছে অজস্রবার। হয়ত তাই মনে হচ্ছিল এই আকাশ–আলো–বাতাস আমার খুব চেনা, অপরিচিত রাস্তাগুলোতেও যেন হেঁটেছি কখনো। বদর থেকে তাবুক, সব যুদ্ধের কঠিন সিদ্ধান্ত এখানেই হয়েছে, নবীজীর (সা) রক্ত–ঘামে ভিজেছে এই মাটি। কেবল নবী হওয়ার প্রবল ভার বহন করতে গিয়ে আর কোনদিন ফেরা হলো না প্রিয় মক্কায়। খুলাফায়ে রাশেদিন, কত সাহাবায়ে কেরাম আর তাবেঈনদের স্মৃতি বয়ে চলেছে এ শহর। একই

> কাবা! আমি দাঁড়িয়ে আছি বায়তুল্লাহর সামনে। পাশেই মাকামে ইব্রাহীম। সামনে সাফা–মারওয়ার অংশবিশেষ, অন্যপাশে আবু কুবাইস। মনে পড়ে যায় বহুকাল আগে ধূ ধূ মরুর বুকে শিশুপুত্রকে শুইয়ে রেখে সামান্য পানির জন্য এক ক্লান্ত মায়ের ছোটাছুটি। এখানেই জন্ম জমজম কূপের। তারপর এই জমজম আর কাবাকে ঘিরেই গড়ে উঠেছিল এক জনপদ। তারও বহুকাল পরে তাদেরই একজনকে দেয়া হলো নব্যুওয়াতের শ্রেষ্ঠ মুকুট। কুরআন–হাদিস আর সীরাতে পড়া অসংখ্য ঘটনা যেন চোখের সামনে ভেসে উঠল। কত মানুষের পায়ের চিহ্ন পড়ে আছে এই চত্বরে। এখানেই আবদুল্লাহ ইবনে মাসউদ (রা) প্রকাশ্যে কুরআন তিলাওয়াত করেন প্রথমবার। কিংবা উতবার হাতে আবু বকরের (রা) নির্যাতিত হওয়ার নির্মম ঘটনা। আচ্ছা, কোন গলি ধরে খোলা তরবারি হাতে মুহাম্মাদকে (সা) হত্যার উদ্দেশ্যে হেঁটে যাচ্ছিলেন ক্রোধে উন্মত্ত উমার (রা)? একই মানুষ কিছু সময় পরেই কাবার প্রাঙ্গনে ফিরলেন বদলে যাওয়া হৃদয় নিয়ে, ইসলামের শক্তিশালী স্তম্ভ হয়ে, হাতে সেই একই তরবারি। মিরাজের আনন্দযাত্রার সূচনাও তো এই মসজিদুল হারাম থেকেই। এত ঘটনা এক মুহূর্তে চোখের সামনে ভেসে উঠল যে সবগুলো বলতে গেলে লেখার কলেবর অনেক বেড়ে যাবে। শুধু বলতে পারি, আমার জীবনে এত সুন্দর মুহূর্ত এর আগে আর কখনো আসেনি।



শহরে পা রেখেছি আমরাও, এই সৌভাগ্য কিভাবে বর্ণনা করব জানি না।

আমাদের সফরের কিছু অপূর্ণতাও রয়ে গেছে। বদর প্রান্তর আর তায়েফ শহর দেখার ইচ্ছা ছিল কিন্তু শেষ মুহূর্তে আর সম্ভব হয়নি। জেদ্দা থেকে লোহিত সাগর কাছে সেটা কেবল শুনেছি, দেখার সুযোগ হয়নি। মুসা (আ) এর স্মৃতি বিজড়িত এই সাগর একবার চোখে দেখার বাসনা রয়েই গেল। আবার প্রাণভরে ঠান্ডা জমজম খেতে গিয়ে শেষদিকে গলা ভেঙে গেল। কথা বলতে পারি না, কিছু খেতে পারি না, দেশে ফিরেও দীর্ঘদিন ভুগতে হয়েছে। আমি তখন শিক্ষকতা করি, কথাই আমার কাজ। সে সময় কষ্ট হলেও এখন মনে পড়লে হাসি পায়, কী বোকামিটাই না করেছিলাম জমজম খেতে গিয়ে। আনন্দ বেদনার সেই সফর শেষ করে দেশে ফিরলাম দুই সপ্তাহ পর।

প্রায় ১৪০০ বছর আগে, মক্কা মদিনার অলিগলিতে ইসলামের সৌরভ ছড়িয়েছেন এক মহামানব, যিনি রাহমাতুল্লিল আলামিন, জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত যাঁর চেতনা জুড়ে ছিল উম্মতের ভাবনা। সেই পথ ধরে হেঁটে আসার শান্তি, সেই বাতাসে নিঃশ্বাস নেয়ার তৃপ্তি অবর্ণনীয়। দেশে ফেরার পরও দীর্ঘদিন মনে হতো, কী ফেলে এলাম, আসলে জীবনের উদ্দেশ্য কী? ওমরাহর পুরো সময়টায় আত্মোপলব্ধি বেড়েছে, জীবনকে নতুন করে ভাবতে শিখেছি। এখনো প্রতি মুহূর্তেই নানান ভুলভ্রান্তি হয়, পাপ–পঙ্কিলতা থেকে মুক্ত হতে পারিনি, তবুও দিনশেষে জীবনের হিসেব কষতে বসার যে তাড়না, সিরাতুল মুস্তাকিমে চলতে চাওয়ার যে ব্যাকুলতা সেটা প্রবলভাবে তৈরি হয়েছে ওমরাহ করার পর থেকে। এই সফর তাই আমার জীবনের সত্যিকার শিক্ষাসফর। এমন পরম সৌভাগ্য প্রতিটি মুসলিমের নসীব হোক।



পাহাড় আর ঐতিহ্যের মিতালী: কলকাতা থেকে দার্জিলিং

হাবিবুর রহমান মনি
রোল নং: ১০৪১, ৪৪তম বিসিএস (প্রশাসন)

যান্ত্রিক জীবনের ব্যস্ততা ও একঘেয়েমি থেকে একটু মুক্তি পেতে ভ্রমণের চেয়ে দারুণ কিছু আর হতে পারে কী! বিশ্ববিদ্যালয় জীবনের শুরু থেকেই সুযোগ পেলেই দেশের বিভিন্ন প্রান্তরে ঘুরতে যেতাম। বিশ্ববিদ্যালয় জীবন শেষ হওয়ার আগেই দেখি দেশের প্রায় সব বিখ্যাত পর্যটন স্পটগুলো ঘুরে ফেলেছি। তখন থেকেই মনে মনে একটা ইচ্ছা ছিলো বিদেশ ভ্রমণের। প্রথম চাকুরিতে যোগদান করি খুলনাতে। শুনলাম, খুলনা থেকে যশোর হয়ে বেশ কাছেই কলকাতা শহর। পুরোনো সেই বিদেশ ভ্রমণের বাসনা জেগে উঠলো। ভিসার আবেদন করলাম খুলনাতেই। ভিসা পেয়েও গেলাম দিন দশেকের মধ্যেই।

২০২৩ সালের জুন মাসের এক স্নিগ্ধ সকালে ইট–কাঠের খাঁচা পেছনে ফেলে আমাদের গন্তব্য ছিল বৈচিত্র্যে ভরা প্রতিবেশী দেশ ভারতের পশ্চিমবঙ্গ। উদ্দেশ্য—ঐতিহ্যের নগরী কলকাতা এবং মেঘের দেশ দার্জিলিং ঘুরে দেখা।

কলকাতা পর্ব

আমাদের এক সপ্তাহব্যাপী সফরের প্রথম ধাপ ছিল 'সিটি অফ জয়' খ্যাত কলকাতা ভ্রমণ। জুনের আর্দ্র আবহাওয়া সত্ত্বেও শহরের এক অদ্ভুত মায়াবী টান আমাদের ক্লান্তি ভুলিয়ে দেয়। হাওড়া ব্রিজের ওপর দাঁড়িয়ে হুগলি নদীর বয়ে চলা দেখা কিংবা ভিক্টোরিয়া মেমোরিয়ালের স্থাপত্যে ইতিহাসের আলো–ছায়া প্রত্যক্ষ করা—সবকিছুতেই যেন এক প্রাচীন আভিজাত্যের স্পর্শ।

মান্না দের বিখ্যাত সেই গান—'কফি হাউজের সেই আড্ডাটা আজ আর নেই' খ্যাত কলকাতার কলেজ স্ট্রিটের ঐতিহাসিক 'ইন্ডিয়ান কফি হাউজ – আলবার্ট হল' এ বসেছিলাম এক বিকেলে। ধোঁয়া ওঠা কফির কাপে চুমুক দিতে দিতে মনের অজান্তেই ভেসে উঠছিল জীবনের ফেলে আসা অজস্র পুরোনো দিনের স্মৃতি। কফি হাউজের সেই কোলাহলপূর্ণ পরিবেশের মধ্যেও ছিল এক দারুণ নস্টালজিয়া।

একদিন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত জোড়াসাঁকোর ঠাকুরবাড়ি ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় দেখতে গিয়েছিলাম। কবিগুরুর জন্ম ও প্রয়াণের স্মৃতিধন্য সেই প্রাঙ্গণ ও কক্ষগুলো ঘুরে ঘুরে তাঁর ব্যবহৃত নানা জিনিসপত্র দেখছিলাম, আর পুরো বাড়িময় মৃদু সাউন্ড সিস্টেমে ব্যাকগ্রাউন্ডে ভেসে চলছিল রবীন্দ্রসঙ্গীত।



সেই সুর আর ঐতিহ্যের মিশেলে এক অন্যরকম মোহময় পরিবেশের সৃষ্টি হয়েছিল। সত্যি বলতে, আগে কখনও সেভাবে রবীন্দ্রসঙ্গীত শোনা না হলেও, ঠাকুরবাড়ির সেই বিশেষ মুহূর্তে আমিও রবীন্দ্রসঙ্গীতের এক অনুরাগী ভক্তে পরিণত হই।

কলকাতার ধর্মীয় ও ঐতিহাসিক স্থাপত্যের মহিমা দেখতে পেলাম শহরের বিখ্যাত সেন্ট পলস ক্যাথেড্রাল চার্চে। গোথিক স্থাপত্য শৈলীর এই প্রকাণ্ড গির্জার ভেতরে পা রাখতেই এক অদ্ভুত অলৌকিক নীরবতা আর গাম্ভীর্য আমাদের ঘিরে ধরেছিল। রঙিন কাঁচের জানালা দিয়ে আসা আলো আর ওপরের উঁচু গম্বুজ যেন এক ঐশ্বরিক অনুভূতির জন্ম দেয়।

বিকেলের দিকে আমরা ছুটে গিয়েছিলাম হুগলি নদীর তীরের বিখ্যাত প্রিন্সেপ ঘাটে। সূর্যাস্তের রক্তিম আলো নদীর পানিতে ছড়িয়ে পড়ার দৃশ্যটা ছিল এক কথায় অসাধারণ। নদীর বাতাস, পাড়ের ঐতিহাসিক গ্রীক স্থাপত্যের স্তম্ভগুলো আর দূরে ছোট ছোট ডিঙ্গি নৌকার ভেসে চলা—সব মিলিয়ে প্রিন্সেপ ঘাটের সেই সন্ধ্যাটা ছিল ভ্রমণের অন্যতম সেরা অনুভূতি।

কলকাতা মানেই কেবল স্থাপত্য নয়, কলকাতা মানে এক অপার রসনা–বিলাস। পার্ক স্ট্রিটের ক্যাফে আর ধর্মতলার স্ট্রিট ফুড আমাদের ভ্রমণের অভিজ্ঞতাকে আরও সমৃদ্ধ করে তুলেছিল। কলকাতার আইকনিক হলুদ ট্যাক্সিতে চেপে পুরোনো কলকাতার আঁকাবাঁকা ও ঐতিহ্যবাহী অলিগলি ঘুরে দেখার প্রতিটি মুহূর্ত আজ স্মৃতিপটে অমলিন হয়ে রইল। জীবনের এই স্বল্পদৈর্ঘ্যের সফরটি যেন শতবর্ষ পিছিয়ে অতীতের কোনো এক রূপকথার রাজ্যে নিয়ে গিয়েছিল আমাদের।

দার্জিলিং পর্ব

কলকাতা পর্ব শেষ করে আমরা যাত্রা করি উত্তরের দিকে—আমাদের কাঙ্ক্ষিত গন্তব্য দার্জিলিং এর উদ্দেশে। শিলিগুড়ি হয়ে পাহাড়ি আঁকাবাঁকা পথ ধরে যখন আমাদের গাড়ি ক্রমশ ওপরের দিকে উঠছিল, বাইরের তাপমাত্রা কমছিল, মাথা কিছুটা ঘুরছিলো আর চারপাশে দেখা মিলছিল পাইন আর পাইনের বন।

দার্জিলিং পৌঁছাতেই পাহাড়ি ঠান্ডা হাওয়া আমাদের উষ্ণ অভ্যর্থনা জানায়। পরদিন ভোর ৪টায় টাইগার হিলে সূর্যোদয় দেখার অভিজ্ঞতা ছিল এক কথায় অলৌকিক। ভোরের প্রথম আলো যখন কাঞ্চনজঙ্ঘার বরফাবৃত চূড়ায় গিয়ে পড়ল, মনে হলো যেন প্রকাণ্ড এক স্বর্ণমুকুট জ্বলজ্বল করে উঠল।

পরবর্তী দিনগুলোতে ছিল অ্যাডভেঞ্চার আর নস্টালজিয়ার মিশেল। রোপওয়ে বা ক্যাবল কারে চেপে যখন পাহাড় আর চা বাগানের ওপর দিয়ে ভেসে চলছিলাম, মনে হচ্ছিল মেঘের পথ ধরে আকাশ ছুঁতে যাচ্ছি। ঐতিহাসিক 'পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক'–এ গিয়ে অনেকগুলো বিরল পশু–পাখির বিভিন্ন প্রজাতি কাছ থেকে দেখার শিহরণটাই ছিল আলাদা। আর হেরিটেজ সেন্ট পলস স্কুল–এর সামনে দাঁড়িয়ে মনে হচ্ছিল যেন কোনো পুরনো ইংরেজি সিনেমার ফ্রেমে হেঁটে বেড়াচ্ছি।

দিনশেষে ম্যাল রোডে উদ্দেশ্যহীনভাবে হাঁটা, চা বাগানের বুক চিরে হেলেদুলে চলা ঐতিহাসিক 'টয় ট্রেন'–এর সিটি শোনানো আর কুয়াশার চাদরে ঢাকা পাহাড়ি প্রকৃতি দেখে মনে হচ্ছিল আমরা কোনো এক স্বপ্নের দেশে অবস্থান করছি। চোরিস্তার বেঞ্চে বসে ধোঁয়া ওঠা গরম দুধ–চা আর স্থানীয় মোমো খাওয়ার স্মৃতি আজও মনে রোমাঞ্চ জাগায়।

জুনের সেই সপ্তাহের দিনগুলো কীভাবে যে কেটে গেল তা টের পাইনি। কলকাতা আর দার্জিলিং—দুটি সম্পূর্ণ ভিন্ন রূপের শহর আমার হৃদয়ে এক অমলিন ছাপ রেখে গেছে। এই ভ্রমণের স্মৃতিগুলো কেবল ক্যামেরার ফ্রেমে নয়, চিরতরে জমা হয়ে আছে অনুভূতির গহীনে, যা প্রতিদিনের কর্মব্যস্ততায় জোগায় নবীন প্রেরণা।

এক কাপ চায়ের আড়ালে জীবন

রনি দেবনাথ
রোল নং: ৪৩৮, ৪১তম বিসিএস (কৃষি)



একটি পরিবারের বেঁচে থাকা যে কত কঠিন, তা সহজেই অনুমেয়। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে চা শ্রমিকদের মজুরি ও সুবিধা নিয়ে কিছু বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে পড়েছে—যেমন অনেকেই মনে করেন তাঁরা দৈনিক ৮ ঘন্টা কাজের বিনিময়ে শুধু ১৯৬.৮০ টাকাই পান এবং অন্যান্য সুবিধা থেকে সম্পূর্ণ বঞ্চিত। চা–শ্রমিকদের প্রকৃত অবস্থাটি বুঝতে শুধু মূল মজুরির দিকে তাকালে হবে না; তাঁদের কাজের ধরন, পরোক্ষ সুবিধা, চায়ের উৎপাদন খরচ এবং নিলামমূল্য—সবকিছুকে একসঙ্গে দেখতে হবে।

বাংলাদেশে চা শিল্পের পটভূমি

বাংলাদেশে চা চাষের শুরু উনিশ শতকে ব্রিটিশ ঔপনিবেশিক আমলে। চা ব্যবসায়ীদের সংগঠন Tea Traders Association of Bangladesh–এর তথ্য অনুযায়ী, ১৮৪০ সালে চট্টগ্রামে পরীক্ষামূলক চা চারা রোপণের পর ১৮৫৭ সালে সিলেটের মালনীছড়া চা–বাগানে বাণিজ্যিক উৎপাদন শুরু হয়। স্থানীয় শ্রমিকেরা এই কঠিন ও পরিশ্রমসাধ্য কাজে অনাগ্রহী হওয়ায় ব্রিটিশরা 'আড়কাঠি' বা দালালের মাধ্যমে ভারতের বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড ও অন্ধ্রপ্রদেশ থেকে সাঁওতাল, মুণ্ডা, ওরাওঁ, নায়েক, কুর্মি, মাহাতো, কল, ভূমিজ, বাউরি, তাঁতি ও গঞ্জুসহ বিভিন্ন অনগ্রসর সম্প্রদায়ের মানুষকে মিথ্যা আশ্বাসে নিয়ে আসে। ১৮৫৯ সালের Workmen's Breach of Contract Act (কুলি আইন) ব্যবহার করে তাঁদের চুক্তির নামে কার্যত আটকে রাখা হতো।



ছবিঃ বিটিআরআই, শ্রীমঙ্গল (লেখকের নিজস্ব ছবি)

লেখক ২০১৬ থেকে ২০২৩ সাল পর্যন্ত বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই)–এ কর্মরত ছিলেন এবং চা–বাগান ও চা–শ্রমিক ব্যবস্থাপনার সঙ্গে সরাসরি যুক্ত ছিলেন। এই লেখায় ব্যবহৃত বিভিন্ন তথ্যসূত্রের পাশাপাশি এর বহু পর্যবেক্ষণ সেই প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে নেওয়া।

'চা–শ্রমিক' বাংলাদেশের এক অবহেলিত জনগোষ্ঠীর নাম। ব্রিটিশ ঔপনিবেশিক আমল থেকে দীর্ঘদিন সামাজিক ও অর্থনৈতিক শোষণ–নিপীড়নের শিকার এই মানুষগুলোর অনেকেই আজও দারিদ্র্য, অনিশ্চয়তা ও সীমিত সুযোগের মধ্যে জীবন কাটান। বর্তমান বাজারদরের বাস্তবতায় দৈনিক ১৯৬.৮০ টাকা মজুরিতে

স্বাধীনতার পরও তাঁরা চা–শিল্পাঞ্চলে স্থায়ীভাবে বসবাস করতে থাকেন। এশিয়ান হিউম্যান রাইটস কমিশনের ২০১১ সালের প্রতিবেদন এবং ইসলাম ও বৈশ্যের ২০১৭ সালের গবেষণায় চা–শ্রমিকদের মধ্যে প্রায় ৮০টির বেশি জাতিগত বৈচিত্র্যের কথা উঠে এসেছে।

দৈনিক মূল মজুরি, কাজের নিরিখ ও বোনাস

২০২২ সালে মজুরি বৃদ্ধির দাবিতে চা–শ্রমিকদের আন্দোলনের পর বাংলাদেশ চা সংসদ ও বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের চুক্তিতে দৈনিক মজুরি ১২০ টাকা থেকে ১৭০ টাকায় উন্নীত হয়। পরের বছর মজুরি ৫ শতাংশ বৃদ্ধির ধারায় বর্তমান মূল মজুরি দাঁড়ায় ১৯৬ টাকা ৮০ পয়সা। তবে চা–বাগানে কাজের হিসাব কেবল সময় দিয়ে হয় না; বেশিরভাগ কাজ পরিচালিত হয় 'নিরিখ' বা নির্দিষ্ট কাজের পরিমাণের ভিত্তিতে। ফলে নির্ধারিত সময়ে অতিরিক্ত কাজ করে অতিরিক্ত উপার্জনের সুযোগ থাকে।

কাজের নিরিখ: একজন শ্রমিককে দৈনিক প্রথম ২৩ কেজি চা–পাতা তুললে ১৯৬.৮০ টাকা মজুরি দেওয়া হয়। এর বেশি প্রতি কেজি পাতার জন্য মেলে ৬ টাকা বোনাস। ভরা মৌসুমে (জুন থেকে অক্টোবর) একজন নারী শ্রমিক প্রতিদিন গড়ে ৮০ থেকে ১২০ কেজি পাতা তুলতে পারেন। এতে

অতিরিক্ত ৩০০ থেকে ৬০০ টাকা পর্যন্ত আয়ের সুযোগ তৈরি হয়। কিন্তু মার্চ–এপ্রিল বা ডিসেম্বরের মতো মন্দা মৌসুমে পাতা কম থাকায় অতিরিক্ত নিরিখ থাকে না; ন্যূনতম মজুরি অবশ্য বহাল থাকে। একইভাবে ১৯৬.৮০ টাকা মজুরির বিনিময়ে লাইট প্রুনিং এর নিরিখ ১৫০টি গাছ। ৩০০টি গাছ ছাঁটাই করলে মজুরি দ্বিগুণ হয়। নার্সারিতে ৩০০টি পলিব্যাগ ভর্তি, ৭০ থেকে ১০০ লিটার বালাইনাশক স্প্রে এবং ১০০ কেজি সার প্রয়োগও নিরিখভিত্তিক কাজের উদাহরণ। লেখকের ২০১৬–২০২৩ সালের মাঠ–অভিজ্ঞতায় দেখা গেছে, বেশিরভাগ কাজ নিরিখে হলেও কিছু কাজের ক্ষেত্রে একই মজুরিতে আট ঘণ্টা শ্রম দিতে হয়।

ছুটি ও বোনাস: চা–বাগানের রেজিস্টার্ড শ্রমিকেরা বছরে ৫৫ দিনের মজুরির সমপরিমাণ উৎসব বোনাস পান। বাংলাদেশ চা সংসদ ও বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের ২০২৬ সালের তথ্য অনুযায়ী, সপ্তাহে পাঁচ দিন উপস্থিত থাকলে রবিবার বেতনসহ সাপ্তাহিক ছুটি মেলে। মজুরিসহ ১৪ দিন উৎসব ছুটি, ২০ দিন অসুস্থতাজনিত ছুটি এবং ১২ দিন অর্জিত ছুটির ব্যবস্থাও রয়েছে।

মৌলিক অধিকারের সুরক্ষা ও পরোক্ষ সুবিধাদি

বাংলাদেশ চা সংসদের দাবি অনুযায়ী, মূল মজুরির বাইরে রেশন, আবাসন ও চিকিৎসাসহ অন্যান্য সুবিধা মিলিয়ে একজন শ্রমিকের পেছনে মালিকপক্ষ প্রতিদিন গড়ে ৪৫০ থেকে ৫০০ টাকা ব্যয় করে। লেখকের বিটিআরআইয়ে কর্মকালীন অভিজ্ঞতা এবং ২৩ আগস্ট ২০২৬ তারিখে শ্রীমঙ্গলের কাকিয়াছড়া চা–বাগানে বসবাসরত শ্রমিক ভীমা বৈদ্য ও স্বপন নায়েকের সঙ্গে সরাসরি আলাপ থেকে রেশন, আবাসন, চিকিৎসা ও অবসরোত্তর সুবিধা সম্পর্কে যে চিত্র পাওয়া যায়, তা হলো—

রেশন সুবিধা: রেজিস্টার্ড শ্রমিকেরা প্রতি সপ্তাহে ২ টাকা কেজি দরে আটা পান। মূল শ্রমিকের জন্য বরাদ্দ ৩.২৭০ কেজি, পোষ্য স্ত্রীর জন্য ২.৪৪৫ কেজি এবং অনধিক দুই সন্তানের জন্য বয়সভেদে ২.৪৪৫ কেজি ও ১.২২৫ কেজি আটা দেওয়া হয়।

আবাসন ও চিকিৎসা: বাগানে বিনামূল্যে আবাসন এবং চিকিৎসার ব্যবস্থা রয়েছে। তবে শ্রমিকদের অভিযোগ, ঘরবাড়ি সময়মতো মেরামত করা হয় না; সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থাও খুবই নাজুক। চিকিৎসা পাওয়ার ক্ষেত্রেও মাঝেমধ্যে অসন্তোষ দেখা যায়।

অবসরোত্তর সুরক্ষা: আমৃত্যু সাপ্তাহিক ২৮০ থেকে ৩৪০ টাকা অবসর ভাতা, ভবিষ্যৎ তহবিল এবং অবসরের পর পরিবারের একজন সদস্যের চাকরি পাওয়ার সুযোগ রয়েছে।

তবে বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের ২০২৩ সালের এবং সেন্টার ফর পলিসি ডায়ালগের ২০২৪ সালের মূল্যায়ন দেখিয়েছে, সব শ্রমিক এসব সুবিধা সমানভাবে পান না। শিক্ষা, বিনোদন, পুষ্টি ও স্বাস্থ্যসচেতনতার মতো মৌলিক সুযোগ থেকে তাঁরা বঞ্চিত। অস্থায়ী শ্রমিকেরা সাধারণত ছুটি, বোনাস, রেশন, আবাসন, চিকিৎসা ও অবসরোত্তর সুবিধা থেকে বাদ পড়ে যান।

সংকটের মূল কারণ ও চায়ের অর্থনীতি

চা–শ্রমিকদের সংকটের পেছনে ঐতিহাসিক প্রাতিষ্ঠানিক শোষণ ও ভূমির অধিকারহীনতা যেমন দায়ী, তেমনি স্বল্প আয়, শিক্ষার অভাব ও অসচেতনতাও গুরুত্বপূর্ণ কারণ। অন্যদিকে খুচরা বাজারের দামের ওপর বাগানমালিকদের লাভ সরাসরি নির্ভর করে না; তাঁদের আয় নির্ভর করে নিলামে চা বিক্রির ওপর। বাংলাদেশ চা বোর্ডের সাম্প্রতিক হিসাব অনুযায়ী, ২০১৯ থেকে ২০২৫ সাল পর্যন্ত নিলামে প্রতি কেজি চায়ের গড় বিক্রয়মূল্য ছিল ২০১ টাকা। অথচ প্রতিষ্ঠানটির গবেষণা ও উন্নয়ন দপ্তরের সদস্য ও যুগ্মসচিব মোহাম্মদ মোয়াজ্জেম হোসাইনের বক্তব্য উদ্ধৃত করে The Business Standard জানিয়েছে, বর্তমানে প্রতি কেজি চা উৎপাদনে খরচ ২০০ টাকারও বেশি। অর্থাৎ নিলামমূল্য ও উৎপাদন খরচের ফারাক খুব সামান্য—যার চাপ শেষ পর্যন্ত শ্রমিক, বাগান ও শিল্প—তিন পক্ষের ওপরই পড়ে।

বাংলাদেশের চায়ের বৈশ্বিক অবস্থান ও রপ্তানির চিত্র

BBC News Bangla–এর ২০২৪ সালের এক প্রতিবেদনে বলা হয়েছে, উৎপাদনে বাংলাদেশ বিশ্বের নবম অবস্থানে থাকলেও রপ্তানিতে শীর্ষ ৫০টি দেশের মধ্যেও নেই। বাংলাদেশ চা বোর্ডের হিসাব মতে ২০০১ সালে দেশ ১২.৯২ মিলিয়ন কেজি চা রপ্তানি করেছিল (উৎপাদনের ২৫%)। ২০২৫ সালে রপ্তানি কমে দাঁড়ায় মাত্র ১.৬৪ মিলিয়ন কেজিতে (উৎপাদনের ১.৭%)।

সমস্যা নিরসন ও রপ্তানি বৃদ্ধির সম্ভাব্য পথ

চা–শিল্পকে টিকিয়ে রাখতে প্রথমেই সরকারি উদ্যোগে চায়ের বাজারদরের সঙ্গে সামঞ্জস্য রেখে শ্রমিকদের মজুরি বৃদ্ধির কার্যকর ব্যবস্থা করতে হবে। চোরাই পথে অবৈধ চা আমদানি বন্ধে সীমান্তে কঠোর পদক্ষেপ দরকার। একই সঙ্গে শ্রমিকদের প্রাপ্য সব পরোক্ষ সুবিধা শতভাগ নিশ্চিত করতে হবে। উৎপাদনে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়িয়ে খরচ কমানো, চায়ের আবাদ সম্প্রসারণ, উন্নত মানের প্রিমিয়াম চা—যেমন গ্রিন টি, অর্থোডক্স, হোয়াইট টি ও উলং টি—উৎপাদন বাড়ানো যেতে পারে। বাগানগুলোকে স্বল্প সুদে ঋণ, আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী মান নিয়ন্ত্রণ, নতুন বাজার অনুসন্ধান এবং শক্তিশালী ব্র্যান্ডিংয়ের সুযোগ দিতে হবে।

চা যদি একটি শিল্প হয়, তবে চা–শ্রমিকেরা সেই শিল্পের মূল শিল্পী। শিল্প বা শিল্পীর যেকোনো একটির পতন অন্যটির পতনও ডেকে আনবে—কারণ তারা একে অপরের পরিপূরক। চা–শ্রমিকদের বর্তমান আয় যখন ন্যূনতম জীবনধারণের জন্যও অপ্রতুল, তখন তাঁদের ভবিষ্যৎ নিরাপত্তার পাশাপাশি চা–বাগান মালিকদের লোকসান কমাতে উচ্চপর্যায়ের নীতিগত সিদ্ধান্ত ও সুনির্দিষ্ট পদক্ষেপ জরুরি। তা না হলে সম্ভাবনাময় এই শিল্পের পরিণতি একদিন পাটশিল্পের মতোই হতাশাজনক হতে পারে।

তথ্যসূত্র

- Asian Human Rights Commission. (2011). The human rights situation of tea garden workers in Bangladesh.
- BBC News Bangla. (2024, May 21). চা উৎপাদনে বিশ্বে নবম বাংলাদেশ, কিন্তু রপ্তানিতে পিছিয়ে কেন?
- Bangladesh Tea Board. (2026). Annual tea production and export report (2019–2026).
- Centre for Policy Dialogue. (2024). Socio-economic assessment of tea plantation workers in Bangladesh.
- Tea Traders Association of Bangladesh. (n.d.). A brief history of tea trade in Bangladesh.
- The Business Standard. (2026, August 25). Tea production costs cross Tk 200 per kg amid market challenges.
- ইসলাম, এম. ও. এবং বৈশ্য, এস. (২০১৭)। বাংলাদেশের চা শ্রমিক: জীবন ও জীবিকা। কথাপ্রকাশ।
- বাংলাদেশ চা সংসদ ও বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন। (২০২৬, ১০ আগস্ট)। চা শ্রমিকদের ছুটি, উৎসব বোনাস ও দ্বি–বার্ষিক চুক্তিসংক্রান্ত তথ্য।

একজন মাদার পার্টিসিপ্যান্ট বলছি

মালিহা সুলতানা
রোল নং: ৬০৮, ৪৩তম বিসিএস (প্রশাসন)



ঘড়িতে রাত দশটা। ডর্মের নিচ থেকে গিটারের অনুদৈর্ঘ্য তরঙ্গে ভেসে আসে এক ঝাঁক তরুণ–তরুণীর ননভেজ হৃদয়ের সুর। সেই সুর দোতলায় এসে বাধাপ্রাপ্ত হয় ঘুমপাড়ানি যজ্ঞে লড়াইরত দশ মাস বয়সের এক দুগ্ধমানবের বেসুরো কান্নায়।

জানালার বাইরে দেখি বেঁচে থাকার উচ্ছাস, আর জানালার ভেতরে আক্ষেপ। পর্দা সরিয়ে আকাশ দেখতে গেলে সূর্যের ওম না পাওয়ার আক্ষেপ। আরো একটা দিন সাফল্যের সাথে পার করে এক পক্ষ পরম প্রশান্তির ঘুমের আশায় গান গাইতে গাইতে ফেরে ডেরায়। আরেক পক্ষ সারাদিনের যুদ্ধ শেষে ততোধিক কঠিন যুদ্ধে নামার প্রস্তুতি নেয় রাতের আঁধারে। ছোট্ট একটা প্রাণকে কখনো বুকে, কখনো পায়ে নিয়ে এপাশ–ওপাশ করে আরো একটা রাত পার করে সকালে সময় মেনে গ্রাউন্ডে যাবার যুদ্ধ। জলাঞ্জলি দেয় নিজের নিরবিচ্ছিন্ন ঘুমের "সাবেক সম্ভাব্য" আশা।

মনের ভেতর এমন এক অনুভূতি চলছে যেটা কাগজের ভেতর লিখে বোঝানো চলে না। আমার তো কথা ছিলো হাতিশুড় ফুলের খোঁজে জং ধরা পথে হেঁটে মনের জং ঘুচানোর। অথচ নিয়ম করে রোজ ভোরে ৩ কিলো ঠিকই হেঁটে যাচ্ছি শুধু কারণ দর্শানোর চিঠিগুলো ঠেকাতে। অবিরাম বৃষ্টির ধারা দেখতে দেখতে পরীক্ষার খাতায় দিব্যি ভুল করে চলেছি আইনের ধারা। চোখ বুজলে ঠাহর করি বুকের উপর শিশুর কোমল অধর আর সদ্যজন্ম তিন জোড়া দাঁত; চোখ খুললে হঠাৎ টের পাই এসি রুমের কনকনে ঠান্ডায় সদর্পে চলছে Jurisprudence of Law নামের অশ্রুতপূর্ব দুর্বোধ্য কিছু শব্দে মুহুর্মুহু লেকচার। উর্ধ্বগামী লিফটের আলোয় উপরে উঠতে উঠতে আমি ভাবি কিভাবে এতো অধঃপতন হয়ে দিন দিন



নিচে অন্ধকারে নামছি? কেন আমি দুপাতা স্লাইড পড়লেই চার পাতার বিরহের গান লিখতে বসি? অতিথি বক্তা মুক্তমঞ্চে প্রশ্ন ছুড়ে দিলে আমি কেন অন্য সবার মতো ঠোঁটস্থ প্রত্যুত্তর না দিতে পেরে তাঁর গলার মুক্তোর দিকে কেবল ড্যাবড্যাব করে তাকিয়ে থাকি? আমি কেন ছোটবেলার আমিটার মতো ভাঙা হাত নিয়েও হাতের লেখায় প্রথম হতে এখন আর পারি না? পরীক্ষা শেষে সবাই যখন হিসেব করে কত ছেড়েছে, তখন কিছু না ছেড়েও আমার কেন মনে হয় ছেড়ে যাওয়ার হিসেবে আমি সবাইকে ছাড়িয়ে গেছি?

যেখানে আলো খুঁজি সেখানে গেলে এখন নিজেরই দেয়াশলাই নিয়ে যেতে হয়। হারা শশীর হারা হাসি ভাব–সম্প্রসারণের ফর্মুলা মেনে এই অন্ধকারে ফিরে আসে না। আড্ডার সেলফিতে হঠাৎ জুম করে নিজের মুখটা দেখলে মনে হয় 'আমি তপু'। লাস্ট বেঞ্চে বসা রুটির ভিতরে চিনি পুরে খাওয়া একসময়ের সেই দুর্দান্ত মেধাবী ছাত্রটা, যে সবার সম্মুখেই ধীরে ধীরে সবার থেকে পিছিয়ে পড়ে। হরিন্দ্র আর আশু বাবুদের ঘণ্টা বাজিয়ে কমলের মতো হেসেখেলে তুখোড় আসর জমাতেও আমি আর আগের মতো পারি না। রিপোর্ট, প্রেজেন্টেশন, ডে–কেয়ার, ট্রেনিং – এই গুটিকয়েক শব্দ এবং এদের গুণিতক বা গুণনীয়কেই আমার নিত্যদিনের আড্ডার রসদ সীমাবদ্ধ। একটু সুন্দর করে সাজতে গেলে মনে পড়ে পরম শ্রদ্ধেয় ঈশপের কথা। তিনি স্মরণ করিয়ে দেন যে ময়ূরের পুচ্ছ লাগালেই কাক ময়ূর হয় না। তাই প্রসাধনেরও আর সাধন হয় না। নোটপ্যাড খুলে লিখতে গেলে মনে হয় মাথার ঘিলুটা পাথরের টুকরোর মতন ডুবে গেছে আমাদের গ্রামের পুকুরে বছর তিনেক আগে কাক–ডাকা গ্রীষ্মের দুপুরে।




পেছন থেকে সবাই দেখে হালকা ধূসর শাড়িতে আমি সামনের সারিতে বসে আছি, বাস্তবে আমি সামনের সারিতে বসে আঙুলে গুনছি কতটা ধূসর দিন পিছনে ফেলে আসলে এই সারিতেই আর থাকতে হবে না। নিজেকে পোকেমন–পোকেমন লাগে, পোকেবল এর ভেতর গুমরে আটকে আছি। কেউ চিৎকার করে বলে না "মালিহা, আই চুজ ইউ"। তাই আমিও গোলকের বাইরে এসে দুনিয়া দেখতে পারি না বোধহয়।



দুই আকাশের নিচে, স্মৃতির দুই ঠিকানা

মোঃ নাঈম আকবর প্রসূন
রোল নং: ১১৩০, ৪৪তম বিসিএস (প্রশাসন)



কিছু পথচলা গন্তব্যের চেয়েও বেশি কিছু দিয়ে যায়; কিছু যাত্রা শেষ হয়ে গেলেও তার রেশ থেকে যায় বহুদিন। অচেনা শহরের পথ, অপরিচিত মানুষের আন্তরিকতা, নতুন সংস্কৃতির বিস্ময় আর নিজের ভেতরে জন্ম নেওয়া কিছু অনুভূতি মিলেমিশে তখন একটি নিছক সফরকে পরিণত করে স্মৃতির এক দীর্ঘ অধ্যায়ে। সরকারি প্রশিক্ষণের সুবাদে রাশিয়া ও অস্ট্রিয়ায় যাওয়ার সুযোগ আমার জীবনে তেমনই দুটি অধ্যায়ের জন্ম দিয়েছে। একটির শুরু হয়েছিল আকস্মিকতা, উৎকণ্ঠা ও সহকর্মীদের আন্তরিক সহযোগিতায়; অন্যটির শুরু একা পথ চলার সংশয় দিয়ে। অথচ দুটি যাত্রার শেষেই সঙ্গে করে ফিরেছি অভিজ্ঞতার এমন কিছু আলো, যা আজও আমার পথচলায় নীরবে সঙ্গী হয়ে আছে।

২০২২ সালের জুন মাস। রাশিয়ায় প্রশিক্ষণে যাওয়ার খবরটি পেলাম মাত্র একদিন আগে। সরকারি পাসপোর্ট সংগ্রহ থেকে শুরু করে করোনা পরীক্ষা; সবকিছুই করতে হলো অস্বাভাবিক দ্রুততায়। যেদিন ফ্লাইট, সেদিনও কারেন্সি কনভার্সন নিয়ে বেশ বিড়ম্বনায় পড়তে হয়েছিল। সবশেষে বিমানবন্দরে পৌঁছে জানতে পারলাম, আমার জন্য বিমানের টিকিটই বুক করা



হয়নি! মুহূর্তের জন্য দুশ্চিন্তায় পড়ে গেলেও সহকর্মীদের আন্তরিক সহযোগিতা আমাকে সেই বিপদ থেকে উদ্ধার করল। অল্প সময়ের প্রস্তুতি, নানা অনিশ্চয়তা আর উৎকণ্ঠা নিয়েই শুরু হলো জীবনের প্রথম বিমানযাত্রা।

আমাদের অফিস থেকে প্রায় দশজনের একটি দল ছিল। প্রথম বিমানযাত্রার ভয় ও সংশয় খুব দ্রুতই সহকর্মীদের হাসি–আনন্দে মিলিয়ে গেল। একসঙ্গে পথ চলার আনন্দে দীর্ঘ যাত্রাটিও যেন সহজ হয়ে উঠল। পরদিন বিকেলে আমরা পৌঁছালাম মস্কোতে। রাশিয়ার মাটিতে প্রথম পা রাখার অনুভূতিটি ছিল বিস্ময় ও মুগ্ধতায় ভরা। ইতিহাস, স্থাপত্য, সংস্কৃতি ও ঐতিহ্য; সবকিছুতেই যেন এক ভিন্ন পৃথিবীর ছাপ। পরিচিত বাংলাদেশের জীবনযাত্রার বাইরে দাঁড়িয়ে নতুন একটি সমাজকে দেখার সুযোগটি আমার কাছে প্রশিক্ষণের বাইরেও এক অনন্য শিক্ষার অভিজ্ঞতা হয়ে উঠেছিল।

তবে মস্কোর প্রথম ছয় দিন ছিল কিছুটা কঠিন। প্রশিক্ষণের ব্যস্ততার পাশাপাশি সবচেয়ে বেশি মনে পড়ত বাঙালি খাবার। রাশিয়ান খাবারের স্বাদ ও ধরন আমাদের অভ্যস্ততার সঙ্গে খুব একটা মেলেনি। পরে মস্কোর কাছাকাছি একটি এলাকায় ছয় দিনের জন্য যাওয়ার সুযোগ হলো। সেখানে নিজেদের বাজার করে নিজেরাই রান্না করার ব্যবস্থা ছিল। পরিচিত মসলার গন্ধ আর নিজেদের

হাতে রান্না করা খাবার যেন বিদেশের মাটিতে হঠাৎ এক টুকরো বাংলাদেশকে ফিরিয়ে এনেছিল।

প্রশিক্ষণের প্রতিটি দিনই ছিল নতুন কোনো অভিজ্ঞতায় ভরা। কখনো মনে হয়নি আমরা শুধু প্রশিক্ষণের জন্য বিদেশে এসেছি; বরং প্রতিদিনের শৃঙ্খলা, সময়ানুবর্তিতা, শেখার পরিবেশ এবং পারস্পরিক সহযোগিতা আমাদের এক ভিন্ন ধরনের জীবন–শিক্ষার মধ্য দিয়ে নিয়ে যাচ্ছিল। এরই মধ্যে সহকর্মীদের সঙ্গে সম্পর্ক আরও গভীর ও আন্তরিক হয়ে উঠল। অবসরের সময়ে মস্কোর গুরুত্বপূর্ণ স্থানগুলো দেখার সুযোগও হয়েছিল। বিশেষ করে মস্কো স্টেট ইউনিভার্সিটির স্মৃতি আজও চোখের সামনে ভেসে ওঠে; বিশাল স্থাপনা, চারপাশের পরিবেশ এবং অচেনা শহরের সৌন্দর্য আমাকে গভীরভাবে নাড়া দিয়েছিল।

সময়টি ছিল পবিত্র কোরবানি ঈদের কাছাকাছি। আনন্দের এই সময়ে স্বাভাবিকভাবেই পরিবার, আত্মীয়স্বজন ও প্রিয়জনদের কথা বারবার মনে পড়ত। বিদেশের ব্যস্ততার মধ্যেও দেশের প্রতি টান যেন আরও গভীরভাবে অনুভব করেছিলাম। দেখতে দেখতে প্রায় দুই সপ্তাহ কেটে গেল। বাংলাদেশে ফিরে বিমানবন্দরে পা রাখার পর মনে হলো, আমরা শুধু একটি প্রশিক্ষণ শেষ করে ফিরিনি; সঙ্গে করে নিয়ে এসেছি অসংখ্য গল্প, ছবি, বন্ধুত্ব এবং অমূল্য কিছু স্মৃতি। পরবর্তী কয়েক দিন সহকর্মীদের সঙ্গে বসে সেই দিনগুলোর কথা স্মরণ করাই যেন আমাদের অন্যতম আনন্দ হয়ে উঠেছিল। মুঠোফোনে ধারণ করা ছবিগুলো আজও কখনো কখনো আমাকে মুহূর্তের জন্য ফিরিয়ে নিয়ে যায় সেই মস্কোর



দিনগুলোতে।

এর প্রায় দুই বছর পর, ২০২৪ সালের নভেম্বর মাসে, আবারও বিদেশে প্রশিক্ষণের সুযোগ এলো। এবার গন্তব্য অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনা। রাশিয়ার অভিজ্ঞতার সঙ্গে এই যাত্রার সবচেয়ে বড় পার্থক্য ছিল; এবার আমাকে একাই যেতে হয়েছিল। অপরিচিত দেশ, একা যাত্রা এবং নতুন পরিবেশ নিয়ে শুরুতে কিছুটা সংশয় ছিল। কিন্তু বিমানবন্দরে যাওয়ার পর থেকে প্রশিক্ষণের পুরো সময়জুড়ে বিভিন্ন বাঙালির সঙ্গে পরিচয় হলো। তাঁদের আন্তরিকতা ও সহযোগিতা বিদেশের মাটিতে একাকিত্ব অনেকটাই দূর করে দিয়েছিল।

নভেম্বরের ভিয়েনা ছিল প্রচণ্ড শীতল। তাপমাত্রা শূন্য ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে যেত; এমন আবহাওয়ার সঙ্গে মানিয়ে নেওয়া আমার জন্য সহজ ছিল না। তবুও প্রশিক্ষণের প্রতিটি মুহূর্ত উপভোগ করেছি। বিদেশি সহকর্মীদের সঙ্গে খুব সহজেই যোগাযোগ স্থাপন করতে পেরেছিলাম। ভাষা ও সংস্কৃতির ভিন্নতা সত্ত্বেও আন্তরিকতা যে মানুষের মধ্যে দূরত্ব কমিয়ে দিতে পারে, ভিয়েনায় তার বাস্তব অভিজ্ঞতা পেয়েছি। প্রশিক্ষণের রিসোর্স পারসনগণও ছিলেন অত্যন্ত অমায়িক ও বন্ধুত্বপূর্ণ। তাঁদের সঙ্গে গড়ে ওঠা সহজ–স্বাভাবিক সম্পর্ক প্রশিক্ষণের পরিবেশকে আরও আনন্দময় করে তুলেছিল।

সাপ্তাহিক ছুটির দিনগুলোতে পরিচিত বাঙালিদের সঙ্গে ভিয়েনার বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে দেখেছি। অস্ট্রিয়ার অন্যান্য শহরেও যাওয়ার সুযোগ হয়েছিল। কখনো স্থাপত্যের সৌন্দর্য, কখনো ইতিহাসের নিদর্শন, আবার কখনো নিস্তব্ধ ইউরোপীয় পরিবেশ; সবকিছুই আমাকে নতুন করে ভাবতে শিখিয়েছে। আত্মীয়স্বজনের সঙ্গে দেখা হওয়ার সুযোগও এই ভ্রমণকে আরও আপন করে তুলেছিল।

রাশিয়া ও অস্ট্রিয়া; দুটি দেশই আমাদের পরিচিত কৃষ্টি ও সংস্কৃতি থেকে বহু দূরের। তবুও এই দূরত্বের মধ্যেই একটি গুরুত্বপূর্ণ মিল খুঁজে পেয়েছি; মানুষের আন্তরিকতা। ভিন্ন ভাষা, ভিন্ন পোশাক, ভিন্ন খাদ্যাভ্যাস কিংবা ভিন্ন জীবনযাপন মানুষকে আলাদা করতে পারে; কিন্তু সহযোগিতা, বন্ধুত্ব ও মানবিকতা সব সীমারেখা অতিক্রম করতে পারে।

আজ পেছনে ফিরে তাকালে বুঝতে পারি, এই দুটি বিদেশযাত্রা শুধু প্রশিক্ষণের অংশ ছিল না; এগুলো ছিল জীবনের দুটি অনন্য পাঠশালা। রাশিয়া আমাকে নতুন পরিবেশকে গ্রহণ করতে শিখিয়েছে, আর ভিয়েনা শিখিয়েছে একা পথ চলেও মানুষের আন্তরিকতায় আপন হয়ে ওঠা যায়। দুই দেশের ইতিহাস, সংস্কৃতি, শৃঙ্খলা, সৌন্দর্য ও মানুষের আচরণ থেকে পাওয়া অভিজ্ঞতাগুলো যদি নিজের জীবন ও পেশাগত আচরণে ধারণ করতে পারি, তবে ভবিষ্যতের পথ আরও সমৃদ্ধ ও মসৃণ হবে। সময় পেরিয়ে যাবে, কর্মজীবনের ব্যস্ততা বাড়বে; কিন্তু মস্কোর সেই প্রথম যাত্রা আর শীতল ভিয়েনার পথগুলো হয়তো স্মৃতির পাতায় থেকে যাবে – একটি সুন্দর সময়ের নীরব সাক্ষী হয়ে।



বিপিএটিসির বর্ষা ও জারুলের সঙ্গে এক পরিচয়

মোঃ রুবায়েতুল ইসলাম
রোল নং: ২০৩, ৪৩তম বিসিএস (প্রাণিসম্পদ)

"মেঘের পরে মেঘ জমেছে, আঁধার করে আসে
আমায় কেন বসিয়ে রাখ একা দ্বারের পাশে?"

রবীন্দ্রনাথের এই পঙ্‌ক্তি বর্ষার প্রতি মানবমনের চিরন্তন আকর্ষণকে মনে করিয়ে দেয়। জানালার পাশে বসে বৃষ্টি দেখা যাবে, হাতে হয়তো এক কাপ চা থাকবে, দূরে টিনের চালে টুপটাপ শব্দ হবে, থাকবে না কোনো ব্যস্ততা। বিপিএটিসিতে অবশ্য বর্ষা একেবারে চিরায়ত সেই কবির কবিতার মতো নয়। এখানে বর্ষার রূপ ভিন্ন। এখানে বৃষ্টি আসে, আকাশ রং বদলায়, পাখিরা ফিরে যায় নীড়ে ,তবে বিপিএটিসি চলে আপন গতিতে।

বিপিএটিসির দিন শুরু হওয়ার আগেই দেখা মেলে ব্যস্ততার। ভোরের পিটি, তারপর নাশতা সেরে ক্লাস, একের পর এক সেশন, আলোচনা শুনতে শুনতে বিকেল। এরপর খেলাধুলা। দিনের শেষে মনে হয়, সময়টি সম্ভবত এখানে সাধারণ নিয়মে চলে না; সকালটা একটু দ্রুত এবং বিকেলটা আরও দ্রুত চলে যায়। এই ব্যস্ততার মাঝেই কোনো একদিন সূর্য ঢেকে যায় ঘন মেঘে, বাতাস ভারী হতে থাকে। তারপর বৃষ্টি নামে।

বর্ষা উপভোগ করার কোনো সেশন থাকে না এখানে। এখানে বর্ষাকে উপভোগ করতে হয় নিজের মতো করে।

ক্যাম্পাসের মোহনীয় গোলাপের বাগান আর সারি সারি অর্কিডের ভিড়ে তখনই হঠাৎ ষোড়শী বালিকার মতো উঁকি দেয় বৃষ্টিস্নাত জারুলের গুচ্ছ। এত গোলাপ, অর্কিড, বাগানবিলাস আর পাতাবাহারের ভিড়ে জারুল হয়ে ওঠে বিপিএটিসির বর্ষার এক অন্যতম আকর্ষণ।

এই পর্ণমোচী বৃক্ষ (শীতকালে সব পাতা ঝরে যায়) নিজেকে ছড়িয়ে দেয়, তৈরি করে তার এক নিজস্ব পরিসর। বর্ষার দিনে সেখানে জায়গা হয় রংধনুর প্রারম্ভিক বর্ণালীর আভা—বেগুনি ফুলের; যাতে নেই তীব্র রঙের ছটা কিংবা মনমাতানো সুগন্ধ। স্নিগ্ধ, সরল, ক্লান্তিহীন বেগুনি রঙের ফুলের থোকা মেঘমালার মতো জমে থাকে সবুজ পাতার আড়ালে। নিজেকে দেখানোর তাড়া নেই, অথচ না দেখেও থাকা যায় না।

বর্ষা মানেই সবার মনে হয়তো প্রথমেই আসে কদম ফুলের কথা। তবে, বিপিএটিসির ক্যাম্পাসে কদমের সেই পরিচিত উপস্থিতি চোখে পড়ে না। অদ্ভুতভাবে, তার অভাবও তেমন অনুভব হয় না। কারণ এখানে বর্ষার সঙ্গে পরিচয় ঘটে জারুলের মাধ্যমে।

ক্লাসের ফাঁকে, এক ভবন থেকে আরেক ভবনে যাওয়ার পথে, ক্যাফেটেরিয়া থেকে ফেরার সময় কিংবা বিকেলের ব্যস্ততার মধ্যে হঠাৎ চোখে পড়ে বৃষ্টিভেজা জারুল। কিছু মুহূর্তের সাক্ষাৎ; তাতেই ভালো লাগা ছুঁয়ে যায় মনে।

ট্রেনিংয়ের স্মৃতিপটে অবচেতনভাবে জমতে থাকে পথের ধারে দেখা কিছু গাছ, কোনো বিকেলের সূর্যাস্ত, সহপাঠীর সঙ্গে বৃষ্টিতে ভিজে পিটি কিংবা ক্লাসে যাওয়ার মুহূর্ত। প্রশিক্ষণের মডিউলে না থাকলেও এই অনুভূতিগুলো হয়ে ওঠে প্রশিক্ষণের অংশ।



বিপিএটিসির দিনগুলো আমাদের শৃঙ্খলা শেখায়, সময়ের মূল্য শেখায়, একসঙ্গে কাজ করতে শেখায়। একই সঙ্গে এই দিনগুলো অজান্তেই শেখায় ব্যস্ততার মাঝেও প্রকৃতির সৌন্দর্যকে উপভোগ করা যায়।

জীবন থেমে নেই, দায়িত্বও নয়। বর্ষা এসেছে বলেই বাতিল হয় না কোনো রুটিন। অথচ বৃষ্টি চলে যাওয়ার পর দেখা যায়, সে ক্যাম্পাসটিকে একটু বদলে দিয়ে গেছে। গাছের পাতাগুলো আরও সবুজ, পথগুলো ভেজা, ফুলগুলো সিক্ত। আর কোথাও, ছড়িয়ে থাকা শাখাগুলোর ভেতর, গুচ্ছ গুচ্ছ বেগুনি রঙের ফুল নিয়ে দাঁড়িয়ে আছে জারুল।

একদিন প্রশিক্ষণের এই ব্যস্ত দিনগুলো শেষ হবে। সকালবেলার পিটি, একের পর এক ক্লাস, বিকেলের খেলা—সবই একসময় স্মৃতি হয়ে যাবে। হয়তো মনে থাকবে কিছু সেশন, কিছু মানুষের কথা। আর বর্ষা এলেই মনে থাকবে বিপিএটিসির জারুলকে।

মনে পড়বে বৃষ্টিভেজা একটি ক্যাম্পাস, যেখানে বৃষ্টি এসেছিল কিন্তু ব্যস্ততা থামেনি; যেখানে ব্যস্ততার মাঝেও ফুলগুলো নিজেদের মতো ফুটেছিল; যেখানে এত গোলাপ ও অর্কিডের ভিড়েও আমার চোখ বারবার গিয়ে থেমেছিল একটি জারুলগাছের দিকে।

তখন হয়তো রবীন্দ্রনাথের বর্ষার পঙ্‌ক্তিটিও অন্যভাবে মনে পড়বে। জানালার পাশে বসে থাকার অবকাশ হয়তো বিপিএটিসি দেয়নি; কিন্তু চলার পথে থেমে তাকানোর মতো কিছু দৃশ্য দিয়েছে।

"বাদল–দিনের প্রথম কদম ফুল করেছ দান,
আমি দিতে এসেছি শ্রাবণের গান।"

কদম হয়তো আমার বিপিএটিসির বর্ষায় ছিল না। তবু শ্রাবণ ছিল। ছিল বৃষ্টি, ভেজা পাতা, কর্মব্যস্ত মানুষের নিরবচ্ছিন্ন পথচলা, আর ছিল গুচ্ছ গুচ্ছ জারুল। তাই আমার স্মৃতিতে বিপিএটিসির বর্ষার রং কদমের সাদা নয়, জারুলের মৃদু বেগুনি।

ব্যাচের কাছে আমার কিছু প্রশ্ন

আবু সাঈদ সুমন
রোল নং: ৩০৬, ৪৩তম বিসিএস (প্রাণিসম্পদ)





ব্যাচের কাছে আমার কিছু প্রশ্ন

আমরা কি সত্যিই এক ব্যাচ?

নাকি একই সময়ে, একই জায়গায়, একই প্রশিক্ষণের ভেতর দিয়ে হেঁটে যাওয়া কিছু মানুষ মাত্র?

প্রথম দিন BPATC–তে এসে এই প্রশ্নের উত্তর হয়তো কারও জানা ছিল না। চারপাশে ছিল অসংখ্য অপরিচিত মুখ। কে কোথা থেকে এসেছে, কে কোন ক্যাডারের, কার পেশাগত অভিজ্ঞতা কী এসব জানার আগ্রহ ছিল, কিন্তু মানুষগুলো তখনও অচেনা। কেউ কারও বন্ধু ছিলাম না। কেউ কারও গল্প জানতাম না। এমনকি অনেকের নামও জানতাম না। কিন্তু সময়ের নিজস্ব একটা জাদু আছে। সে অপরিচিত মানুষকে পরিচিত করে। পরিচিতকে আপন করে। আর কখন যে সেই আপন মানুষগুলো একটি ব্যাচের গল্প হয়ে যায়, আমরা নিজেরাও বুঝতে পারি না। আজ তাই এই ব্যাচের কাছে আমার কিছু প্রশ্ন আছে। আমরা কি মনে রাখব, কীভাবে অপরিচিত কিছু মানুষ একসময় একে অপরের দিনের অপরিহার্য অংশ হয়ে উঠেছিল?

আমরা কি মনে রাখব আমাদের ছোট্ট C গ্রুপটাকে?

বড় ব্যাচের ভেতরে আমার নিজের একটা ছোট্ট পৃথিবী ছিল C গ্রুপের ৪৯ জন। ৪৯ জন মানুষ, ৪৯ রকমের স্বভাব, ৪৯ রকমের গল্প।

শুরুতে হয়তো আমরা সবাই শুধু একটি গ্রুপের সদস্য ছিলাম। কিন্তু ধীরে ধীরে সেই গ্রুপটাই হয়ে উঠল অনেক হাসি, গল্প, আড্ডা আর স্মৃতির জায়গা। কাউকে দেখে হাসি পেত। কারও কথা শুনে নতুন গল্প শুরু হতো। কেউ হয়তো বেশি কথা বলত, কেউ চুপচাপ শুনত।

কেউ সময়মতো আসত, কেউ একটু দেরিতে। কিন্তু দিন শেষে আমরা ছিলাম C গ্রুপের ৪৯ জন। আজ ভাবি, প্রশিক্ষণ শেষ হওয়ার পরও কি আমরা সেই ৪৯ জনকে একইভাবে মনে রাখব? হয়তো সবাইকে প্রতিদিন দেখা হবে না। হয়তো সবাই যার যার কর্মস্থলে ছড়িয়ে যাব। কিন্তু কোনো একদিন C গ্রুপের কথা উঠলে কি হঠাৎ মনে পড়ে যাবে না সেই মুখগুলো?

আমরা কি ভুলতে পারব রাতের মুড়ি পার্টি?

কিছু স্মৃতি কোনো বড় আয়োজন থেকে তৈরি হয় না। এক প্যাকেট মুড়ি, কয়েকজন মানুষ আর কিছু অবসর সময় এটুকুই যথেষ্ট।

আমাদের মুড়ি পার্টি ঠিক তেমনই ছিল। মুড়ি ছিল অজুহাত। আসল আয়োজন ছিল মানুষ। একসঙ্গে বসা, গল্প করা, হাসা, একজনের কথা থেকে আরেকজনের গল্প শুরু হওয়া কখনো জানা কথা, কখনো একেবারে অপ্রাসঙ্গিক বিষয়। কেউ গান ধরত, কেউ সঙ্গে গলা মেলাত। কেউ গল্প বলত, কেউ গল্পের মাঝখানে নিজের অভিজ্ঞতা যোগ করত। কখনো হাসতে হাসতে মনে হতো, এই আড্ডার কোনো শেষ নেই। মুড়ির স্বাদ হয়তো একসময় ভুলে যাব। কিন্তু সেই মুড়ি পার্টিতে কার পাশে কে বসেছিল, কে কোন গান ধরেছিল, কে কী গল্প বলেছিল এসব হয়তো বহু বছর পরও মনে থাকবে। তাই প্রশ্ন করি– আমরা কি মনে রাখব সেই সাধারণ মুড়ি পার্টিগুলো, যেগুলো অসাধারণ কিছু স্মৃতি তৈরি করে দিয়েছিল?

আর সেই সাধু সঙ্গ?

প্রতিটি ব্যাচের কিছু নিজস্ব শব্দ থাকে, কিছু নিজস্ব জায়গা থাকে, কিছু নিজস্ব গল্প থাকে। আমাদের ছিল সাধু সঙ্গ। সেখানে কখনো গান হয়েছে, কখনো গল্প হয়েছে, কখনো হাসি–ঠাট্টা, কখনো আবার জীবনের খুব সাধারণ অথচ গভীর কিছু কথা। কেউ গান গাইছে, বাকিরা শুনছে। কেউ গল্প শুরু করেছে, আর সবাই মন দিয়ে শুনছে। কখনো একজনের গল্প থেকে আরেকজনের গল্প। কখনো হাসতে হাসতে রাত গভীর হয়ে গেছে। সেই মুহূর্তগুলোতে কে কোন ক্যাডারের, কে কোন পদে যাবে এসব যেন গুরুত্বপূর্ণ ছিল না।

সেখানে আমরা ছিলাম শুধু মানুষ। হয়তো এটাই ছিল সাধু সঙ্গের সবচেয়ে বড় সৌন্দর্য। আমরা কি মনে রাখব সেই গানগুলো? মনে রাখব সেই

গল্পগুলো? আর মনে রাখব সেই মানুষগুলোর হাসি, যাদের সঙ্গে হয়তো ভবিষ্যতে প্রতিদিন দেখা হবে না?

আমরা কি মনে রাখব ক্লাসের ফাঁকের আড্ডা?

ক্লাসের সময় ছিল শেখার জন্য। কিন্তু ক্লাসের ফাঁকের কয়েক মিনিট ছিল একে অপরকে চেনার জন্য। ক্লাস শেষ হওয়ার সঙ্গে সঙ্গে কোথা থেকে যেন গল্প শুরু হয়ে যেত। কেউ দাঁড়িয়ে, কেউ বসে, কেউ দরজার পাশে কথার কোনো নির্দিষ্ট বিষয়ও থাকত না। একটা কথা থেকে আরেকটা কথা। তারপর হাসি। তারপর আরেকটা গল্প। কখনো মনে হতো, বিরতিটা এত ছোট কেন? আজ বুঝি, সেই ছোট ছোট বিরতিগুলোই হয়তো আমাদের সবচেয়ে বড় স্মৃতিগুলোর কিছু তৈরি করেছে। আর সেই সঙ্গে– কিছু রোল নম্বর মুখস্থ হয়ে যাওয়া। শুরুতে মানুষকে চিনতাম রোল দিয়ে। পরে রোল শুনলেই মুখ ভেসে উঠত। কিছু রোল যেন আজও মাথার ভেতর অটোমেটিক বাজে! কত অদ্ভুত একটা সংখ্যা কীভাবে একটা মানুষের সঙ্গে জড়িয়ে যায়!

আমরা কি মনে রাখব মাঠের সেই দিনগুলো?

৮১তম FTC–এর গল্প শুধু ক্লাসরুমের নয়। আমাদের গল্প ছড়িয়ে আছে মাঠেও। টেবিল টেনিসের দ্রুত র‍্যালি, লন টেনিসের দৌড়, ভলিবলের সার্ভ, বাস্কেটবলের শট, ফুটবলের পাস আর গোল সবকিছুর মধ্যেই ছিল আলাদা এক আনন্দ। কেউ খুব ভালো খেলেছে।

কেউ নতুন করে খেলতে শিখেছে। কেউ জিতেছে। কেউ হেরেছে। কিন্তু খেলা শেষে জয়–পরাজয়ের হিসাবের চেয়ে বড় হয়ে থেকেছে একসঙ্গে সময় কাটানোর স্মৃতি। আর ছিল সুইমিং ও ডাইভিং শেখা। কারও কাছে হয়তো ছিল একেবারে নতুন অভিজ্ঞতা। পানিতে নামার আগে দ্বিধা, তারপর চেষ্টা, তারপর ধীরে ধীরে আত্মবিশ্বাস। ডাইভ দেওয়ার মুহূর্তে ভয় আর উত্তেজনা দুটোই ছিল। হয়তো আমরা শুধু সাঁতার বা ডাইভিং শিখিনি। শিখেছি, নতুন কিছু শেখার জন্য একটু সাহস করতে হয়।

আমরা কি মনে রাখব এই ব্যাচের মানুষগুলোকে?

২০টি ক্যাডার ও একজন বিপিএটিসির ফ্যাকাল্টি নন–ক্যাডার ভিন্ন ভিন্ন পেশা, ভিন্ন ভিন্ন অভিজ্ঞতা, ভিন্ন ভিন্ন চিন্তা। কিন্তু একই প্রশিক্ষণ আমাদের এক জায়গায় এনে দাঁড় করিয়েছে। এই ব্যাচে আমরা শুধু নিজের ক্যাডারের মানুষদের দেখিনি। অন্য পেশার মানুষকে কাছ থেকে চিনেছি। তাদের চিন্তা শুনেছি, অভিজ্ঞতা জেনেছি, মতের পার্থক্য দেখেছি। আর বুঝেছি– ভিন্নতা মানেই দূরত্ব নয়। বরং ভিন্নতার মধ্যেই কখনো কখনো সবচেয়ে সুন্দর সম্পর্ক তৈরি হয়।

শেষ প্রশ্নটা তাই খুব সহজ

একদিন এই প্রশিক্ষণ শেষ হবে। আমরা যার যার কর্মস্থলে চলে যাব। আজকের পরিচিত মুখগুলো ছড়িয়ে যাবে দেশের বিভিন্ন প্রান্তে।

কাজ বাড়বে। দায়িত্ব বাড়বে। ব্যস্ততা বাড়বে। কিন্তু তখন কি আমরা মনে রাখব C গ্রুপের সেই ৪৯ জনকে? রাতের মুড়ি পার্টিকে? সাধু সঙ্গের গান আর গল্পকে? ক্লাসের ফাঁকের আড্ডাকে? মুখস্থ হয়ে যাওয়া কিছু রোলকে? টেবিল টেনিস, লন টেনিস, ভলিবল, বাস্কেটবল আর ফুটবলের দিনগুলোকে? সুইমিং শেখার প্রথম অভিজ্ঞতাকে? ডাইভ দেওয়ার সেই মুহূর্তকে? হয়তো কয়েক বছর পর আমরা কেউই আর প্রতিদিনের সেই জীবন ফিরে পাব না। কিন্তু কোনো একদিন পুরোনো ছবি খুলে বসলে, ৮১তম FTC–এর কোনো একটি ছবি চোখে পড়বে। হয়তো ছবিটা দেখে প্রথমে শুধু হাসি আসবে।তারপর একে একে মনে পড়বে একটি ক্লাস, একটি আড্ডা, একটি গান, একটি গল্প, একটি মুড়ি পার্টি, একটি খেলার মাঠ, একটি সুইমিং পুল, আর কিছু খুব পরিচিত মুখ। তখন হয়তো মনে হবে– জীবনের সবচেয়ে সুন্দর সময়গুলো আমরা অনেক সময় বুঝতেই পারি না যে, সেগুলো সুন্দর সময়। সেগুলো চলে যাওয়ার পরই বুঝি।

তাই ৮১তম FTC–এর কাছে আমার শেষ প্রশ্ন–

আমরা কি শুধু এই প্রশিক্ষণটাকে শেষ করব, নাকি এর সঙ্গে তৈরি হওয়া সম্পর্কগুলোও বাঁচিয়ে রাখব? কারণ প্রশিক্ষণ শেষ হবে। ক্লাস শেষ হবে। খেলা শেষ হবে। রাতের আড্ডাও একদিন থেমে যাবে। কিন্তু– একটি ব্যাচের গল্প কি কখনো শেষ হয়? হয়তো না।

কারণ একটি ব্যাচ বেঁচে থাকে তার মানুষের মধ্যে, তার হাসিতে, তার গানে, তার গল্পে, তার আড্ডায়,আর সেই অগণিত ছোট ছোট মুহূর্তে– যেগুলো একদিন ফিরে তাকালে মনে হবে,

“আহা! কী সুন্দর কিছু দিন ছিল!”



স্মৃতির আয়নায় বুনিয়াদি প্রশিক্ষণের দিনলিপি

টুম্পা দত্ত
রোল নং: ৩১৪, ৪৪তম বিসিএস (প্রশাসন)



৮১ তম বুনিয়াদি প্রশিক্ষণে, বিপিএটিসির অঙ্গণে ক্ষণে ক্ষণে আমরা নতুন গল্প বুনে চলেছি, ৫৭৯ টি মনের ৫৭৯ রঙের ভাবনাকে এক ছাঁচে ঢালার পরিকল্পনায় কেউ নিজেকে সঁপে দিচ্ছে আবার কেউ সন্তর্পণে প্রহর গুনছে শেষের প্রতীক্ষার, কেউ সকালের চায়ের কাপে চুমুক দিয়ে তুড়ি দিয়ে এইসব ভয়টয় কাটিয়ে উপভোগ করতে নেমে পড়েছে। কেউ কেউ নিজেকে প্রমাণ করতে লেগে পড়েছে, আবার অনেকে অপ্রমাণিত থাকার পণ করে এসেছে। বিচিত্র জায়গার বাহারি মানুষের সমাবেশ এই বিপিএটিসি, এখান থেকে না চাইলেও সবার ঝুলিতেই কিছু না কিছু যোগ হচ্ছে প্রতিনিয়ত। আর প্রতিদিন এই গল্প তৈরির কারিগর আমরা নিজেরাও জানি না যে কি বুনে যাচ্ছি।

এখানে দিনের শুরু হয় কাকডাকা ভোরে ঘুম ঢুলুঢুলু চোখে তীব্র অনিচ্ছা উপেক্ষা করে বিছানার সাথে বিচ্ছেদ ঘটিয়ে মাঠের সাথে সখ্যতা করার মধ্যে দিয়ে। সকালের শরীরচর্চার পর ছেলেরা দাড়ি ছেঁটে, মেয়েরা শাড়ি পড়ে সারি মেনে করিডোরে হেঁটে শৃঙ্খলার পরিচয় দিতে লিফটের কাছে হুমড়ি খেয়ে পড়ে। বেচারা লিফট মাঝে মাঝেই বেঁকে বসে, বলে "আমি আর কাজই করবো না, যাও তো বাপুরা সিঁড়ি দিয়ে নেমে যাও"। মাঝে মাঝে কয়েকজনকে মাঝপথে বন্দি করে মজাও দেখায় সে। তারপর ক্যাফেটেরিয়াতে শক্ত হয়ে যাওয়া পরোটা কাঁটাচামচ দিয়ে টেনে হিঁচড়ে কোনোমতে পেটে দিতে না দিতেই আবার ব্যাগ নিয়ে ক্লাসের উদ্দেশ্যে দৌড় প্রতিযোগিতা শুরু হয়। নির্দিষ্ট সময়ের পূর্বে ক্লাসে কোনোভাবে একবার ঢুকে পড়ার অনুভূতি অনেকটা ঢাকার লোকাল বাসগুলোতে দৌড়ে উঠার মতো, কোনোমতে বাসের পা দানিতে উঠতে পারলেই আপনি বাসটা ধরতে পেরেছেন বলা যায়। বাস আর ক্লাসের পার্থক্য শুধু তাপমাত্রায়, একটাতে গরম হাওয়ায় ক্লান্তিতে ঘুম আসে অন্যটাতে ঘুম আসে শীতল হাওয়ায় আরামে। ক্লাসে টুকটাক স্বাধীনতা চর্চা করা যায়, স্পীকার আর সিসি স্যারদের চোখ ফাঁকি দিয়ে একটু ঘুমানো, পাশের জনের সাথে একটু গল্প করা, ওয়াশরুমের বাহানায় একটু আড্ডা দিয়ে আসা এগুলোই তখন অতি বীরত্বের কাজ বলে মনে হয়। মুখ আর চোখ এই দুটোকে নিয়েই যত ঝামেলা ক্লাসে, ৩০ মিনিট যাওয়ার পর মুখ বন্ধ করে চোখ খোলা রাখা দায়, মুখ খোলার চর্চায় প্রশিক্ষণার্থীদের মধ্যে এক পক্ষ প্রশ্ন শুরু করে, আরেক পক্ষ ফিসফিসিয়ে গল্প শুরু করে।

ক্লাস শেষ করে দুপুরবেলা আবার ক্যাফেটেরিয়াতে ছুটতে হয় ছুরি, কাঁটা চামচ দিয়ে সার্জারি করতে। ক্যাফেটেরিয়াটাকে মাঝে মাঝে অপারেশন থিয়েটার মনে হয় যেখানে সার্জারির সময়ে আমার প্লেট থেকে মুরগির রানের পিস দৌড় দিয়ে কখনো কখনো অন্যের প্লেটে চলে যেতে চায়, দুই একবার যেতে যেতে ব্রেক কষে ভাগ্যিস টেবিলের মাঝখানে পড়েছিল, তারপরও হাত দিয়ে খেয়ে বাঙালিয়ানা দেখানোর সেখানে কোনো সুযোগ নেই। যদিও বা কেউ হাত দিয়ে খেতে চায় ৩–৪ বার পিছনে ঘুরে সতর্ক হতে হয় কোনো সিসি স্যারের সুদৃষ্টি তার উপর পড়েছে কিনা, একবার ধরা পড়লেই হাতে খাম ধরিয়ে দিবে।

তীব্র অনুশাসনের যাতাকলে সপ্তাহ যখন বৃহস্পতিবারে গড়ায় তখন বিআরটিসির লাল বাসটাতে চড়ে ঢাকা যাওয়ার আনন্দটাই অন্যরকম। এই অনুশাসনই যেন আনন্দটাকে দ্বিগুণ করে দিয়েছে। তবে অনুশাসনেরও আলাদা সৌন্দর্য আছে, মভ বা পিচ কালার শাড়ি পড়ে যখন লেডি অফিসাররা শাড়ি সামলাতে যেয়ে পড়ি কি মরি তাও গতি মেনে সারিবদ্ধভাবে করিডোরে হাঁটার প্রতিযোগিতায় নামে সে এক বিশাল র‍্যাম্প–শো এর চেয়ে কোনো অংশে কম নয়। বাজারের সব ধরনের শাড়ির কালেকশন এই সারিতেই মিলবে বলে আমার বিশ্বাস, কেউ যদি শাড়ি নিয়ে জ্ঞান অর্জন করতে চান তবে এটা একটা মোক্ষম সুযোগ বলে আমি মনে করি– হ্যালো আপু, শাড়িটাতে আপনাকে অনেক সুন্দর লাগছে বলে ডায়ালগের শুরুটা করে দিয়ে খুব সহজেই শাড়ির বৃত্তান্ত– নাম, ঠিকানা, দাম, ম্যাটেরিয়ালস বের করে ফেলা যায় যেখানে অনলাইনে কোন শাড়ি পছন্দ হলে সেটা নিয়ে একটা প্রশ্ন করলে 'চেক ইনবক্স' বলে গোপনে ডেকে এনে বিশাল দাম হাঁকিয়ে বসে। তবে এই কাজের জন্য মোক্ষম জায়গা হলো লেডিস ওয়াশরুম, করিডোরে ভুলেও এইসব জিজ্ঞেস করা যাবে না, কথা বললেই আপনার রোল সিসিদের নোটে টাইপ হয়ে যাবে, ফলস্বরূপ আপনি মুঠোফোনে খুদেবার্তা থেকে শুরু করে খামে ভরা পত্রও পেয়ে যেতে পারেন, ক্ষেত্রবিশেষে যোগাযোগ মাধ্যমের একাল–সেকাল দুই ব্যবস্থাই প্রচলিত আছে। সেকালের ব্যবস্থা কারো উপর বর্ষিত হলে সে কেন মুখ দিয়ে কথা বলছিলো তা হাত দিয়ে লিখে পাঠাতে হবে।

সারাদিনের ক্লাস শেষে বিকেলবেলা আবার সকালের ছেড়ে যাওয়া মাঠটার সাথে দেখা করতে যেতে হয় বাধ্যতামূলকভাবে। সকালবেলা অনেকে ফাঁকিঝুঁকি মারলেও বিকেলবেলা অনেকে বিশেষ করে ছেলেরা মাঠে যাওয়ার জন্য উদগ্রীব হয়ে থাকে। খেলার মাঠে একেকজন খেলা শুরুর আগেই হাত পা ভেঙে চুরে যে পারফরম্যান্স দেখাচ্ছে তা রীতিমতো ভয়ই ধরিয়ে দিচ্ছে – হাত পা গুলো আস্ত নিয়ে বাড়িতে ফিরতে পারবো তো? আমাদের সি সেকশনে তো রীতিমতো পঙ্গু সোসাইটিতে নাম লেখানোর ধুম পড়ে গেছে, এই একমাসে বিপিএটিসির ৩ টা হুইলচেয়ার আমরা আমাদের দখলে নিয়ে নিয়েছি।

প্রশিক্ষণের এই দিনগুলো আমাদের জীবনে চলার পথে নানা আঙ্গিকে নানা ভঙ্গিতে হয়তো উঁকি দিবে, পরবর্তী ব্যাচগুলোর ছবি দেখে আমরা হয়তো কিছুক্ষণের জন্য হলেও স্মৃতির নোটখাতায় লিখে আসা পাতাগুলোতে চোখ বুলিয়ে আসবো, তাদের কোনো মেস রজনীর ছবি ফেইসবুকে আসলে নিজেদের মেস রজনী উদযাপনের দৃশ্য চোখের সামনে ঝলমলিয়ে উঠবে, ফটোফ্রেমে একটা ছবি তোলার জন্য দীর্ঘ লাইন, মোবাইল ফোন বিহীন জীবন আরো কত শত টুকরো স্মৃতি। আমাদের এই প্রশিক্ষণের মাধ্যমে ১১ জুলাই যে খালি ব্যাগটা নিয়ে এসেছিলাম তা আস্তে আস্তে স্মৃতি দিয়ে ভারী হচ্ছে, একঝাঁক ভিন্ন মনের মানুষদের এক সুতোয় বেঁধে দিয়ে এক সুন্দর সমাপ্তির প্রত্যাশায় এগিয়ে যাচ্ছে। কঠোর অনুশাসনে মসৃণ হোক আমাদের আগামীর পথচলা, হৃদয়ের মণিকোঠায় উজ্জ্বল হয়ে থাক এই দিনগুলো।



নীল বিষাদ

মোঃ মাঈন উদ্দীন
রোল নং: ৪২৯, ৪৪তম বিসিএস (প্রশাসন)

ফুটন্ত পাপড়ির ভারে রজনীগন্ধার গাছটি যেন মাটি ছুঁই ছুঁই করছে—মনে হচ্ছে, এই বুঝি তার ঘ্রাণ আর কোমলতা চারপাশের আঙিনায় ছড়িয়ে পড়বে। সকাল থেকে ঝরে পড়া কুকুর–বিড়াল বৃষ্টি আজকের দিনটিকে করে তুলেছিল আরও মোহনীয়।

আইটিসি ও লেকচার থিয়েটারের মাঝখানে বিবর্ণ মোজাইকের রাস্তাটির পাশে, নাম না–জানা অজস্র গাছের ভিড়ে একসারি রজনীগন্ধার উপস্থিতি বাস থেকে নামার সঙ্গে সঙ্গেই আমার মনটা প্রফুল্ল করে দিল। অথচ আজ সারাদিনের ধকল যেন শরীরের প্রতিটি কোণে জমে ছিল। কাকডাকা ভোরে ঝিনাইদহ থেকে রওনা হয়ে নানা চড়াই–উতরাই পেরিয়ে যখন বিপিএটিসিতে পৌঁছালাম, প্রকৃতির কুকুর–বিড়াল খেলা তখন প্রায় শেষের পথে।

যাই হোক, আগামী চার মাসের বিপিএটিসির সম্ভাব্য বিভীষিকার চিন্তা ক্ষণিকের জন্য হলেও মন থেকে উধাও হয়ে গেল। নিজের ট্রলিটা টেনে ১৫ তলার ডর্মিটরির দিকে হাঁটা দিলাম।

নানাবিধ আনুষ্ঠানিকতা শেষে নিজের জন্য বরাদ্দ ৯০১ নম্বর কক্ষের কী–কার্ড হাতে পেলাম। দরজা খুলে ভেতরে ঢুকতেই বুঝলাম, দুইজনের জন্য বরাদ্দ করা কক্ষে আমি–ই প্রথম পৌঁছেছি। তাই নিজের সুবিধামতো বেডটি আগেভাগেই দখল করে নিলাম—মূল উদ্দেশ্য অবশ্যই, ফোনের চার্জিং পোর্টটি যেন আমার বেডের একেবারে কাছেই থাকে!

৫৪ একরজুড়ে বিস্তৃত বিপিএটিসিকে একটু দেখার প্রয়াসে বারান্দার স্লাইডিং ডোরটি খুলতেই হঠাৎ একটি নাম না–জানা নীল বর্ণের পাখি আমার দৃষ্টি কেড়ে নিল। বারান্দার কাছেই সে নিশ্চিন্তে বসে ছিল। সারাদিনের ক্লান্ত পথচলার পর তার একরাশ ঘুমিয়ে নেওয়ার চেষ্টা আমি বুঝি ধূলিসাৎ করে দিলাম। আমার উপস্থিতিতে পাখিটি একটু নড়েচড়ে বসল, তারপর উড়ে গেল।

আগামীকাল ভোর পাঁচটায় ঘুম থেকে ওঠার দুশ্চিন্তা মাথায় নিয়ে বিষণ্ন মনে ঘুমিয়ে পড়লাম।

শুরু হলো চার মাসের আনুষ্ঠানিক পথচলা।

পিটি, ক্লাস, স্পোর্টস, সাংস্কৃতিক অনুষ্ঠান—এভাবেই কখন যে একটি মাস পেরিয়ে গেল, টেরই পেলাম না। প্রতিদিনের ব্যস্ততা, নতুন মানুষ, নতুন বন্ধুত্ব আর নানা কর্মযজ্ঞের ভিড়ে আমরা ৫৮০ জন ধীরে ধীরে একে অপরের জীবনের অংশ হয়ে উঠছিলাম।

এরই মধ্যে স্পোর্টসে নিজের দৌরাত্ম্য দেখাতে গিয়ে ইনজুরির কবলে পড়ে গেলাম। ডাক্তার সাহেবের নির্দেশনায় এক সপ্তাহ সম্পূর্ণ বেড–রেস্টে থাকতে হলো।

সবাই যখন পিটি, ক্লাস আর স্পোর্টস নিয়ে ব্যস্ত, আমি তখন নিঃসঙ্গ কক্ষে শুয়ে শুয়ে দিন গুনছি। পরিচিত কোলাহল যেন দরজার ওপাশে আটকে আছে। সহপাঠীদের পদচারণা, হাসির শব্দ, দূর থেকে ভেসে আসা বাঁশির আওয়াজ—সবকিছুই শুনতে পাই, অথচ সেসবের অংশ হতে পারি না।





ঠিক তখনই আবার তাকে দেখলাম।
সেই নীল বর্ণের পাখিটি।

প্রথম দিন যাকে বারান্দায় দেখেছিলাম, সে এসে বসেছে আমার বারান্দায়। ডাকাডাকি করছে। একসময় আমার সঙ্গে তার চোখাচোখি হলো। অদ্ভুত এক অনুভূতি হলো—মনে হলো, সে যেন আমাকে কিছু বলতে চায়।

আমি জানি, পাখিরা মানুষের ভাষা বোঝে না। আমিও তাদের ভাষা বুঝি না। তবু কেন যেন মনে হলো, আমাদের মধ্যে কোনো এক অদৃশ্য যোগাযোগ তৈরি হয়েছে।

আমার বেড-রেস্টের দিনগুলোতে পাখিটি প্রায় প্রতিদিনই আসত। কখনো বারান্দার রেলিংয়ে বসত, কখনো একটু দূরের কোনো ডালে। কিছুক্ষণ ডাকাডাকি করত, আমার দিকে তাকাত, আবার নিজের মতো করে উড়ে যেত।

হয়তো নিছকই কাকতালীয়।

হয়তো প্রতিদিনই সে এই জায়গায় আসে।

কিন্তু মানুষের মন তো যুক্তির চেয়ে একটু বেশি কিছু দিয়ে চলে। তাই আমার কাছে মনে হতে লাগল, এই নিঃসঙ্গ দিনগুলোতে সে বুঝি সত্যিই আমার সঙ্গী হতে এসেছে।

সময়ের স্রোত থেমে থাকে না।

বিপিএটিসির একেকটি রাত শেষ হয়ে নতুন দিনের কর্মব্যস্ততা আরও গতিশীল হয়ে উঠতে লাগল। পিটি, ক্লাস, স্পোর্টস, সাংস্কৃতিক আয়োজন, গ্রুপ অ্যাসাইনমেন্ট, আলোচনা—সবকিছুর মাঝেই আমাদের ৫৮০ প্রাণের বৈচিত্র্য ধীরে ধীরে এক অদ্ভুত বন্ধনে জড়িয়ে পড়ছিল।

কেউ কারও খুব কাছের হয়ে উঠছে, কেউ হয়তো অজান্তেই কারও নির্ভরতার জায়গা হয়ে যাচ্ছে। একসঙ্গে হাসছি, ক্লান্ত হচ্ছি, দৌড়াচ্ছি, শিখছি, কখনো তর্ক করছি, আবার একটু পরেই কফি কর্ণারে বসে গল্প করছি।

কখন যে এই অচেনা মানুষগুলো পরিচিত হয়ে গেল, আর পরিচিত মানুষগুলো প্রিয় হয়ে উঠল—তার হিসাব কেউ রাখিনি।

কিন্তু সময় হিসাব রাখে।

বিপিএটিসির শেষ সময়গুলোতে হয়তো আর লেখার সুযোগ পাব না। প্রশিক্ষণের ব্যস্ততা, বিদায়ের প্রস্তুতি আর শেষ মুহূর্তের নানা আনুষ্ঠানিকতা হয়তো আমাকে ব্যস্ত করে রাখবে। কিন্তু তার আগেই আমি যেন প্রিয়জন হারানোর ব্যথাটা অনুভব করতে শুরু করেছি।

বিদায়ের দিন আমরা কীভাবে একে অপরকে ছেড়ে যাব?

যে মানুষটির সঙ্গে প্রতিদিন দেখা হয়েছে, যে বন্ধুর সঙ্গে একই টেবিলে বসেছি, যে সহযাত্রীর সঙ্গে ক্লান্ত শরীরে পিটি শেষ করেছি—একদিন কি সত্যিই তাকে শুধু একটি ফোন নম্বর, একটি ফেসবুক আইডি কিংবা একটি স্মৃতিতে পরিণত করে চলে যেতে পারব?

আমাদের এই সংজ্ঞাহীন সম্পর্কগুলো কি এখানেই শেষ হয়ে যাবে?

নাকি এই সম্পর্কের মায়া, এই বন্ধুত্ব, এই নিঃস্বার্থ টান আমাদের প্রত্যেকের জীবনের সঙ্গে এখান থেকে ছড়িয়ে পড়বে আরও দূরে—একজন থেকে আরেকজনের কাছে, একটি জেলা থেকে আরেকটি জেলায়, এক প্রান্ত থেকে অন্য প্রান্তে?

হয়তো এভাবেই গড়ে উঠতে পারে আরও মানবিক একটি সমাজ, আরও সহমর্মী একটি দেশ, আরও নিঃস্বার্থ একটি পৃথিবী।

আর আমার সেই নীল বর্ণের পাখিটি?আজকাল তাকে কেমন যেন বিবর্ণ মনে হয়।নাকি বিবর্ণ হয়ে গেছে আমার চোখই?

প্রথম দিনের সেই অচেনা পাখিটি কখন যে আমার চার মাসের গল্পের নীরব এক চরিত্র হয়ে উঠেছে, আমি নিজেই জানি না। সে কোনোদিন আমার কাছে আসেনি, কোনোদিন আমার হাতের ওপর বসেনি, কোনোদিন আমার সঙ্গে কথা বলেনি। তবুও তার সঙ্গে আমার যে সম্পর্ক, তার কোনো নাম নেই।

হয়তো সম্পর্কের জন্য সবসময় নামের প্রয়োজন হয় না।কখনো কখনো একটি পাখির প্রতিদিনের ফিরে আসাই যথেষ্ট।এখন শুধু একটি ভয় আমাকে তাড়া করে—বিদায়ের মুহূর্তে কি তাকে আর একবার দেখতে পাব?শেষ দিনের সকালে বারান্দার দরজা খুলে কি আবার সেই নীল পাখিটিকে রেলিংয়ে বসে থাকতে দেখব?

নাকি আমার চলে যাওয়ার আগেই সে উড়ে যাবে অন্য কোনো আকাশে?





সাধের বিপিএটিসি: নেমপ্লেটের ওপারে যে মানুষটি

মোঃ সেলিম রেজা
রোল নং: ৮২০, ৪৪তম বিসিএস (প্রশাসন)

১১ জুলাই ২০২৬। বাংলাদেশ লোক–প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (বিপিএটিসি) ফটক পেরিয়ে প্রথমবার ভেতরে ঢোকার দৃশ্যটি আজও চোখে ভাসে। সুউচ্চ ভবন, সবুজের বিস্তীর্ণ প্রান্তর, করিডোর দিয়ে ট্রলি ব্যাগ টেনে আর বস্তা হাতে হন্তদন্ত হয়ে ডরমিটরির দিকে ছুটে চলা অসংখ্য মানুষ—সবকিছু মিলিয়ে মনে হয়েছিল, It was a dream come true। তখনও জানতাম না, ১২০ দিনের এই যাত্রা একসময় শুধু একটি প্রশিক্ষণকাল হয়ে থাকবে না; হয়ে উঠবে জীবনের গল্পে জড়িয়ে থাকা এক টুকরো সময়।

৮১তম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে আমরা প্রায় ৫৮০ জন। সবার সঙ্গে হয়তো পরিচয় নেই, সবার সঙ্গে কথাও হয়নি। তবু কোথাও যেন এক অদৃশ্য সুতোয় আমরা বাঁধা। একই রকম নেমপ্লেট, একই ড্রেসকোড, সকালের পিটি আর বিকেলের পোশনের সাদা পোশাক—ছোট ছোট এসব বিষয় প্রতিদিন মনে করিয়ে দেয়, আমরা আলাদা কেউ নই; আমরা একই পরিবারের সদস্য।

সকালের পিটি সেশনের শুরুতে জাতীয় সংগীতের পর ট্রেনারদের কণ্ঠে ভেসে আসে–“আরামে দাঁড়াবেন, আরাম!” তারপর সমস্বরে আমাদের বলা “আরাম”। কয়েক মাস পর হয়তো এই শব্দটিই স্মৃতির ভেতর আলাদা করে বাজবে। আবার মর্নিং ওয়াকে গ্রুপের মধ্যে সামান্য ফাঁক তৈরি হলেই ট্রেনারের দৃঢ় কণ্ঠে “গিয়ার আপ!”—এই দুটো শব্দও হয়তো বিপিএটিসি ছেড়ে বহু দূরে চলে যাওয়ার পর কোনো এক সকালে হঠাৎ কানে বাজবে। মনে হবে, আমরা আবার সারিবদ্ধ হয়ে দাঁড়িয়ে আছি; সামনে নতুন দিনের শুরু।

তবে নিয়ম, শৃঙ্খলা আর সময়ানুবর্তিতার এই জগতে সামান্য পান থেকে চুন খসলেই যে বিপদ! “Peace be upon you” দিয়ে শুরু হওয়া ক্ষুদেবার্তা কিংবা বহুল আলোচিত “লাভ লেটার” নামের সুমধুর অথচ অনভিপ্রেত চিঠি পাওয়ার ভয় আমাদের জীবনকে দিয়েছে এক বিশেষ সতর্কতামূলক মাত্রা। করিডোরের মোড়ে মোড়ে ডান–বাম কাঁধের দুই ফেরেশতার মতো প্রকাশ্যে



কিংবা গোপনে দাঁড়িয়ে থাকা অনুষদবৃন্দকে কখনো কখনো মনে হয়েছে মূর্তিমান আতঙ্ক। ছোটবেলায় স্কুলের স্যারকে দূর থেকে দেখলেই যেমন পালানোর রাস্তা খুঁজতাম, এখানেও তাঁদের হঠাৎ দেখা পেলে মনের ভেতর একই প্রাচীন প্রবৃত্তি জেগে ওঠে—ইশ, অদৃশ্য হয়ে যদি কোথাও পালিয়ে যাওয়া যেত!

এই পরিবারের সবচেয়ে কাছের বৃত্তটি অবশ্য আমার সেকশন H–‘দৃপ্ত’। সংখ্যায় ৪৮। প্রায় সবার সঙ্গেই তৈরি হয়েছে সুন্দর সম্পর্ক; কারও কারও সঙ্গে গড়ে উঠেছে বিশেষ সখ্য। বিশ্ববিদ্যালয় ও হলজীবনের বন্ধু মিজানুর রহমানের সারাক্ষণ আমাকে পচানোর আন্তরিক প্রচেষ্টা যেমন নিয়মিত সতর্ক রাখে, তেমনি তার ঠাট্টা, হাসি আর খুনসুটির মধ্য দিয়ে পুরোনো বন্ধুত্বও যেন নতুন প্রাণ পেয়েছে।

নতুন জায়গায় এসে সবচেয়ে দ্রুত আপন হয়ে যায় যে মানুষটি, সে হয়তো roommate। একই ঘরে ফেরা, দিনের গল্প ভাগ করে নেওয়া, ক্লান্তির শেষে দু–চারটি কথা—এই ছোট ছোট অভ্যাসই অজান্তে তৈরি করে দেয় এক সুন্দর সম্পর্ক। তাই এই FTC–র স্মৃতিতে প্রশিক্ষণের পাশাপাশি roommate–ও হয়ে থাকবে আলাদা একটি অধ্যায়।

আরেকটি সম্পর্কের কথা না বললেই নয়—টেবিল টেনিসের সঙ্গে আমার সম্পর্ক। বিপিএটিসির ব্যস্ত সময়সূচির মধ্যেও টেবিল টেনিসের জন্য যতটা সময় ব্যয় করেছি, তার প্রতিদ্বন্দ্বী খুঁজে পাওয়া কঠিন। সহকর্মীদের ধারণা, আমাকে কোথাও খুঁজে পাওয়া না গেলেও ডরমিটরির টেবিল টেনিস রুমে খোঁজ করলেই হবে। খেলাধুলার সুযোগগুলোই ব্যস্ত প্রশিক্ষণজীবনকে অনেকটা প্রাণবন্ত করে রেখেছে। টেবিল টেনিস, লন টেনিস, ভলিবল, বাস্কেটবল, ফুটবল, সাঁতার এবং বিভিন্ন দলগত ও ব্যক্তিগত প্রতিযোগিতা—সব মিলিয়ে মনে হয়েছে, হারিয়ে যাওয়া বিশ্ববিদ্যালয়জীবনটাকে যেন কিছু দিনের জন্য ফিরে পেয়েছি! আহ! সময়টা যদি আরও দীর্ঘ হত!

স্পোর্টস সেশনের একটি ঘটনা সম্ভবত অনেক দিন মনে থাকবে। ওয়ার্ম–আপের সময় ট্রেনারের মতো কোমর দোলানোর নির্দেশনা আসতেই কোনো এক অজ্ঞাত প্রতিভায় আমার কোমর দোলানো নাকি সেদিন সবার সেরা হয়ে গেল! এরপর থেকে যখনই সেই পিটি আসে, সহকর্মীদের কেউ কেউ আমার নাম ধরে ডাকেন। সবচেয়ে মজার ব্যাপার, সেই ঐতিহাসিক দিনের পর যত চেষ্টাই করি, সেই পারফরম্যান্স আর ফিরিয়ে আনতে পারিনি। প্রতিভাটিও বোধহয় একবারের জন্যই এসেছিল!



প্রথম মেস নাইটের স্মৃতিও আলাদা। স্যুট–টাই পরে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করার আনন্দের সঙ্গে মিশে ছিল এক অদ্ভুত সংযম। ভালো পারফরম্যান্সের পরও অতিরিক্ত হাততালি নয়, হৈহৈ নয়, 'ওয়ান্স মোর'ও নয়––সিএমটির নির্দেশনায় উপভোগ করতে হয়েছিল প্রায় রোবটিক ভঙ্গিতে! জীবনে এমন অভিজ্ঞতা প্রথম। তবে সেখানেও হয়তো প্রশিক্ষণেরই একটি শিক্ষা ছিল––সব আনন্দেরও একটি শৃঙ্খলা আছে।

গান ও আড্ডাপ্রিয় মানুষদের সঙ্গে রাত–বিরাতে গলা মিলিয়ে গাওয়া গানের আসরও কঠোর নিয়মের মধ্যে থাকা আমাদের জীবনে এক কোমল পরশ। দিনের ব্যস্ততা ও নিয়মের বাইরে সেই কয়েকটি মুহূর্তে আমরা আবার শুধু কর্মকর্তা নই—হয়ে উঠি কিছু সহজ–সরল মানুষ, যারা গান, গল্প আর হাসিতে নিজেদের ক্লান্তি ভুলে থাকতে পারে।

কোর্স প্রোগ্রামের অংশ হিসেবে গ্রামে যাওয়ার অভিজ্ঞতাটিও ছিল অন্যরকম। নির্ধারিত কয়েকটি থিম সামনে রেখে গ্রামের আনাচে–কানাচে ঘুরে ছবি তোলা, বিভিন্ন শ্রেণি–পেশার মানুষের সঙ্গে কথা বলা, তাঁদের সমস্যা, প্রত্যাশা ও প্রয়োজনের কথা শোনা—এসব আমাকে নতুনভাবে ভাবিয়েছে। তারা যেমন মনোযোগ দিয়ে আমাদের কথা শুনেছেন, তেমনি কেউ ব্যক্তিগত প্রয়োজন, কেউ গ্রামের প্রয়োজন নিয়ে নানা আবদারও করেছেন। কিছু সময়ের জন্য নিজেকে জনপ্রতিনিধি মনে হয়েছিল! হাস্যরসের আড়ালে অবশ্য একটি গভীর উপলব্ধিও হয়েছে—একজন সরকারি কর্মচারীর দায়িত্বের কেন্দ্রে আসলে থাকে মানুষ; আর মানুষের কথা শুনতে না পারলে মানুষের জন্য কাজ করাও কঠিন।

এই প্রশিক্ষণের সবচেয়ে বড় ব্যক্তিগত শিক্ষা আমার কাছে সময়ানুবর্তিতা। আমি বরাবরই রাত জেগে থাকা এবং সকালে দেরিতে ওঠার মানুষ। বিপিএটিসি আমাকে প্রায় জোর করেই সকাল সকাল ঘুমাতে ও সকাল সকাল উঠতে শিখিয়েছে। শুরুতে শরীর–মন দুটোই প্রতিবাদ করেছে; এখন বুঝতে পারছি, শৃঙ্খলা অনেক সময় ইচ্ছার চেয়ে অভ্যাসের বিষয়। এই অভ্যাস কর্মজীবনের পাশাপাশি ব্যক্তিজীবনেও ধরে রাখতে চাই।

অধিকাংশ ক্লাসই ভালো লেগেছে। তবে কিছু কিছু ক্লাস বিশেষভাবে মনে থাকবে, কারণ সেখানে প্রশিক্ষকেরা শুধু পাঠ্যবইয়ের জ্ঞান দেননি; নিজেদের কর্মজীবনের বাস্তব অভিজ্ঞতা, সাফল্য, সীমাবদ্ধতা ও উপলব্ধির কথাও বলেছেন। জীবনে যত বাধাবিপত্তিই আসুক, জীবনকে উপভোগ করা, ভালো অফিসার হওয়ার পাশাপাশি ভালো মানুষ হওয়ার যে পরামর্শ পেয়েছি—সেগুলো হয়তো কোনো পরীক্ষার খাতায় লিখব না; কিন্তু জীবনের খাতায় লিখে রাখব।

বিপিএটিসির সবুজ–নির্মল পরিবেশও এই যাত্রার একটি নীরব শিক্ষক। পরিবেশ রক্ষার গুরুত্ব উপলব্ধি করেছি; ইকোফেস্টের মতো উদ্যোগগুলোও তাই প্রশংসার দাবিদার। একই সঙ্গে ৫৮০ জনের বিশাল প্রশিক্ষণার্থীসংখ্যার কথা বিবেচনায় অতিরিক্ত সহশিক্ষা কার্যক্রমের সুযোগ–সুবিধা আরও বাড়ানো গেলে ভালো হতো। কিছু শ্রেণিকক্ষও আদর্শিক আকার থেকে কিছুটা বিচ্যুত। তবে নির্মাণাধীন ২০ তলা একাডেমিক ভবন পূর্ণোদ্যমে চালু হলে এসব সাময়িক সীমাবদ্ধতার অনেকটাই দূর হবে বলে আশা করি।

এখন ধীরে ধীরে বিদায়ের সুর শুনতে পাচ্ছি। মনে হচ্ছে, প্রশিক্ষণ শেষ হওয়ার আগেই সহকর্মীদের মিস করতে শুরু করেছি। আমি বরাবরই একটু আবেগী মানুষ। এতগুলো প্রাণবন্ত মানুষ একই সময়ে, একই জায়গায় এভাবে একত্রিত হবে না—এই ভাবনাটাই মন খারাপ করে দেয়। ৫৮০ জনের সবার সঙ্গে পরিচয় না থাকলেও একই নেমপ্লেট, একই ড্রেসকোড, একই পিটি, একই ব্যস্ততা আর একই উদ্দেশ্যের মধ্য দিয়ে আমরা যেন একটি বিশাল পরিবারের অংশ হয়ে উঠেছি।

একদিন এই প্রশিক্ষণ শেষ হবে। নেমপ্লেট খুলে যাবে, ড্রেসকোড বদলে যাবে, পিটি ও স্পোর্টসের নির্দিষ্ট সময় থাকবে না। যে করিডোর দিয়ে ট্রলি ব্যাগ টেনে আজ ছুটছি, হয়তো আর কখনো সেভাবে ছুটে যাওয়া হবে না। কিন্তু এই জায়গা আমাকে যে মানুষগুলোর সঙ্গে পরিচয় করিয়েছে, তাদের স্মৃতি থেকে যাবে।

শেষ পর্যন্ত বুঝেছি, বিপিএটিসির শিক্ষা শুধু সার্টিফিকেটে সীমাবদ্ধ থাকার কথা নয়; তা কর্মজীবন ও ব্যক্তিজীবনের আচরণে প্রতিফলিত হওয়াই তার আসল সার্থকতা। একজন সৎ, দেশপ্রেমিক ও আদর্শ কর্মকর্তা হওয়ার পাশাপাশি একজন পরোপকারী ও বিনয়ী মানুষ হওয়াই আমার লক্ষ্য। আর ৮১তম FTC পরিবারের কোনো সদস্য বহু বছর পর কোনো প্রয়োজনে আমার স্মরণাপন্ন হলে, আমি যেন তাকে শুধু প্রাক্তন সহকর্মী হিসেবে নয়, পরিবারের একজন সদস্য হিসেবেই গ্রহণ করতে পারি–এ ই প্রত্যাশাই থাক।

দায়িত্বের ভিড়ে হারিয়ে যাওয়া
নিজেকে পেলাম ফিরে,
FTC এসে জীবনটাকে
হাসাল নতুন করে।
ক্লাস, আড্ডা, পরিচিত মুখ,
স্মৃতির কত আয়োজন—
ব্যস্ত জীবনের মাঝেও এখানে
মিলে যায় একটু প্রশান্তির ক্ষণ।

বিদায়বেলার প্রাক্কালে আজ চূড়ান্ত উপলব্ধি—৮১তম FTC–র সবচেয়ে বড় অর্জন কোনো ক্লাস, কোনো পরীক্ষা কিংবা কোনো সার্টিফিকেট নয়। সবচেয়ে বড় অর্জন—আমরা এখানে এসে কিছু মানুষকে পেয়েছি, কিছু স্মৃতি তৈরি করেছি এবং নিজেদের জীবনের গল্পে একটি নতুন অধ্যায় যোগ করেছি।আর সেই অধ্যায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ চরিত্রগুলো নেমপ্লেটের ওপারে থাকা মানুষগুলো।



আবার আসিব ফিরে

ইফতেখারুল ইসলাম
রোল নং: ৮৪৮
৪৪তম বিসিএস (নিরীক্ষা ও হিসাব)

১। কোথায় যেন টান লাগে...

ভোরে পিটি থেকে ফিরে ক্লাস রুটিনটা হাতে নিয়ে তারিখ দেখে চমকে উঠলাম। ১৬ আগস্ট, ২০২৬। সরকারি চাকরি জীবনের ৯ বছর পূর্ণ হলো আজ। ২০১৭ সালের ১৬ আগস্ট ৩৫তম বিসিএসে সুপারিশপ্রাপ্ত হয়ে সাব–রেজিস্ট্রার পদে যোগদান করেছিলাম। রুটিনের নিচের দিকে চোখ পড়তেই আরেকটা কাকতালীয় ব্যাপার ধরা পড়ল। লিডারশিপের একটা ক্লাস আছে, নেবেন সানোয়ার জাহান স্যার। ৮ বছর আগে এই বিপিএটিসিতেই নিবন্ধন অধিদপ্তরের স্পেশাল ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে স্যারের ক্লাস করে গিয়েছিলাম। পুরনো অনেককিছুই হঠাৎ একসঙ্গে হুড়মুড় করে মাথায় ধাক্কা দিলো। টান জিনিসটা সবসময় শরীরে লাগে না। কিছু টান মনেও লাগে।

২। আঠারো বছর বয়সে

সেইবেলার কথা বলি। জীবনের সেরা এক সময় কাটিয়েছিলাম এখানে। কী উড়ন্তই না ছিলাম তখন! পিএটিসির এই চেহারা তখন ছিল না, আমরা থাকতাম নন–এসি ডরমিটরিতে। চারপাশটা মনে হয় আরো বেশিই সবুজ ছিল। ডান পাশ দিয়ে হাঁটা, কাঁটা–চামচ নিয়ে যুদ্ধ আর প্রচন্ড শীতের ভোরে কাঁপতে কাঁপতে ভোরে পিটি–প্রথমবারের এই অভিজ্ঞতাগুলো সহজে ভোলার না। আমাদের পিটি স্যার ছিলেন একজনই। কাজেই তাঁর সঙ্গে সবার সখ্যতা জমে গিয়েছিল ধীরে ধীরে। তাঁর মুখের সেই কথাটা, Soothing, আমাদের মাঝে আইকনিক ডায়ালগ হয়ে গিয়েছিল। আসলেই জীবনে সবকিছু soothing ছিল তখন। পিটিতেও ভালোই হাঁটতাম। আড্ডা, ডিবেট থেকে সুভেনির কমিটির প্রেসিডেন্ট, খেলার মাঠ কিছুই বাকি রাখিনি। সুকান্তের আঠারো বছর বয়সের মতন তীব্র প্রাণে দুর্বার ছুটছিলাম। ধরেই নিয়েছিলাম পছন্দের চাকরিটা নিয়ে খুব দ্রুতই আবার আসিব ফিরে এই সাভারে।

৩। 12th Fail

''The secret of life is to fall seven times and get up eight times.'' – Paulo Coelho



অডিটোরিয়ামে ঢোকার মুখে দেয়ালে এই উক্তি কি চোখে পড়ে? ইহা আমার জীবনে একটু বেশিই সত্য। প্রথম ৩৫ বিসিএস থেকেই চাকরি। মাথায় ভ্রান্ত ধারণা ছিল যে কয়েকটা বিসিএস দিলেই সম্ভাব্যতার সূত্র অনুযায়ী হেসেখেলে একটা হয়ে যাবে। জীবনের হিসাবে ম্যাথ কাজ করেনি। নিজের অবহেলার পাশাপাশি কিছু অপ্রত্যাশিত ভ্যারিয়েবল আর দুর্ঘটনায় এলোমেলো হয়ে ছিলাম। তবুও পরীক্ষা দিচ্ছিলাম আর পাশ করেই যাচ্ছি। শেষমেষ করোনার সময়ের বন্ধে নতুন করে বই কিনে পড়াশোনা শুরু করলাম। প্রথমবারের মতো সত্যিকার প্রস্তুতি নিয়ে দিলাম ৪১। ফলাফল আগের মতোই নন–ক্যাডার। ৪৩ ও একই। ৪১–এর প্রস্তুতি থেকেই কোনোমতে দেওয়ার জন্য ৪৪ দিয়ে এপিক বিসিএস জার্নির সমাপ্তি টানলাম। ৩৫ থেকে ৪৪ পর্যন্ত টানা আটটা সব বিসিএসেই ভাইভা পর্যন্ত পাশ।

শেষ বিসিএসে ভাইভা দিতে হয়েছে দু'বার। মানে ৯ বার পিএসসিতে গিয়েছি ভাইভা দিতে! নিশ্চিতভাবেই রেকর্ড হবে এইটা। সেই ৩৫ বাদে পরের প্রতিটি বিসিএসে অডিটকে ১ম পছন্দ দিয়ে এসেছি। কোনো কোনোবার একমাত্র চয়েজ! জেনেটিক্স ছেড়ে অডিট কেন এই প্রশ্নের যুক্তি দিতে দিতে ভাইভা বোর্ডে হাবুডুবু খেয়েছি। জমিজমার লাইন ছেড়ে একেবারে বাইরে পড়তে যাওয়ার দিকেই হাঁটছিলাম; কার্জনের গন্ধ মুছে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন আর কিছুটা আইবিএ ঘুরে প্রোফাইল বিল্ড করছিলাম উড়াল দেয়ার জন্য। কিন্তু শক্তি চট্টোপাধ্যায় যে বলেছিলেন, যেতে পারি, কিন্তু কেন যাব?

জুলাই মাস এল। প্রথম ভাইভা লিস্টেই অডিট ক্যাডারে নিজের রোল নম্বরটা পেলাম। এত বছর ধরে নানান পোড়া কপাল দেখতে দেখতে এতটাই অভ্যস্ত ছিলাম যে চট করে এইটা বিশ্বাস করতে যথেষ্ট কষ্টই হয়েছিল। ৪৪ ভাইভার আগে 12th Fail দেখেছিলাম। এমন কিছুই নিজের জীবনে ঘটবে, কে জানতো! এইযে ঘুরেফিরে এতটা বছর পর পিএটিসিতে আবার ফিরে আসা। জীবনে পরিপূর্ণতা একেই বলে। Puzzle (2018) মুভিতে ইরফান খানের একটা ডায়ালগের মতন — ''There's nothing we can do to control anything...but when you complete a puzzle, at the very end, everything makes one perfect picture. What other pursuits can give you that kind of perfection? Faith? Ambition? Wealth? Love? No. Not even love can do that.''

৪। হায় চিল, সোনালি ডানার চিল

জীবন যা চায় সেখানে হেঁটে পৌঁছুবার সময় ছিল। কিন্তু পৌছাতে কি দেরী করে ফেললাম? শঙ্খচিল শালিখের বেশে ফিরেছি ঠিকই। তবে চেনা জায়গায় সবকিছুই এখন অচেনা। প্রত্যেকটা প্যারামিটার ১৮০ ডিগ্রী বিপরীত। পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সব যেন চ'লে গেছে রূপ নিয়ে দূরে। চারপাশে সেই সবুজ পুরনো স্বচ্ছ পিএটিসির মায়াভাবটা পাচ্ছি না। তার বিপরীতে নতুন আধুনিক বিল্ডিং, ছোট্ট পরিবারের মতন ত্রিশ জনের বিপরীতে এখন মহাসমাবেশ। সেইবেলা ব্যাচে ছিলাম সবার ছোট, আর এখন ব্যাচে বয়সে



সবচেয়ে বড়। জিনের কল্যাণে বয়স তেমন বোধগম্য না হওয়ায় কিছুটা মিশে যেতে পারছি বলে রক্ষা। তাও ভেতরে ভেতরে নিজেকে পুরনো প্রাগৈতিহাসিক সময়ের এক মানুষ বলেই মনে হয়। সবাই জীবনের নানাবিধ অত্যাশ্চর্য সফলতার উত্তেজনায় টগবগ করছে, আমি তেমন প্রয়োজন বোধ করছি না। হইচই বাইরে থেকে দেখি, ভালো লাগে, কিন্তু ভেতরে ঢুকতে পারি না, ঢোকার ভান করি শুধু।

আগের বার সকালে হাঁটতে খুব একটা বেগ পেতে হতো না। এখন যুদ্ধ করে হাঁটতে হয়। এখনো অবচেতন মনে করিডোরে, ডাইনিংয়ে, মাঠে খুঁজি আগের মুখগুলো যাদের সাথে দুই মাস ছিলাম। সেই কমফোর্ট মানুষগুলো যে নেই। রবীদাদু অনেক আগেই অভিশাপ দিয়ে গিয়েছেন। পুরানো সেই দিনের কথা, প্রাণের কথা ভুলতে পারবি না। মানুষ বড়ই অদ্ভুত এক প্রাণী। আগের সময়ের সবকিছু নিয়ে মায়ায় আচ্ছন্ন থাকে। না চাইতেও সে হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে।

৫। এইসব দিনরাত্রি

এইবার বিপিএটিসিতে আমার প্রিয় একটা মোমেন্ট হলো ডরমিটরির সামনের চত্বরে পিচ্চি বাচ্চাদের কান্ডকারখানা দেখা। কেউ টুকটাক হাঁটতে শিখেছে সবে, কেউ দৌড়ে বেড়ায়। সকালে মায়েরা যখন ক্লাসে যান, মাঝে মাঝে দেখি দু'একটা বাচ্চা কেঁদে ওঠে। আবার ক্লাস শেষে ফেরার পথে দেখি, সেই বাচ্চাগুলোই অধীর আগ্রহ নিয়ে চত্বরে দাঁড়িয়ে আছে। মায়ের গলার আওয়াজ পাওয়ামাত্র ছুটে যাচ্ছে। সারাদিনের ক্লান্তির পর এই বাচ্চাগুলোকে দেখলে কোথা থেকে যেন এনার্জি ফিরে আসে। শরীরটাও আগের চেয়ে কিছুটা হলেও ভালো যাচ্ছে বলা যায়। বিপিএটিসির কাছে এজন্য





একদম মিয়াজাকির জিবলি মুভির মতো শান্তির বৃষ্টি। ছেলেবেলার কথা মনে করিয়ে দেয়। কোনো কোনো রাতে ঘুমের মধ্যেই বুঝতে পারি বাইরে বৃষ্টি হচ্ছে চুপিচুপি। ঘুম ভাঙে না, তবু টের পাই। কখনো ঘুমেই স্বপ্ন দেখি আলো–অন্ধকারে। জেগে উঠে পুরনো দিনের মতো, শৈশবের মতন স্বপ্নগুলো দেখতে ইচ্ছে করে। পিএটিসিতে আবার ফিরে আসার মতনই হয়তো অবিশ্বাস্য সব বিস্ময় অপেক্ষা করে আছে সামনে। এই জীবনে আরো একটিবার প্রাণ জুড়ানো কিছুর দেখা তো পেতেও পারি!

"And miles to go before I sleep, And miles to go before I sleep."



বিপিএটিসি'র ডাকবাক্সে

স্মৃতিকাতর এক প্রিয়তমা স্ত্রীর পত্র

এস. এম. আমিমুল ইহসান
রোল নং: ৯২৭, ৪৪তম বিসিএস (প্রশাসন)

প্রিয় মেঘ,

এইতো, গত শ্রাবণে সন্ধ্যা নামার কিছু আগে যখন তুমি বৃষ্টি হয়ে ঝরে পড়তে, তার সবটুকু স্নিগ্ধতা স্মৃতিতে নিয়ে তোমাকে আজ লিখতে বসেছি। আমার শহরের ভেজা চকচকে পথের আনাচে কানাচে যেটুকু শূন্যতা তার সবটুকুর কারণ তোমার অনুপস্থিতি। তুমি রয়েছ সুদূর বিপিএটিসি–তে।

মেঘের ধর্ম হাওয়ায় ভেসে বেড়ানো; একথা যুক্তিতে মানলেও অনুভূতিতে মেনে নেওয়া বড্ড কঠিন। তাই অভিমান ও অনুযোগ প্রকাশ করছি একযোগে। মাঝে মাঝে মনে হয় তোমাকে শেষ দেখেছিলাম গোটা এক জন্ম আগে। অতঃপর আমার দুচোখ তৃষিত মরুর মতো নিষ্প্রাণ। তুমি রয়েছ বিপিএটিসি'র কঠোর শৃঙ্খলে।


এমন সময় এক সন্ধ্যায় বিপিএটিসির চাঁদের সাথে দেখা। একফালি জোছনা এসে পৌঁছালো হৃদয়ের খুব কাছাকাছি। তোমার কথা জিজ্ঞাসিতেই প্রত্যুত্তরে জানাল কঠোর নিয়মতান্ত্রিকতা আর অবর্ণনীয় ব্যস্ততা সত্ত্বেও তুমি আমায় যাওনি ভুলে। ফুসরত মিলিয়ে নিরালায় বসে তুমি আমার স্মরণে বাঁশি হাতে নাও।

আমার শহরের আলগোছে জমিয়ে রাখা গল্প খামবন্দী করে বিপিএটিসি'র ডর্মে পাঠানো সম্ভব নয়; তবে চাঁদের জোছনার মোড়কে আমার হৃদয়ের সুর পুরে পাঠালাম। ভোরের আলোয় জোছনা মিলিয়ে যাবার আগেই তা বুঝে নিও যেন।


শ্রাবণের অঝোর ধারায় আজকের চাঁদ ভিজে গেছে। ভেজা জোছনার শীতল আলিঙ্গনে শান্ত একটা ছাতিম গাছের তলায় বসে গান গাইছে আমাদের অতিবাহিত স্মৃতিগুলো। মৃদু বাতাস তাঁর একমাত্র শ্রোতা। পাশেই একটা নদী, নদীর কিনারে বাঁধা নৌকাটি দুলছে। বাতাসে সে ভেসে যেতে চায় বিপিএটিসি'র ঘাটে; কিন্তু তাকে ভাসতে দেয়না জীবন খুঁটি। আহা নৌকা যদি মানুষ হতো!

ভালো থেকো। তুমি এলে ছাতিম গাছের তলে বসে গান গাইবো।

ইতি,
তোমার প্রিয় সহধর্মিনী




Artworks



Md. Redowanul Karim (210)




Farhana Rahman (846)




Atika Bilkis Dina (428)




Al Rashedin Kawser (1107)



Sonia Akter (425)



S. M. Mahbub Bin Based (1026)



Dr. Md. Golam Rabbany (404)



Md. Sulaiman (413)

Photo Series


শহীদস্মৃতি অমর হোক


































WELCOMES




24 HOURS
































81st FTC
উদ্বোধনী অনুষ্ঠান
৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
প্রধান অতিথি:
জনাব মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভাপতি:
জনাব সাঈদ মাহবুব খান
রেক্টর, বিপিএটিসি
৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স


81st FTC
উদ্বোধনী অনুষ্ঠান


81st FTC
উদ্বোধনী অনুষ্ঠান
৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স


81st FTC
উদ্বোধনী অনুষ্ঠান


81st FTC
উদ্বোধনী অনুষ্ঠান


81FTC
৮১তম


81FTC


81st FTC
৮১তম বুনিয়াদি












Foundation Training Course
RECTOR'S
TEA
Mahbub Khan
81st Foundation Training Course
RECTOR'S
TEA


81st Foundation Training Course
RECTOR'S
TEA
Mr. Sayeed Mahbub Khan
Rector, BPATC


81st Foundation Training Course
RECTOR'S
TEA
Chief Guest: Mr. Sayeed Mahbub Khan
Rector, BPATC


81st Foundation Training Course
RECTOR'S
TEA
Mr. Sayeed Mahbub Khan
Rector, BPATC




BPATC
WELCOMES
Section
A


BPATC
WELCOMES
Section
B


RECTOR'S TEA
BPATC
WELCOMES
Section
C


RECTOR'S TEA
BPATC
WELCOMES
Section
D


BPATC
WELCOMES
Section
E


RECTOR'S TEA
BPATC
WELCOMES
Section
F


Bangladesh Public Administration Training Centre
BPATC
WELCOMES
Section
K


BPATC
WELCOMES
Section
J


BPATC
WELCOMES
Section
I


BPATC
WELCOMES
Section
H














































৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স




১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান


১ম মেস রজনী


ঐকতান



১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান

১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান

১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী


১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস

১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান

১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান


ঐকতান


ঐকতান


প্রাণের ঐকতান


প্রাণের ঐকতান






প্রাণের ঐকতান




১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী


১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান


১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী
প্রাণের ঐকতান


১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও মেস রজনী


১ম সাংস্কৃতিক সন্ধ্যা ও























১৩নং কুল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলা-ধামরাই, জেলা-ঢাকা-১৩৫০








উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়


৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স





















মেস
রজনী
২০১৮













মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ












যুব ও ক্রীড়া মন্ত্রণালয়




যুব ও ক্রীড়া মন্ত্রণালয়




স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়








জেলা প্রশাসকের কার্যালয়


জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী


জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
জনসেবার জন্য প্রশাসন


জেলা প্রশাসকের কার্যালয়






হবিগঞ্জ














জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট






জেলা প্রশাসক


জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
লালমনিরহাট


জেলা প্রশাসক


বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এর আদালত
কেশবা


জেলা প্রশাসকের কার্যালয়
দিরাজগঞ্জ




জেলা প্রশাসক
ফরিদপুর


জেলা পরিষদ ডাকবাংলো, হরণপালা


পর্যালোচনা ও মূল্যায়ন কমিটির সভা


মৎস্য ভবন, নীলফামারী






বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা
BANGLADESH ACADEMY FOR RURAL DEVELOPMENT, CUMILLA


বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা
BANGLADESH ACADEMY FOR RURAL DEVELOPMENT, CUMILLA


বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা
BANGLADESH ACADEMY FOR RURAL DEVELOPMENT, CUMILLA


সাংস্কৃতিক সন্ধ্যা


পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ


পিএটিসি, সাভার, ঢাকায় চলমান ৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের
"দারিদ্র্য হ্রাসকরণ ও পল্লী উন্নয়ন" শীর্ষক সংযুক্তি কার্যক্রম
(২৭ সেপ্টেম্বর–০১ অক্টোবর, ২০২৬)
প্রধান অতিথি: ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক
মহাপরিচালক, আরডিএ, বগুড়া
যৌথ আয়োজনে
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা




বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা
BANGLADESH ACADEMY FOR RURAL DEVELOPMENT, COMILLA


পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ


বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা
BANGLADESH ACADEMY FOR RURAL DEVELOPMENT, COMILLA




পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ


বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি




CountryLens


CANVAS & CELLULOID


HERITAGE & ARCHITECTURE

Eco Fest




ECO FEST 2026


Environmental Rally & Tree Plantation


ECOFEST
KEEP THE ROAR ALIVE
PROTECT NATURE, PROMOTE CLEAN ENERGY














81st Foundation Training Course
















941
81st FTC










প্রাণের একতান



৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স












1244
842
941
81 FTC
926






লুব্ধক


শিরাক্রম




ধূমকেতু










ঈশানা


নীহারিকা


Bangladesh Public Administration Training Centre
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র


অগ্নি
নৈর্ঋত









































উজ, ঝালকা


















AMAZING































Building Capacity for

EFFECTIVE, INCLUSIVE AND ACCOUNTABLE

Public Administration System

www.bpatc.gov.bd